সৎক্রিয়াসার-পদ্ধতি

বা

বিশুদ্ধ সাত্ত্বত শ্রাদ্ধদর্পণ

(বিবাহ-বিধি-সমন্বিত)—

শ্রীগৌড়ীয় বেদান্ত সমিতি (রেজিঃ)

নবদ্বীপ (নদীয়া) পশ্চিমবঙ্গ।

শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গৌ জয়তঃ

সৎক্রিয়াসার-পদ্ধতি

বা

বিশুদ্ধ সাত্ত্বত শ্রাদ্ধদর্পণ

(বিবাহ-বিধি-সমন্বিত)

জগদ্‌গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংসস্বামী

শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের

নিত্যশুদ্ধ-ধারাবস্থিত শ্রীকৃষ্ণচৈতন্যাম্নায় দশমাধস্তনবর

১০৮শ্রী শ্রীমদ্ভক্তিপ্রজ্ঞান কেশব গোস্বামী মহারাজ

অনুকম্পিত

ত্রিদণ্ডিস্বামী অষ্টোত্তরশতশ্রী

শ্রীমদ্ভক্তিবেদান্ত শান্ত মহারাজ

কর্ত্তৃক সঙ্কলিত

তৃতীয় সংস্করণ—
শ্রীশ্রীব্যাসপূজাতিথি,
৩রা ফাল্গুন, ১৪১২ বঙ্গাব্দ,
১৬ই ফেব্রুয়ারী, ২০০৬

শ্রীভক্তিবেদান্ত আচার্য্য মহারাজ কর্ত্তৃক প্রকাশিত
শ্রীদেবানন্দ গোড়ীয় মঠ, নবদ্বীপ।

গ্রন্থ-প্রাপ্তিস্থান—
১। শ্রীদেবানন্দ গৌড়ীয় মঠ,
পোঃ নবদ্বীপ—৭৪১৩০২
জেলা—নদীয়া (পঃবঃ)।
২। শ্রীবিনোদবিহারী গৌড়ীয় মঠ
২৮, হালদারবাগান লেন,
কলকাতা—৭০০০০৪

(প্রকাশক কর্ত্তৃক সর্ব্বস্বত্ব সংরক্ষিত)

মুদ্রণে—
শ্রীগৌড়ীয় পত্রিকা প্রেস,
তেঘরিপাড়া, নবদ্বীপ, নদীয়া হইতে
শ্রীপ্রেমপ্রদীপ দাস ব্রহ্মচারী কর্ত্তৃক মুদ্রিত।

ভূমিকা

গুরবে গৌরচন্দ্রায় রাধিকায়ৈ তদলয়ে।
কৃষ্ণায় কৃষ্ণভক্তায় তদ্ভক্তায় নমো নমঃ॥

যাঁহারা নির্গুণতত্ত্ব ভগবান্ শ্রীকৃষ্ণের আরাধনা করেন, তাঁহারা সাত্বত বা কার্ষ্ণ নামে অভিহিত। এই কৃষ্ণতত্ত্বের উপাসক বা কার্ষ্ণগণই দৈববর্ণাশ্রমের অন্তর্ভুক্ত। জড়জগতে দুই প্রকারের মানব, যথা—

দ্বৌ ভুতসর্গৌ লোকেঽস্মিন্ দৈব আসুর এব চ।
বিষ্ণুভক্ত স্মৃতোদৈব আসুরস্তদ্বিপর্য্যয়॥ (পদ্মপুরাণ)

যাঁহারা বিষ্ণুভক্ত তাঁহারা দৈব এবং তাহার বিপরীত ধর্ম্মাচরণকারী জনগণই অসুরবর্ণ বলিয়া কথিত। সুতরাং এই উভয় স্বভাব-বিশিষ্ট মানবগণের মধ্যে লৌকিক ধর্ম্ম আচরণগত যথেষ্ট পার্থক্য থাকা অসঙ্গত নহে। এই উভয়বিধ মানবগণের আচরণ ও ক্রিয়া-কলাপাদি প্রাচীনকাল হইতেই স্বতন্ত্রভাবে নিয়ন্ত্রিত আছে। দৈব-বর্ণাশ্রমী সাত্বত সম্প্রদায়ের মধ্যে বহু প্রাচীনকাল হইতে গরুড়-পুরাণ, ভরদ্বাজ-সংহিতা, নৃসিংহ-পরিচর্য্যা, ক্রমদীপিকা, রামার্চ্চন-চন্দ্রিকা ও নারদ- পাঞ্চরাত্রাদি পদ্ধতির ব্যবস্থানুসারে সমস্ত ধর্ম্ম-কার্য্যাদি নির্ব্বাহ হইত। পরে কলিপাবনাবতারী শ্রীগৌরাঙ্গ দেবের আবির্ভাবে ক্ষীণপ্রভ বৈষ্ণব-ধর্ম্মের জাগরণ আসিয়াছিল, কিন্তু ইহার কিঞ্চিৎ পরবর্ত্তীকালে কর্ম্ম-জড়-স্মার্ত্ত-সমাজের মধ্যে রঘুনন্দন ভট্টাচার্য্য মহাশয় প্রাচীন স্মৃতি-সংহিতার পরিবর্ত্তন করিয়া নবস্মৃতি সঙ্কলন করিয়াছিলেনে। তাঁহার সাহায্যে বঙ্গদেশের সমাজে প্রবিষ্ট করাইলেন সেই বীজ যাহা অদ্যাপিও নির্ম্মূল হয় নাই।

এই কর্ম্মজড়স্মৃতি-সঙ্কলনের পূর্ব্বেই শ্রীগৌরাঙ্গদেবের আদেশ, নির্দ্দেশ ও প্রেণায় শ্রীমদ্ গোপাল ভট্ট গোস্বামী, শ্রীল সনাতন গোস্বামী প্রভু প্রাচীন স্মৃতি-সংহিতা ও পুরাণপদ্ধতির সার সঙ্কলন করিয়া "শ্রীহরিভক্তি-বিলাস", "সৎক্রিয়াসার-দীপিকা" বা দশসংস্কার-পদ্ধতি প্রণয়ন করেন। কিন্তু এই পদ্ধতিদ্বয়ের মধ্যে শ্রাদ্ধপ্রণালী বা পিতৃদেবার্চ্চন-পদ্ধতি বিশদ-ভাবে সঙ্কলিত হয় নাই। কেবল শ্রীহরিভক্তিবিলাসে সূত্রাকারে এই বৈশিষ্ট্য প্রদর্শিত হইয়াছে।

"বিষ্ণো নিবেদিতান্নেন ষষ্টব্য দেবতান্তরম্।
পিতৃভ্যশ্চ তদ্দেয়ং তদাত্মভ্যায় কল্পতে॥ (পাদ্মে ৯।৮৭)

অর্থাৎ, বিষ্ণুর নিবেদিত অন্নদ্বারা দেবতাগণের পূজা করিবেন, পিতৃপুরুষদিগকেও সেই মহাপ্রসাদান্ন অর্পণ করিবেন। তাহাতে তাঁহাদের ভগবৎ-সেবা প্রাপ্তির যোগ্যতা প্রদান করিয়া থাকে।

প্রাপ্তে শ্রাদ্ধাদিনেঽপি প্রাগন্নং ভগবতেদর্পয়েৎ।
তচ্ছেষেনৈব কুর্ব্বীত শ্রাদ্ধং ভাগবতো নরঃ॥ (কুর্ম্মপুরাণ ৯।৮৪)

অর্থাৎ, ভগবন্নিষ্ঠ ব্যক্তি শ্রাদ্ধ-দিনে প্রথমে ভগবানকে অন্ন প্রদান করিয়া সেই নিবেদিত মহাপ্রসাদান্নের দ্বারাই শ্রাদ্ধানুষ্ঠান করিবেন।

শ্রীহরিভক্তিবিলাসে শ্রাদ্ধ সম্বন্ধে এই বৈশিষ্ট্য প্রদর্শিত হইয়াছে বলিয়াই "সৎক্রিয়াসার-দীপিকায়" উল্লিখিত হইয়াছে—

"কৃতেয়ং পদ্ধতিঃ কিন্তু পিতৃদেবার্চ্চন বিনা।"

বিদ্ধস্মার্ত্ত-পদ্ধতি মতে পরলোক প্রাপ্ত পিতৃপুরুষগণের উদ্দেশে সামিষ অন্নদানের প্রথা বিহিত আছে। কিন্তু সাত্বত-শ্রাদ্ধে তৎপরিবর্ত্তে ভগবন্নিবেদিত প্রসাদান্নের দ্বারা শ্রাদ্ধ সম্পন্ন হওয়াই সঙ্গত। শ্রাদ্ধকার্য্যের অনুষ্ঠানসমূহ যথারীতি বৈদিক বিধান অনুসারেই করিতে হইবে। ইহা বলাই বাহুল্য। শ্রীহরিভক্তিরসামৃত- সিন্ধুতে স্পষ্ট লিখিত হইয়াছে—

লৌকিকী বৈদিকী বাপি যা ক্রিয়া ক্রিয়তে মুনে।
হরি-সেবানুকূল্যৈব সা কার্য্যা ভক্তিমিচ্ছতা॥

লৌকিকী বা বৈদিকী যে-কোন কর্ম্ম করনা কেন ভক্ত্যভিলাষীজনের পক্ষে তাহা হরি-সেবার অনুকূলে নির্ব্বাহ করা কর্ত্তব্য। পরন্তু শ্রুতিস্মৃতির বিধান উল্লঙ্ঘন করিয়া তথাকথিত ভক্তির অনুষ্ঠান করিলেও শ্রীভগবানের আজ্ঞা লঙ্ঘন হেতু তাহা কেবল উৎপাতেরই কারণ হইয়া থাকে। যথা—

"শ্রুতি-স্মৃতি-পুরাণাদি পঞ্চরাত্র বিধিং বিনা।
আত্যন্তিকী হরিভক্তিরুৎপাতায়ৈব কল্পতে॥"

অতএব দৈববর্ণাশ্রমী সাত্বত অর্থাৎ শ্রীকৃষ্ণভক্ত-কার্ষ্ণগণ বা বিষ্ণুভক্ত বৈষ্ণবগণকে হরিভক্তির অনুকূলে বৈদিক ও লৌকিক যাবতীয় কার্য্য সম্পন্ন করিতে হয়। এমন কি মহাপ্রসাদ-দ্বারা পিণ্ডদান পর্য্যন্ত করিবার বিধি শ্রীহরিভক্তিবিলাসে লিখিত হইয়াছে—

যঃ শ্রাদ্ধকালে হরিভুক্তশেষং
দদাতি ভক্ত্যা পিতৃদেবতানাম্।
তেনৈব পিণ্ডংস্তুলসী বিমিশ্রা-
নাকল্প-কোটিং পিতরঃ সুতৃপ্তাঃ॥ (ব্রহ্মাণ্ডপুরাণ)

শ্রাদ্ধ-সময়ে ভক্তি-সহকারে ভগবদুচ্ছিষ্ট মহাপ্রসাদ ও তদ্‌যোগে তুলসীমিশ্রিত পিণ্ড পিতৃগণ ও দেবগণকে দান করিলে পিতৃগণ কোটি কল্পকাল পর্য্যন্ত সুতৃপ্ত হইয়া থাকেন। সাধারণতঃ সংসার ত্যাগী ভগবদ্ভক্তগণ পিতৃঋণ ও দেবঋণাদি ঋণে আবদ্ধ

হন না। এমন কি অনন্য শরণ গৃহস্থ বৈষ্ণবগণও যদি শ্রাদ্ধাগ্রহ পরিত্যাগপূর্ব্বক নিজ পিতৃগণের হিতার্থে বিশেষ ভক্তিসহকারে কেবল শ্রীহরিপূজা করেন, তাহা হইলেও স্বতঃই সে-ফল লাভ হয়। যেরূপ বৃক্ষমূলে জলসেচন করিলে কাণ্ড-শাখা উপশাখা ও পত্রাদির তৃপ্তি সাধন হয়, সেইরূপ ভগবৎ প্রীনন দ্বারাই পিতৃগণেরও পরম পরিতৃপ্ত সাধন হইয়া থাকে।

শ্রীহরিভক্তিবিলাসে বিশুদ্ধ সাত্বত শ্রাদ্ধ-বিধান এইভাবে লিখিত হইলেও অনুষ্ঠান ও মন্ত্রাদির প্রয়োগ-প্রণালী লিখিত হয় নাই। অধিকাংশস্থলেই কেবল বৈদিক বিধানের উল্লেখ মাত্র আছে। যথা—

নান্দীশ্রাদ্ধং "ততঃ কৃত্য সদ্বিপ্রং বৃণুয়াদ্গুরুম্॥" (১৯ বিঃ ২৩৭) কিন্তু শ্রীহরি-ভক্তিবিলাসে নান্দীশ্রাদ্ধের প্রণালী লিখিত হয় নাই। সুতরাং উহা যে বৈদিক বিধানানুসারে করিতে হইবে তাহা স্পষ্টভাবেই প্রতীত হইতেছে। শুদ্ধসাত্বত শ্রাদ্ধপদ্ধতি বৈষ্ণব-স্মৃতিশাস্ত্রের মধ্যে সূত্রাকারে নিবদ্ধ থাকায় অধিকাংশ স্থলে শাস্ত্রজ্ঞানের অভাবে শ্রাদ্ধব্যাপারে সাত্বত শ্রাদ্ধের বিধান যথাযথভাবে রক্ষিত হইবার অবসর পায় নাই। কোথাও বা মালসা-ভোগদ্বারা শ্রাদ্ধ সম্পন্ন হয়, কোথাও বা জড়কর্ম্মকাণ্ডীয় প্রেত-শ্রাদ্ধের বিধানে শ্রাদ্ধ নির্ব্বাপিত হয় ; কিন্তু বিশুদ্ধ সাত্বত বিধানে শ্রাদ্ধ নিতান্ত বিরল বলিলে অত্যুক্তি হয় না।

অতএব, চতুঃসম্প্রদায়ী বৈষ্ণবগণ বিশুদ্ধভাবে (শ্রাদ্ধ) অর্থাৎ পিতৃদেবার্চ্চনাদি করিতে পারেন, তদুদ্দেশে শ্রীহরিভক্তিবিলাস, সৎক্রিয়াসার-দীপিকা, গরুড়পুরাণ, সামবেদীয় ভবদেব-পদ্ধতি রামার্চ্চনচন্দ্রিকা নৃসিংহ-পরিচর্য্যা প্রভৃতি গ্রন্থাবলম্বনে হরিভক্তির অনুকূলে এই সাত্বত-দর্পণ বা শ্রাদ্ধকাণ্ড প্রকাশিত হইল। হরি-ভক্তগণের প্রেতত্বের সম্ভাবনা না থাকায় শ্রাদ্ধে প্রেতপক্ষ বর্জ্জিত হইয়াছে এবং সপিণ্ডনেরও প্রয়োজনীয়তা স্বীকৃত হয় নাই। বিদ্ধ স্মার্ত্তশ্রাদ্ধে ও বিশুদ্ধ সাত্বত শ্রাদ্ধ-বিধানে ইহাই তারতম্য। কর্ম্মকাণ্ডীয় স্মার্ত্ত-বিধানে মৃতব্যক্তিকে প্রেত বা পিশাচরূপে পরিকল্পনা করা হয়, কিন্তু সাত্বত-বিধানে মৃতব্যক্তিকে স্বাভীষ্ট ভগবল্লোক প্রাপ্ত চিন্ময়মূর্ত্তিরূপে তাঁহার অর্চ্চনা করা হয় এবং সামিষ শ্রাদ্ধের পরিবর্ত্তে মহাপ্রাসাদান্ন- দ্বারা তাঁহাকে বৈদিক বিধানে নিবেদন করা হইয়া থাকে ; ইহাই বৈশিষ্ট্য।

শ্রীমদ্ভগবদ্গীতায় ভগবান্ বলিয়াছেন,—"বেদানাং সামবেদোস্মি", বেদের মধ্যে আমি সামবেদ। তাই পূর্ব্বাচার্য্যগণ সামবেদের অনুবর্ত্তী থাকিয়া যে সাত্বত-পদ্ধতি সঙ্কলন করিয়া গিয়াছেন, এই গ্রন্থেও সেই পূর্ব্ব মহাজনগণের পথই অনুসরণ করা হইয়াছে এবং সর্ব্বত্র অনন্য শরণতা ও শ্রীবিষ্ণুর প্রাধান্য রক্ষিত হইয়াছে। এক্ষণে এই পদ্ধতি-দ্বারা (সাত্বত) বৈষ্ণব-সমাজের অর্থাৎ দৈববর্ণাশ্রমিদিগের কর্ম্মানুষ্ঠানে

যদি কিঞ্চিতও সাহায্য হয় তাহা হইলে আমার প্রচেষ্টা সার্থক জ্ঞান করিয়া ধন্য ও কৃতার্থ হইব।

এই গ্রন্থখানির মুখ্যত নাম 'বিশুদ্ধ সাত্বত শ্রাদ্ধ-দর্পণ' বলিয়া জানিবেন, যদিও 'সৎক্রিয়াসার-পদ্ধতি' নামকরণ হইয়াছে; কিন্তু কেবল বিশুদ্ধ শ্রাদ্ধকৃত্যই বিশেষভাবে আমার আলোচনার লক্ষ্য। অনুগ্রহ করিয়া প্রথমে স্মার্ত্ত রঘুনন্দন মহাশয়ের শ্রাদ্ধধারার প্রতিবাদ ও পরে শ্রাদ্ধকাণ্ড এবং উপসংহারে আলোচনা করিতে অনুরোধ জানাই। অর্থাৎ এই গ্রন্থ কর্ম্ম-জড়-স্মার্ত্ত রঘুনন্দনের স্মৃতি ও বৈষ্ণবগণের বিশুদ্ধ সাত্বত-শ্রাদ্ধানুষ্ঠানের মধ্যে বিচার ধারায় যে বিরাট ব্যবধান এবং উহার মধ্যে কাহার হেয়তা ও উৎকৃষ্টতা পরিলক্ষিত হয়, তাহা সহজেই অনুধাবন করিতে পারিবেন বলিয়া আমার বিশ্বাস। ইহা পঠনে কাহার কিঞ্চিৎমাত্র উপকার হইলেও আমার পরিশ্রম সার্থক হইবে বলিয়া মনে করি।

পরিশেষে এই গ্রন্থ-মুদ্রন ও প্রুফ-সংশোধন কার্য্যে শ্রীগৌড়ীয় বেদান্ত সমিতির গ্রন্থবিভাগের অধিকর্ত্তা মদীয় সতীর্থ ত্রিদণ্ডিস্বামী **শ্রীমদ্ভক্তিবেদান্ত আচার্য্য মহারাজ** বিভিন্ন প্রকারে সাহায্য করায় তাঁহার নিকট চিরকৃতজ্ঞ রহিলাম। ইতি—

শ্রীবাসুদেব গৌড়ীয় মঠ,
পোঃ বাসুগাঁও (আসাম)।
১১ই ফাল্গুন, ১৩৯৫

শ্রীহরিজন-কিঙ্কর—
শ্রীভক্তিবেদান্ত শান্ত

প্রকাশকের নিবেদন

শ্রীগুরোঃ চরণং বন্দে ভক্তবৃন্দ-সমন্বিতম্।
নমামি শ্রীনিত্যানন্দং শ্রীচৈতন্যং ভজাম্যহম্॥
শ্রীনন্দনন্দনং বন্দে শ্রীরাধিকা-পদদ্বয়ম্।
মনোজ্ঞং শ্রীবৃন্দাবনং গোপীগণ-সমন্বিতম্॥

বিশ্ববিশ্রুত শ্রীচৈতন্যমঠ ও গৌড়ীয় মঠসমূহের প্রতিষ্ঠাতা নিত্যলীলাপ্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ ১০৮শ্রী শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের প্রিয়পার্ষদপ্রবর শ্রীগৌড়ীয় বেদান্ত সমিতির প্রতিষ্ঠাতা নিয়ামক জগদ্‌গুরু ওঁ বিষ্ণুপাদ ১০৮শ্রী **শ্রীমদ্ভক্তিপ্রজ্ঞান কেশব গোস্বামী মহারাজের** অনুগৃহীত আমার অগ্রজ সতীর্থ

পূজ্যপাদ ত্রিদণ্ডিস্বামী **শ্রীশ্রীমদ্ভক্তিবেদান্ত শান্ত মহারাজ** গত ১৩৯৫ বঙ্গাব্দে শ্রীব্যাসপূজা বাসরে "সৎক্রিয়াসার পদ্ধতি"-নামক গ্রন্থখানি প্রথম প্রকাশ করেন এবং অল্পদিনের মধ্যেই ঐ সংস্করণের পুস্তকসমূহ নিঃশেষিত হইয়া যায়। অবশ্যে ঐ সংস্করণে বিবাহ-ব্যবস্থা সংযোজিত ছিল না।

সঙ্কলকের শারীরিক প্রতিবন্ধকতার জন্য পরবর্ত্তিকালে সময় মতো ইহা প্রকাশিত হয় নাই। অন্যদিকে সহৃদয় গ্রাহকগণ শুভবিবাহবিধি সংযুক্ত করিতেও বারবার অনুরোধ করেন। এমতাবস্থায় সঙ্কলকের ইচ্ছায় ও তাঁহার অনুরোধে এই গ্রন্থ দ্বিতীয় সংস্করণরূপে প্রকাশের দায়িত্ব আমাকে গ্রহণ করিতে হয়। কিন্তু দুর্ভাগ্যের বিষয় গ্রন্থখানি মুদ্রণালয়ে ছাপা আরম্ভকালিন তিনি ইহলীলা সম্বরণ করেন।

সুতরাং তাঁহার পরিকল্পিত অবস্থাকে রূপ দেওয়ার উদ্দেশে এবং গ্রাহকগণের আশাকে বাস্তবায়িত করিতে এই গ্রন্থ প্রকাশনায় আমার প্রয়াস। এই সংস্করণেও বিবাহ-বিধান সংযোজিত করা হইল। তবে শ্রাদ্ধাদির ব্যাপারে "যম-নচিকেতা-সংবাদ" —যাহা পূর্ব্বে পরিশিষ্টংশরূপে ছিল উহা সৎক্রিয়া বা বিবাহ-পদ্ধতি ব্যাপারে ওতঃপ্রোত সম্পর্ক না থাকায় গ্রন্থের কলেবর বর্দ্ধিতের আশঙ্কায় তাহা এই সংস্করণে সংযোজিত করা হইল না। তজ্জন্য কর্ম্মকর্ত্তাগণের পক্ষেও কোন অসুবিধার কারণ নাই। সুতরাং গ্রন্থের "ভূমিকা" যথাযথ আলোচনা করিলে শ্রাদ্ধ-বিধির তাৎপর্য্য পাঠক বা কর্ম্মকর্ত্তাগণের বুঝিতে বা অনুধাবন করিতে কোন অসুবিধা হইবে না।

এতদ্ব্যতীত গ্রন্থের শেষাংশে "শ্রীভাগবতী বাণী ও মনুসংহিতা"-ধৃত কতিপয় বচন সংযোজনা করা হইল। সহৃদয় পাঠকবর্গ পূর্ব্বাপর আলোচনা করিয়া সারবত্তা গ্রহণ করিলে কৃতার্থ হইব।

পরিশেষে জানাই শ্রীমান্ লক্ষ্মীকান্তদাস ব্রহ্মচারী ও শ্রীমান্ প্রেমপ্রদীপ দাস ব্রহ্মচারী মুদ্রণ-ব্যাপারে যথেষ্ট সহায়তা করিয়াছে। শ্রীহরি-গুরু-বৈষ্ণবগণের নিকট তাহাদের সেবা-প্রচেষ্টার জন্য কল্যাণময় জীবন প্রার্থনা করি। অলমিতি বিস্তরেণ। ইতি—

শ্রীনিত্যানন্দ-ত্রয়োদশী
২৯ মাধব, ৫১৯ শ্রীগৌরাব্দ
২৭ মাঘ, ১৪১২ (ইং ১০।২।২০০৬)

শ্রীগুরু-দাসানুদাসাভিলাষী—
ত্রিদণ্ডিভিক্ষু,
শ্রীভক্তিবেদান্ত আচার্য্য

বিষয়সূচী

বিষয়	পত্রাঙ্ক
বিশুদ্ধ সাত্ত্বত-শ্রাদ্ধ ওকর্ম্ম-জড়-স্মার্ত্ত শ্রাদ্ধের তারতম্য বিচার	১
প্রেতত্ব প্রাপ্তির হেতু	১৩
বিশুদ্ধ সাত্ত্বত-শ্রাদ্ধ ও জড় কর্ম্ম-কাণ্ডীয় শ্রাদ্ধের বৈগুণ্যতা	৩৮
বিশুদ্ধশ্রাদ্ধে ও বিশুদ্ধ সাত্ত্বত-শ্রাদ্ধে কতিপয় মতানৈক্য	৪৫
শ্রাদ্ধকাণ্ড	৫১
সাধারণ শ্রাদ্ধকাল নিরূপণ	৫১
অশৌচ-অবস্থা	৫২
গ্রন্থ পাঠের সঙ্কল্প	৫২
অশৌচকালে কর্ত্তব্য	৫৩
আসন্নমৃত্যুকালে কর্ত্তব্য	৫৪
দানের রীতি	৫৫
সুবর্ণদান-পক্ষে	৫৫
আসন্নমৃত্যু ব্যক্তির প্রায়শ্চিত্ত বিধান	৫৬
পঞ্চ-সংস্কার	৫৭
সংস্কার-বিধান	৫৭
মূর্ত্তিপঞ্জর বা নামন্যাস	৫৮
পাতক ব্যাধি-নির্ণয় ও তাহার ব্যবস্থা	৫৯
পাপ মুক্তিতে দানোৎসর্গ-বিধি	৬০
গো-গ্রাস দানের ব্যবস্থা	৬১
শব-দাহ প্রকরণ	৬১
শ্রাদ্ধকাল পর্য্যন্ত করণীয়	৬৪
গঙ্গায় অস্থিনিক্ষেপ প্রণালী	৬৪
অশৌচ-বিচার	৬৫

বিষয়	পত্রাঙ্ক
পক্ষিণী অশৌচ গর্ভমৃত-শৌচ	৬৬
সূতিকাশৌচ	৬৬
কন্যার পক্ষে অশৌচ	৬৬
গর্ভস্রাবে অশৌচ	৬৬
খণ্ডাশৌচ	৬৭
অশৌচ-সংস্কার	৬৭
অশৌচমধ্যে মৃতের উদ্দেশে কর্ত্তব্য	৬৮
দশদিনের কৃত্য	৬৯
আদ্যশ্রাদ্ধ ঃ	৭০
পুরোহিত ও পাঠক-বরণ	৭২
ষোড়শ-দান	৭২
ষোড়শ-দানের ক্রম	৭৩
ষড়ঙ্গ দান	৮২
তিল-কাঞ্চন দান	৮২
আদ্যশ্রাদ্ধ-পদ্ধতি ঃ	৮৩
পিণ্ডদান	৮৪
স্বস্তিবচন-মন্ত্র	৯১
ষোড়শ পিণ্ডদানের বিধি	৯২
সপিণ্ডীকরণ ও সাম্বৎসারিক শ্রাদ্ধ	৯৪
পার্ব্বণশ্রাদ্ধ-বিধি	৯৬
তীর্থ-শ্রাদ্ধ	৯৭
বাস্তুপুরুষ শ্রীঅনন্তদেবের পূজা	৯৭
ব্রাহ্মণস্থাপন	৯৮
অর্ঘ্যদান	১০১

বিষয়	পত্রাঙ্ক
গন্ধাদি পঞ্চক দান	১০২
মধুমন্ত্র	১০৩
মৃৎসমাধি-বিধি	১০৯
মাঙ্গলিক-শ্রাদ্ধ বা অভ্যুদয়িক-কৃত্য	১১০
বসুধারা-সম্পাত ও চেদিরাজ-পূজা	১১১
উপনয়ন ঃ ব্যস্তসমস্ত মহাব্যাহৃতি হোম	১১৭
শাট্যায়ন-হোম	১২২
উদীচ্য-কর্ম্ম ঃ	
মহাব্যাহিতি হোম	১২৫
ঘট-স্থাপন	১৩১
অন্নপ্রাশন	১৩২
বিবাহ-বিধি-প্রসঙ্গ	১৩৪
শ্রীভাগবতী বাণী	১৮৯
শ্রীমনুসংহিতা-বচন	১৯০

শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গৌ জয়তঃ

সৎক্রিয়াসার-পদ্ধতি

—মঙ্গলাচরণ—

বন্দেঽহং শ্রীগুরোঃ শ্রীযুত-পদকমলং শ্রীগুরূন্ বৈষ্ণবাংশ্চ
শ্রীরূপং সাগ্রজাতং সহগণ-রঘুনাথান্বিতং তং সজীবম্।
সাদ্বৈতং সাবধূতং পরিজনসহিতং কৃষ্ণচৈতন্য-দেবং
শ্রীরাধা-কৃষ্ণপাদান্ সহগণ-ললিতা-শ্রীবিশাখান্বিতাংশ্চ॥

বিশুদ্ধ সাত্বত-শ্রাদ্ধ ও কর্ম্ম-জড়-স্মার্ত্ত শ্রাদ্ধের তারতম্য বিচার

'শ্রাদ্ধ' কথাটী আমরা সকলেই শ্রবণ করিয়া আসিতেছি—ইহার প্রকৃত তাৎপর্য্য কি সে-বিষয়ে কিছু আলোচনা করিব। সুধী ও ভক্তজনগণ নিশ্চয়ই বিশেষ দৃষ্টি নিক্ষেপ করিয়া নিরপেক্ষতার সহিত বিচার করিয়া লইবেন।

শ্রাদ্ধ কথাটী 'শ্রদ্ধ'-শব্দ হইতেই নিষ্পন্ন হইয়াছে। কাজেই শ্রদ্ধাসহকারে যে-কর্ম্ম অনুষ্ঠিত হয় তাঁহারই নাম "শ্রাদ্ধ"।

শ্রৎ সত্যং দধাতি যয়া সা শ্রদ্ধা।
শ্রদ্ধয়া ক্রিয়তে যৎ তৎ শ্রাদ্ধম্॥

'শ্রৎ' শব্দ সত্য বস্তুকেই নির্দ্দেশ করিয়া থাকে। যে-কর্ম্মানুষ্ঠান দ্বারা নিত্যবস্তু লাভ করা যায় তাহাকেই শ্রদ্ধা বলা হয়; অর্থাৎ শ্রদ্ধাপূর্ব্বক কৃত-কর্ম্মের নামই "শ্রাদ্ধ"।

অতএব শ্রদ্ধাসহকারে শ্রীভগবন্নিবেদিত অন্নব্যঞ্জনাদি পিতৃদেবের উদ্দেশ্যে প্রদানের নামই পিতৃশ্রাদ্ধ। ঋষি পুলস্ত্য বলিয়াছেন,—

সংস্কৃত ব্যঞ্জনাঢ্যঞ্চ পয়োদধি ঘৃতান্বিতম্।
শ্রদ্ধয়া দীয়তে যস্মাৎ শ্রাদ্ধং তেন নিগদ্যতে॥

অর্থাৎ সংস্কৃত ব্যঞ্জনাদিযুক্ত দধি-দুগ্ধ-ঘৃতাদি সমন্বিত অন্ন শ্রদ্ধা-সহকারে পিতৃগণের উদ্দেশে প্রদানের নামই শ্রাদ্ধ। এ-বিষয়ে শ্রুতিও অনুমোদন করিয়া প্রতিধ্বনিত করিয়াছেন। "যৎ পিতৃভ্যো দদাতি স পিতৃযজ্ঞঃ তানেতান্ যজ্ঞান্ অহরহঃ কুর্ব্বীত।" (আশ্বলয়ান গৃহ্যসূত্রম্)

পিতৃগণের উদ্দেশে যে-দান তাহার নাম পিতৃযজ্ঞ; এই যজ্ঞ প্রতিদিনই কর্ত্তব্য। মনুস্মৃতিও শ্রৌতবাণীর প্রতিধ্বনি করিয়া বলিয়াছেন,—

"কুর্য্যাদহরহঃ শ্রাদ্ধমন্নাদ্যেনোদকেন বা।
পয়োমূল-ফলৈর্বাপি পিতৃভ্যঃ প্রীতিমাবহন্॥"

অন্নাদি, জল কিংবা দুগ্ধ ও ফলমূলাদি-দ্বারা পিতৃগণের প্রীতির নিমিত্ত প্রত্যহ শ্রাদ্ধ করিবে।

পুরাকালে জীবিত ব্যক্তিরও শ্রাদ্ধ করা হইত। মৃতের উদ্দেশে কেবলমাত্র দৈববিধানে অর্চ্চনা করিয়া শ্রদ্ধা জ্ঞাপন করা হইত। মহাভারতের আদি পর্ব্বে দেখা যায়,—মহারাজ পৌষ্য রাজসভায় সমাগত ঋষি উতঙ্কের শ্রাদ্ধ করিয়াছিলেন।

ভগবশ্চিরেণ পাত্রমাসাদ্যতে ভবাংশ্চ।
গুণবানতিথিস্তদিচ্ছে শ্রাদ্ধং কুর্ত্তুং ক্রিয়তাম্॥

হে ভগবন্! সৎপাত্র সর্ব্বদা পাওয়া যায় না। আপনি গুণবান্ অতিথি উপস্থিত; অতএব আমি আপনার "শ্রাদ্ধ" করিতে ইচ্ছা করি।

কিন্তু দুর্ভাগ্যবশতঃ বর্ত্তমানকালে এই জীবৎ-শ্রাদ্ধপ্রথা একেবারেই উঠিয়া গিয়াছে; এমনকি যদি কেহ এই "শ্রাদ্ধ" শব্দটী কোন জীবিতের উদ্দেশে প্রয়োগ করেন, তবে বিশেষ দোষের কারণ হইয়া উঠে; এমনকি দণ্ডবিধি আইনানুযায়ী ৩০২ ধারায় অপরাধী সাব্যস্থ হইয়া সামাজিক দণ্ডে দণ্ডিত হইতে পারেন। বাস্তবপক্ষে জীবিত ব্যক্তির প্রতি শ্রদ্ধা, আর মৃতের উদ্দেশে দেববিধানে অর্চ্চনা করিয়া শ্রীভগবানে প্রসাদান্নাদি অর্পণ করিয়া তাঁহার প্রীতিবিধান করাই শ্রাদ্ধ। সাত্বতজনের ক্রিয়াদি দর্শন করিয়া ঈর্ষাবশতঃ কর্ম্মজড়স্মার্ত্ত-পশুবলেহি পণ্ডিতব্রুবগণ বিদ্রূপের কটাক্ষ করিয়া থাকেন। কারণ বৈষ্ণবগণ পূর্ব্বেই যখন ভাল দিকটা গ্রহণ করিয়া লইয়াছেন—কাজেই মন্দের দিক্‌টা লইয়াই তাঁহাদের-সঙ্গে প্রতিযোগিতা করিতে হইবে। তথাপি প্রকৃত সৎপথের পথিক্ বৈষ্ণবগণের আচরণের অনুগামী হইব না। প্রেতপদাবলেহি স্মার্ত্তবিধান কর্ম্মজড়বাদী স্মার্ত্ত রঘুনন্দন ভট্টাচার্য্য মহাশয় একটু ফাঁক রাখিতে গিয়া তাঁহার "তিথিতত্ত্বে" উদ্ধৃত করিয়া দেখাইয়াছেন,—

নারিকেলৈশ্চিপিটকৈঃ পিতৃন্-দেবান্ সমর্চ্চয়েৎ।
বন্ধুংশ্চ প্রীণয়োত্তন স্বয়ং তাদৃশং ভবেৎ॥

নারিকেল ও চিড়ার দ্বারা পিতৃগণ ও দেবতাগণের অর্চ্চনা করিবেন এবং বন্ধুগণেরও তৃপ্তিসাধন করিবেন। ইহা দ্বারাই বেশ বুঝা যায়---বিদ্ধ স্মার্ত্ত মতাবলম্বি- গণের মাতৃ-পিতৃভক্তি উদ্বেলিত হইয়া ডগমগ খাইতেছে—নিজেদের জন্য চর্ব্ব্য-চুষ্য-লেহ্যপেয়াদি আহার্য্যের ব্যবস্থা, আর পিতৃ-দেবতাগণের জন্য শুষ্ক চিড়া ও নারিকেল ; তবে আপৎকালে অগ্নির অভাব হইলে, তীর্থক্ষেত্রে চন্দ্র-সূর্য্যগ্রহণ সময়ে দ্বিজাতিগণ আমান্ন-দ্বারা শ্রাদ্ধ করিবেন। শূদ্রগণ সর্ব্বসময়েই আমান্ন-দ্বারা শ্রাদ্ধ করিবেন।

"অপদ্যনগ্নৌ তীর্থে চ চন্দ্র-সূর্য্য-গ্রহ তথা।
আমশ্রাদ্ধং দ্বিজৈঃ কার্য্যঃ শূদ্রেণ তু সদৈব হি॥" (লঘু হারীত)

বেশ ভাল কথা, তবে শূদ্র কে? শাস্ত্রোক্ত প্রমাণে শূদ্রের লক্ষণ রূপ মাপকাঠি দিয়া মাপিলে এই জগতে পনেরো আনা নয় পাই লোক শূদ্র পর্য্যায় ভুক্ত,—ইহাতে সন্দেহ নাই। "যুগে জঘনো দ্বেজাতি ব্রাহ্মণ শূদ্র এব চ।" এই অনুশাসন-বাক্য যদি ব্রাহ্মণেতর সকল জাতিকে শূদ্র বলিয়া মানিয়া লওয়া যায়, তাহা হইলে শূদ্রযাজী ব্রাহ্মণদেরই বা গৌরব অক্ষুন্ন থাকিল কোথায়? শাস্ত্রের বচনে দেখা যায় শূদ্রযাজী ব্রাহ্মণ অস্পৃশ্য অপাঙ্‌ক্তেয়। শূদ্রান্ন ভোজি ব্রাহ্মণকে জঘন্যাত্মা প্রেতযোনিতে জন্মগ্রহণ করিতে হয়।

"ভুঞ্জতে যে তু শূদ্রান্নাং মাসমেকং নিরন্তরং।
ইহ জন্মনি শূদ্রত্বং জায়ন্তে তে মৃতা শুনি॥
শূদ্রান্নেন তু ভুক্তেন মৈথুনং যোহধি গচ্ছতি।
যস্যান্নং তস্য তে পুত্রা অন্নাচ্ছুদ্রেস্য সম্ভবঃ॥" (আপাস্তম্ব সংহিতা)

যে-দ্বিজ একমাসকাল শূদ্রান্ন ভোজন করে ; এই জন্মেই সে-ব্যক্তি শূদ্রত্ব প্রাপ্ত হয়, এবং মৃত্যুর পর কুকুর যোনিতে জন্মগ্রহণ করে। শূদ্রান্ন ভোজন করিয়া পুত্রোৎপাদন করিলে সেই পুত্র অন্নদাতা শূদ্রের হয়। যেহেতু—

অন্নদাতা ভয়েত্রাতাঃ যস্য কন্যা বিবাহিতাঃ।
জনয়িতা চ উপনেতা পঞ্চপিতা ভবেৎস্মৃতা॥
শূদ্রাণাং সূপকারী চ শূদ্রযাজী চ যো দ্বিজঃ।
অসিজীর্বি মসীজীবি বিষহীনো যথোরগঃ॥ (ব্রহ্মবৈবর্ত্ত)

শূদ্রের পাচক, শূদ্রের যাজক, যুদ্ধজীবি এবং মসীজীবি (কেরাণী) ব্রাহ্মণ বিষহীন সর্পের তুল্য। বিশেষতঃ—

অশুদ্ধ শূকল্পা হি ব্রাহ্মণাঃ কলিসম্ভবাঃ। (বিষ্ণুযামল)

কলিকালের ব্রাহ্মণগণ একেই ত শূদ্রের ন্যায় অপবিত্র, তাহাতে ব্রাহ্মণেতর সকল জাতিকে শূদ্র-ভাবাপন্ন করিয়া শূদ্রাচারে তাহাদের ক্রিয়ানুষ্ঠানাদি সম্পন্ন করিলে পুরোহিতগণকেই ক্রমশঃ অব্রাহ্মণতা প্রাপ্ত হইতে হয় না কি? হয়তো ইহারই নামান্তর—"নিজের নাক কাটিয়া পরের যাত্রা ভঙ্গ"।

যে-সকল ব্যক্তি অব্রাহ্মণ হইয়াও নিজদিগকে ব্রাহ্মণদাবী করিয়া থাকে এবং শূদ্রযাজী হইয়া শূদ্রান্ন ভোজন করিয়া প্রেতযোনি প্রাপ্ত হইয়া থাকে, তাহাদের মতোই নিজেদের দলপুষ্টি কামনায় সকল ব্যক্তিকেই মৃত্যুর পর জঘন্যপ্রেতাত্মা বলিয়া গণ্য করিয়া থাকে। ঐ সকল স্বার্থান্ধ পুরোহিতগণ পিতৃগণের উদ্দেশে অপকান্ন অর্থাৎ শুষ্কতণ্ডুল, পক্ক কদলী প্রদর্শনপূর্ব্বক শ্রাদ্ধকার্য্য সমাধা করিয়া তৎসমস্তই আত্মসাৎ করিয়া বসেন। কর্ম্ম-কার্য্যাদি শাস্ত্রানুমোদিত না হইলে যে পণ্ড হইয়া যায়, তাহা বলাই বাহুল্য। এস্থলে পুরোহিত মহাশয়গণ যজমানের কিরূপ হিতকামী তাহা বিচক্ষণ ব্যক্তিমাত্রেরই বিবেচ্য।

কর্ম্মজড়-বিদ্ধস্মার্ত্ত প্রণিত শাস্ত্রমতে মৃত ব্যক্তির আত্মা প্রেত বা পিশাচত্ব প্রাপ্ত হয়। বিহিত শ্রাদ্ধ-ক্রিয়া ও সপিণ্ডন-দ্বারা তাহার সেই প্রেতত্ব বা পিশাচত্ব মোচন হইলে তবে সেই মৃত ব্যক্তির আত্মা স্বর্গলোকে গমন করিয়া থাকে। এইজন্যই বিদ্ধ স্মার্ত্তশ্রাদ্ধের নাম প্রেতশ্রাদ্ধ, পৈশাচ বা রাক্ষস-শ্রাদ্ধ। যথা—

"সপিণ্ডীকরণং যাবৎ প্রেত-শ্রাদ্ধাদি ষোড়শ।
পক্কান্নেনৈব কার্য্যাণি সামিষেণ দ্বিজাতিভিঃ॥" (লঘু হারীত)
"যস্যৈতানি ন কুর্ব্বতি একোদ্দিষ্টানি ষোড়শ।
পিশাচত্বং স্থিরং তস্য দত্তৈঃ শ্রাদ্ধশতৈরপি॥"

এইরূপ জড়কর্ম্ম-কাণ্ডীয় শ্রাদ্ধে বিষ্ণু ও শ্রীকৃষ্ণ-সেবক কার্ষ্ণ বা বৈষ্ণবজনের বৈষ্ণবের প্রাধান্য স্বীকৃত হয় না বলিয়াই এই শ্রাদ্ধের নামান্তর রাক্ষস শ্রাদ্ধ। স্কন্দপুরাণে বলিয়াছেন, যথা—

যস্য বিদ্যাবিনির্ম্মুক্ত মূর্খং মত্বা তু বৈষ্ণবং।
বেদবিদ্ভোহদদাদ্বিপ্রঃ শ্রাদ্ধং তদ্রাক্ষসং ভবেৎ॥

বৈষ্ণবকে বিদ্যাহীন মূর্খ্য মনে করিয়া বেদবিদ্‌গণকে শ্রাদ্ধ প্রদান করিলে বিপ্রকৃত সেই শ্রাদ্ধ "রাক্ষস" শ্রাদ্ধ নামে অভিহিত হয়।

দৈব ও আসুর-ভেদে দ্বিবিধ স্বভাবের লোক অনুসারে শাস্ত্রে শ্রাদ্ধ বিধিও দ্বিবিধ বিবৃত হইয়াছে ;—

দ্বৌ ভূতসর্গৌ লোকেঽস্মিন্ দৈব আসুর এব চ।
বিষ্ণুভক্তি পরোদৈব আসুরস্তদ্বিপর্য্যয়ঃ॥ (পাদ্মে)

অর্থাৎ বর্ণাশ্রম ধর্ম্ম দ্বিবিধ ; বিষ্ণুভক্তি আশ্রয় করিয়া যে বর্ণাশ্রম ধর্ম্ম প্রতিষ্ঠিত তাহাই দৈব এবং তদ্বিপরীত অর্থাৎ যাহাতে ঐকান্তিকতার অভাবক্রমে ভগবানের নিত্য-ধাম-রূপ-গুণ-পরিকর-বৈশিষ্ট্যাদিময়ী লীলায় বাধা দিয়া বৈকুণ্ঠবস্তুকে মায়িক মনে করিয়া কল্পনাপ্রভাবে পঞ্চদেবতার আরাধনা হয় তাহা ভোগপর—অদৈব ও আসুর স্বভাব।

এই জন্যই বিদ্ধ-স্মার্ত্তশ্রাদ্ধে ও বিশুদ্ধ সাত্ত্বত শ্রাদ্ধে বহু পার্থক্য দৃষ্ট হয়। এইসকল আসুর স্বভাবসম্পন্ন ব্যক্তিসকল যে নিজেদের মাতা-পিতাকে প্রেত-পিশাচিনীরূপে গণ্য করিবে তাহাতে আশ্চর্য্য কি? এমনকি যাঁহারা আজন্ম নিরামিষাসী বা বিধবা মাতৃদেবী ও ভগ্নিগণকেও মৃত্যুর পর প্রেত-পিশাচী কল্পনা করিয়া তাঁহাদিগকে আমিষাদি ভোজন করাইয়া থাকে। মৎস্যের পরিবর্ত্তে অন্ততঃপক্ষে দগ্ধচাউল বা কদলীপোড়া খাওয়াইয়া আমিষ ভক্ষণের নিয়মরক্ষা করিতে দেখা যায়। "দুষ্কৃং আমিষ সূচ্যতে!"

অতএব মনুষ্যমাত্রেরই স্থূলদেহ অবসানের পর তিনি ব্রাহ্মণ হউন কিংবা ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্রই হউন, জন্মদাতা পিতা বা গর্ভধারিণী জননীই হউন না কেন ; ত্রিসন্ধ্যা গায়ত্রী জপ-পরায়ণ স্বধর্ম্মনিষ্ঠ সাধুই হউন না কেন, চির হবিষ্যাশী হইয়া যতই সাধন-ভজন করুন না কেন,—তথাপি কর্ম্মকাণ্ডীয় স্মৃতি-শাস্ত্রমতে মৃত্যুর পর তাঁহাকে পূর্ণ একবৎসর-কাল প্রেত সাজিয়া অমেধ্য ভোজন করিতেই হইবে। তিনি নিত্যধাম বৈকুণ্ঠে গমন করিলেও তাঁহাকে বলপূর্ব্বক নরকে টেনে এনে প্রেত-পিশাচ সাজাইয়া অভোজ্য অমেধ্যাদি ভোজন করাইতেই হইবে। তথাপি সাত্ত্বত পদ্ধতি বিধানানুসারে শ্রীভগবানের নিবেদিত মহাপ্রসাদান্ন প্রদান করিবেন না। স্বধর্ম্মনিষ্ঠ মাতাপিতাকে প্রেতকল্পনা করিয়া নরকের ক্রিমিকীট করিয়া রাখিব সেও ভাল, তথাপি সাত্ত্বত শাস্ত্রের মাতানুবর্ত্তী হইব না। এমন না হইলে কি বিদ্বেষিতা প্রকাশ পায়? সাত্ত্বত-সম্প্রদায়ীগণ অগ্রেই ভাল দিকটা লইয়া ফেলিয়াছেন, তখন আমাদিগকে অন্ততঃ মন্দের দিকটা লইয়াও তো তাঁহাদের সহিত প্রতিযোগিতা করিতেই হইবে? কর্ম্মকাণ্ডীয় বিদ্ধ-শ্রাদ্ধে ঠিক এই ভাবটী পরিস্ফুট হইয়াছে কিনা তাহা নিরপেক্ষ সুধিগণেরই বিবেচ্য ও বিচার্য্য।

প্রেতের আহারাদির বিষয় যাহা, তাহা শাস্ত্রবাণী উদ্ধৃত করিয়া পরে দেখাইয়া দিব।

এখন শ্রীকৃষ্ণ-সেবক কার্ষ্ণ বা সাত্বত বৈষ্ণবজনের তিরোধানের পর প্রেতত্ব প্রাপ্তি হয় না। তাহার অনুকূলে শাস্ত্রীয় প্রমাণ পাওয়া যায় কি না অবশ্যই আলোচ্য। প্রথমেই দেখা যাইতেছে,—পদ্মপুরাণের উত্তরখণ্ডে শ্রীহর-পার্ব্বতী-সংবাদে উক্ত হইয়াছে,—

"ন কর্ম্মবন্ধনং জন্ম বৈষ্ণবানাঞ্চ বিদ্যতে।
বিষ্ণোরনুচরত্বং হি মোক্ষমাহুমশীষিণঃ॥"

অর্থাৎ, বৈষ্ণবগণের কর্ম্ম-বন্ধনজনিত জন্ম পরিগ্রহ করিতে হয় না, তাহারা মৃত্যুর পর যে শ্রীবিষ্ণুর অনুচরত্ব লাভ করেন সাধু-বিবেকীগণ তাহাকেই মোক্ষ বলিয়া কীর্ত্তন করেন। উক্ত পুরাণের মাঘ-মাহাত্ম্যে দেবদূত বিকুণ্ডল সংবাদে কথিত আছে,—

"ন যমং যমলোকং ন ন দূত্যন্ ঘোরদর্শনান্।
পশ্যন্তি বৈষ্ণবানুনং সত্যং সত্যং ময়োদিতম্॥"

আমি সত্য সত্য নিঃসন্দেহে বলিতেছি, বৈষ্ণবগণ যম অথবা যমপুরী বা ঘোরদর্শন যম-দূতগণকেও দর্শন করেন না।

বৈষ্ণবগণের নির্য্যাণ ঘটিলে তিনি বিষ্ণুর অনুচরত্ব লাভ করেন এবং শ্রীভগবদ্ধামে গমন করেন বলিয়াই তাঁহারা প্রেতত্ব বা পিশাচত্বের কোন প্রকার সম্ভবনা নাই। মৃত্যুর পর তিনি হরি-পরিবার মধ্যে গণ্য হইয়া পরমপদ লাভ করেন। সুতরাং কর্ম্মকাণ্ডীয় শ্রাদ্ধে প্রেতত্ব খণ্ডন উদ্দেশে যে কর্ম্মাদি বিহিত হয় বৈষ্ণবগণের শ্রাদ্ধে সেই সকল কর্ম্মানুষ্ঠান গ্রাহ্য নহে ; সাত্বত শ্রাদ্ধ ও প্রেত-শ্রাদ্ধের মূলতত্ত্বে আকাশ-পাতাল বা স্বর্গ-নরক তফাৎ।

বৈষ্ণব ত বহু ঊর্দ্ধের কথা, যাঁহারা বৈষ্ণবের দাসত্ব স্বীকার করেন তাঁহাদিগকেও যমালয় দর্শন করিতে হয় না। যথা—

"বিষ্ণুভক্তস্য যে দাসা বৈষ্ণবান্নভুঞ্জাশ্চ যে।
তেঽপি ক্রতুভুজাং বৈশ্য গতিং যাজন্তি নিরাকুলম্॥"

যাঁহারা বৈষ্ণবের দাস এবং বৈষ্ণবের অন্নভোজী তাঁহারাও নিরকুল হইয়া যজ্ঞভুক্‌দের ন্যায় পরমাগতি লাভ করেন। বৈষ্ণব আচার দূরেই থাকুক, সেইটী বহু ঊর্দ্ধের কথা, "বৈষ্ণব বা ভাগবত" এই নামমাত্র লাভ করিতে পারিলেও কৃতার্থ হওয়া যায়।—

কুলং পবিত্রং জননী কৃতার্থা
বসুন্ধরা সা বসতিশ্চ ধন্যাঃ।
স্বর্গেস্থিত পিতরোঽপি ধন্যা
যস্যা সূত বৈষ্ণব-নাম ধ্যেয়ঃ॥

যে বংশে একজন বৈষ্ণব জন্মগ্রহণ করেন তিনি অধঃ, ঊর্দ্ধ চতুর্দ্দশ পুরুষ পর্য্যন্ত মুক্ত করিয়া থাকেন, জননীর গর্ভধারণও সার্থক, জন্মস্থান তীর্থস্বরূপ পূজ্য, বসতিস্থানকেও পবিত্র করিয়া থাকেন, স্বর্গস্থিত পিতৃপুরুষ নিজদিগকে ধন্য বলিয়া মনে করেন। বৈষ্ণব দেবতাগণেরও পূজ্য। যথা, গরুড়পুরাণে ইন্দ্রের উক্তি—

"কলৌ বাগবতং নাম দুর্লভং নৈব লভ্যতে।
ব্রহ্মরুদ্রপদোৎকৃষ্টং গুরুণা কথিতং সম॥"

কলিযুগে "বৈষ্ণব" নাম লাভ অতি দুর্লভ —সহজে লাভ করা যায় না। বহু বহু জন্মের সুকৃতির ফলে কলিতে "বৈষ্ণব" বা "ভাগবত" সংজ্ঞা লাভ হয়। এই বৈষ্ণব আখ্য শিব-বিরিঞ্চিপদ অপেক্ষাও উৎকৃষ্ট ইহা আমার গুরু বৃহস্পতি কীর্ত্তন করিয়াছেন।

পূর্ব্বপক্ষ অবলম্বন করিয়া কেহ যদি বলেন,—যাঁহারা পরমহংস বৈষ্ণব তাঁহাদের দেহান্তে প্রেতত্ব না ঘটিলেও সাধারণ গৃহস্থ বৈষ্ণবগেণর দেহান্তে প্রেতত্ব হইবে না কেন? শাস্ত্রে বৈষ্ণব-মাহাত্ম্যে গৃহী ও ন্যাসী-ভেদে কোন তারতম্য না থাকায় সকলেই সাধনোচিত গতি লাভ করিয়া থাকেন। স্কন্দপুরাণে রেবা খণ্ডে শ্রীব্রহ্মা-নারদ-সংবাদে উক্ত হইয়াছে—

"যস্তু বিষ্ণুপরো নিত্যং দৃঢ়ভক্তির্জিতেন্দ্রিয়ঃ।
স্বগৃহেঽপি বাসং যাতি তদ্বিষ্ণো পরমং পদম্॥"

যিনি নিত্য বিষ্ণুপরায়ণ দৃঢ়ভক্তিযুক্ত ও জিতেন্দ্রিয় তিনি গৃহস্থ আশ্রমে অবস্থান করিয়াও বিষ্ণুর পরমপদ লাভ করেন। শ্রীনারদ পুণ্ডরীকাক্ষ-সংবাদে উক্ত হইয়াছে,

সহস্র জন্মান্তরে "আমি শ্রীহরির দাস" এইরূপ মত জন্মিলেও তিনি নিখিল লোক উদ্ধার করিয়া থাকেন এবং অন্তে তিনি যে শ্রীহরি সালোক্য লাভ করেন তাহাতে সন্দেহ নাই।

জন্মান্তর সহস্রেষু যস্য স্যাদ্ বুদ্ধিরীদৃশী।
দাসোঽহং বাসুদেবস্য সর্ব্বলোকান্ সমদ্ধরেৎ।
স যাতি বিষ্ণু-সালোক্যং পুরুষো নাত্র সংশয়ঃ॥

যদি বলেন, শ্রীকৃষ্ণভক্ত কার্ষ্ণ বা বৈষ্ণবজনের মধ্যে কোন ব্যক্তি অজ্ঞাতবশতঃ কদাচারী হইয়াছেন, তাঁহাদের প্রেতত্ব হইবে না কেন? না—তাঁহাদেরও প্রেতত্বের সম্ভবনা নাই, যথা—

"হরিভক্তিপরা যে চ হরিনামপরায়ণাঃ।
দুর্বৃত্তা বা সুবৃত্তা তেষাং নিত্যং নমো নমঃ।।"

হরিভক্তি-পরায়ণ ও শ্রীহরিনাম-নিরত গ্রহণকারী বৈষ্ণবজন প্রাক্তন কর্ম্মফলজনিত যদি কখনও—

'অপি চেৎ সুদুরাচারো ভজতে মামনন্যভাক্।
সাধুরেব স মন্তব্য সম্যগ্ব্যবসিতো হি সঃ।। (গীঃ ৯।৩০)

যদি এই প্রকার দুরাচারও লক্ষিত হয়, তথাপি তাঁহাকে সাধু বলিয়াই মানিবে; তাঁহার তাদৃশ অবস্থা অসম্যক্ নহে। তিনি নিত্য নমস্য। অতএব হরিভক্তি-নিরত বৈষ্ণবজনের পাপ-কর্ত্তৃক কোনপ্রকার বন্ধনের সম্ভাবনা নাই। যেহেতু তাঁহার সমস্ত কর্ম্মফলই শ্রীকৃষ্ণে সমর্পিত। পাপ-পুণ্য স্বর্গ ও নরককেও উপেক্ষা করিয়া শ্রীকৃষ্ণদাসত্বে আত্মাকে নিযুক্ত করিয়াছেন। যেস্থানে সেব্যবস্তু বিরাজিত, সেবক তাঁহার পদতলে স্থিত। জড় কর্ম্মকাণ্ডীয়গণের ন্যায় স্বর্গ দূরের কথা মুক্তির জন্য পিপাসিত নহে, কারণ তিনি চিরমুক্ত।

"অত্যন্ত দুর্ল্লভা প্রোক্তা হরিভক্তি কলৌযুগে।
হরিভক্তি রতানাং বৈ পাপবন্ধো ন জায়তে।।"

শ্রীহরিভক্তি-পরায়ণ মহাভাগবত বৈষ্ণব এই কলিযুগে অত্যন্ত দুর্ল্লভ। অতএব হরিভক্তি নিষ্ঠাযুক্ত সাত্বত বৈষ্ণবজনের আচরণে পাপ-কর্ত্তৃক কোন বন্ধনের সম্ভাবনা নাই। এমনকি শ্রীহরি-ভক্তিপরায়ণা স্ত্রীলোকগণেরও প্রেতত্ব-প্রাপ্তির সম্ভাবনা নাই। যথা,—

"সভর্ত্তৃকা বা বিধবা বিষ্ণুভক্তিং করোতি যা।
সমুদ্ধিরতি চাত্মানং কুলমেকোত্তর শতম।।"

হরিভক্তি-পরায়ণ নারী সধবা থাকুন বা বিধবাই হউন তিনি নিজকে এবং নিজের শতাধিক কুল উদ্ধার করিয়া থাকেন।

শ্রীকৃষ্ণের সেবকগণের দেহান্তে যে তাঁহারা প্রপঞ্চাতীত বৈষ্ণবপদ অর্থাৎ বৈকুণ্ঠলোকেই গমন করেন, তাহাতেও কোনরূপ সন্দেহের কারণ নাই। শ্রীমদ্ভাগবত ৪র্থ স্কন্ধে শ্রীরুদ্র-বাক্যে উক্ত হইয়াছে,—

"স্বধর্ম্মনিষ্ঠঃ শতজন্মভিঃ পুমান্
বিরিঞ্চিতামেতি ততঃ পরং হি মাম্।
অব্যাকৃতং ভগবতোঽথ বৈষ্ণব-
পদং যথাহং বিবুধাঃ কলাত্যয়ে॥"

স্বধর্ম্মে-নিষ্ঠাযুক্ত থাকিয়া বহু জন্মের পর বিরিঞ্চিপদ প্রাপ্ত হইয়া থাকে, আর পুঞ্জীভূত সুকৃতিফলে রুদ্রপদ বা শিবত্ব প্রাপ্ত হয়। আমি এবং অন্যান্য দেবতাসকল বর্ত্তমানে যে অধিকার লাভ করিয়া আছি, আমাদের এই অধিকারের শেষ হইলে স্ব-স্ব লিঙ্গদেহ বা ভোগদেহের অবসানান্তে তবে আমরা প্রপঞ্চাতীত বৈষ্ণবপদ প্রাপ্ত হইব। কিন্তু "ভাগবতস্তু দেহান্তে অব্যাকৃতং প্রপঞ্চাতীতং (বৈকুণ্ঠে) বৈষ্ণবপদমেতি॥" (শ্রীধরস্বামী)

ভগবৎ অর্থাৎ শ্রীকৃষ্ণভক্ত কার্ষ্ণ বা বৈষ্ণবজন দেহান্তেই অর্থাৎ মৃত্যুর পরই প্রপঞ্চাতীত বৈকুণ্ঠপদ প্রাপ্ত হন। মৃত্যুর পর যে-সকল জীবদিগের প্রেতত্ব প্রাপ্ত হইয়া যম-ভবনে নিত হয়, যাঁহার বিচারে স্বর্গ বা নরক ভোগ করে, সেই ধর্ম্মরাজ বলিয়াছেন,—

কমল-নয়ন বাসুদেব বিষ্ণো
ধরণি-ধরাচ্যুত শঙ্খচক্রপাণে।
তব শরণমিতিরয়ন্তি যে বৈ
ত্যজ ভট দূরতরেণ তান্ পাপান্॥

যাঁহারা "কৃষ্ণমন্ত্র" গ্রহণ করিয়া আত্মসমর্পণ করিয়া শ্রীনাম-কীর্ত্তনাদিতেই রত, এহেন সাধু-বৈষ্ণবগণের মহিমা দেব-সিদ্ধগণ কীর্ত্তন করিয়া নিজদিগকে কৃতার্থ মনে করেন, তাঁহাদের তো কোন কথাই নাই। যাঁহারা কেবলমাত্র "হে কমললোচন! হে বাসুদেব! হে ধরণীধর! হে অচ্যুৎ! হে শঙ্খচক্রপাণে! আমি তোমার শরণ লইলাম"—বলিয়াও কীর্ত্তন করেন, হে দূত! তুমি সেইসকল ব্যক্তিগণের উদ্দেশে প্রণাম করিয়া দূরে থাকিবে। কারণ, সুরকুল-বন্দিতা বিধাতা লোকহিতার্থ অর্থাৎ স্বর্গভোগ দানার্থ ও অহিতার্থ অর্থাৎ নরকভোগ প্রদানার্থ আমাকে যমরাজ-পদে প্রতিষ্ঠিত করিয়াছেন। সুতরাং আমি হরিগুরু বিমুখ "অবৈষ্ণব" দিগকেই কেবল শাসন করি; কিন্তু শ্রীহরি-পদাশ্রিত ভক্ত বা বৈষ্ণবজনকে নমস্কার করি।

বৈষ্ণবজন দৈবাৎ জ্ঞাত বা অজ্ঞাতভাবে কোনপ্রকার পাপানুষ্ঠান করিয়া থাকিলেও আমি তাঁহাদের শাসনের প্রভু নহি। পদ্মপুরাণে যমদূত-বিকুণ্ডল-সংবাদে এই প্রকার কথিত আছে,—

প্রাহাস্মান্ যমুনাভ্রাতা সাদরং হি পুনঃ পুনঃ।
ভবন্তি বৈষ্ণবা স্ত্যাপ্যা ন তে স্যু মমগোচরাঃ॥
দুরাচারো দুষ্কুলোহপি সদা পাপরতোহপি বা।
ভবন্তি বৈষ্ণবা স্ত্যাজ্যা বিষ্ণুঞ্চেত্তজতে নরঃ॥
বৈষ্ণবা যদ্‌গৃহে ভুঙ্‌ক্তে যেষাং বৈষ্ণব-সঙ্গতিঃ।
তেহপি বঃ পরিহার্য্যা স্যু স্তৎ সঙ্গহত-কিল্মিষাঃ॥

যমুনা-ভ্রাতা যমরাজ আমাদিগকে বারংবার (পুনঃ পুনঃ) সাদরে উপদেশ দিয়াছেন,—তোমরা বৈষ্ণবগণকে সর্ব্বদা পরিত্যাগ করিও। তাঁহারা আমার অধিকারে আসিবার যোগ্য নহেন। বৈষ্ণবগণ দুরাচারী দুষ্কুলসম্ভূত পাপরত হইয়াও যদি বিষ্ণু ভজনা করেন, তাহা হইলেও তাঁহাকে পরিত্যাগ করিও। এমনকি যাঁহারা গৃহে একজন বৈষ্ণব ভোজন করিয়াছেন, যিনি কিঞ্চিৎ সময় বৈষ্ণবসঙ্গ লাভ করিয়া তাঁহার উপদেশ মানিয়াছেন, হে দূত! তাঁহাদিগকে পরিত্যাগ করিও।

"বৈষ্ণবা বিষ্ণুবৎ পূজ্যাঃ মম মান্যা বিশেষতঃ।
তেষাং কৃতেহপমানেহপি বিনাশো জায়তে ধ্রুবম্॥"

বৈষ্ণবগণ বিষ্ণুসদৃশ পূজ্য, আমারও মাননীয়। যদি কেহ তাঁহাদিগকে অপমান করে তবে তাহার বিনাশ অবশ্যম্ভাবী। ইহাতে কোন সন্দেহ নাই।

"আয়ুঃ শ্রিয়ং যশো ধর্ম্মং লোকানাশিষ এব চ।
হন্তি শ্রেয়াংসি সর্ব্বাণি পুংসো মহদতিক্রমঃ॥"

বৈষ্ণবজনের প্রতি অনাদর করিলে আয়ুঃ, শ্রী, যশঃ, ধর্ম্ম, স্বর্গাদিলোক এবং সর্ব্বপ্রকার মঙ্গলকে বিনাশ করে। পদ্ম-পুরাণে উত্তরখণ্ডে পার্ব্বতীর প্রতি শিবের উক্তি,—

"আরাধনানাং সর্ব্বেষাং বিষ্ণোরারাধানাং পরম্।
তস্মাৎ পরতরং দেবি তদীয়ানাং সমর্চ্চনম্॥"

হে দেবি! সকল দেবতার আরাধনার মধ্যে বিষ্ণুর আরাধনাই শ্রেষ্ঠ, তাহা হইতে বিষ্ণুভক্তগণের আরাধনা অধিক শ্রেষ্ঠ। শ্রীকৃষ্ণভক্ত কার্ষ্ণ বা বৈষ্ণবগণ যে সর্ব্বমান্য, পূজ্য ও প্রণম্য—এ বিষয়ে বলাই বাহুল্য। বৃহন্নারদীয়-পুরাণে একাদশী-মাহাত্ম্যে উক্ত হইয়াছে,—

"যে বিষ্ণুভক্তি নিরতাঃ প্রজতা কৃতজ্ঞাঃ
একাদশী ব্রতপরা বিজিতেন্দ্রিয়াশ্চ।
নারায়ণাচ্যুত হরে শরণ্যং ভবেতি
শান্তা বদন্তি সততং তরসা ত্বজধ্বম্॥

নারায়ণাচ্যুতার্পিতধিয়ো হরিভক্তি-ভক্তান্
স্বাচার-মার্গ-নিরতান্ গুরুসেবকাংশ্চ।
সৎপাত্র দান-নিরতান্ হরিকীর্ত্তিভক্তান্
দূতা স্তজধ্বমণিশং হরিনামসক্তান॥"

হে দূতগণ! যাঁহারা বিষ্ণুভক্তিরত, যত্নবান, কৃতজ্ঞ, শ্রীএকাদশী-ব্রতপরায়ণ, হইয়া জিতেন্দ্রিয় হইয়া "হে নারায়ণ! হে অচ্যুৎ! হে হরে! আমার শরণ্য হউন"—বলিয়া শান্তভাবে হরি-কীর্ত্তন করে সেই সকল বৈষ্ণবগণকে প্রণত হইয়া সত্বর দূরে পরিত্যাগ করিবে। হে দূতবৃন্দ! যাঁহাদের চিত্ত ভগবান্ নারায়ণে অর্পিত, যাঁহারা বৈষ্ণবগণের সেবক ও ভক্ত, যাঁহারা দানের সৎপাত্র বৈষ্ণবগণকে দান করেন এবং গুরুসেবা পরায়ণরতার সহিত হরিসঙ্কীর্ত্তনে অনুরক্ত তাঁহাদিগকে সর্ব্বদা পরিত্যাগ করিও। বিষ্ণু-রহস্যে উক্ত হইয়াছে,—

"শ্রীবিষ্ণোরর্চ্চনং যে তু প্রকুর্ব্বন্তি পরা ভুবি।
তে যান্তি শাশ্বতং বিষ্ণোরানন্দং পরং পদম্॥"

যাঁহারা এই কর্ম্মময় জড়-সংসারে বিচরণ করিয়াও শ্রীভগবান্ বিষ্ণুসেবায় নিযুক্ত থাকেন, তাঁহারা ভগবানের পরম আনন্দময় নিত্যধামে গমন করেন। শ্রীভগবান্ নিজমুখে বলিয়াছেন,—"মদ্ভক্ত-পূজাভ্যধিকা" আমার পূজা অপেক্ষা আমার ভক্তের পূজা সর্ব্বতোভাবেই প্রশস্ত। ক্ষুদ্র-গ্রন্থের কলেবর বৃদ্ধি পাইবে বলিয়া অধিক প্রমাণ উদ্ধৃত করিতে পারিলাম না। শত-সহস্রাধিক শাস্ত্রীয় প্রমাণ উদ্ধৃত করিয়া দেখান যাইতে পারে, বৈষ্ণবগণ দেহান্তে বিষ্ণুলোক প্রাপ্ত হইয়া থাকেন, প্রেতত্ব প্রাপ্ত হন না। কারণ—"স্বকর্ম্ম ফলভুক্ পুমান্" জীবগণ নিজ নিজ কর্ম্মোচিত গন্তব্যস্থলে লইয়া যাইবার জন্য যমদূত ও বিষ্ণুদূত উভয়েই নিযুক্ত আছেন।

"দ্বৌ ভূতসর্গৌ লোকেঽস্মিন্ আসুর এব চ।
বিষ্ণুভক্তঃ স্মৃতো দৈব আসুরস্তদ্বিপর্য্যয়ঃ॥"

এই জগতে দৈব ও আসুরভেদে দুই প্রকার জীব সৃষ্ট হইয়াছে। যাঁহারা বিষ্ণুভক্ত—বৈষ্ণবগণই দৈব নামে কথিত হন। আর যে-সমস্ত জীব ভোক্তা মনে করিয়া বিষ্ণুকেই ভোগ্য করিবার কামনায় বিরোধাচরণ করিয়া থাকে, তাহারাই অসুর নামে অভিহিত। অতএব দৈববর্ণাশ্রমী শ্রীকৃষ্ণ-ভক্তগণের দেহাবসানে বিষ্ণুদূতই তাঁহাদিগকে বিষ্ণুধামে লইয়া যান। আসুর বর্ণাশ্রমী কর্ম্মজড় জীবগণের

দেহাবসানে যমকিঙ্করগণ তাহাদিগকে যমালয়ে নিত করেন। অজামিলের চরিত্র আলোচনা করিলেও দেখিতে পাওয়া যায়, পাপ-কর্ম্মাদিতে রত থাকিয়াও দেহাবসানকালে পুত্রের নাম উল্লেখ করিতে গিয়া বৈকুণ্ঠপতি 'নারায়ণ' নাম উচ্চারিত হওয়াতেই তৎক্ষণাৎ বিষ্ণুদূতগণ উপস্থিত হইয়া যম-কিঙ্করদিগের সহিত ঘোরতর বিবাদ করিয়া অজামিলকে যমদূতগণের হস্ত হইতে রক্ষা করেন। সম্বৎসরে "পিণ্ডদানের" অপেক্ষায় "প্রেত" হইয়া থাকিতে হইল না।

প্রেতান্ন ভোজি, প্রেত-পদাবলেহি কর্ম্মজড়-স্মার্ত্ত-মার্গাবলম্বিগণের ন্যায় সকল মনুষ্যগণই প্রেত সাজিয়া যমালয়ে নিত হয় না। তাঁহাদের ভিন্ন ভিন্ন উপাসনা-ভেদে ভিন্ন ভিন্ন গতি লাভ লইয়া থাকে। যথা—

যোগস্য তপশ্চৈব ন্যায়স্য গতয়োঽমলা!
মহজনস্তপঃ সত্যং ভক্তিযোগস্য মদ্‌গতি॥ (ভাঃ)
যান্তি দেবব্রতা দেবান্ পিতৃন্ যান্তি পিতৃব্রতাঃ।
ভূতানি যান্তি ভূতেজ্যা যান্তি মদ্‌যাজিনোঽপি মাম্॥ (গীঃ)

যোগ, তপস্যা ও সন্ন্যাস উহাদের গতি, জড় কর্ম্মানুষ্ঠানকারিদিগের গতি অপেক্ষা নির্ম্মল। অতএব যোগিগণ মহলোক, তপস্বিগণ তপোলোক, ও সন্ন্যাসীগণ সত্যলোক লাভ করেন। কিন্তু ভক্তিযোগে ভক্তগণ আমার চিদ্ধাম বৈকুণ্ঠে গমন করেন। অন্যান্য দেবতা উপাসকগণ স্ব-স্ব উপাস্য দেবতার অনিত্যলোকে গমন করেন। পিতৃলোকের উপাসকগণ অনিত্য পিতৃলোকে এবং ভূতপূজকগণ অনিত্য ভূতলোকেই গমন করিয়া থাকেন। আমার সচ্চিদানন্দ স্বরূপের উপাসকগণ মদীয় লোকে গতি লাভ করিয়া আমাকেই প্রাপ্ত হন।

জড়-কর্ম্মপন্থী স্মার্ত্তগণ প্রতিকথায়, গীতা-ভাগবতাদি শাস্ত্রাদির বচন উদ্গীর্ণ করিয়া থাকেন, ভগবানের শ্রীমুখনিঃসৃত উক্ত বাণীসকল কি তাহাদের দৃষ্টিপথের আড়ালে রাখিয়া শাস্ত্রের দোহাই দেন কিনা ইহা সুধি পাঠকগণ বিবেচনা করিয়া লইবেন।

অতএব, শ্রীকৃষ্ণভক্ত বা কার্ষ্ণ অর্থাৎ সাত্ত্বত বৈষ্ণবগণ বিদ্ধশ্রাদ্ধকাণ্ডের অনুশাসনে চালিত হইয়া প্রেতশ্রাদ্ধের অনুবর্ত্তী হইবেন কেন? প্রেত বা পিশাচ-শ্রাদ্ধ কেবল আসুর-বর্ণাশ্রমীদের জন্যই বিহিত। দৈববর্ণাশ্রমী বৈষ্ণবদের দৈব-বিধানই পিতৃদেবার্চ্চন শাস্ত্রে বিহিত হইয়াছে। শ্রাদ্ধ সংস্কারও নহে; ইহা নৈমিত্তিক কর্ম্মাঙ্গ বিশেষ। কর্ম্মীর শ্রদ্ধা বা রুচি অনুসারেই এই শ্রাদ্ধ-কর্ম্ম অনুষ্ঠিত হইয়া থাকে।

অতএব তাহারা বিষ্ণুদ্বেষী, বৈষ্ণবে শ্রদ্ধাবিহীন তাহাদেরই বহুপ্রকার নরক-ভোগান্তে প্রেতত্ব প্রাপ্ত হইয়া থাকে। যাহারা আসুর প্রকৃতি তাহাদের প্রেতত্বের সম্ভাবনা। তানহং দ্বিষতঃক্রুরান্ সংসারেষু নরাধমান্।
ক্ষিপাম্যজস্রমশুভানাসুরীষ্বেব যোনিষু॥
আসুরীং যোনিমাপন্না মূঢ়া জন্মনি জন্মনি।
মামপ্রাপ্যৈব কৌন্তেয় ততো যান্ত্যধমাং গতিম্॥ (গীঃ ১৬।১৯-২০)

হে কৌন্তেয়! তোমাকে বলিতেছি,—আমি সেই বিদ্বেষী ক্রুর নরাধমদিগকে এই সংসারে অর্থাৎ জড়জগৎ মধ্যে অশুভ আসুরী যোনিতে সর্ব্বদা ক্ষেপণ করি, কারণ তাহাদের স্বভাবজনিত ক্রিয়াদি-দ্বারা তাহাদের আসুরভাব ক্রমশঃই বৃদ্ধি পায়। এইরূপে সেই মূঢ়সকল আসুরী যোনি প্রাপ্ত হইয়া জন্মে জন্মে আমাকে জানিতে বা বুঝিতে অক্ষম হইয়া অবশেষে তদপেক্ষাও অধঃগতি প্রাপ্ত হয়।

প্রেতত্ব প্রাপ্তির হেতু

হরির্জুহ্বতি নাগ্নৌ যে গোবিন্দং নার্চ্চয়ন্তি যে।
লভন্তে নাত্মবিদ্যাঞ্চ সুতীর্থ বিমুখাশ্চ যে॥
নাস্তিকাঃ কূহকাশ্চৌরা যে চান্যে বকবৃত্তয়ঃ।
বালবৃদ্ধাতুর স্ত্রীষু নির্দ্দয়াঃ সত্য বর্জ্জিতাঃ॥
ব্যাধাচরণ সম্পন্নাঃ বর্ণাদি ধর্ম্ম-বর্জ্জিতা।
দেবোপদেব-দনুজ রক্ষো-যক্ষাদি সেবিনঃ॥
সর্ব্বদা মাদক-দ্রব্য পানমত্তাঃ হরিদ্বিষঃ।
দেবতোচ্ছিষ্ট-পতিত-পর শ্রাদ্ধান্ন ভোজিনঃ॥
অসৎ-কর্ম্মরতা নিত্যং সর্ব্বপাতক পাপিনঃ।
পাষণ্ড ধর্ম্মচারণাঃ পুরোধা-বৃত্তি-জীবিনঃ॥
মহাক্ষেত্রেষু সর্ব্বেষু প্রতিগ্রহরতাশ্চ যে।
পরদ্রোহতা যে চ তথা যে প্রাণিহিংসকঃ॥
পরাপবাদিনঃ পাপা দেবতা-গুরু-নিন্দকাঃ।
কুপ্রতিগ্রাহিণঃ সর্ব্বে সম্ভবন্তি পুনঃ পুনঃ॥
প্রেত-রাক্ষস-পৈশাচ-তির্য্যক্-রক্ষ কুযোনিষু।
ন তেষাং সুখলেশোঽস্তি ইহলোকে পরত্র চ॥

(পাদ্মে, উত্তরখণ্ডে ১৮ অঃ)

মনুষ্যদেহ পাইয়া যাহারা দেবতার উদ্দেশে অগ্নিতে হবি দান করে না, যাহারা শ্রীগোবিন্দার্চ্চন করে না, আত্মবিদ্যালাভে অনিচ্ছুক, সুতীর্থ গমনে বিরত এবং নাস্তিক, কুহক, চৌর্য্যবৃত্তি-পরায়ণ, বকবৃত্তিক (বক-ধার্ম্মিক), যাহারা বালক, বৃদ্ধ ও আতুরের প্রতি নির্দ্দয় ব্যবহার করে, সর্ব্বদা সত্যবর্জ্জিত, ব্যধের ন্যায় আচরণ-কারী, বর্ণাশ্রম ধর্ম্মবর্জ্জিত, সর্ব্বেশ্বর বিষ্ণুর আরাধানা না করিয়া যে ব্যক্তি দেব-উপদেব-দৈত্য-রাক্ষসও যক্ষাদির সেবায় রত থাকেন, মাদকদ্রব্য পানে মত্ত, হরিদ্বেষী, বিষ্ণু ব্যতীত অন্য দেবতার নির্ম্মাল্য ও পতিতজনের শ্রাদ্ধান্নভোজী, সর্ব্বদা অসৎ কর্ম্মরত, সর্ব্বপাতকে পাতকী, ভগবদ্ধর্ম্মভিন্ন অন্য পাষণ্ড ধর্ম্মানুরাগী, যে-সকল ব্রাহ্মণ পৌরহিত্য উপজীবী, শ্রীধামাদি মহাক্ষেত্রে কেবল প্রতিগ্রহেই রত, পরের অনিষ্টকারী প্রাণীহিংসক, পরের অপবাদকারী, দেবতা ও গুরুনিন্দুক ও কৃপ্রতিগ্রাহী—এই সকল ব্যক্তিমাত্রেই পুনঃ পুনঃ প্রেত-রাক্ষস-পিশাচ ও তির্য্যোগাদি অধঃযোনি প্রাপ্ত হইয়া ইহলোকে ও পরলোকে সুখের লেশমাত্র পায় না।

প্রেতত্ব লাভের আরও কতকগুলি কারণ অগ্নিপুরাণে উক্ত হইয়াছে। যথা,—

শূদ্রান্নং যো দ্বিজো ভুঙ্‌ক্তে যঃ ক্রমিতি দ্বিজোত্তম্।
বৃত্তিহা দ্বিজদেবেষু স প্রেতো জায়তে নরঃ॥
মাতরং পিতরং বৃদ্ধং জ্ঞাতিং সাধুজনং তথা।
লোভাৎ ত্যজতি স্নেহঞ্চ স প্রেতো জায়তে নরঃ॥
অযাজ্য যাজকশ্চৈব রাজ্যঞ্চ পরিবর্জ্জয়েৎ।
শূদ্রানুগ্রহ-কর্ত্তা চ স প্রেতো জায়তে নরঃ॥
দ্বিজানুমন্ত্রিতোভুঙ্‌ক্তে শূদ্রান্নং বা দ্বিজস্য চ।
শূদ্রেনৈব দ্বিজঃ প্রেতো নিরয়ানুপগচ্ছতি॥
বৃথারেতা বৃথামাংসো বৃথাবাদী বৃথামতিঃ।
নিন্দকঃ দ্বিজদেবানাং স প্রেতো জায়তে নরঃ॥
গীতবাদ্যরতো নিত্যঃ মদ্যপ স্ত্রীনিষেবণাৎ।
দ্যূত মাংসপ্রিয় যস্তু প্রেতো জায়তে নরঃ॥
বৃদ্ধং বালং গুরুং বিপ্রং যোহবমন্য ভুনক্তি বৈ।
কন্যাং দদাতি শুল্কেন স প্রেতো জায়তে নরঃ॥
কুরুক্ষেত্রেহপি যদ্দানং চণ্ডালাৎ পতিতাৎ তথা।
মাসিকেহপি নবশ্রাদ্ধে ভুঞ্জম্ প্রেতান্নমুচ্যতে॥

ব্রহ্মহা গোবধীস্তেয়ী সুরাপো গুরুতল্পগঃ।
ভূমি কন্যাহপর্ণা যঃ স প্রেতো জায়তে নরঃ॥
নিত্যনৈমিত্তিকেহদাতা স প্রেতো জায়তে নরঃ॥

যে দ্বিজ শূদ্রান্ন ভোজন করে এবং বৈষ্ণব-ব্রাহ্মণের মর্য্যাদা লঙ্ঘনকারী, দেব-দ্বিজের মূর্ত্তি বিনাশ করে সেই ব্যক্তি প্রেতযোনি প্রাপ্ত হয়। মাতা, পিতা, বৃদ্ধ, জ্ঞাতি ও সাধুজনকে লোভবশতঃ পরিত্যাগ করে সেইসকল মনুষ্যের প্রেতত্ব প্রাপ্তি হয়। যে ব্রাহ্মণ অযাজ্য-যাজক, শূদ্রের অনুগ্রহ-কর্ত্তা তাহারও প্রেতত্ব প্রাপ্ত হয়। যে-দ্বিজ শূদ্র-দ্বারা আমন্ত্রিত হইয়া শূদ্রান্ন ভোজন করে, সেই ব্রাহ্মণ শূদ্র-কর্ত্তৃক প্রেতত্ব প্রাপ্ত হইয়া নরকে গমন করে। যে ব্যক্তি বৃথারেতা, বৃথামাংসভোজী, বৃথাবাদী ও দেব-দ্বিজের নিন্দক, সেও প্রেতত্ব প্রাপ্ত হইয়া থাকে। যে-ব্যক্তি স্ত্রীলোকের সন্তোষ-বিধানার্থ সর্ব্বদা গীত-বাদ্য করে, মদ্যপ এবং দ্যূত ও মাংসপ্রিয় হয় তাহার প্রেতত্ব অনিবার্য্য। যে-ব্যক্তি বালক, বৃদ্ধ এবং ব্রাহ্মণকে নিবেদন না করিয়া নিজেই অগ্রে ভোজন করে, যে-ব্যক্তি পণ লইয়া কন্যা দান করে তাহারও প্রেতত্ব ঘটিয়া থাকে। ধর্ম্মক্ষেত্র কুরুক্ষেত্রে পতিত চণ্ডালের নিকট হইতে দান গ্রহণ করে এবং মাসিক একোদ্দিষ্ট ও আদ্যশ্রাদ্ধে ভোজন করে সেই প্রেতান্ন ভোজনের কালে প্রেতত্ব হইতে মুক্ত হওয়া যায় না, তাহার প্রেতত্ব লাভ অবশ্যম্ভাবী বা অনিবার্য্য। গো-ব্রাহ্মণ হত্যাকারী চৌর, গুরুপত্নীগামী, ভূমি ও কন্যা অপরহণকারী ব্যক্তি সকলেই প্রেতত্ব লাভ করে। নিত্যনৈমিত্তিক কর্ম্মে দান না করে, সেই ব্যক্তিও প্রেতযোনি প্রাপ্ত হইয়া থাকে। শাস্ত্রাদির প্রমাণেও প্রমাণিত হইতেছে যে, যাহারা অত্যন্ত দুষ্কৃতিশীল কেবল তাহাদেরই প্রেতত্ব ঘটিয়া থাকে। এই প্রমাণের দ্বারা স্পষ্টই প্রমাণিত হয় যে কর্ম্মজড়-স্মার্ত্তগণের পিতৃপুরুষাদি ক্রমে সকলে উক্ত কু-কর্ম্মাদির অনুকূলে মনুষ্যজীবন যাপন করিয়াই প্রেতত্ব প্রাপ্ত হইয়াছে। তাহাদের মনুষ্যজীবনে কোনপ্রকার সুকর্ম্মের স্পৃহাই জন্মে নাই। ধন্যবাদার্হ (?) প্রেতপদলেহি-স্মার্ত্ত-বিধান! এই সকল কূটযুক্তিপরায়ণ শুষ্কতর্কবাদী ব্যক্তিগণই বিদ্ধব্রতের বিধি দিয়া প্রেতত্ব লাভের পথ প্রশস্থ করেন। যেহেতু,—

"প্রেতযোনিং প্রপশ্যন্তি পিতৃভিঃ সহিতাঃ পরাঃ।" অর্থাৎ বিদ্ধা একাদশী প্রভৃতি ব্রত করিলেও পিতৃগণের সহিত প্রেতযোনি প্রাপ্ত হইতে হয়।

এক্ষণে প্রেতের আহার কি তাহাই লিখিত হইতেছে। যেহেতু—"যে জীবা ভুবিতিষ্ঠন্তি সর্ব্বে আহার-মূলকাঃ।" জীবমাত্রেরই আহার আছে। যাহারা প্রেতত্ব

লাভ করে, সেই সকল দুর্ভাগ্যপরায়ণ জীবেরা কি আহার করিয়া থাকে, তাহা শাস্ত্র প্রেতের মুখ দিয়াই পরিব্যক্ত করিয়া দেখাইয়াছেন,—ইহা শুনিলে কর্ণে অঙ্গুলী দিতে হয়। এই জগতে এমন কোন পাষণ্ড নাই যে, তাহার অন্তরাত্মা আতঙ্কে শিহরিয়া না উঠে। কিন্তু কর্ম্মজড়-স্মার্ত্তগণ ইহা জানিয়া-শুনিয়া ও বুঝিয়াও আনন্দে উদ্বেলিত হইয়া উদ্দণ্ড নৃত্য করে—ইহারা কোন জাতীয় মানুষ সুধী পাঠকগণই বিবেচনা করিয়া লইতে পারিবেন।

শৃণু আহরেণাস্মাকং সর্ব্বসত্ত্ব বিবর্জ্জিতং।
শ্লেষ্মা মূত্র পুরীষেণ যোষিতাস্তু মলেন চ॥
গৃহাণি ত্যক্ত শৌচানি প্রেতা ভুঞ্জন্তি তত্র বৈ।
স্ত্রীভির্জগ্ধানি জীর্ণাণি সঙ্কীর্ণাপহতানি চ।
মলেনাতি জুগুপ্সানি প্রেতা ভুঞ্জন্তি তত্র বৈ॥
অন্যোচ্ছিষ্ট যুক্তেষু তত্র প্রেতাস্তু ভুঞ্জতে।
সকেশমাক্ষিকোচ্ছিষ্টং পূতি পর্য্যুষিতং তথা॥
সক্রোধঞ্চ সশোকঞ্চ তচ্চৈ প্রেতেষু ভোজনম্।
সৌতিকং মৃতঞ্চৈব রজসা কলুষীকৃতম্॥
নির্দ্দীপং কৃমিবচ্চাগ্রে যদ্ভুক্তং প্রৈতিকন্তুতৎ।
এতত্তে কথিতং সর্ব্বং যৎ প্রেতেষ্বৈব ভোজনম্॥ (অগ্নিপুরাণ)

প্রেতগণ বলিতেছে—আমাদের সমস্ত আহার সত্ত্ব বিগর্হিত অর্থাৎ সবকিছুই অসাত্ত্বিক। শ্লেষ্মা, মূত্র, পূরীষ ও স্ত্রীলোকদিগের আর্ত্তর দ্বারা যে-স্থান অপবিত্র সেই স্থানেই প্রেতসকল ভোজন করে। স্ত্রীলোকগণ কর্ত্তৃক ভূক্তজীর্ণ ও সঙ্কীর্ণ অপহত দ্রব্যসকল এবং মলের দ্বারা অতিশয় নিন্দিত দ্রব্য সকল প্রেতগণের আহার্য্য। যে-স্থান বহুল পরিমিত উচ্ছিষ্টস্তুপ-স্থিত, প্রেতগণ সেখানেই আহার করে। কেশমিশ্রিত মক্ষিকা দ্বারা উচ্ছিষ্ট, পচা পর্য্যুষিত, ক্রোধ ও শোকের সহিত ভোজন এ-সমস্ত প্রেতেরই ভোজন। সূতিকা ও মৃতাশৌচ দুষ্ট, ধূলিদ্বারা কলুষীকৃত বিনা দীপে ভোজন, কৃমিবৎ যাহা অগ্রে ভুক্ত, সে সমস্তই প্রেতের আহার। এই প্রেতের ভোজন দ্রব্যাদির ব্যাপারসকল কথিত হইল।

এখন বলুন দেখি কোন বুদ্ধিমান ব্যক্তি স্বীয় পিতা-মাতার মৃত্যুর পর প্রেত-পর্য্যায়ভুক্ত করিয়া এইরূপ অমেধ্য কূপে নিক্ষেপ করিতে ইচ্ছা করেন। যাহারা পিতা-মাতার প্রতি এইরূপ আচরণে ব্রতী তাহারা পুত্রনাম-বাচ্য নহে,

বরং কুলকলঙ্ক বলিয়াই গণ্য হয়—কি আক্ষেপের বিষয়! গতানুগতিকের দল জোর করিয়া তাঁহাকে প্রেত সাজাইয়া বসেন। এইজন্যই সাত্ত্বত-শাস্ত্রমতে জড়-কর্ম্মকাণ্ডীয় বিদ্ধশ্রাদ্ধকে রাক্ষস-শ্রাদ্ধ কহে।

কর্ম্মকাণ্ডের দ্বারা পরিচালিত থাকার জন্যই সাধারণতঃ মানুষের এই স্থূল পাঞ্চভৌতিক দেহের অবসানে যে-দেহ প্রাপ্তি হয় তাহার নাম আতিবাহিক দেহ। ইহা কেবল মনুষ্যেরই প্রাপ্তি হয়। অন্যান্য প্রাণীদিগের আতিবাহিক দেহ প্রাপ্তি হয় না। যথা,—

"তৎক্ষণাদেব গৃহ্লাতি শরীরমতিদেহিকম্।
আতিবাহিক সংজ্ঞোঽসৌ দেহ ভবতি ভার্গব॥
কেবলং তন্মনুষ্যাণাং নান্যাষাং প্রাণিনাং ক্বচিৎ॥"

অত্যন্ত অনুগ্রহের আলয়ে প্রেত ও পতিতজনের নিমিত্ত শ্রীনারায়ণের প্রীতিবিধানে প্রযত্নবান হইলেই তাঁহার এইরূপ কার্য্যে শ্রীনারায়ণের অনুগ্রহ হইয়া থাকে। যথা,—

অনুগ্রহেণ মহতা প্রেতস্য পতিতস্য চ।
নারায়ণবলি কার্য্যাহাস্তেনাস্যানুগ্রাহ্য ভবেৎ॥" (বিষ্ণুধর্ম্মোত্তর)

শ্রীনারণের কৃপা (অনুগ্রহ) লাভ করিলে তাঁহার আতিবাহিক দেহের অপেক্ষায় থাকিতে হয় না। অপ্রত্যক্ষভাবে ভগবৎসেবার জন্য অজ্ঞাত সুকৃতি-প্রভাবে ভগবদ্দাসত্ব প্রাপ্ত হইয়া থাকেন। কেবল আতিবাহিক দেহ লাভের পরই আসুর বা রাক্ষস-স্বভাব মনুষ্যগণ প্রেতত্ব প্রাপ্ত হয় এবং দৈব-প্রকৃতি ভগবদ্ভক্ত বৈষ্ণবগণ দেহাবসানের পরই চিন্ময় দেহ লাভ করিয়া শ্রীবিষ্ণুর অনুচরত্ব লাভে ধন্য হন।

"দীক্ষামাত্রেণ কৃষ্ণস্য নরা মোক্ষং লভন্তি বৈ।" বৈষ্ণবী দীক্ষা গ্রহণমাত্রই মনুষ্য মায়াতীত হইয়া মোক্ষলাভের অধিকারী হন। আর ভক্ত সন্ন্যাসগ্রহণ করিলে নারায়ণ তুল্যতা লাভ করেন। যথা,—

"দণ্ডগ্রহণ মাত্রেণ নরৌ নারায়ণো ভবেৎ।" প্রভুবাক্য শ্রীচৈতন্যচরিতামৃতে—

প্রভু কহে বৈষ্ণব-দেহ প্রাকৃত কভু নয়।
অপ্রাকৃত দেহ ভক্তের চিদানন্দময়॥
দীক্ষাকালে ভক্ত করে আত্মসমর্পণ।
কৃষ্ণ তাঁরে তৎকালে করেন আত্মসম॥
সেই দেহ করে তার চিদানন্দময়।
অপ্রাকৃত দেহে তাঁর চরণ ভজয়॥

এইজন্যই শ্রীকৃষ্ণভক্ত কার্ষ্ণ বা বৈষ্ণবজনের স্বভাব জন্ম ও দেহের অঙ্গহীনাদি দোষ দর্শনে তাঁহাকে প্রাকৃত মনে করা মহা অপরাধজনক।

দৃষ্টৈঃ স্বভাব জনিতৈর্বপুষশ্চ দোষৈঃ
ন প্রাকৃতত্বমিহ ভক্তজনস্য পশ্যেৎ।
গঙ্গাম্ভসাং ন খলু বুদ্বুদ-ফেণ-পঙ্কৈঃ
ব্রহ্ম-দ্রবত্বমপগচ্ছতি নীর-ধর্ম্মৈঃ॥ (উপদেশামৃত-৬)

জলের ধর্ম্ম ফেণ, পঙ্ক, বুদ্বুদ প্রভৃতি তাহা গঙ্গাজলে বিদ্যমান থাকিলেও গঙ্গাজলের ব্রহ্মদ্রবত্ব অর্থাৎ নিত্য পবিত্রত্ব বিনষ্ট হয় না, তদ্রূপ দেহের স্বভাব জনিত দোষসমূহ ভক্তজনে পরিদৃষ্ট হইলেও তাঁহাকে কদাচ প্রাকৃতভাবে দর্শন করিও না, যেহেতু তিনি নিত্যপবিত্র।

ব্রহ্মণানাং সহস্রেভ্যঃ সত্রযাজী বিশিষ্যতে।
সত্রযাজি সহস্রেভ্যঃ সর্ব্ববেদান্তপারগঃ॥
সর্ব্ববেদান্তবিৎকোট্যা বিষ্ণুভক্তো বিশিষ্যতে।
বৈষ্ণবানাং সহস্রেভ্যঃ একান্ত্যেকো বিশিষ্যতে॥
(ভক্তিসন্দর্ভ ১৭৭ সংখ্যাধৃত গরুড়-বাক্য)

ব্রহ্মজ্ঞান সম্পন্ন সহস্র ব্রাহ্মণ অপেক্ষা একজন যাজ্ঞিক শ্রেষ্ঠ, সহস্র যাজ্ঞিক অপেক্ষা একজন সর্ব্ববেদান্ত শাস্ত্রজ্ঞ শ্রেষ্ঠ, সর্ব্ববেদান্ত শাস্ত্রজ্ঞ কোটি ব্যক্তি অপেক্ষা একজন বিষ্ণুভক্ত শ্রেষ্ঠ এবং সহস্র বৈষ্ণব অপেক্ষা একজন ঐকান্তিকী ভক্ত শ্রেষ্ঠ।

যে তে কুলে বৈষ্ণবের জনমে কেনে নয়।
তথাপিও সর্ব্বোত্তম সর্ব্বশাস্ত্রে কয়॥
যে পাপিষ্ঠ বৈষ্ণবের জাতিবুদ্ধি করে।
জন্মে জন্মে অধম যোনিতে ডুবি মরে॥ (চৈঃ ভাঃ মঃ ১০।১০২)

যে-সকল মূঢ়ব্যক্তি বৈষ্ণবগণের নিন্দা করে তাহারা পিতৃবর্গের সহিত মহারৌরব সংজ্ঞক নরকে পতিত হয়।

মর্ত্ত্যো যদা ত্যক্ত সমস্তকর্ম্মা
নিবেদিতাত্মা বিচিকীর্ষিতো মে।
তদামৃতত্বং প্রতিপদ্যমানো
ময়াত্মভূয়ায় চ কল্পতে বৈ॥ (ভাঃ ১১।২৯।৩৪)

যে সময়ে মনুষ্য ভক্তিপ্রতিকূল কাম্য-কর্ম্মসমূহ পরিত্যাগপূর্ব্বক আমার উদ্দেশ্যে আত্মসমর্পণ করেন, তৎকালে বিশিষ্ট কর্ত্তৃরূপে গণ্য হইয়া অমৃতত্ব লাভ করিয়া

আমার তুল্য ঐশ্বর্য্য প্রাপ্ত হইয়া থাকেন। আধ্যক্ষিক মরণশীল জীব যে-সময়ে স্বীয় প্রাপঞ্চিক জ্ঞান ও কর্ম্মের চেষ্টাদি ছাড়িয়া ভগবানে আত্মসমর্পণ করেন, তখন ভগবৎ প্রাপ্তি হেতু তাঁহার আর কোন অভাব থাকে না। তিনিও বৈকুণ্ঠবস্তুর সেবায় বৈকুণ্ঠত্ব লাভ করেন এবং কুণ্ঠাধর্ম্মে বা মায়িকভোগে আর তাঁহাকে থাকিতে হয় না। এইজন্যই শ্রীকৃষ্ণভক্ত কার্ষ্ণ বা সাত্বতজন কর্ম্মকাণ্ডীয় শ্রাদ্ধ করেন না। ভগবানে শরণাগতি দ্বারাই তাঁহারা পিতৃঋণ পরিশোধ করিয়া থাকেন। জন্মলাভ করিয়াই ব্রাহ্মণ ত্রিবিধ ঋণে আবদ্ধ হন। যথা,—

"জায়মানো বৈ ব্রাহ্মণস্ত্রিভি ঋণৈ ঋণবান জায়তে।
ব্রহ্মচর্য্যেন ঋষিভ্যো যজ্ঞেন দেবেভ্যোঃ প্রজয়া পিতৃভ্য ॥" ইত্যাদি

ব্রাহ্মণ উক্ত ত্রিবিধ ঋণপাশে আবদ্ধ হইয়া থাকেন। ব্রহ্মচর্য্য দ্বারা ঋষিঋণ, যজ্ঞ-দ্বারা দেবঋণ এবং পুত্রোৎপন্ন করিয়া পিতৃঋণ হইতে অব্যাহতি লাভ করেন। কিন্তু হরিভক্ত বৈষ্ণবগণ ইহাদের কাহারও নিকট ঋণী নহেন। যথা,—

দেবর্ষিভূতাপ্ত নৃণাং পিতৃণাং
ন কিঙ্করো নায়মৃণী চ রাজন।
সর্ব্বাত্মনা যঃ শরণং শরণ্যং
গতো মুকুন্দং পরিহৃত্যং কর্ত্তম ॥ (ভাঃ ১।৫।৪১)

হে রাজন! যিনি আত্মেন্দ্রিয় প্রীতিকাম অহংভাব পরিত্যাগপূর্ব্বক সর্ব্বতোভাবে পরমশরণীয় শ্রীহরির শরণাগত হ'ন তিনি সাধারণ মানবের ন্যায় দেবতা, ঋষি, ভূতগণ স্বজন বা পিতৃলোকের কিঙ্কর বা ঋণ প্রাপ্ত হন না। অতএব যাঁহারা সর্ব্বাত্মস্বরূপ ভগবান্ শ্রীকৃষ্ণের শরণাগতি লইয়াছেন, এমনকি নিজের জাতি বা বর্ণাভিমানাদিকেও পরিত্যাগ করিয়া আপনাকে শ্রীকৃষ্ণদাসাভিমানে পরিচিত থাকিয়া নিজেকে অতি দীন বলিয়া মনে করেন, সেইসকল হরিজনের তো কোন কথাই নাই ; যাঁহার বর্ণাশ্রমনিষ্ঠ বৈষ্ণব-ধর্ম্মে স্পৃহা অন্তরে উদিত হইয়াছে তাঁহাদের পক্ষেও পিতৃঋণ পরিশোধের নিমিত্ত কর্ম্মকাণ্ডীয় প্রেত-শ্রাদ্ধের প্রয়োজন হয় না। পিতৃলোকের প্রীতি উদ্দেশে শ্রীভগবৎপূজা করিয়া সেই প্রসাদান্ন শ্রদ্ধাপূর্ব্বক পিতৃলোককে অর্পণপূর্ব্বক শ্রাদ্ধ করিয়া পরে জনসাধারণকে মহাপ্রসাদ বিতরণরূপ শ্রাদ্ধ-মহোৎসব করাই সাত্বত বা শ্রীকৃষ্ণসেবক কার্ষ্ণ-বৈষ্ণবগণের কর্ত্তব্যবিধি। পূর্ব্বপক্ষ অবলম্বনাদি যদি বলিতে চাহেন, যে এই অধিকার কোন্ সময় হইতে ধরা যাইতে পারে?

"তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত ন নির্ব্বেদ্যেত যাবতা।
মৎকথা শ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্নজায়তে॥"

যে-কাল পর্য্যন্ত জড়-কর্ম্মবিষয়ে দুঃখ জ্ঞান বা মদীয় (শ্রীভগবৎ) কথা শ্রবণে শ্রদ্ধা উৎপন্ন না হয়, তাবৎকাল পর্য্যন্ত নিত্যনৈমিত্তিক কর্ম্মসমূহের আচরণ করিয়া থাকেন। জড়কর্ম্মে কৃতসঙ্কল্প থাকেলে সেই জীবগণ কর্ম্মফলভোগবাসনা হইতে বিরত হইবার সম্পূর্ণ অযোগ্য। সেইকালে ভগবৎকথা আদরের বিষয় হয় না। কর্ম্মফলভোগ প্রচুর পরিমাণে ক্লেশ উৎপাদন করিবার পর অতিষ্ঠ হইয়া যেকালে বৈরাগ্যের প্রকাশ পায় সেইকালে বৈষ্ণব-সঙ্গে থাকিবার সৌভাগ্যক্রমে ভগবৎ-কথা শ্রবণের সুযোগ উপস্থিত হয়, তাহা হইলে বদ্ধজীবের ভোগবাসনা স্তব্ধ হইতেপারেএবংভক্তিরাজ্যেরব্যাপার-সমূহতাঁহারকর্ণভেদ-সংস্কারকরাইয়া তাঁহাকে ভগবানের সেবায় নিযুক্ত করিতে সমর্থ হয়। শ্রীভগবৎ-কথা শ্রবণ ব্যতীত বদ্ধজীবের ভোগাকাঙ্ক্ষা কখনও স্তব্ধ হয় না; মুক্তি-পিপাসা হইতেও নিবৃত্তি হইবার একমাত্র ঔষধই নিত্য ভগবৎ-সেবোন্মুখতা। অতএব যে-দিবস হইতে শ্রীহরিনামে ও হরি কথায় শ্রদ্ধা উৎপন্ন হয়, সেই দিবস হইতেই ভক্তজনের এই অধিকার জন্মে।

যেঽপ্যন্যদেবতাভক্তা যজন্তে শ্রদ্ধয়ান্বিতাঃ।
তেঽপি মামেব কৌন্তেয় যজন্ত্যবিধিপূর্ব্বকম্॥ (গীঃ ৯।২৩)

যাঁহারা শ্রদ্ধাসহকারে আধিকারিক দেব-দেবিগণের পূজার্চ্চনা করিয়া থাকেন, তাহাও আমারই উপাসনা হইলেও ইহা বিধিপূর্ব্বক নহে। ভগবান্ শ্রীকৃষ্ণের নির্দ্দেশ-বাণী দ্বারা ইহাই প্রমাণিত হয় যে, যাহা বিধি তাহা গ্রহণযোগ্য—অবিধি চির বর্জ্জনীয়। মুখ্য ও গৌণভেদে ধর্ম্ম দ্বিবিধ। মুখ্যধর্ম্ম আশ্রয় করিলে গৌণধর্ম্মের কোনরূপ অপেক্ষা থাকে না। যথা,—

"যে চাত্র কথিতা ধর্ম্মা বর্ণাশ্রমনিবন্ধনাঃ।
হরিভক্তি কলাং শাংশ সমানা নহি তে দ্বিজাঃ॥ (পদ্মপুরাণ)

হে দ্বিজ! বর্ণাশ্রম-বিহিত যে-সকল ধর্ম্মের বিষয় যাহা কথিত হইল সেই সকল ধর্ম্ম হরিভক্তির কলাংশের একাংশের তুল্য। লৌকিক ও বৈদিক কর্ম্মাঙ্গের প্রতি যে আগ্রহ প্রকাশ পায়, তাহাতে সেই কর্ম্মসকল গৌণ অর্থাৎ অপ্রত্যক্ষভাবে যদিও হরিভক্তির অনুকূলেই আচরিত হইয়া থাকে তথাপি ইহা অবিধি।

"লৌকিকী-বৈদিকী বাপি যা ক্রিয়া ক্রিয়তে মুন্যে।
হরি সেবানুকূলৈব সা কার্য্যা ভক্তিমিচ্ছতা॥" (নারদপঞ্চরাত্র)

হে মুনে! লৌকিক বা বৈদিক যে কোন কর্ম্মই কৃত হউক না কেন, ভক্তিকামী ব্যক্তিসকল সেই ক্রিয়া যাহাতে হরি সেবানুকূলে কৃত হয়, সেইরূপ অনুষ্ঠান করিয়া থাকেন। এইজন্যই শ্রীকৃষ্ণভক্ত কার্ষ্ণ বা সাত্বত বৈষ্ণবগণ অবিধি কর্ম্মকাণ্ডীয় প্রেত-শ্রাদ্ধানুষ্ঠান না করিয়া সাত্বত বিধানানুসারে ভক্তির অনুকূল দৈব-শ্রাদ্ধানুষ্ঠান করিয়া থাকেন। স্বধামগত বৈষ্ণবগণের উদ্দেশে বিষ্ণুনিবেদিত প্রসাদাদি দ্বারা শ্রদ্ধা প্রদর্শনপূর্ব্বক কৃতকর্ম্মই শুদ্ধ সাত্বতশ্রাদ্ধ। যেহেতু বৈষ্ণবগণ বিষ্ণু-নিবেদিত দ্রব্য ব্যতীত অনিবেদিত কোন দ্রব্যই গ্রহণ করেন না। যথা,—

অনিবেদ্য ভুঃ তুঞ্জাম প্রায়শ্চিতী ভবেন্নরঃ।
তস্মাৎ সর্ব্বং নিবেদ্যৈব বিষ্ণৌ ভুঞ্জীত সর্ব্বাঙ্গয়॥ (গরুড়পুরাণ)

অনিবেদিত দ্রব্য ভোজন করিলে মনুষ্যকে প্রায়শ্চিত্তার্হ হইতে হয়। অতএব সমস্ত দ্রব্যই বিষ্ণুকে নিবেদন করিয়া ভোজন করাই কর্ত্তব্য। অনিবেদিত দ্রব্য ভোজন করিলে কেন প্রায়শ্চিত্ত করিতে হয় তাহার কারণ এই যে,—

"অনর্চ্চায়িত্বা গোবিন্দং যৈ র্ভুক্তং ধর্ম্মবর্জ্জিতৈঃ।
শ্বানধিষ্ঠা সমং অন্নং পানীয়ং সুরয়া সমং॥"

যে সকল ধর্ম্ম-বর্জ্জিত ব্যক্তি শ্রীকৃষ্ণের অর্চ্চন না করিয়া ভোজন করে তাহাদের সেই অন্ন কুক্কুর-বিষ্ঠা-সদৃশ এবং পানীয় মদিরায় তুল্য অপবিত্র। অপিচ,—

অবৈষ্ণবানা মন্নঞ্চ পতিতানাং তথৈব চ।
অনর্পিতং তথা, বিষ্ণৌ শ্বমাংস সদৃশং ভবেৎ॥(পাদ্মে উত্তরখণ্ডে)

অবৈষ্ণবের অন্ন, পতিতজনের অন্ন ও বিষ্ণুর অনিবেদিত অন্ন কুক্কুরমাংস তুল্য। এই কারণেই বিদ্ধ-কর্ম্মকাণ্ডীয় প্রেত-শ্রাদ্ধে বৈষ্ণবগণ কোন কিছুই ভোজনে অঙ্গীকার করেন না। শ্রীমদ্ বীরভদ্র গোস্বামীকৃত "বৃহৎ পাষণ্ডদলন" নামক গ্রন্থে উদ্ধৃত প্রমাণ, যথা,—

শ্রাদ্ধদ্রব্যং সুরাপানং সুরনির্ম্মাল্য ভোজনম্।
ন ভক্ষেদ্বৈষ্ণবো জ্ঞানী প্রাণান্তেহপি কদাচন॥"
মদিরা সেবন আর শ্রাদ্ধের যে দ্রব্য।
দেবতা-প্রসাদ যদি দৈবে হয় লভ্য॥
এই তিন কদাচিত করিতে লক্ষণ।
প্রাণ অন্তে নাহি করে বৈষ্ণব যে-জন॥
"ন জহাতি বৈষ্ণব ত্বং স্ত্রী-তৈলামিধ ভক্ষণে।
জহাতি সুরনির্ম্মাল্য-শ্রাদ্ধামন্ত্রণ-ভোজনে॥"

সন্ন্যাসী পরমহংস বৈষ্ণবগণ দৈবক্রমে যদি স্ত্রীসঙ্গ, তৈলাভ্যঙ্গ বা আমিষাদি ভক্ষণ বারেক করিয়া ফেলিলেও তাঁহাদের বৈষ্ণবত্ব হানির সম্ভাবনা থাকিতে পারে না। কিন্তু অন্য দেব-দেবীর প্রসাদ ভক্ষণ করিলে অথবা জড়-কর্ম্মকাণ্ডীয় প্রেতশ্রাদ্ধের নিমন্ত্রণে ভোজন করিলে অবশ্যই তাঁহাদের বৈষ্ণবতার হানি হইয়া থাকে। পূর্ব্বপক্ষাবলম্বিগণের মধ্যে যদি কেহ এইপ্রকার মন্তব্য প্রকাশ করেন যে, কর্ম্মকাণ্ডীয় প্রেতশ্রাদ্ধ বা রাক্ষস-শ্রাদ্ধই হউক না কেন, বৈষ্ণবগণ যথারীতি নিমন্ত্রিত হইয়া তাঁহারা যে দ্রব্য ভোজন করিবেন তাহা শ্রীভগবানে অর্পণ করিয়া মহাপ্রসাদ-স্বরূপেই ত ভোজন করিতে পারেন? ইহা তো আর প্রেতের উচ্ছিষ্ট হইবে না? তাহাতে বৈষ্ণবগণের কি দোষ ঘটিতে পারে?

উত্তরপক্ষ হইতে ইহার স্বপ্রমাণ মীমাংসা করিয়া দেওয়া হইয়াছে, যাহার উদ্দেশ্যে যে দ্রব্য ক্রীত হয় বা প্রস্তুত করা যায়, প্রধানতঃ সেই দ্রব্য তাহারই ভোগ্যরূপে পরিণত হয়। কোন দেবতা বা দেবীর উদ্দেশ্যে যে কোন ফলমূলাদি ক্রয় করিলে বা কোন প্রকার মিষ্টান্নাদি ভোজ্যদ্রব্য প্রস্তুত করা হইলে তাহা সেই দেবতার বস্তুই হয়। সুতরাং মৃত ব্যক্তি পিত্রাদির শ্রাদ্ধ উপলক্ষ করিয়া তাহাদিগকে শ্রদ্ধাপূর্ব্বক ভোজন করাইবার উদ্দেশ্যে যে-সকল দ্রব্য ক্রীত হয় বা প্রস্তুত করা হয়, সেই সকল দ্রব্য প্রধানতঃ সেই মৃত পিত্রাদির ভোগ্যবস্তু হয়। আর সেই মৃত ব্যক্তিকে যদি প্রেতত্ব কল্পনা করা যায়, তাহা হইলে সেই সমস্ত দ্রব্য প্রেত ভোগ্য হইয়া পড়ে। জড়-কর্ম্মকাণ্ডীয় বিত্ত-শ্রাদ্ধে মৃত পিত্রাদির উদ্দেশ্যে বিষ্ণু-নিবেদিত মহাপ্রসাদান্ন প্রদত্ত হয় না। তৎপরিবর্ত্তে সামিষ সিদ্ধান্ন প্রদত্ত হইয়া থাকে। সুতরাং জড়-কর্ম্মকাণ্ডীয় শ্রাদ্ধে মৃত ব্যক্তির উদ্দেশ্যে প্রস্তুতি-কৃত যাবতীয় দ্রব্য বিষ্ণু-বস্তু না হইয়া প্রেতবস্তু গণ্য হইয়া থাকে। এইজন্যই বিদ্ধ-শ্রাদ্ধান্তে যে কিছু ভক্ষ্য-দ্রব্য পিতৃ বা শেষ প্রেত-দ্রব্য বলা হয়।

"পিতৃ শেষন্তু যে দদ্যাৎ হরয়ে পরমাত্মনে।
রেতোদাঃ পিতরস্তস্য ভবন্তি ক্লেশভাগিনঃ॥" (নারদীয়পুরাণ)

হরির উদ্দেশ্যে পিতৃশেষ দ্রব্যাদি অর্পণ করিলে দাতার পিতৃগণকে রেতঃ পানপূর্ব্বক ক্লেশভাগী হইতে হয় অর্থাৎ দাতার পিতৃগণকে ও প্রেত-যোনি প্রাপ্তি হইতে হয়। বিষ্ণুধর্ম্মোত্তরে উক্ত হইয়াছে,—

"হরিশেষং হবির্দদ্যাৎ পিতৃণামক্ষয়ং ভবেৎ।
ন পুনঃ পিতৃশেষন্তু হরে ব্রহ্মাদি সদ্গুরোঃ॥"

শ্রীহরির উদ্দেশ্যে নিবেদিত হবি অর্থাৎ পরমান্নাদি পিতৃগণকে প্রদান করিলে অক্ষয় হয়, কিন্তু পিতৃগণের উদ্দেশে উৎসর্গীকৃত দ্রব্য কদাচ ব্রহ্মাদি দেবগণের গুরু শ্রীহরিকে অর্পণ করা উচিত নহে। এই কারণবশতঃই শ্রীকৃষ্ণভক্ত কার্ষ্ণ বা বৈষ্ণবগণ জড়-কর্ম্মকাণ্ডীয় প্রেতশ্রাদ্ধের নিমিত্ত দ্রব্যাদি শ্রীভগবানে অর্পণ করেন না বলিয়াই তাঁহারা প্রেতশ্রাদ্ধে ভোজন স্বীকার করেন না। ইহাতে ভোজন করিলে বৈষ্ণবত্বের হানি হয়, আবার প্রেতনিমিত্ত দ্রব্য শ্রীভগবানে অর্পণ করিলেও তাহার পিতৃগণের প্রেতত্ব প্রাপ্তি হয়।

নিত্যধামপ্রাপ্ত শ্রীকৃষ্ণ-সেবক কার্ষ্ণ জনের শ্রাদ্ধের নিমিত্ত যে-সকল দ্রব্য ক্রীত বা প্রস্তুত করা হয় তাহাকে প্রেতবস্তু বলা যাইতে পারে না। কারণ বৈষ্ণবগণের প্রেতত্বই হয় না। ইহা ইতঃপূর্ব্বে বিশদভাবে আলোচিত হইয়াছে। বৈষ্ণবগণ যে কোন দ্রব্য আহরণ করেন তৎসমস্তই শ্রীভগবৎসেবার নিমিত্ত, এইজন্যই সাত্বত শ্রাদ্ধে সংগৃহীত যাবতীয় দ্রব্যই বিষ্ণুবস্তু বলিয়া কথিত হইয়া থাকে।

যঃ শ্রাদ্ধকালে হরিভুক্তশেষং
দদাতি ভক্ত্যা পিতৃদেবতানাম্।
তেনৈব পিণ্ডাংস্তুলসী বিমিশ্রা
নাকল্পকোটিং পিতরঃ সুতৃপ্তাঃ॥ (হঃ ভঃ বিঃ ৯।২৯৯)

যে ব্যক্তি শ্রাদ্ধকালে ভক্তিপূর্ব্বক যদি পিতৃ ও দেবগণকে ভগবদুচ্ছিষ্ট মহাপ্রসাদ এবং তদ্দ্বারা তুলসীবিমিশ্রিত পিণ্ডসকল প্রদান করেন, তাহা হইলে তাঁহার পিতৃগণ কোটি-কল্পকাল সুন্দররূপে পরিতৃপ্ত হয়েন।

প্রাপ্তে শ্রাদ্ধদিনেঽপি প্রাগন্নং ভগবতেঽর্পয়েৎ।
তচ্ছেষেণৈব কুর্ব্বীত শ্রাদ্ধং ভগবতো নরঃ॥ (হঃ ভঃ বিঃ ৯।২৯৪)

ভগবৎপরায়ণ-সাত্বত বৈষ্ণবগণ শ্রাদ্ধদিন উপস্থিত হইলে অগ্রে ভগবান্‌কে অন্ন নিবেদন করিয়া সেই নিবেদিত মহাপ্রসাদান্ন-দ্বারাই শ্রাদ্ধানুষ্ঠান করিবেন। পদ্মপুরাণে উক্ত হইয়াছে,—

বিষ্ণোর্নিবেদিতান্নেন বষ্টব্যং দেবতান্তরম্।
পিতৃভ্যশ্চাপি তদ্দেয়ং তাদনন্ত্যায় কল্পতে॥ (হঃ ভঃ বিঃ ৯।২৯৭)

বিষ্ণুকে নিবেদিত অন্ন-দ্বারাই অন্যান্য দেবগণের অর্চ্চনা করা কর্ত্তব্য এবং পিতৃগণকেও সেই মহাপ্রসাদান্ন প্রদান করিবে, তাহা হইলেই অনন্ত ফলের নিমিত্ত কল্পিত হয়। যেহেতু ভগবান্ বিষ্ণু যেরূপ অনন্ত বস্তু, সেইরূপ মহাপ্রসাদান্নও

বিষ্ণু হইতে অভিন্ন, উহা দেবতা ও পিতৃগণের উদ্দেশে অর্পণ করিলে আনন্ত্যধর্ম্ম প্রাপ্ত হয় এবং ইহা-দ্বারাই তাঁহাদের ভগবৎসেবা প্রাপ্তির যোগ্যতা প্রদান করিয়া থাকে। এক্ষণে দেখা যাইতেছে, সাত্ত্বতবিধি অনুসারে সর্ব্বাগ্রে অন্নাদি ভগবানে নিবেদন করিয়া সেই প্রসাদান্ন-দ্বারা পিতৃশ্রাদ্ধ করা, কিন্তু কর্ম্মজড় বিদ্ধ স্মৃতিকাণ্ড অনুসারে অগ্রে গৃহাগ্নি অর্থাৎ শালাগ্নি, শিশু, দেবতা, যতি এবং ব্রহ্মচারিদিগকে অন্নভোজন করাইয়া পরে পিতৃ উদ্দেশে পাককৃত অন্ন অর্পণ করিতে দেখা যায়। ইহাই কর্ম্মজড়-স্মার্ত্ত ও সাত্ত্বত মতের তারতম্য বা পার্থক্য। যথা,—

গৃহাগ্নি শিশু দেবানাং যতীনাং ব্রহ্মচারিণাং।
পিতৃপাকো ন দাতব্যো যাবৎ পিণ্ডান্ন নির্বেপেদিতি॥ (স্মৃতি)

"গৃহাগ্নি" ইত্যাদি এইসকল সামান্য বচন শ্রুতি-স্মৃতি-পুরাণাদিস্থিত বচনসমূহ দ্বারা নিঃসন্দেহ বাধা পাইয়া থাকে। যথা,—

সর্ব্বে দেবাঃ সর্ব্বে পিতরঃ সর্ব্বে মনুষ্যাঃ বিষ্ণুনাশ্নিতমশ্নন্তি বিষ্ণুনাঘ্রাতং জিঘ্রন্তি বিষ্ণুনা পীতং পিবন্তি-তস্মাদ্বিদ্বাংসো বিষ্ণুপহৃতং ভক্ষয়েযুঃ॥ (শ্রুতি)

শ্রুতি বলিতেছেন,—সমস্ত দেবতা, সমস্ত পিতৃগণ ও মনুষ্যগণ বিষ্ণুর ভুক্তান্ন আহার করেন, বিষ্ণু আঘ্রাতদ্রব্য আঘ্রাণ করেন, বিষ্ণুর পিত দ্রব্য পান করেন, সুতরাং বৈষ্ণব-সাধুগণ বিষ্ণুকে নিবেদিত দ্রব্যই আহার করেন। এই কারণবশতঃ সাত্ত্বত-শ্রাদ্ধে ভগবন্নিবেদিত দ্রব্য পরলোকগত বৈষ্ণবের উদ্দেশে অর্পণ করা হয়। কিন্তু জড় কর্ম্মকাণ্ডীয় প্রেতশ্রাদ্ধে আমিষ অন্ন প্রদান করা হয়। (কোন কোন স্থলে কাঁচামাছ দেওয়াও দেখা যায়), উহা যে বিষ্ণুকে নিবেদিত নহে তাহা বলাই বাহুল্য। যেহেতু আমিষ দ্রব্য ভগবনৈবেদ্যে নিষিদ্ধ। যথা,—"নাভক্ষ্যং নৈবেদ্যার্থে ভক্ষেত্বপ্যজা মহিষী ক্ষীরং পঞ্চন খা মৎস্যাশ্চ।" (হারীত স্মৃতি)

এইজন্যই বৈষ্ণবগণ পিতৃগণের তৃপ্তি-উদ্দেশে শ্রীভগবানে নিবেদনযোগ্য দ্রব্যই অর্পণ করিয়া থাকেন। স্কন্দপুরাণে উক্ত হইয়াছে,—

নৈবেদ্যানি মনোজ্ঞানি কৃষ্ণস্যাগ্রে নিবেদয়েৎ।
কল্পান্তং তৎপিতাণাস্তু তৃপ্তি ভবতি শাশ্বতী॥

শ্রীহরির পুরোভাগে মনোহর নৈবেদ্য নিবেদন করিলে কল্পান্তে কালযাবৎ তদীয় পিতৃগণ অক্ষয় তৃপ্তি লাভ করিয়া থাকেন। আবার নৃসিংহ পুরাণেও উক্ত হইয়াছে,—

হরিঃ শাল্যোদনং দিব্যমাল্যযুক্তং সশর্করং।
নিবেদ্য নরসিংহায় যাবকং পায়সং তথা॥
সমান্তণ্ডুল সংখ্যায়া যাবত্য স্তাবতি নৃপ।
বিষ্ণুলোকে মহাভোগান্ সবৈষ্ণবাঃ॥

যাঁহারা ভগবান্ শ্রীনৃসিংহদেবকে উত্তম ঘৃত, সঘৃত সশর্কর শালিতণ্ডুলের অন্ন ও যবের পায়স নিবেদন করেন, তণ্ডুলের সমসংখ্যানুসারে তত বর্ষ বৈষ্ণবগণসহ বিষ্ণুধামেই পরমসুখভোগ করিয়া থাকেন। বিষ্ণু ধর্ম্মোত্তরে কথিত আছে,—

পরমান্নং তথা দত্ত্বা তৃপ্তিমাপ্নোতি শাশ্বতীং।
বিষ্ণুলোকমবাপ্নোতি কুলমুদ্ধরতি তথা॥

শ্রীহরির উদ্দেশে পরমান্ন প্রদান করিলে পিতৃগণের অক্ষয়তৃপ্তি লাভ হইয়া থাকে, হরিধামে বাস হয এবং বংশও উদ্ধার হইয়া থাকে। শ্রীজগন্নাথক্ষেত্র হইতে আনিত মহাপ্রসাদ-দ্বারাও পিণ্ডদান করিবার বিধান আছে। পদ্মপুরাণ উত্তরখণ্ডে যমবিকুণ্ডল-সংবাদে কথিত আছে,—

শুষ্কং পর্য্যুষিতং বাপিনীতং বা দূরদেশতঃ।
প্রাপ্তমাত্রেণ ভোক্তব্যং নাত্র কালবিচারণা॥
কুক্কুরস্য মুখাদ্ভ্রষ্টং তদন্নং পাবনং মহৎ॥

মহাপ্রসাদ শুষ্কই হউক, পর্য্যুষিতই হউক, দূরদেশ হইতে আনিতই হউক, প্রাপ্তমাত্রেই ভোজন করিবে, ইহাতে কোনরূপ কালবিচার নাই, এমনকি কুক্কুরের মুখ হইতে ভ্রষ্ট হইলেও সেই মহাপ্রসাদ অতি পবিত্র। কিন্তু স্বল্পসুকৃতিহীন ব্যক্তি বিশেষের এই ভগবদভিন্নতম মহাপ্রসাদ, শ্রীগোবিন্দ, শ্রীহরিনাম ও বৈষ্ণবগণের প্রতি আদৌ বিশ্বাস নাই।

মহাপ্রসাদে গোবিন্দে নাম ব্রহ্মণি বৈষ্ণবে।
সল্পপুণ্যবতাং রাজন্ বিশ্বাসো নৈব জায়তে॥ (পাদ্মে উঃ খঃ)

কর্ম্মজড়-স্মার্ত্তপন্থিগণের মধ্যে যদি কেহ প্রশ্ন করেন—শ্রীহরিভক্তিবিলাসাদি বৈষ্ণব-স্মৃতি গ্রন্থাদিতে মহাপ্রসাদান্ন-দ্বারা "শ্রাদ্ধ" করিবার কথা উল্লিখিত হইয়াছে, কিন্তু মন্ত্রাদির কথাতো কিছুই উল্লেখ নাই, বৈষ্ণবগণ শ্রাদ্ধকার্য্যে মন্ত্রাদি কোথা হইতে ধার করিয়া লইবেন? তদুত্তরে বলা যাইতেছে যে, শ্রীকৃষ্ণভক্ত কার্ষ্ণ বৈষ্ণবগণ ধার করিয়া কোন কিছুই ব্যবহার করেন না। তাঁহারা কেবলমাত্র শ্রীভগবানের আদেশ ও নির্দ্দেশ মানিয়াই চালিত হন। যতপ্রকার ধর্ম্মশাস্ত্র-গ্রন্থাদি

সমস্তই-শ্রীভগবানের বাণী ও নির্দ্দেশ। শাক্ত, শৈব, সৌর, গাণপত্য ও বৈষ্ণব কাহারো জন্যই পৃথক্‌ভাবে বেদ, পুরাণ, স্মৃতি-শাস্ত্রাদি প্রণীত হয় নাই, সকল মনুষ্যজাতির জন্যই উক্ত শাস্ত্রাদি-প্রনিত হইয়াছেন। এখন বক্তব্য এই যে, —কর্ম্মকাণ্ডী জড়-স্মার্ত্তগণ কি বেদাদি ও স্মৃতি গ্রন্থাদির অন্তর্ভুক্ত, না স্বতন্ত্র? স্মার্ত্তপ্রবর রঘুনন্দন স্বয়ংই "মনু" স্মৃতি হইতে কিছু কিছু ধার করিয়া লইয়া নিজ-নামে স্মৃতি সঙ্কলন করিয়াছেন। "মনুষ্য" মনুর সত্বা যাঁহাতে বিরাজিত, তাঁহারাই মনুষ্যপদবাচ্য। বৈষ্ণবগণ মনুর সত্বা ও আচার নির্দ্দেশাদি উপেক্ষা করিয়া কুবর্ত্মে স্বেচ্ছাচারে চালিত তাহারা যথার্থতঃ মনুষ্যপদবাচ্য কিনা সুধী গণেরই বিবেচ্য ও বিচার্য্য। সুতরাং মন্ত্রাদি প্রয়োগ শ্রাদ্ধোক্ত শ্রৌতবাক্যদ্বারাই সম্পন্ন হইবে। কেবলমাত্র কর্ম্মকাণ্ডীয় অনিত্য "স্বর্গকাম" স্থলে "শ্রীবিষ্ণু"-প্রীতিকাম বা ভগবদ্দাস্যকাম" সঙ্কল্প হইবে এবং "প্রেতবিধানের" পরিবর্ত্তে দৈববিধানে শ্রাদ্ধ হইবে। আমিষান্নের পরিবর্ত্তে মহাপ্রসাদান্ন-দ্বারা পিতৃলোকের ভোজ্যান্নাদি দান করিতে হইবে। সর্ব্বাগ্রে যজ্ঞেশ্বর শ্রীবিষ্ণুর অর্চ্চনা করিয়া, সেই প্রসাদ-দ্বারাই গঙ্গা, ভূস্বামী ও বাস্তুপুরুষাদির অর্চ্চনা করিতে হইবে, ঐকান্তিক নিষ্ঠাসম্পন্নযুক্ত ভক্তগণের পক্ষে কেবলমাত্র তাঁহাদের জন্য শাস্ত্রে অন্য কোন পন্থাই উল্লেখ হয় নাই।

বিশুদ্ধ সাত্ত্বত বিধানের সহিত প্রতিযোগিতার জন্যই বহু বিষময় ফল আধুনিক স্মার্ত্ত-বিধানে প্রবেশ করিয়াছে, তাহা সুধী ভক্ত পাঠকগণ সূক্ষ্মভাবে অনুসন্ধান করিলে অবশ্যই উপলব্ধি হইবে। শ্রীকৃষ্ণভক্ত কার্ষ্ণজনের শ্রাদ্ধ দেব-বিধানে মহাপ্রসাদ দ্বারা শ্রাদ্ধ হয়। বিদ্ধ-স্মার্ত্তমতে প্রেত-বিধানে শ্রাদ্ধ হয়। যে-ব্যক্তি স্বধর্ম্মনিষ্ঠ, আজীবন নিরামিষাশী, ত্রিসন্ধ্যা গায়ত্রী জপপরায়ণ তাঁহারাও মৃত্যুর পর প্রেত হইতেই হইবে, আমিষ না খাইলে তাঁহার পরিত্রাণের কি কোন উপায় নাই? যিনি জীবদ্দশায় কোনদিন আমিষ স্পর্শ করেন নাই—কিন্তু তাঁহার জীবনান্তে মাছ না খাওয়াইয়া ছাড়িবেন না,—বলিহারি যাই স্মার্ত্ত-বিধান! ইহা কেবল বিশুদ্ধ সাত্ত্বত মতের বিরুদ্ধে প্রতিযোগিতার জন্যই কি এরূপ উদ্ভট আগ্রহ কিনা, সর্ব্বান্তর্য্যামী ভগবান্ শ্রীকৃষ্ণই জানেন। মুমূর্ষুকালে প্রায়শ্চিত্ত চান্দ্রায়ণাদি করিলেই যদি নিষ্পাপ হওয়া যায়, তখন তাঁহার প্রেতত্বের অবকাশ থাকিতে পারে কি? অথচ তাঁহাকেও প্রেত সাজাইবার এত আগ্রহ কেন? তাহা হইলে প্রায়শ্চিত্ত চান্দ্রায়ণেরই বৈশিষ্ট্য রহিল কোথায়? শাস্ত্রেই উক্ত হইয়াছে,—

"একরাত্রং ত্রিরাত্রং বা কৃচ্ছ্রং চান্দ্রায়ণাকিম্।
ব্রতেষ্বপ্যুষিতো যস্তু ন প্রেতো জায়তে নরঃ॥

মনুষ্যগণের মৃত্যু হইলেই যে প্রেতত্ব প্রাপ্ত হইবে এবং তাঁহাদের প্রেতত্ব খণ্ডন উদ্দেশে সকলকেই প্রেত-শ্রাদ্ধ করিতে হইবে, তাহারই বা হেতু কি? শাস্ত্রে যখন প্রেতত্বের কারণ এবং প্রেতত্ব না ঘটিবারও কারণ নির্দ্দেশিত হইয়াছে এবং শ্রাদ্ধকার্য্য দৈব ও প্রেত দ্বিবিধ-বিধানে করিবার উপদেশ দেখিতে পাওয়া যায়, তখন যে-সকল কর্ম্মজড়-স্মার্ত্ত শ্রীকৃষ্ণসেবক বিশুদ্ধ সাত্বত বৈষ্ণবগণের জন্যও প্রেতবিধান করিবার জন্য নির্দ্দেশ দিয়া "মুরব্বিপনা" প্রকাশ করেন, তাঁহারা যে নিতান্ত অর্ব্বাচীন তাহাতে কোনরূপ সন্দেহ নাই। শাস্ত্রে প্রেতত্ব ও অপ্রেতত্ব উভয়বিধ বিচার আছে, তখন উভয়পক্ষ বজায় রাখিয়া শাস্ত্রের মর্য্যাদা রক্ষা করাই কর্ত্তব্য নহে কি?

যদি কেহ প্রশ্ন করেন মৃতব্যক্তি প্রেতত্ব প্রাপ্ত হইয়াছে কি দিব্যধামে গিয়া দেবত্ব লাভ করিয়াছেন, তাহা প্রত্যক্ষ অবগত হইবার কোন চাক্ষুস প্রমাণ পাওয়া যায় না, তখন মন্দের দিকটা গ্রহণ করিয়া প্রেতত্ব খণ্ডনের ব্যবস্থা করাই সঙ্গতঃ নহে কি? হ্যাঁ, যদি মৃত ব্যক্তির প্রেতত্ব সুনিশ্চিতই ঘটিয়া থাকে, তবে কেবলমাত্র তাহার প্রেতত্বখণ্ডন উদ্দেশ্যে প্রেত-শ্রাদ্ধ কার্য্যকারী হইতেও পারে। কিন্তু যাঁহাদের প্রেতত্বের কোন কারণই ঘটে নাই তখন মৃতব্যক্তি দিব্যধামে গমন করেন, তাঁহার উদ্দেশে প্রেতশ্রাদ্ধের বিধান দেওয়া অর্ব্বাচীনতার পরিচয় নহে কি? কিন্তু সেস্থলেও সাত্বত-বিধানের অনুমোদন ও অনুকরণ করিতেই বা দোষ কি? তাহাতে উভয়দিকই রক্ষা হইবে। কারণ মৃতব্যক্তি প্রেত বা পতিত যাহাই হউক না কেন তাহার প্রতি অনুগ্রহের নিমিত্ত ভগবানের পূজার্চ্চনা-দ্বারা প্রীতি সম্পাপদন করিলে শ্রীভগবান্ তাঁহাকে (মৃতকে) অবশ্যই অনুগ্রহ করিবেন, তাহাতে সন্দেহ নাই। আবার যিনি দিব্যধামে গমন করিয়াছেন, তাঁহার প্রীতি উদ্দেশে ভগবানের পূজার্চ্চনা করিলেও শ্রাদ্ধের উদ্দেশ্য সিদ্ধ হইয়া থাকে। অতএব সাত্বত-বিধানে শ্রাদ্ধ করিলে দৈব ও প্রেতশ্রাদ্ধ এই উভয় শ্রাদ্ধের উদ্দেশ্য সিদ্ধ হয়, তবে কেন দিব্যধাম প্রাপ্ত পিতৃপুরুষকে বলপূর্ব্বক প্রেতত্বে টানিবার এত আগ্রহ? সাত্বত শ্রাদ্ধবিধানই বিশুদ্ধ শ্রৌতপন্থা,—ইহাই আদি, অকৃত্রিম ও সনাতন।

"সাত্বত-বিধিমাস্তায় প্রাক্ সূর্য্য-মুখনিঃসৃতম্।" এস্থলে আরও একটী বিষয় উল্লেখযোগ্য বৈদিকবিধানে ঔর্দ্ধদেহিক-কার্য্য অধুনা সর্ব্বাঙ্গসুন্দর ও নিশ্ছিদ্ররূপে সম্পন্ন হইবার সম্ভাবনা কোথায়? অধিকাংশ স্থলেই,—

মন্ত্রোহীনঃ স্বরতো বর্ণতো বা
মিথ্যা প্রযুক্তো ন তমর্থমাহ।
সা বাগ্বজ্রং যজমাং হিনস্তি
যথেন্দ্রশত্রুঃ স্বরতোঽপরাধাৎ॥

মন্ত্রসমূহ উদাত্ত, অনুদাত্ত স্বরিতভেদে সম্যক্ উচ্চারিত না হওয়ার কারণেই হীনবীর্য্য এবং মিথ্যাপ্রযুক্ত হওয়াতে বৈদিক-ক্রিয়াদি সকল বিষয়ই পণ্ড হইয়া যায়। সুতরাং কর্ম্মাঙ্গের ত্রুটিবশতঃ প্রেতত্ব খণ্ডনেরই বা সম্যক্ সম্ভাবনা কোথায়? পূর্ব্বপক্ষ যদি বলেন যে, শাস্ত্রে মনুষ্য সাধারণেরই অতিবাহিক দেহের পর প্রেতদেহ প্রাপ্তির কথা স্পষ্ট উল্লিখিত আছে। যথা, বিষ্ণু ধর্ম্মোত্তরে,—

"তৎক্ষণাদেব গৃহ্লাতি শরীর যাতিবাহিকম্।
প্রেতপিণ্ডস্ততো দত্তেদেহে মাপ্নোতি ভার্গব॥
ভোগদেহমিতি প্রোক্তং ক্রমাদেব ন সংশয়ঃ।
প্রেতপিণ্ডা ন দীয়ন্তে যস্য তস্য বিমোক্ষণে॥
শ্মশানিকেভ্যো দেবেভ্যঃ আকল্প দৈব বিদ্যতে।
তত্রাস্য যাতনাঃ ঘোরা শীতবাতাতপোদ্ভবাঃ॥
ততঃ সপিণ্ডীকরণে বান্ধবৈঃ সকৃতে নরঃ।
পূর্ণে সম্বৎসরে দেহ যতোঽন্যৎ প্রতিপদ্যতে॥
ততো স নরকে যাতি স্বর্গে বা স্বেন কর্ম্মণা॥ (শুদ্ধিতত্ত্ব-ধৃত)

মনুষ্যদিগের মৃত্যুর পর তৎক্ষণাৎ আতিবাহিক দেহ প্রাপ্ত হয়। হে ভার্গব! প্রেতপিণ্ডদানের পর ক্রমশঃ তাহার যে দেহ গড়িয়া উঠে তাহাকে বলা হয় "ভোগদেহ"। যাহাদের প্রেতপিণ্ড না দেওয়া হয়, তাহাদের প্রেতত্বের মোচন হয় না। সেই প্রেত শীতবাত আতপসম্ভূত ঘোর যাতনা ভোগ করিয়া থাকে, প্রেতপিণ্ড দান করিলে প্রেতকল্পে বা দেবকল্পে শ্রাদ্ধানুষ্ঠান করিলে তাহাকে আর ঘোর যাতনা ভোগ করিতে হয় না। ইহার পরে বান্ধবগণ সপিণ্ডীকরণ করিলে যে দেহ প্রাপ্ত হয়, সেই দেহেই স্বীয় কর্ম্মানুযায়ী স্বর্গে বা নরকে গমন করিয়া থাকে।

রঘুনন্দন প্রণীত স্মৃতিশাস্ত্রে যে-সকল প্রমাণ উদ্ধৃত হইয়াছে ইহা অসাত্তৃত সাধারণ বচন মাত্র। এইসকল সামান্য প্রমাণ শ্রুতি-স্মৃতি-পুরাণাদিবর্ত্তি শাস্ত্রে বিশেষ বচনাদি দ্বারা নিঃসন্দেহেই খণ্ডিত হইয়া থাকে। পুরাণাদি শ্রীবিষ্ণুমন্দির নির্ম্মাণ ও সংস্কার মাহাত্ম্যে বা অজামিল উপাখ্যান আলোচনা করিলে স্পষ্টতরই দেখিতে

পাওয়া যায় যে, মৃত্যুর পরই বিষ্ণু-দূত দ্বারা বিষ্ণু-লোকেই নিত হইয়া থাকেন। সুতরাং মনুষ্যমাত্রেরই যে আতিবাহিক দেহের পর প্রেতপিণ্ড-দ্বারা ভোগদেহ গঠনের আবশ্যক হইবে, এই বিধান নিতান্ত অবৈষ্ণবপর বা সাত্ত্বত বিগর্হিত কার্য্য ছাড়া অন্য কিছুই নহে। কর্ম্মজড়-স্মার্ত্তগণ তাঁহাদের পিতৃপুরুষকে যদি নরকে নিক্ষিপ্ত করিয়া ক্রিমি-কীট করিয়া রাখিতে ইচ্ছা হয়, রাখিতে পারেন, কিন্তু শ্রীকৃষ্ণভক্ত কার্ষ্ণ বা সাত্ত্বত বৈষ্ণবগণের প্রতি নির্দ্দেশ দিয়া নিজেদের বর্ব্বরতার পরিচয় হইতে মুক্ত রাখাই কর্ত্তব্য। বৈষ্ণবগণকে জড়কর্ম্মী-স্মার্ত্তগণের শাসনাধীন মনে করিলে মূর্খতার পরিচয়ই দেওয়া হইবে। যেহেতু হর-পার্ব্বতী-সংবাদে গৌরীর প্রতি স্বয়ং শ্রীশঙ্কর এইপ্রকার নির্দ্দেশ দিয়াছেন। যথা,—

"আরাধনানাং সর্ব্বেষাং বিষ্ণোরারাধনং পরম্।
তস্মাৎ পরতরং দেবি তদীয়ানাং সমনর্চ্চম্॥" (পাদ্মে)

হে দেবি! সকল দেবতার আরাধনার মধ্যে বিষ্ণুর আরাধনাই শ্রেষ্ঠ,-তাহা হইতেও বিষ্ণুভক্তগণের আরাধনা অধিক শ্রেষ্ঠ। শ্বেতাশ্বর শ্রুতি বলেন,—

"জ্ঞাত্বা দেবং সর্ব্বপাশাপহানিঃ ক্ষীণৈঃ ক্লেশৈঃ জন্মমৃত্যু প্রহানিঃ।
তস্যাভিধানাত্তৃতীয়ং দেহভেদে বিশ্বৈশ্বর্য্যং কেবলমাপ্ত কামঃ॥"

শ্রীভগবান্‌কে জ্ঞাত হইলে দেহ-গেহাদি মমতারূপ সকল পাশ ছিন্ন হয় এবং জন্ম-মৃত্যুরও হানি হয়। সেই ভগবান্ শ্রীবিষ্ণুর নিরন্তর চিন্তনাদি-দ্বারা স্থূল ও লিঙ্গদেহের ক্ষয় হইলে তাহাকে আর চান্দ্র ও ব্রাহ্ম এই দুই দেহের অপেক্ষা করিতে হয় না, একেবারেই বিশ্বৈশ্বর্য্যরূপ অর্থাৎ পূর্ণবিভূতিবিশিষ্ট তৃতীয় দেহ ভাগবৎপদ প্রাপ্ত হন, এই পদের প্রাপ্তিতে জীব আপ্তকাম অর্থাৎ পূর্ণমনোরথ হয়।

শ্রুতিতে পরমপদ লাভের দ্বিবিধ মার্গ নির্দ্দিষ্ট আছে। বিদ্বান্ ব্রহ্মোপাসকগণের পক্ষে এবং গৌণ ভগবদুপাসকগণের পক্ষে অর্থাৎ যাঁহারা অবিধিপূর্ব্বক শ্রীভগবানের পূজার্চ্চনা করেন, তাঁহাদের জন্য পূজার্চ্চনাদি মার্গ নির্দ্দিষ্ট হইয়াছে, আর শুদ্ধভগবদ্ভজনের পরমপদ প্রাপ্তির ভার ভগবান্ স্বয়ংই গ্রহণ করিয়া থাকেন। ভগবান্ পুরুষোত্তম অতিবাহে অর্থাৎ স্বীয় উপাসকগণকেই নিযুক্ত করিয়াছেন। আতিবাহিক-শব্দে গমনশীল পুরুষের বাহককে বুঝায়। অর্থাৎ পরলোকগমন-পথের সাথী; এই অতিবাহিক দেবতাসকল উপাসক পুরুষকে বিদ্যুৎ পর্য্যন্ত লইয়া যান। পরে তথা হইতে দেবদূতগণ আসিয়া তাঁহাকে ব্রহ্মলোকে লইয়া যান। অতএব

অর্চ্চিরাদি দেবতাসকল অমানব দূতগণের সহকারী বলিয়াই বুঝিতে হইবে। এইরূপে ব্রহ্মলোক-গত পুরুষসকল অন্তে ব্রহ্মার সহিত পরমধাম প্রাপ্ত হইয়া থাকেন। প্রজাপতি ব্রহ্মার অধিকারকাল গত হইলে,—"সোঽশ্নুতে সর্ব্বান্ কামান্ সহ ব্রাহ্মণেতি" (শ্রুতি) সেই ব্রহ্মলোক প্রাপ্ত পুরুষসকল ব্রহ্মার সহিত শ্রীহরির পরমপদ লাভ করেন। স্মৃতিতে উক্ত হইয়াছে,—

"ব্রহ্মণাসহ তে সর্ব্বে সংপ্রাপ্তে প্রতিসঞ্চরে।
পরস্যান্তে কৃতাত্মানঃ প্রবিশন্তি পরংপদম্॥" (গোবিন্দভাষ্য-ধৃত)

স্পষ্টতঃই দেখিতে পাওয়া যায় যে, অর্চ্চিরাদি দেবতাগণের নির্দ্দেশিত মার্গেই উপাসক পুরুষগণ চতুর্ম্মুখ ব্রহ্মার ধামে উপনীত হন। পরিশেষে প্রলয়-দশার পর তাঁহাদেরও ব্রহ্মার সহিত বিষ্ণুর পরমপদ প্রাপ্তি হয়। ইহাই বাদরি মুনির মত। কিন্তু জৈমিনি বলেন,—ব্রহ্ম-শব্দের মুখ্য অর্থ পরব্রহ্মকেই বুঝায়। সুতরাং ব্রহ্মলোক বলিতে একেবারে পরমব্রহ্মলোকই বুঝিতে হইবে। ইহাও সুযুক্তি সঙ্গত নহে। কারণ পরমকারুণিক ভগবান্ শ্রীকৃষ্ণ স্বভক্তের সর্ব্বাপরাধ বিনির্বৃত্তিপূর্ব্বক স্বপদ লাভের নিমিত্ত এইরূপ গতিরও অনুমোদন করিয়াছেন। অমানব স্বপার্ষদ বৈকুণ্ঠ দূতগণদ্বারা নিজভক্তগণকে দেহোৎক্রান্তির পর অর্চ্চিরাদি সহকারী দেবতাগণের সাহায্যে দেবযানে আরোহণ করাইয়া পরমধামে নিত হন। কিন্তু কোন কোন স্থলে উৎকণ্ঠাযুক্ত কাতর ভক্তের প্রতি স্নেহার্দ্র হইয়া তাঁহাদের দেবযানে স্বপদ প্রাপ্তির বিলম্ব সহ্য করিতে না পারিয়া স্বয়ং গরুড়াদি বাহনদ্বারা স্বধামে লইয়া যান। এইজন্যই শ্রুতি বলেন,—

"এতদ্বিষ্ণোঃ পরমং পদং যে নিত্যোদ্যুক্তা সংযজন্তে ন কামান্ তেষামসৌ গোপরূপঃ প্রযত্নাৎ প্রকাশয়েদাত্মপদং তদৈব ওঙ্কারেণান্তরিতং যে জপতি গোবিন্দস্য পঞ্চপদং মনু তং তস্যৈবাসৌ দর্শয়েদাত্মস্তৃপং তস্মান্মুমুক্ষু রভ্যসেন্নিত্য শান্তে ইতি।" (শ্রীগোপাল-তাপনী)

যাঁহারা নিষ্কাম, অর্থাৎ কাম্য-কামনা পরিত্যাগপূর্ব্বক নিত্য উদ্যুক্ত হইয়া শ্রীবিষ্ণুর পরমপদ সর্ব্বারাধ্য মনে করিয়া অর্চ্চনা-পূজা করেন গোপালরূপী ভগবান্ শ্রীকৃষ্ণ তাঁহাদিগকে যত্নপূর্ব্বক আত্মপদ প্রদর্শন করান এবং যিনি গোবিন্দের ওঙ্কার পুটিত পঞ্চপদ মন্ত্র জপ করেন; তাঁহাকেও আত্মরূপ প্রদর্শন করান। অতএব মুমুক্ষু ব্যক্তিমাত্রেরই নিত্য শান্তি লাভের জন্য উহাই অভ্যাস করা কর্ত্তব্য। আবার স্মৃতিতেও উক্ত হইয়াছে,—

"নয়ানি পরমং স্থানমর্চ্চিরাদি গতিং বিনা।
গরুড় স্কন্ধমারোপ্য যথেচ্ছ মণিবারিতঃ॥" (বরাহপুরাণ)

শ্রীভগবান বলিতেছেন,—আমি আমার ভক্তগণকে যথেচ্ছক্রমে অর্চ্চিরাদি গতি ব্যতীরেকেও গরুড়ের স্কন্ধে আরোহণ করাইয়া অবাধে স্বধামে লইয়া যাই। আবার নারদকে উপলক্ষ করিয়া শ্রীভগবান্ বলিয়াছেন,—

"স্থিতে মনসি সুস্বস্তে শরীরে সতি যো নরঃ।
ধাতুসাম্যে স্থিতে স্মর্ত্তা বিশ্বরূপঞ্চ মামজং॥
ততস্তং ম্রিয়মাণঞ্চ কাষ্ঠ-পাষাণ-সন্নিভং।
অহং স্মরামি মদ্ভক্তং নরামি পরমং পদম্॥" (গারুড়ে)

যে-ব্যক্তি সুস্থ শরীরে, সুস্থ মনে ও ধাতুসাম্যে (বিজিতেন্দ্রিয়) থাকিয়া আমাকে বিশ্বরূপ অজরূপে স্মরণ করে, সে-ব্যক্তি মৃত অবস্থায় কাষ্ঠ-পাষাণবৎ প্রতীত হইলেও আমি সেই ভক্তকে স্মরণ করি এবং তাহাকে আমার পরম স্থান স্বধামে লইয়া যাই। গীতায় ভগবান্ শ্রীকৃষ্ণ বলিয়াছেন,—

যে তু সর্ব্বাণি কর্ম্মাণি ময়ি সংন্যস্য মৎপরাঃ।
অনন্যেনৈব যোগেন মাং ধ্যায়ন্ত উপাসতে॥
তেষামহং সমুদ্ধর্ত্তা মৃত্যু সংসারসাগরাৎ।
ভবামি ন চিরাৎ পার্থ ময্যাবেশিতচেতসাম্॥ (গীঃ ১২-৬-৭)

যাঁহারা ব্রহ্মস্বরূপ প্রাপ্তি কামনা পরিত্যাগপূর্ব্বক কেবল আমাকে পাইবার নিমিত্ত আত্ম-সুখাদি শারীরিক ও সামাজিক কর্ম্মসমূহকে ভক্তির অন্তরায় জ্ঞানে পরিত্যাগ করিয়া অনন্যযোগে আমাতে একান্ত অনুরাগী হয় এবং অনন্য ভক্তিযোগ-দ্বারা আমার নিত্য বিগ্রহের ধ্যান ও উপাসনা করে, আমি সেই ভক্তগণকে অবিলম্বে মরণ-সঙ্কুল সংসার-সাগর হইতে উদ্ধার করিয়া থাকি। কুর্ম্মপুরাণে ভৃগু প্রভৃতির প্রতি শ্রীভগবানের উক্তি,—

"যেঽর্চ্চয়িষ্যন্তি মাং ভক্ত্যা নিত্যং কলিযুগে দ্বিজাঃ।
বিধিনা বেদদৃষ্টেন তে গমিষ্যন্তি তৎ পদম্॥" (হঃ ভঃ বিঃ ১১।৭৫)

হে দ্বিজগণ! কলিযুগে যে-সকল মনুষ্য সদাচার অনুসারে যথাবিধি নিত্য ভক্তিপূর্ব্বক আমার পূজা করেন, তাঁহারা আমার অনির্ব্বচনীয় বৈকুণ্ঠধামে গমন করিবেন। আবার বিষ্ণুরহস্যে উক্ত আছে,—

"শ্রীবিষ্ণোরর্চ্চনং যে তু প্রকুর্ব্বন্তি নরা ভুবি।
তে যান্তি শাশ্বতং বিষ্ণোরানন্দং পরমং পদম্॥" (হঃ ভঃ বিঃ ১১।৭৬)

যে-সকল মানব পৃথিবীতে শ্রীবিষ্ণুর অর্চ্চনা করেন, তাঁহারা বিষ্ণুর নিত্য পরম আনন্দময় ধামে গমন করিবেন। অতএব শ্রীভগবানের অর্চ্চাবিগ্রহ ও তদভিন্ন শ্রীনামাদি প্রতীকের উপাসক কখনই অর্চ্চিরাদি গতি দ্বারা ধীরে ধীরে পরমপদে নীত হন না। শ্রীভগবানের ইচ্ছাক্রমে তাঁহারা ভগবৎ-পার্ষদ বৈকুণ্ঠদূতগণ-দ্বারা সত্বরেই ভগবদ্ধামে নীত হন। ছান্দোগ্য শ্রুতি বলেন,—"স যো নামব্রহ্মেত্যুপাস্তে যাবান্নাম্নোগতং তত্রাস্য কামচার" ইতি।

যে-ব্যক্তি শ্রীনামব্রহ্মের উপাসনা করেন, তিনি নামের যতদূর গতি সেই পদ পর্য্যন্তই লাভ করেন। যে-ব্যক্তি মাত্র একবার "হরি" এই অক্ষরদ্বয় রসনায় উচ্চারণ করেন, তিনিও মোক্ষ প্রাপ্তির জন্য বদ্ধপরিকর হইয়াছেন, ইহাতে কোনরূপ সন্দেহ নাই ; যথা,—

"সকৃদুচ্চারিতং যেন হরিরিত্যক্ষরদ্বয়ং।
বদ্ধঃ পরিকরস্তেন মোক্ষায় গমনং প্রতি॥ (স্কান্দে)

শুদ্ধ নাম-কীর্ত্তন বহু ঊর্দ্ধের কথা—নামাভাসেই পাপাচারী জীবসকলও মুক্তিলাভের অধিকারী হইয়া থাকে। যথা,—

সাঙ্কেত্যং পারিহাস্যং বা স্তোভং হেলনমেব বা।
বৈকুণ্ঠনামগ্রহণমশেষাঘহরং বিদুঃ॥ (ভাঃ ৬।২।১৪)

সাধারণতঃ শ্রীনামতত্ত্বে ও সম্বন্ধতত্ত্বে অনভিজ্ঞ ব্যক্তিসকলও উক্ত চারিপ্রকারে নামাভাস করিয়া থাকেন—কেহ বা সঙ্কেত দ্বারা, কেহ পরিহাসদ্বারা, কেহ স্তোভদ্বারা এবং কেহ কেহ হেলনদ্বারা নাম উচ্চারণ করতঃ নামাভাস করেন। অজামিল মরণ-সময়ে স্বীয় পুত্রকে "নারায়ণ" নামে আহ্বান করিয়াছিলেন, ইহা হইতেই অজামিলের সাঙ্কেত্য নাম গ্রহণের ফললাভ হইয়াছিল। সেইজন্যই বৈকুণ্ঠদূতগণ-দ্বারা ত্বরান্বিত তাঁহাকে স্ব-পদপ্রান্তে নিত করাইয়াছিলেন। আবার শ্রীনারদ-যুধিষ্ঠির সংলাপে কথিত আছে,—

কীটঃ পেশস্কৃতা রুদ্ধঃ কুড্যায়াং তমনুস্মরন্।
সংরম্ভয়যোগেন বিন্দতে তৎস্বরূপতাম্॥
এবং কৃষ্ণে ভগবতি মায়ামনুজ ঈশ্বরে।
বৈরেণ পূতপাপ্মানস্তমাপুরনুচিন্তয়া॥
কামদ্-দ্বেষাদ্-ভয়াৎ স্নেহাদ্ যথা ভক্ত্যেশ্বরে মনঃ।
আবেশ্য তদঘং হিত্বা বহবস্তদ্গতিং গতাঃ॥

গোপ্যঃ কামাদ্ভয়াৎ কংসো দ্বেষাচ্চৈদ্যাদয়ো নৃপাঃ।
সম্বন্ধাদ্বৃষ্ণয়ঃ স্নেহাদ্যূয়ং ভক্ত্যা বয়ং বিভো॥

(ভাঃ ৭।১।২৮-৩১)

ভ্রমর (কাঁচপোকা) কর্ত্তৃক ভিত্তিগর্ত্তে অবরুদ্ধ হইয়া তৈলপায়ীকীট ভয় ও দ্বেষ-বশতঃ যেমন ভ্রমরেরই স্মরণ করিতে করিতে তাহার স্বরূপত্ব প্রাপ্ত হয়, তদ্রূপ স্বরূপশক্তি-প্রভাবে নিত্য নবস্বরূপে প্রপঞ্চে অবতীর্ণ সাক্ষাৎ শ্রীভগবানকে শত্রুভাবে চিন্তা করিলেও মনের ঐ চিন্তাপ্রভাবে নিষ্পাপ হইয়া তাঁহাকে লাভ করিতে সমর্থ হয়। কাম হইতে হউক, দ্বেষ হইতে হউক, ভয় হইতে হউক, স্নেহ হইতে হউক, শ্রীকৃষ্ণে মনোনিবেশপূর্ব্বক পাপ-মুক্ত হইয়া অনেকে যেভাবে তাঁহার সাক্ষাৎকাররূপে মুক্তি প্রাপ্ত হইয়াছেন, তাহা উল্লেখ করিয়া দেওয়া হইতেছে। গোপীগণ কামবশতঃ, কংস, ভয়বশতঃ, শিশুপাল প্রভৃতি নৃপতিগণ শত্রুতা বশতঃ, বৃষ্ণিবংশীয়গণ সম্বন্ধ-বশতঃ, পাণ্ডবগণ স্নেহপ্রযুক্ত এবং নারদাদি ভক্তগণ ভক্তিবশতঃ শ্রীকৃষ্ণকে প্রাপ্ত হইয়াছেন।

"যথা কথঞ্চিদ্ যন্নাম্নি কীর্ত্তিতে বা শ্রুতেঽপি যা।
পাপিনোঽপি বিশুদ্ধাং স্যুঃ শুদ্ধা মোক্ষমবাপ্নুয়ঃ॥" (বৃহন্নারদীয়ে)

শ্রীভগবানের নাম যে কোনপ্রকারে শ্রবণ বা কীর্ত্তন করিলে পাপীব্যক্তি সকলও সদ্য নিষ্পাপ হইয়া মোক্ষলাভে অধিকারী হয়েন। ভারত বিভাগে বিষ্ণুধর্ম্মে উক্ত আছে,—

"প্রাণ-প্রয়াণ-পাথেয়ং সংসারব্যাধি-ভেষজং।
শোক-দুঃখ-পরিত্রাণং হরীত্যক্ষরদ্বয়ম্॥"

"হরি" এই দুইটি অক্ষর প্রাণ-প্রয়াণপথের পাথেয় ভবপারের মহৌষধি এবং শোক-দুঃখ নিবৃত্তির উপায়স্বরূপ। চেদিপতি শিশুপালের ন্যায় সর্ব্বদোষযুক্ত হইয়াও শত্রুভাবে সর্ব্বদা যাঁহার নাম কীর্ত্তন করিয়া মুক্তিপদ লাভ করিয়াছেন, তখন যাঁহারা একনিষ্ঠ শ্রীনাম-পরায়ণ ভগবদ্ভক্ত তাঁহাদের পরমপদ লাভ হইবে, তাহা বলাই বাহুল্য। পরন্তু যাঁহারা সেই শ্রীনামনিষ্ঠ ভক্তগণকে দর্শন করিয়া আনন্দিত হন তাঁহাদেরও পরমপদ লাভ ঘটিয়া থাকে এবং শ্রীবিষ্ণুর সান্নিধ্যে সেবাপদ লাভ করেন। নামের মহিমা অনন্ত। অনন্তকাল অনন্তমুখে বর্ণনা করিয়াও ইহা পার পাওয়া যায় না। যথা—

"তুণ্ডে তাণ্ডবিনী রতিং বিতনুতে তুণ্ডাবলীলব্ধয়ে
কর্ণক্রোড়কড়ম্বিনী ঘটয়তে কর্ণার্ব্বুদেভ্যঃ স্পৃহাম্।
চেতঃ প্রাঙ্গণসঙ্গিনী বিজয়তে সর্ব্বেন্দ্রিয়াণাং কৃতিঃ
নো জানে জনিতা কিয়দ্ভিরমৃতৈঃ কৃষ্ণেতি বর্ণদ্বয়ী॥"

(বিদগ্ধমাধব ১।৩৩)

যিনি মুখমধ্যে নটীর মতন নৃত্য করিয়া বহুমুখ লাভের জন্য রতি বিস্তার করেন, (একটি জিহ্বায় করিয়া পরিতৃপ্তি হয় না) কর্ণপথে প্রবিষ্ট হইয়া অসংখ্য কর্ণেন্দ্রিয় লাভের ইচ্ছা উৎপাদন করেন (দুইটি কর্ণে শ্রবণ করিয়া তৃপ্তি সাধন হয় না) এবং যিনি চিত্তপ্রাঙ্গনে প্রবিষ্ট হইয়া সমস্ত ইন্দ্রিয়সমূহকে পরাভূত করেন, হে নান্দীমুখি! এতাদৃশ 'কৃ' ও 'ষ্ণ' এই দুইটী অক্ষর কত অমৃতে রচিত হইয়াছে, তাহা বলিতে পারি না। অতএব নামের মহিমা কীর্ত্তন করিয়া শেষ করা যায় না।

বিক্রুশ্য পুত্রমঘবান্ যদজামিলোঽপি
নারায়ণেতি ম্রিয়মাণ ইয়ায় যুক্তিম্।" (শ্রীভাঃ)

মহাপাপী অজামিল প্রায়শ্চিত্ত না করিয়াও মরণ-সময়ে রক্ষিতা বেশ্যার গর্ভে জাত পুত্রের নাম "নারায়ণ" বলিয়া আহ্বান করিয়াই—বৈকুণ্ঠপতি নারায়ণ নাম-কীর্ত্তনের ফলস্বরূপ মুক্তি লাভের অধিকার অর্জ্জন করিয়া বিষ্ণুলোকে গমন করিলেন। তখন যাঁহারা ভক্তি ও শ্রদ্ধাপূর্ব্বক শ্রীনামব্রহ্মের উপাসনায় রত থাকেন তাঁহাদের কথা আর বিশেষ করিয়া কি বলিব? নামাভাসেই যাঁহাদের পাপবিনাস ও মুক্তি লাভ হয়, তখন শুদ্ধ শ্রীনামনিষ্ঠ ভক্তজনের ভার শ্রীভগবান্ নিজে গ্রহণ করিবেন, তাহাতে আর বিচিত্রতা কি?

বিশেষতঃ কলিকালে শ্রীনামকীর্ত্তনই একমাত্র পরমপদ প্রাপ্তির প্রকৃষ্ট উপায়—

কলের্দ্দোষনিধেরাজন্নস্তি হ্যেকো মহান্‌গুণঃ।
কীর্ত্তনাদেব কৃষ্ণস্য মুক্তসঙ্গঃ পরং ব্রজেৎ॥
কৃতে যদ্ধ্যায়তো বিষ্ণুং ত্রেতায়াং যজতো মখৈঃ।
দ্বাপরে পরিচর্য্যায়াং কলৌ তদ্ধরিকীর্ত্তনাৎ॥

(ভাঃ ১২।৩।৫১-৫২)

হে রাজন্! সর্ব্বদোষাশ্রয় কলিযুগের একটী মহাগুণ দেখিতে পাওয়া যায় যে, মানবগণ এই যুগে কৃষ্ণনাম কীর্ত্তন করিয়া সংসার-বন্ধন মুক্ত হইয়া পরমপুরুষকে প্রাপ্ত হইয়া থাকেন।

সত্যযুগে বিষ্ণুর ধ্যান, ত্রেতাযুগে তদীয় যজ্ঞ এবং দ্বাপরে তদীয় অর্চ্চন নিবন্ধন দ্বারা যে-ফল লাভ হয়, কলিযুগে একমাত্র শ্রীহরিনামকীর্ত্তন হইতেই তৎসমস্ত ফল লাভ হইয়া থাকে।

অতীতাঃ পুরুষাঃ সপ্ত ভবিষ্যাশ্চ চতুর্দ্দশঃ।
নরস্তারয়তে সর্ব্বান্ কলৌ কৃষ্ণেতি কীর্ত্তনম্॥ (দ্বারকা-মাহাত্ম্যে)

যে ব্যক্তি কলিযুগে শ্রীকৃষ্ণনাম-কীর্ত্তন করেন, তাঁহার অতীত সপ্তপুরুষ ও ভবিষ্যৎ চতুর্দ্দশ-পুরুষ পর্য্যন্ত উদ্ধার হইয়া বিষ্ণুলোক প্রাপ্ত হইয়া থাকে। যাঁহারা শ্রীভগবন্নাম-মাহাত্ম্যের এবম্বিধ ফলশ্রুতি শ্রবণ করিয়াও দুর্ভাগ্যবশতঃ বিশ্বাস করিতে পারে না, পরন্তু তাহাকে শ্রীনামের অতি স্তুতি বলিয়া গণ্য করে বা নামে রুচি উৎপাদনের জন্য প্রলোভন-বাক্য ইত্যাদি অর্থবাদ কল্পনা করে তাহাদের নরক যন্ত্রণার ক্ষয় হয় না। জৈমিনি-সংহিতা বলেন,—

"শ্রুতি-স্মৃতি-পুরাণে নাম-মাহাত্ম্য বাচিষু।
যেঽর্থবাদ ইতি ব্রূয়ুর্ন তেষাং নরক ক্ষয়ঃ॥"

অন্যান্য উপাসকগণের গতি অর্চ্চিরাদি গতিক্রমে নির্দ্দিষ্ট থাকিলেও শ্রীকৃষ্ণ-ভক্তগণের গতি সম্পূর্ণ নিরপেক্ষ ও স্বতন্ত্র তাহা শ্রুতি স্মৃতি প্রমাণের দ্বারা সুস্পষ্টভাবেই প্রমাণিত হইতেছে।

যান্তি দেবব্রতা দেবান্ পিতৃন্ যান্তি পিতৃব্রতাঃ।
ভূতানি যান্তি ভূতেজ্যা যান্তি মদযাজিনোঽপি মাম্॥ (গীঃ ৯।২৫)

যাহারা যাঁহাদের উপাসনায় রত থাকেন তাহারা সেই সেই লোকে গমন করে। কিন্তু আমার উপাসকগণ আমার পরমধাম বৈকুণ্ঠলোকে গমন করেন। যে-সকল ভক্ত আমাতে তাঁহার সকল ভার অর্পণ করিয়া অনন্যচিত্তে আমার ভজনা করেন, আমিই তাঁহাদের যোগক্ষেম অর্থাৎ অন্নাদি আহরণ ও তাহার সংরক্ষণ করিয়া থাকি। সংসারের জীবগণের মধ্যে যেমন সংসার পরিচালনা অর্থাৎ পোষণের ভার একমাত্র গৃহস্বামীর উপর নির্ভর করে, সেইরূপ আমি নিজেই আমার ভক্তগণের দেহযাত্রা নির্ব্বাহ করিয়া থাকি। অবশেষে তাঁহাদের নিত্যবাঞ্ছিত মৎপ্রাপ্তিলক্ষণ যোগও আমা হইতে অপুনরাবৃত্তিলক্ষণ যে ক্ষেম তাহাও আমি বহন করিয়া থাকি। যথা,—

অনন্যাশ্চিন্তয়ন্তো মাং যে জনাঃ পর্য্যুপাসতে।
তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেম বহাম্যহম্॥ (গীঃ ৯।২২)

ভগবান্ শ্রীকৃষ্ণ ভক্তগণের ভার সর্ব্বক্ষণই বহন করিয়া থাকেন। এমনকি শত্রুভাবাপন্ন থাকিয়াও যে-ব্যক্তি সর্ব্বক্ষণ ভগবানের নাম উচ্চারণ করে, ভগবান্ তাহাকে স্বহস্তে বিনাশ করিয়াও পরমধাম বৈকুণ্ঠলোকে আশ্রয় দিয়া থাকেন। আজন্ম বিদ্বেষকারী চেদিপতি শিশুপালই ইঁহার প্রকৃষ্ট প্রমাণ। এইজন্যই ভগবান্ শ্রীকৃষ্ণের অপর একটী নাম, "হতারিগতিদায়ক" শত্রুকে তিনি বিনাশ করিয়া মুক্তিরূপা গতি প্রদান করিয়া থাকেন, এক্ষেত্রে আর ভক্তগণের কথা বলাই বাহুল্য। ভগবান্ ভক্তাধীন, ভক্তজন তাঁহার নিত্য সেবক।

"তেষাং যৎপ্রাপণভারো মামেব ন তৃর্চ্চিরাদের্দেবগণস্যেতি॥" (বিদ্যাভূষণপ্রভু)

অর্থাৎ তাঁহাদের আমাকে প্রাপ্তির ভার, আমিই করিয়া থাকি, অর্চ্চিরাদি দেবগণের সে ভার নাই। এখানে আরো একটী বিষয় উল্লেখযোগ্য—অদ্বৈতবাদি জ্ঞানিগণ ক্রমশঃ ভগবদ্বৈমুখ্যবশতঃ মায়াবাদরূপ কুতর্কের বেড়াজালে আবদ্ধ থাকেন, পরমাত্মাবাদি যোগিগণ অহংগ্রহোপাসনায় নিজদিগকেই ভগবদ্বুদ্ধি-দ্বারা আবৃত থাকিয়া শ্রদ্ধা ভক্তি হইতে বঞ্চিত হন, আবার সকাম কর্ম্মিসকল ঋক্-যজু ও সামবেদোক্ত জড়-কর্ম্মে নিযুক্ত থাকিয়া স্বর্গভোগ কামনা করিয়া পুনঃ পুনঃ স্বর্গলোকে ও মর্ত্ত্যলোকে গমনাগমন করিতে থাকেন। ভগবান্ শ্রীকৃষ্ণ বলিয়াছেন,—

ত্রৈবিদ্যা মাং সোমপাঃ পূতপাপা
যজ্ঞৈরিষ্ট্বা স্বর্গতিং প্রার্থয়ন্তে।
তে পুণ্যমাসাদ্য সুরেন্দ্রলোক-
মশ্নন্তি দিব্যান্ দিবি দেবভোগান্।
তে তং ভুক্ত্বা স্বর্গলোকং বিশালং
ক্ষীণে পুণ্যে মর্ত্ত্যলোকং বিশন্তি।
এবং ত্রয়ীধর্ম্মমনুপ্রপন্না
গতাগতং কামকামা লভন্তে॥ (গীঃ ৯।২০-২১)

যাঁহারা বেদত্রয়বিহিত অর্থাৎ ত্রিবেদের বাহ্য অর্থ শিক্ষা করিয়া জড় কর্ম্ম-মার্গে রত থাকিয়া জ্যোতিষ্টোমাদি যজ্ঞ সম্পাদন-দ্বারা ইন্দ্রাদি দেবগণের উপাসনা করেন, বস্তুত আমিই তাহা গ্রহণ করি। কিন্তু অপ্রত্যক্ষভাবে, দেবতাগণ যে আমারই রূপ ভগবদ্বৈমুখ্যবশতঃ ইহা তাঁহারা জ্ঞাত নহে। যজ্ঞ শেষে সেই কর্ম্মপর ব্যক্তিগণ উৎসর্গীকৃত সোমরস পান করিয়া নিষ্পাপ হইয়া স্বর্গলোক প্রার্থনা করিয়া থাকে।

এইরূপে তাঁহারা পুণ্যার্জ্জন করিয়া স্বর্গলোকে গমনপূর্ব্বক দিব্য দেবভোগসমূহ উপভোগ করিয়া থাকেন। সুরলোকে প্রভূত স্বর্গসুখ ভোগ করিয়া পুণ্য-ক্ষয়ান্তে পুনরায় মর্ত্ত্যলোকে প্রত্যাগমন করে। এইরূপে স্বর্গভোগকামী ব্যক্তিসকল ত্রয়ীধর্ম্মের অনুগামী হইয়া পুনঃ পুনঃ স্বর্গে ও মর্ত্ত্যে যাতায়াত করিতে থাকে। যতদিন পর্য্যন্ত শ্রীভগবানে আত্মসমর্পণ না হয় তাবৎকাল এইভাবে তাহাদের গতাগতি হইয়া থাকে। এই কারণবশতঃই সাত্বত শ্রাদ্ধে বৈষ্ণবগণ স্বর্গকামনারূপ কোন কর্ম্মই করেন না। শ্রীভগবৎ প্রীতি বা ভগবৎ দাস্যকামেই সকলকর্ম্ম সম্পন্ন হইয়া থাকে। কর্ম্মজড়-স্মার্ত্ত-শ্রাদ্ধের সকল কর্ম্মাঙ্গেই স্বর্গকাম কল্পিত থাকায় উহার ফল কিরূপ অনিত্য তাহা উল্লিখিত শ্লোকদ্বয়-দ্বারাই প্রমাণিত হইয়াছে। যদিও কর্ম্মজড়-স্মার্ত্তগণ অন্য সঙ্কল্প সহকারে কৃতকর্ম্মের ফল উপসংহারে অর্থাৎ ব্যবহারিক নীতি অনুযায়ী শ্রীকৃষ্ণে অর্পণ করেন, তাহা মুখ্যতঃ ভক্তির অঙ্গ নহে বলিয়াই উদ্দেশ্যে ফলজনক হয় না। প্রধানতঃ কর্ম্মসমূহকেই মূলে শ্রীভগবানে অর্পণ করিয়া শ্রীহরিসেবানুকূলে অনুষ্ঠান করাই ভক্তির অঙ্গ, কৃষ্ণভক্ত কার্ষ্ণ বা বৈষ্ণবগণ তাহাই করিয়া থাকেন। বৈষ্ণবসিদ্ধান্ত ও বৈষ্ণবগণের মহিমা বর্ণনাতীত। যে-কুলে একজন বৈষ্ণব জন্মগ্রহণ করেন, সেই কুলের স্বর্গেস্থিত পিতৃপুরুষগণ আনন্দে নৃত্য করিয়া থাকেন। কিন্তু বিষ্ণু-বৈষ্ণব-বিদ্বেষী পাষণ্ডিগণ এহেন বৈষ্ণবগণকে অবজ্ঞা করিয়া নিজেদের সর্ব্বনাশ সাধন করিয়া থাকেন।

"নিন্দাং কুর্ব্বন্তি যে মূঢ়া বৈষ্ণবানাং মহাত্মানাং।
পতন্তি পিতৃভিঃ সার্দ্ধং মহারৌরব সংজ্ঞিতে॥"

যে-সকল মূঢ় ব্যক্তি শ্রীকৃষ্ণভক্ত কার্ষ্ণ বা বৈষ্ণবগণের প্রতি অবজ্ঞা বা নিন্দা করে, তাহাদের নরকভোগ অবশ্যম্ভাবী, পরন্তু তাহাদের পিতৃপর্য্যন্তও মহারৌরব নামক নরকে পতিত হইয়া থাকেন। সে যাহা হউক শ্রীকৃষ্ণসেবক কার্ষ্ণ বা সাত্বত-বৈষ্ণবগণের দেহান্তে প্রেতত্ব প্রাপ্তি হয় না, তাহা শ্রুতি-স্মৃতি-পুরাণাদির বচনসমূহদ্বারাই বিশদরূপে প্রমাণিত করা হইল। সাত্বত বা বৈষ্ণবগণের পক্ষে কর্ম্মজড় স্মার্ত্ত বিধানানুসারে প্রেতশ্রাদ্ধ করিবার প্রয়োজন হয় না। যেহেতু বৈষ্ণবগণের পাঞ্চভৌতিক দেহাবসানের পর চিন্ময়-দেহ প্রাপ্তি হয় বলিয়াই প্রেতের "ভোগদেহ" গঠন নিমিত্ত পুরকপিণ্ড (দশপিণ্ড) দানের প্রয়োজনও হয় না।

"শিব বিষ্ণ্বর্চ্চনে দীক্ষা যস্য চাগ্নি পরিগ্রহঃ।
ব্রহ্মচারী যতীনাঞ্চ শরীরে নাস্তি সূতকম্॥"

এই বিষ্ণু-স্মৃতির বচন প্রমাণানুসারে দেখিতে পাওয়া যায় যে বৈষ্ণবজনের মৃত বা জাতাশৌচেরও সম্ভাবনা নাই। তবে বৈদিক-বিধানানুযায়ী গৃহস্থ বৈষ্ণবগণ নির্গুণ ব্রাহ্মণবৎ দশদিন ব্যবহারিক মতে অশৌচ পালন না করিয়া দশদিনে দশপিণ্ড প্রেতের ভোগদেহ-গঠন উদ্দেশে পিণ্ড না দিয়া বিষ্ণু-অনুচরত্ব লাভের উদ্দেশে মহাপ্রসাদান্ন-দ্বারা ভোগ নিবেদন করাই কর্ত্তব্য। ইহা ভক্তিধর্ম্মের পোষক বলিয়াই গণ্য হয়। বৈদিক অনুষ্ঠান বজায় রাখিয়া হরিসেবার অনুকূলে কার্য্য করাই সাত্বত শাস্ত্রের নির্দ্দেশ। শ্রীভগবানের ভক্তগণ তাঁহার সাধন-সিদ্ধ চিন্ময়-দেহেই শ্রীবৈকুণ্ঠলোক বা গোলোকধামে গমন করেন। পুরক পিণ্ডদানে প্রেতের যে দেহ গঠিত হয়, তাহা কেবলমাত্র "প্রেতের" স্বর্গ বা নরক ভোগের উপযোগী ভোগ দেহ; উহা অপ্রাকৃত চিন্ময়দেহ নহে। ভোগদেহ অনিত্য—নশ্বর, ভক্তের চিন্ময়দেহ নিত্য, শাশ্বত; সুতরাং পুরক পিণ্ডদ্বারা প্রেতের নশ্বর ভোগদেহ গঠনের জন্য বৈষ্ণবগণ আদৌ ইচ্ছুক নহেন। কারণ বৈষ্ণবগণের,—

"কৃষ্ণাশ্রয়মাত্র তপাত্রয় যায় ক্ষয়।
চিদানন্দ নিত্য-দেহে প্রেম আস্বাদয়॥" (ভক্তমাল)

বিশুদ্ধ সাত্বত-শ্রাদ্ধ ও জড় কর্ম্ম-কাণ্ডীয় শ্রাদ্ধের বৈগুণ্যতা

স্মার্ত্তপথাবলম্বনে—	বৈষ্ণবতা লাভে—
১। আত্মার প্রেতত্ব প্রাপ্তি হয়।	১। আত্মার প্রেতত্ব হয় না।
২। প্রেতক্রিয়ার প্রয়োজন আছে।	২। প্রেতক্রিয়ার প্রয়োজন হয় না।
৩। আমিষান্নেই শ্রাদ্ধক্রিয়া।	৩। মহাপ্রসাদান্নের দ্বারা বিদেহী আত্মার প্রীতিবিধান।
৪। বিধবানারী বা শুদ্ধব্রাহ্মণগণকেও পোড়ামাছ জ্ঞানে দগ্ধকদলী অর্পণ।	৪। মহাপ্রসাদান্নই নিবেদনের বিধান।
৫। একাদশীতে শ্রাদ্ধ কর্ত্তব্য।	৫। একাদশীতে পিতৃগণ পাপান্ন গ্রহণ করেন না। তাই দ্বাদশীতে শ্রাদ্ধকৃত্য।
৬। পুরক পিণ্ডদ্বারা প্রেতের ভোগময় দেহ গঠন।	৬। বৈষ্ণবগণ দেহান্তে কৃষ্ণদাসত্ব লাভ করেন, ভোগময় দেহ গঠন নয়।

স্মার্ত্তপথাবলম্বনে—	বৈষ্ণবতা লাভে—
৭। স্মার্ত্তগণের দেহাবসানে আত্মার প্রেতত্ব প্রাপ্তি ঘটে, তাই অপবিত্র জ্ঞানে শ্রাদ্ধ করা হয়।	৭। বৈধবিধানেই অশরিরী আত্মা অর্চ্চিত হন।
৮। তপ্ত-সলিলা বৈতরণীপারের জন্য গরুর লেজ ধরিতে হয়।	৮। বৈষ্ণবগণ ভগবদ্দাসত্ব প্রাপ্ত হন, সুতরাং বৈতরণী পারের প্রয়োজন হয় না।
৯। শ্রীবিষ্ণুপূজা মুখ্যাঙ্গ নহে—আবরণ-দেবতা-স্বরূপ মাত্র।	৯। শ্রীবিষ্ণুপূজাই মুখ্যাঙ্গ।
১০। সপিণ্ডীকরণের পর প্রেতত্ব খণ্ডন হয়।	১০। প্রেতত্ব হয় না বলিয়াই সপিণ্ডী-করণের প্রয়োজন হয় না। প্রতি বৎসর তিরোভাব তিথি স্মরণ করিয়া ভগবৎ-প্রসাদান্ন নিবেদন বা মহোৎসব বিধেয়।
১১। স্বর্গভোগ কাম্য শ্রাদ্ধ হয়।	১১। শ্রীভগবৎ প্রীতিকাম বা কৃষ্ণদাস্য কাম-শ্রাদ্ধ হয়।
১২। প্রেতের উদ্দেশ্যে পিণ্ডদান না করিলে শ্রাদ্ধ হয় না।	১২। পিতৃগণের প্রীতির জন্য শ্রীভগবৎপূজা করিলেই শ্রাদ্ধ সিদ্ধ হয়।
১৩। প্রেতক্রিয়ার সময়ে বিষ্ণুকে অন্তরালে রাখিতে হয়।	১৩। আদি হইতে অন্ত পর্য্যন্ত সমস্ত ক্রিয়া শ্রীবিষ্ণুসান্নিধ্যে করাই অবশ্য কর্ত্তব্য।
১৪। কর্ম্ম-জড়-স্মার্ত্ত-ব্রাহ্মণগণ প্রেত-শ্রাদ্ধান্ন প্রীতির সহিত গ্রহণ করেন।	১৪। সাত্ত্বতগণ প্রেতশ্রাদ্ধের জন্য আনিত দ্রব্যাদি গ্রহণ করেন না।

বিশুদ্ধ সাত্ত্বত স্মৃতিপর শ্রাদ্ধে ও জড়-কর্ম্মকাণ্ডীয় স্মৃতিপর শ্রাদ্ধে আরো একটী বৈগুণ্য লক্ষিত হয়। কর্ম্মকাণ্ডীয় জড়-স্মার্ত্ত-বিধানে প্রধানতঃ ব্রাহ্মণের ভোজন-দ্বারা পিতৃগণের প্রীতিবিধান করা হয়। আর বিশুদ্ধ সাত্ত্বত-বিধানে শ্রীভগবানের পূজার্চ্চনা-দ্বারা পিতৃগণের সন্তোষসাধন করা হয়। স্মার্ত্ত-বিধানানুযায়ী অধুনা ব্রহ্মজ্ঞান-সম্পন্ন প্রকৃত বেদ-পারগ শ্রাদ্ধার্হ ব্রাহ্মণের অভাববশতঃ সর্ব্বস্থলেই দর্ভময় ব্রাহ্মণ কল্পিত হইয়া থাকেন। শ্রাদ্ধে ব্রাহ্মণকল্পনার উদ্দেশ্য এই যে, ব্রাহ্মণের মুখেই দেবতা ও পিতৃগণ ভোজন করেন।

"যস্যাস্যেন সদাশ্নন্তি হব্যানি ত্রিদিবৌকসঃ।
কব্যাণি চৈব পিতরঃ কিন্ত্বতমধিকং ততঃ॥" (মনু)

এই কারণবশতঃই কর্ম্মজড়-স্মার্ত্তগণ ব্রহ্মজ্ঞ ব্রাহ্মণ অভাবে কৃশময় কল্পিত ব্রাহ্মণকে ভোজন করাইয়াই নিজ নিজ পিতৃগণের প্রীতিবিধান ও উদ্ধারের ব্যবস্থা করিয়াছেন। মৃত ব্যক্তির তৃপ্তি উদ্দেশে ব্রাহ্মণগণকে অন্ন-ব্যঞ্জনাদিসহ ফল-মূল ভোজন করাইয়া পরে কুশাস্তীর্ণ করিয়া মৃতের উদ্দেশে পিণ্ডদান করিবার প্রথা দেখা যায়। কিন্তু সাত্বতবিধানে নিত্যধামপ্রাপ্ত পিতৃগণের তৃপ্তি-সাধনহেতু অন্ন-ব্যঞ্জনসহ ফলমূলাদি ভোজ্যদ্রব্যসকল শ্রীভগবানে অর্পণপূর্ব্বক অর্চ্চনা করিবার বিধি প্রবর্ত্তিত আছে। যথা, স্কান্দে ব্রহ্মা-নারদ-সংবাদে,—

"পিতৃনুদ্দিশ্য যৈঃ পূজা কেশবস্য কৃতাপরৈঃ।
ত্যক্ত্বা তে নারকীং পীড়াং মুক্তিং যান্তি মহামুনে॥"

হে মহামুনে! যাঁহারা পিতৃগণের উদ্দেশপূর্ব্বক ভগবান শ্রীকৃষ্ণের অর্চ্চনা করেন, তাঁহাদের সেই পিতৃগণ নরক-যন্ত্রণা হইতে পরিত্রাণ লাভ করিয়া মোক্ষ প্রাপ্ত হইয়া থাকেন। এই বিধান বর্ত্তমান যুগের জন্য নহে বলিয়া এড়াইয়া যাইবার অবকাশ নাই।

"ধন্যাস্তে মানবা লোকে কলিকালে বিশেষতঃ।
যে কুর্ব্বন্তি হরে নিত্যং পিত্র্যর্থং পূজনং মুনে॥"
কিং দত্তৈর্ব্বহুভিঃ পিণ্ডৈগয়া শ্রাদ্ধাদিভির্মুনে।
যৈরর্চ্চিতো হরির্ভক্ত্যা পিত্র্যর্থঞ্চ দিনে দিনে॥

(হঃ ভঃ বিঃ ৯।৯৩ স্কান্দ-বাক্য)

হে ঋষে! যে-সকল ব্যক্তি প্রতিদিন পিতৃগণের উদ্দেশে ভক্তিসহকারে শ্রীহরি অর্চ্চনা করেন, গয়াশ্রাদ্ধাদি বা বহু বহু পিণ্ডদানে তাঁহাদের কি প্রয়োজন? অর্থাৎ তাঁহাদের গয়াশ্রাদ্ধাদির কোনও আবশ্যকতা নাই। কর্ম্মমার্গীয় শ্রাদ্ধের নিরর্থকতা সম্পাদনের জন্যই শ্রীগৌরসুন্দরের গয়াযাত্রা। তিনি শ্রীল ঈশ্বরপুরীপাদকে বলিয়াছিলেন,—

প্রভু বলেন,—গয়াযাত্রা সফল আমার।
যতক্ষণে দেখিলাম চরণ তোমার॥
তীর্থে পিণ্ড দিলে সে নিস্তরে পিতৃগণ।
সেও যারে পিণ্ডদেয় তরে সেই জন॥
তোমা দেখিলেই মাত্র কোটি পিতৃগণ।
সেইক্ষণে সর্ব্ববন্ধ হয় বিমোচন॥

অতএব তীর্থ নহে তোমার সমান।
তীর্থের পরম তুমি মঙ্গল প্রধান॥
সংসার সমুদ্র হৈতে উদ্ধার আমারে।
এই আমি দেহ সমর্পিলাম তোমারে॥
কৃষ্ণ-পাদপদ্মের অমৃত-রস পান।
আমারে করাও তুমি, এই চাহি দান॥

(চৈঃ ভাঃ আঃ ১৭।৫০-৫৫)

স্বভাবস্থৈঃ কর্ম্মজড়ান্ বঞ্চয়ন্ দ্রবিণাদিভিঃ।
হরের্নৈবেদ্যসম্ভারান্ বৈষ্ণবেভ্যঃ সমর্পয়েৎ॥

(হঃ ভঃ বিঃ ৯।১০৩ সংখ্যাধৃত প্রহ্লাদ-পঞ্চরাত্রে)

কর্ম্মজড়-স্মার্ত্ত অবৈষ্ণবগণকে অনিবেদিত দ্রব্য দান কিংবা তাহাদের লোভনীয় অর্থাদি প্রাকৃত বস্তুদ্বারা বঞ্চনা করিয়া বৈষ্ণবগণকেই শ্রীহরির নৈবেদ্য প্রদান করিবে।

"যস্তু বিদ্যাবিনির্ম্মুক্তং মূর্খং মত্বা তু বৈষ্ণবং।
বেদবিদ্ভ্যোঽদদাদ্বিপ্রঃ শ্রাদ্ধং তদ্রাক্ষসং ভবেৎ॥"

(হঃ ভঃ বিঃ ৯।৯৭ স্কান্দপুরাণ-বাক্য)

বৈষ্ণবকে বিদ্যাহীন মূর্খ মনে করিয়া বেদবিদ্‌গণকে শ্রাদ্ধ প্রদান করিলে বিপ্রকৃত সেই শ্রাদ্ধ রাক্ষস-কর্ত্তৃক গৃহীত হয়। হরিদাস ঠাকুরের প্রতি অদ্বৈতাচার্য্যের আচরণ—

আচার্য্য কহেন,—তুমি না করিহ ভয়।
সেই আচরিব, যেই শাস্ত্রমত হয়॥
তুমি খাইলে হয় কোটী ব্রাহ্মণ ভোজন।
এত বলি শ্রাদ্ধপাত্র করাইল ভোজন॥

(চৈঃ চঃ অঃ ৩।২১৯-২২০)

এই সকল কারণেই সাত্বত-ধর্ম্মনিষ্ঠ বর্ণাশ্রমিগণ স্মার্ত্তপ্রবর রঘুনন্দন ভট্টাচার্য্যের প্রবর্ত্তিত মতবাদের অনুবর্ত্তি হইতে স্বীকৃত নহেন। স্মার্ত্তপ্রবর রঘুনন্দন যে-সময়ে (বর্ত্তমান প্রচলিত) বিদ্ধ স্মৃতিশাস্ত্র সঙ্কলন করেন, তাহারও পূর্ব্বে শ্রীবৃন্দাবনে শ্রীমদ্ গোপাল ভট্ট গোস্বামী ও শ্রীল সনাতন গোস্বামীপাদ সাত্বত-স্মৃতি সঙ্কলন করিয়াছিলেন। রঘুনন্দন বাংলার সর্ব্বশ্রেষ্ঠ বিদ্যাপীঠ নবদ্বীপে অবস্থান করিয়া বিদ্ধ-স্মৃতি সঙ্কলন করিয়া রাজানুগ্রহে অচিরকালমধ্যে সমগ্র বাংলাদেশে প্রবল প্রতিপত্তি বিস্তার করে। কিন্তু সাত্বত-স্মৃতি সুদূর শ্রীবৃন্দাবনের নিভৃতকুঞ্জে রচিত

হইয়া বাংলাদেশে আসিয়া প্রচার ও প্রতিপত্তি লাভ করিতে বহু বাধাবিঘ্ন ঘটিয়াছিল; সেইজন্যই বাংলাদেশে আসিয়া পৌঁছিতে বেশ বিলম্ব হইয়াছিল। অন্যদিকে বাংলাদেশ হইতে সংস্কৃত চর্চ্চা ক্রমশঃ বিলুপ্ত হইয়া যাওয়ায় শ্রীহরিভক্তিবিলাস, সৎক্রিয়াসার-দীপিকা, শ্রীনৃসিংহ-পরিচর্য্যা, শ্রীরামার্চ্চন-চন্দ্রিকা প্রভৃতি সাত্বত-স্মৃতিগ্রন্থের পঠন-পাঠন একরূপ উঠিয়াই গিয়াছে। তখনকার দিনে অধিকন্তু সাত্বত ব্রাহ্মণ গোস্বামিগণ বহুল পরিমাণে স্মার্ত্ত-মতাবলম্বী হইতে বাধ্য হন। এই সুযোগে কর্ম্মজড়-স্মার্ত্তগণ, বৈষ্ণব-সমাজকে বিশেষভাবে আক্রমণ করিবার আবকাশ পাইয়া অবৈধ অনধিকার চর্চ্চা করিয়া নিরীহ বৈষ্ণব-সমাজের উপর প্রতিপত্তি বিস্তারলাভ করে। কর্ম্ম-জড়-স্মার্ত্ত মতের খণ্ডন করিবার মত উপযুক্ত বৈষ্ণবাচার্য্যের অভাববশতঃ বিশুদ্ধ-সাত্বত প্রণালীতে লৌকিক বা বৈদিক কোন কর্ম্মই সুসম্পন্ন হয় নাই। সুদীর্ঘ দিনব্যাপী এইভাবেই কর্ম্মজড়-স্মার্ত্তসমাজ বৈষ্ণব-সমাজের প্রতি অনধিকার অত্যাচার চালাইয়া আসিতেছেন। শুদ্ধ বৈষ্ণব-শ্রাদ্ধ বিষয়ে শ্রীপাদ সনাতন গোস্বামী এইপ্রকার অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন। যথা,—

"এবঞ্চ পিত্রাদ্যর্থং ভগবৎ-পূজায়াং পশ্চাৎ কৃতায়াং ভগবন্নিবেদিতে নৈব স্বতঃশ্রাদ্ধাদি-সম্পভ্যা তন্মহাগুণসিদ্ধের্মুক্ত্যাদি মহাফলপ্রপদ্যত এবেতি ভাবঃ। যদ্বা শ্রাদ্ধাগ্রহ-পরিত্যাগেন পিত্র্যর্থং ভক্তিবিশেষণ ভগবৎপূজয়া স্বতঃএব ফলবিশেষঃ সিদ্ধ্যেৎ। এবমেব, যথা তরোর্মূলনিষেচনেন তৃপ্যন্তি তৎস্কন্ধভুজ-উপশাখা ইত্যাদিন্যায়াৎ পিত্রাদিনাঞ্চ পরমতৃপ্তি সিদ্ধ্যতি। ন তু কেবল নিজশ্রাদ্ধদানেন তেষামপি ভগবদুচ্ছিষ্ট মহাপ্রসাদাপেক্ষয়তি দিক্।" (টীকা হঃ ভঃ বিঃ ৯।৯৩) পিতৃগণের হিতার্থে শ্রীভগবানের পূজা করিয়া পরে সেই ভগবন্নিবেদিত প্রসাদান্নদ্বারা শ্রাদ্ধ করিলে মুক্ত্যাদি মহাফল প্রাপ্তি হইয়া থাকে। অথবা শ্রাদ্ধাগ্রহ পরিত্যাগ করিয়া পিতৃবর্গের হিতার্থে বিশেষ ভক্তিসহকারে কেবল শ্রীভগবানের পূজা করিলেই স্বতঃ ফল-বিশেষ সিদ্ধ হইয়া থাকে। যেরূপ তরুর মূলদেশে জল সেচন করিলে তাহার স্কন্ধ, ভুজ, শাখা, প্রশাখাদির তৃপ্তি সাধত হইয়া থাকে ; তদ্রূপ শ্রীভগবানের তৃপ্তিতেই পিতৃগণের তৃপ্তি সাধিত হইয়া থাকেন। কর্মকাণ্ডীয় শ্রাদ্ধের রীতি-অনুসারে কেবল নিজে শ্রদ্ধাপূর্ব্বক অন্নাদি দান করিলেই শ্রীকৃষ্ণভক্ত কার্ষ্ণ বা সাত্বতজনের পিতৃগণের কখনো তৃপ্তি সাধন হয় না, ভগবদুচ্ছিষ্ট মহাপ্রসাদের অপেক্ষা করে, ইহাই তাৎপর্য্য। কর্ম্মকাণ্ডীয় বিদ্ধ শ্রাদ্ধে ব্রাহ্মণের

মুখে ভোজন করিয়া পিতৃগণ ও দেবগণ তৃপ্ত হন। যদি তাহাতে এত শ্রদ্ধা-ভক্তির পরাকাষ্ঠাই থাকে, তবে দর্ভময় ব্রাহ্মণ স্থাপনের প্রয়োজনীয়তা কি? সেস্থলে স্থূলকায় ব্রাহ্মণব্রুবকে বসাইয়া শ্রাদ্ধকার্য্য সম্পন্ন করা চলেনা কেন? সাত্ত্বত শ্রাদ্ধ-মতে শ্রীভগবানের তৃপ্তিতেই পিতৃগণ ও দেবগণ তৃপ্ত হইয়া থাকেন এবং মহাপ্রসাদ ভোজন করিয়াই কৃতার্থ হন। এই কারণবশতঃই শুদ্ধ সাত্ত্বত-শ্রাদ্ধবিধানে দর্ভময় ব্রাহ্মণ স্থাপনের প্রয়োজন হয় না। শ্রীভগবানের অর্চ্চামূর্ত্তি অথবা শ্রীশালগ্রাম স্থাপনই প্রশস্তবিধি।

"নৈবেদ্যং পরতো ন্যস্তং দৃষ্ট্বৈব স্বীকৃতং ময়া।
ভক্তস্য রসনাগ্রেণ রসমশ্নামি পদ্মজ।।" (ব্রহ্মপুরাণে)

শ্রীভগবান্ বলিয়াছেন, হে পদ্মযোনি! মদীয় শ্রীশালগ্রামাদি মূর্ত্তির সম্মুখে যে অন্ন অর্পিত হয় তাহা কেবল দর্শন-দ্বারাই স্বীকার করি, কিন্তু ভক্তজনের রসনাগ্রে তাহার রসাস্বাদন করিয়া থাকি।

"স্বার্চ্চনাদপি বিশ্বাত্মা প্রীতো ভবতি মাধবঃ।
দৃষ্ট্বা ভাগবতস্যান্নং স ভুঙ্‌ক্তে ভক্তবৎসলঃ॥
নারায়ণপরো বিদ্বান্ যস্যান্নং প্রীতমানসঃ।
অশ্নাতি তদ্ধরে রাস্যং গতমন্নং ন সংশয়ঃ॥" (লিঙ্গপুরাণ)

ভক্তবৎসল বিশ্বাত্মা শ্রীহরি নিজের অর্চ্চনা অপেক্ষাও বৈষ্ণবের অন্ন দর্শনে অধিক প্রীত হন এবং তাহা ভোজন করেন। হরিপরায়ণ সুধীব্যক্তি প্রসন্নচিত্তে যে অন্ন ভোজন করেন, সেই অন্ন নিঃসন্দেহে শ্রীহরির মুখপদ্মগত হইয়া থাকে।

"দৈবে পৈত্রে চ যো দদ্যাৎ বারিমাত্রন্তু বৈষ্ণবে।
সপ্তোদধি সমং ভূত্বা পিতৃণামুপতিষ্ঠতি॥"

দেবকার্য্যে বা পিতৃকার্য্যে বৈষ্ণবকে জলমাত্র অর্পণ করিলেও সেই জল সপ্তসাগর তুল্য হইয়া পিতৃগণের সমীপে উপনীত হয়। এইজন্যই বৈষ্ণবশ্রাদ্ধে অবৈষ্ণব ভোজন করান অধিক প্রশস্ত মনে করেন। এই কারণেই শ্রীমদ্ অদ্বৈতাচার্য্য প্রভু তদীয় পিতৃশ্রাদ্ধে শ্রীল হরিদাস ঠাকুরকে শ্রাদ্ধপাত্র অর্পণ করিয়া বলিয়াছিলেন, —"তুমি খাইলে হয় কোটী ব্রাহ্মণ ভোজন।"

"যো বিষ্ণু ভক্তান্ নিষ্কামান্ ভোজয়েৎ শ্রদ্ধয়ান্বিতঃ।
ত্রিসপ্তকুল-সংযুক্ত স যাতি হরি-মন্দিরম্॥" (নারদীয়ে)

যিনি শ্রদ্ধা ও ভক্তি সহকারে নিষ্কাম হরিভক্তগণকে ভোজন করান, তাঁহার একবিংশতি কুলসহ শ্রীহরিধামে গতি হয়। ব্রহ্মপুরাণে উক্ত হইয়াছে,—

"শঙ্খাঙ্কিত তনুর্বিপ্রো ভুঙক্তে যস্য চ বেশ্মনি।
তদন্নং স্বয়মশ্নাতি পিতৃভিঃ সহ কেশবঃ॥"

যাঁহার গৃহে শ্রীকৃষ্ণভক্ত "কার্ষ্ণ"বা সাত্বত ব্রাহ্মণ ভোজন করেন, সেই গৃহে শ্রীহরি স্বয়ং পিতৃগণের সহিত সেই অন্ন ভোজন করেন। তদনুকূলে স্মৃতিতে এইপ্রকার উক্ত হইয়াছে। যথা—

"সুরাভাণ্ডস্থ পীযুষং যথা নশ্যতি তৎক্ষণাৎ।
চক্রাঙ্করহিতং শ্রাদ্ধং তথা সতাতপোঽব্রবীৎ॥"

সতাতপ বলিয়াছেন—অমৃত সুরাভাণ্ডে স্থাপিত হইলে যেরূপ অপবিত্র হয় এবং পানানুপযুক্ত হইয়া উঠে, তদ্রূপ বিষ্ণু ও বৈষ্ণব-বিহীন শ্রাদ্ধেও সেইরূপ শুভ আশু বিনষ্ট হইয়া থাকে। সুতরাং যে-স্থলে সাত্বত বিধিমতানুসারে শ্রীভগবন্নিবেদিত মহাপ্রসাদান্ন-দ্বারা শ্রাদ্ধ সম্পন্ন হয়, সেই স্থলেই বৈষ্ণবগণ ভোজন করিয়া থাকেন। কর্ম্মকাণ্ডীয় প্রেতশ্রাদ্ধে বৈষ্ণবগণ ভোজন করেন না, তাহা ইতঃপূর্ব্বে বিবৃত হইয়াছে। উক্ত শ্লোকের টীকায় শ্রীল সনাতন গোস্বামিপাদ এই প্রকার অভিমত প্রকাশ করিয়াছেন,—

"এবং শ্রাদ্ধে অবশ্যং বৈষ্ণবভোজনাৎ বৈষ্ণবস্য চ ভগবন্নিবেদিতেনৈব শ্রাদ্ধাদিকমিতি প্রসিদ্ধং।"

সাত্বত-শ্রাদ্ধে যেরূপ বৈষ্ণব ভোজন করান বিশেষ কর্ত্তব্য, সেইরূপ ব্রাহ্মণ ভোজন করানও কর্ত্তব্য। বৈষ্ণবের ন্যায় ব্রাহ্মণও ভাগবতী-তনু ব্রাহ্মণের বদনেও "ভগবান্" ভোজন করিয়া তৃপ্ত হন, ইহা সত্য, কিন্তু অত্রি বলিয়াছেন,—

"ব্রহ্মতত্ত্বং ন জানাতি ব্রহ্মসূত্রেণ গর্ব্বিতঃ।
তেনৈব স চ পাপেন বিপ্রঃ পশুরুদাহৃতঃ॥"

যিনি ব্রহ্মতত্ত্ব না জানিয়া কেবলমাত্র সংস্কারের গর্ব্বে গর্ব্বিত হইয়া নিজকে ব্রাহ্মণ বলিয়া পরিচয় দেন, সেই পাপে তাঁহার নাম "পশুবিপ্র"। ধর্ম্মশাস্ত্রকার অত্রির মতে আরো ২৩ প্রকার ব্রাহ্মণের পরিচয় পাওয়া যায়।

বেদৈর্বিহীনাশ্চ পঠন্তি শাস্ত্রং
শাস্ত্রেণ হীনাশ্চ পুরাণ-পাঠাঃ।
পুরাণহীনাঃ কৃষিণো-ভবন্তি
ভ্রষ্টাস্ততো ভাগবতা ভবন্তি॥ (অত্রিসংহিতা ৩৭৪-৭৫)

বেদশাস্ত্রে দন্তস্ফুট করিতে অসমর্থ হইয়া তদনুগ ধর্ম্মশাস্ত্র পাঠ আরম্ভ করেন। ধর্ম্মশাস্ত্রে কৃতিত্ব লাভ করিয়া ফলোৎপন্ন করিতে অক্ষম হইয়া পুরাণ-বক্তা হন।

পুরাণাদির সারমর্ম্ম উদ্ঘাটন করিয়া লইতে অসমর্থতা ঘটিলে কৃষিকার্য্য-দ্বারাই জীবিকানির্ব্বাহ করা শ্রেয়ঃ মনে করেন। কৃষি-কার্য্যাদিতে শারিরীক পরিশ্রমে অপারক হইয়া পড়িলে ভাগবত-কথকরূপে নিযুক্ত হইয়া বৈষ্ণবের গুরু সাজিয়া অর্থোপার্জ্জনপূর্ব্বক আপনাকে মহাভাগবত বলিয়া প্রচার করাই জীবিকার উপায় স্থির করেন। এইপ্রকার ভণ্ডভাগবত ব্রাহ্মণ ভোজন করাইলে পিতৃগণের সহিত নরকেই নিমগ্ন হইতে হয়। ভক্তিপরায়ণ স্বধর্ম্মনিষ্ঠ ব্যক্তিই ব্রাহ্মণ নামে অভিহিত হন, যথা—"বশিষ্ঠাদি"। আবার ভক্তির প্রাধান্য বশতঃ বর্ণ-ব্রাহ্মণও "ব্রাহ্মণ" না হইয়া "বৈষ্ণব"। শ্রীনারদ, ব্রহ্মার পুত্র ব্রাহ্মণ না হইয়া বৈষ্ণব নামেই চির প্রসিদ্ধ। অতএব প্রকৃত ব্রাহ্মণত্ব যে বৈষ্ণবত্বেরই অধীন তাহা শাস্ত্র পাঠে বিশেষরূপেই অবগত হওয়া যায়। এই কারণেই একজন বৈষ্ণব ভোজন করাইলে ব্রাহ্মণ ও বৈষ্ণব—এই উভয়ের ভোজনের ফল লাভ হইয়া থাকে। তজ্জন্যই সাত্বত বিধানানুযায়ী শ্রাদ্ধে বৈষ্ণব-ভোজনের অধিক আবশ্যকতা ও বিশেষ মহিমা সূচিত হইয়াছে।

বিদ্ধশ্রাদ্ধে ও বিশুদ্ধ সাত্ত্বত-শ্রাদ্ধে কতিপয় মতানৈক্য

কর্ম্মকাণ্ডীয় বিদ্ধশ্রাদ্ধ ও বিশুদ্ধ সাত্বত বা বৈষ্ণব-শ্রাদ্ধে আরও একটী মতানৈক্য রহিয়াছে। বিদ্ধ স্মার্ত্ত-মতে শ্রীশ্রীবিষ্ণু-জয়ন্তী ও নিত্যব্রত শ্রীহরিবাসর বা একাদশীতে পিতৃগণকে পাপান্ন প্রদান করেন।

একাদশ্যাং যদা রাম শ্রাদ্ধং নৈমিত্তিকং ভবেৎ।
তদ্দিনে তু পরিত্যজ্য দ্বাদশ্যাং শ্রাদ্ধমাচরয়েৎ॥

(শ্রীহরিভক্তিবিলাস ১২।৬৯)

পদ্মপুরাণে বলিতেছেন,—হে রাম! একাদশীদিনে নৈমিত্তিক-শ্রাদ্ধ উপস্থিত হইলে সেই দিন পরিত্যাগ করিয়া দ্বাদশীতে শ্রাদ্ধ করিবে। এখানে নৈমিত্তিক শ্রাদ্ধ-শব্দে আদ্য শ্রাদ্ধাদি সর্ব্ববিধ শ্রাদ্ধকেই নির্দ্দেশ করিতেছেন বুঝিতে হইবে।

উক্ত শ্লোকের টীকায় শ্রীল সনাতন গোস্বামিপাদ বলিয়াছেন,—"একাদশ্যাং যদা রামেত্যাদিনা উপবাস-দিনে শ্রাদ্ধং নিষিদ্ধং" এই টীকায় দেখা যাইতেছে "শ্রাদ্ধ"-শব্দ সাধারণভাবে উল্লিখিত হইয়াছে, কোনও বিশেষ শ্রাদ্ধ বলিয়া নির্দ্দেশ করেন নাই, সুতরাং এতদ্দ্বারা সর্ব্ববিধ শ্রাদ্ধকেই বুঝাইতেছেন, যেহেতু তাহাতে শ্রাদ্ধশব্দ সাধারণভাবেই উল্লেখ করিয়াছেন, একাদশী-দিনে শ্রাদ্ধ করিলে তাহার যে বিষময় ফল, তাহাও বর্ণনা করিয়াছেন।

একাদশ্যাদৌ প্রসক্তং শ্রাদ্ধং তু পারণ-দিনে
কার্য্যং সূতকাদৌ যথা শ্রাদ্ধং সূতকাণ্ডে বিধীয়তে।
তথৈবৈকাদশী-শ্রাদ্ধং দ্বাদশ্যামেব কারয়েৎ॥

—স্মৃত্যর্থসাগর (মাধ্ব-স্মৃতিগ্রন্থ)

একাদশী প্রভৃতি উপবাস-দিনে শ্রাদ্ধ উপস্থিত হইলে উহা পারণদিনে করিতে হয়। যেমন জননাশৌচে শ্রাদ্ধ পড়িলে উহা অশৌচান্তে করিতে হয়, তেমনই একাদশী-দিনে শ্রাদ্ধ পড়িলে উহা দ্বাদশীতেই করিতে হয়। হারীত-স্মৃতি বলিতেছেন,

পিতৃশ্রাদ্ধং ন কুর্ব্বীত নোপবাস-দিনে ক্বচিৎ॥

উপবাস-দিনে কদাচ পিতৃশ্রাদ্ধ করিবে না।

যে কুর্ব্বন্তি মহীপাল শ্রাদ্ধং ত্বেকাদশীদিনে।
ত্রয়স্তে নরকং যান্তি দাতা ভোক্তা পরেতকঃ॥

(হঃ ভঃ বিঃ ১২।২৯)

হে রাজন্! একাদশী-দিনে শ্রাদ্ধ করিলে (১) দাতা (পিণ্ডদাতা), (২) ভোক্তা অর্থাৎ শ্রাদ্ধক্রিয়া-সম্পর্কীয় ব্রাহ্মণ এবং (৩) যাঁহার উদ্দেশে পিণ্ড দেওয়া হয় সেই পরলোক-গত ব্যক্তি—এই তিনজনকেই নরকে যাইতে হয়। একাদশী-দিনে শ্রাদ্ধ নিষেধের তাৎপর্য্য এই বুঝিতে হইবে যে, উপবাস-দিনে পিতৃপুরুষের পিণ্ডদান কোনক্রমেই সঙ্গত নহে, কেননা যে পিতৃপুরুষগণ আজীবনকাল পর্য্যন্ত নিত্যব্রত শ্রীএকাদশী-উপবাস করিয়া গিয়াছেন, তাঁহারা কিপ্রকারে সেই উপবাসদিনে পিণ্ডগ্রহণ করিবেন? তাঁহারা জানেন যে, শ্রীএকাদশী-ব্রতের দিন পিণ্ড গ্রহণ করিলে পিণ্ডগ্রহণকারীকেও নরকে পতিত হইতে হইবে এবং পিণ্ডদাতারও নরক-গমন অনিবার্য্য, যেহেতু শাস্ত্রের বিধানই হইতেছে—একাদশী-দিনে নিজেও ভোজন করিতে নাই বা অপরকে ভোজন করাইতে নাই, ভোজন কর—এই কথা কাহাকে বলিলেও মহাপাপ হয়; সুতরাং একাদশী-দিনে পিতৃপুরুষের ভোজনের জন্য পিণ্ডদান কিপ্রকারে সুসঙ্গত হইতে পারে? অতএব স্পষ্টই বুঝা যাইতেছে, উহা

সর্ব্বতোভাবেই অকর্ত্তব্য। এতদ্দ্বারা ইহাও বুঝিয়া লইতে হইবে যে আনুষঙ্গিক শ্রীজন্মাষ্টমী প্রভৃতি অন্যান্য ব্রতোপবাস দিনেও শ্রাদ্ধ নিষেধ করিতেছেন। এই কারণেই শ্রীকৃষ্ণসেবক কার্ষ্ণ বা সাত্বতজন দ্বাদশীতে পিতৃগণের প্রীতি উদ্দেশে শ্রীমহাপ্রসাদ অর্পণ করেন। শ্রীএকাদশী নিত্যব্রত আর 'শ্রাদ্ধ' নৈমিত্তিক ব্যাপার মাত্র। সুতরাং উপবাস-দিনে পিতৃগণকে গর্হিতান্ন প্রদানের নিমিত্ত বিদ্ধ-স্মার্ত্তগণের এতটা উৎকট আগ্রহ, ইহা সাত্বত মতের সহিত প্রতিযোগিতা বলিয়াই মনে হয়। সুধীজনগণ সহজেই উপলব্ধি করিতে পারিবেন। নিত্যব্রত উপেক্ষা করিয়া নৈমিত্তিক কর্ম্ম করা কতদূর সমীচীন ইহাও বিবেচনা করিয়া দেখিবেন। একাদশী মানব জীবনে সকলেরই নিত্যব্রত। যথা,—

ব্রাহ্মণ ক্ষত্রিয়বিশাং শূদ্রাণাঞ্চৈব যোষিতাং।
মোক্ষদাং কুর্ব্বতাং ভক্ত্যা বিষ্ণো প্রিয়তরং দ্বিজাঃ॥ (শ্রীনারদীয়ে)
গৃহস্থো ব্রহ্মচারী চ আহিতাগ্নির্যতিস্তথা।
একাদশ্যাং ন ভুঞ্জীত পক্ষয়োরুভয়োরপি॥ (অগ্নিপুরাণ)

হে দ্বিজগণ! ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র-নারীবৃন্দ যে কেহ হউন ভক্তিসহকারে এই হরি-প্রীতিকর একাদশীব্রত করিলে মোক্ষ লাভ করিতে পারেন। অতএব চারিবর্ণাশ্রীগণেরই একাদশী-ব্রত করা বিধেয়। গৃহস্থ ব্রহ্মচারী সাগ্নিক ও যতি সকলেই শুক্ল ও কৃষ্ণ এই উভয় পক্ষীয়া একাদশীতেই ভোজন করিবেন না। শ্রীএকাদশীব্রত কেবল বৈষ্ণবের জন্যই নির্দ্দিষ্ট—ইহা নহে, ইহা শাক্ত, শৈব, সৌরাদিরও নিত্য উপাস্য ব্রত।

"বৈষ্ণবো বাথ শৈবো বা কুর্য্যাদেকাদশী ব্রতম্।"(বিষ্ণুধর্ম্মে)
"বৈষ্ণবো বাথ শৈবো বা সৌরোঽপ্যে তৎ সমাচরেৎ॥" (সৌরপুরাণ)

বিধবা ও সধবা নারীগণেরও একাদশীব্রত পালন করা অবশ্য কর্ত্তব্য। যথা,—

বিধবা যা ভবেন্নারী ভুঞ্জীতৈকাদশী দিনে।
তস্যাস্তু সুকৃতিং নশ্যেদ্ ভ্রূণ-হত্যা দিনে দিনে॥ (কাত্যায়ন সংহিতা)

বিধবা নারী একাদশীব্রত পালন না করিলে তাহার সমস্ত পুণ্য নষ্ট হয় এবং সে প্রতিদিন ভ্রূণহত্যা পাপে লিপ্ত হয়। সধবাগণের কর্ত্তব্য। যথা,—

সপুত্রশ্চ সভার্য্যাশ্চ স্বজনৈ ভক্তিসংযুতঃ।
একাদশ্যামুপবসেৎ পক্ষয়োরুভয়োরপি॥ (বিষ্ণু ধর্ম্মোত্তরে)

ভক্তিযুক্ত হইয়া পুত্র, স্ত্রী ও স্বজনাদিসহ উভয় পক্ষীয়া একাদশীতেই উপবাসী থাকা কর্ত্তব্য। উক্ত শ্লোকেই প্রমাণিত হইতেছে যে সধবাগণও একাদশী ব্রতের অধিকার হইতে বঞ্চিত নহে।

দ্বৌ ভূতসর্গৌ লোকেঽস্মিন্ দৈব-অসুর এব চ।
বিষ্ণুভক্তঃ স্মৃতো দৈব আসুরস্তদ্বিপর্য্যয়ঃ॥ (পাদ্মে)

ইহ জগতে দুইপ্রকার জীব দৃষ্ট হইয়াছে—এক দৈব, অপর অসুর। যাঁহারা বিষ্ণুভক্ত তাঁহারাই দৈব, তাহার বিপরীত তাহারাই অসুরস্বভাব বুঝিতে হইবে।

ন মাং দুষ্কৃতিনো মূঢ়াঃ প্রপদ্যন্তে নরাধমাঃ।
মায়য়াপহৃদ জ্ঞানা আসুরং ভাবামাশ্রিতাঃ (গীঃ ৭।১৫)

মূঢ় দুষ্কৃতি-পরায়ণ অসুর সকল ভগবান্‌কে পায় না—কারণ সে সর্ব্বদা তাহার অহংয়ের তৃপ্তির জন্যই ব্যস্ত, তাহারা অহং ভাবনাকেই ভগবান্ বলিয়া প্রচার করে। ত্রিগুণময়ী মায়া-দ্বারাই তাহার মন ও সঙ্কল্পাদি পরিচালিত হয়। সেইজন্যই তাহারা আত্মতত্ত্ব ও ভগবত্তত্ব কোনটাই উপলব্ধি করিবার সামর্থ নহে। তাহারা কামনা-বাসনার দাসত্বে নিযুক্ত থাকে। এই কারণেই তাহারা ভগবানের দৈবীমায়া অতিক্রম করিতে পরে না। যাঁহারা ভগবানের শরণাগত হয়, তাঁহারা অনায়াসে সেই মায়া উত্তীর্ণ হইয়া থাকেন। যথা,—

দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যায়া।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে॥ (গীঃ ৭।১৪)

অর্জ্জুনকে উপলক্ষ্য করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণ এই শিক্ষা দিয়াছেন। যথা,—

তেষাং সতত যুক্তানাং ভজতাং প্রীতিপূর্ব্বকম্।
দদামি বুদ্ধিযোগং তং যেন মামুপযান্তি তে॥ (গীঃ ১০।১০)

যাঁহারা সততযুক্ত হইয়া প্রীতিপূর্ব্বক ভগবান্‌কে ভজনা করেন, তাঁহাদিগকেই ভগবান্ সেই বুদ্ধিযোগ প্রদান করেন, যদ্দ্বারা তাঁহারা শাস্ত্রাদির মুখ্য অর্থাৎ গূঢ়-অর্থ উপলব্ধি করিয়া ভগবান্‌কে পাইতে পারেন। ইহা ভগবান্ কৃষ্ণের শ্রীমুখ-বাণী ইহাতে বিন্দুমাত্রও সন্দেহ করিবার কারণ নাই। সধবা স্ত্রীলোকদিগেরও উভয় পক্ষের একাদশী ব্রত করা অবশ্যই কর্ত্তব্য।

"যথা শুক্লা তথা কৃষ্ণা বিশেষো নাস্তিকশ্চন।" (নারদীয়ে)
'একাদশ্যামুপবশ্যেৎ পক্ষয়োরুভয়োরপি॥' (বরাহে)

যাহারা মোহবশতঃ শুক্লা ও কৃষ্ণা উভয় একাদশীতে ভেদ দর্শন করে, তাহারা ঘোর পাতকী। কালিকাপুরাণে উক্ত হইয়াছে,—

"সর্ব্বেষামিহ পাপানামাশ্রয়ঃ স তু কীর্ত্তিতঃ।
বিবেচয়তি যো মোহাদেকাদশ্যৌ সিতাসিতে॥"

অপিচ গরুড় পুরাণে,—

"শুক্লা বা যদি বা কৃষ্ণা বিশেষো নাস্তি কশ্চন।
বিশেষং কুরুতে যস্তু পিতৃহা স প্রকীর্ত্তিতঃ॥"

শুক্লা বা কৃষ্ণা একাদশীতে কোন ভেদ নাই। ভেদজ্ঞান করিলে পিতৃঘাতী হয়। দুঃখের বিষয় এই যে,—কর্ম্মজড়-স্মার্ত্তগণ শাস্ত্রাদির এতাদৃশ নিষেধ বচন থাকা সত্ত্বেও পিতৃগণের তৃপ্তি সাধন উদ্দেশে শুক্লা বা কৃষ্ণা একাদশীর ভাগ কল্পনা করিয়া কৃষ্ণা-একাদশীতেই শ্রাদ্ধ করিবার বিধান করিয়াছেন ; শ্রীকৃষ্ণভক্ত কার্ষ্ণ বা সাত্বতগণ যাহা অবৈধ বিবেচনা করিয়া পরিত্যাগ করিয়াছেন, কর্ম্মজড়-স্মার্ত্তগণ তাহাই যেন বিশেষ আগ্রহসহকারে গ্রহণ করিয়াছেন। ইহা কম আশ্চর্য্যের বিষয় নহে।

"য ইচ্ছেদ্বিষ্ণুনা বাসং পুত্র-সম্পদমাত্মনঃ।
একাদশী যুপবসেৎ পক্ষয়োরুভয়োরপি॥"

যে-ব্যক্তি বিষ্ণুলোকে বাস ও পুত্র-সম্পত্তি লাভে বাসনা করেন, তাঁহাদের উভয় পক্ষীয়া একাদশীতেই উপবাস করা কর্ত্তব্য। অতএব উপবাস-দিনে কদাচ শ্রাদ্ধ করা যে বিধেয় নহে, এ-বিষয়ে আর অধিক বলাই বাহুল্য। পিতৃগণ শ্রীবিষ্ণু-দিনে অর্থাৎ শ্রীহরিবাসরাদির উপবাসদিনে কখনই পাপান্নযুক্ত শ্রাদ্ধ গ্রহণ করেন না। কারণ একাদশী-দিনে যাবতীয় পাপই অন্নকে আশ্রয় করে।

যানি কানি চ পাপানি ব্রহ্মহত্যা সমানি চ।
অন্নমাশ্রিত্য তিষ্ঠন্তি সংপ্রাপ্তে হরিবাসরে॥ (নারদীয়ে)

শ্রীহরিবাসর সমাগত হইলে ব্রহ্মহত্যাদি নিখিল পাতকসমূহ অন্নকে আশ্রয় করে।

"সোঽশ্নাতি পার্থিবং পাপং যোঽশ্নাতি মধুভির্দ্দিনে।"

সুতরাং একাদশীতে অন্ন ভোজন করিলে ধরণীস্থ নিখিল পাতকই ভোজন করা হয়।

"এক এব নরঃ পাপী নরকে নৃপ গচ্ছতি।
একাদশ্যান্ন-ভোজী যঃ পিতৃভিঃ সহ মজ্জতি॥"

পাপী ব্যক্তি একাই নরকে গমন করে, কিন্তু যে ব্যক্তি একাদশীতে অন্ন ভোজন করে, তাহার পিতৃগণের সহিত নরক গমন হইয়া থাকে। সনৎকুমার সংহিতায় উক্ত হইয়াছে,—

একাদশ্যাং মুনিশ্রেষ্ঠ শ্রাদ্ধে ভুঙ্‌ক্তে নরো যদি।
প্রতিগ্রাসং স ভুঙ্‌ক্তে তু কিল্বিষং মূত্রবিন্ময়ং॥

হে মুনিশ্রেষ্ঠ! একাদশীতে বা একাদশী তিথি বিহিত শ্রাদ্ধে ভোজন করিলে প্রতিগ্রাসে মল-মূত্র ও পাপ ভোজন করা হইয়া থাকে। পদ্মপুরাণ উত্তরখণ্ডে এইরূপ উল্লেখ হইয়াছে,—

"একাদশ্যাস্তু প্রাপ্তায়াং মাতাপিত্রোর্মৃতেঽহনি।
দ্বাদশ্যাং তৎ প্রদাতব্যং নোপবাসদিনে ক্বচিৎ॥
গর্হিতান্নং ন চাশ্নন্তি পিতরশ্চ দিবৌকসঃ॥"

মাতাপিতার মৃতাহে একাদশীতে কদাচ শ্রাদ্ধ করিবে না, বরং দ্বাদশীতে শ্রাদ্ধ করিবেন। কারণ, দেবগণ ও পিতৃগণ উপবাস-দিনে গর্হিতান্ন অর্থাৎ পাপ সংমিশ্রিতান্ন গ্রহণ করেন না।

"একাদশী সদা নিত্যা শ্রাদ্ধং নৈমিত্তিকং ভবেৎ।
উপবাসং তদা কুর্য্যাদ্দ্বাদশ্যাং শ্রাদ্ধমাচরেৎ॥" (স্কন্দপুরাণ)

একাদশী নিত্য-ব্রত, কিন্তু শ্রাদ্ধ নৈমিত্তিক অনুষ্ঠান মাত্র, অতএব একাদশীতে উপবাস থাকিয়া দ্বাদশীতে শ্রাদ্ধ করা কর্ত্তব্য।

এইজন্যই ব্রহ্মবৈবর্ত্ত পুরাণে বিশেষভাবেই উক্ত হইয়াছে,—

যে কুর্ব্বন্তি মহীপাল শ্রাদ্ধং ত্বেকাদশী-দিনে।
ত্রয়স্তে নরকং যান্তি দাতা ভোক্তা পরেতকঃ॥

একাদশী দিনে শ্রাদ্ধ করিলে দাতা, ভোক্তা ও পরলোকগত ব্যক্তি এই তিনজনেরই নরকে গমন হইয়া থাকে। সূক্ষ্মদৃষ্টি-সম্পন্ন সুধী বিচক্ষণ মাত্রেই অবৈদিক বিদ্ধ-স্মার্ত্তশ্রাদ্ধ ও বৈদিক বিধানে বিশুদ্ধ সাত্বত বা বৈষ্ণব-শ্রাদ্ধের পার্থক্য ও তারতম্য বিচার করিলে কোন্‌টি বিশেষ কল্যাণপ্রদ তাহা উপলব্ধি করিতে পারিবেন।

"শ্রুতি-স্মৃতি-পুরাণাদি পঞ্চরাত্র-বিধিং বিনা।
ঐকান্তিকী হরের্ভক্তিরুৎপাতায়ৈব কল্প্যতে॥" (ব্রহ্মযামল)

দৈববর্ণাশ্রমী সাত্বত বা বৈষ্ণবগণকে অবশ্যই বেদবিধি মানিতে হইবে, কিন্তু সেই বিধি হরিভক্তির অনুকূলে হওয়া প্রয়োজন। শ্রুতি-স্মৃতির বিধান উপেক্ষা করিয়া উৎকট হরিভক্তি প্রদর্শন করিলেও শ্রীভগবানের আজ্ঞা লঙ্ঘন হেতু তাহাও উৎপাতের কারণ হইয়া থাকে।

শ্রাদ্ধ-কাণ্ড

পিতৃযজ্ঞ সাধারণতঃ দুইভাগে বিভক্ত যথা,—পিতৃ-তর্পণ ও পিতৃ-শ্রাদ্ধ। যে অনুষ্ঠান-দ্বারা পিতৃবর্গ তৃপ্ত হন তাহাকে পিতৃ-তর্পণ বলা হয় এবং শ্রীভগবন্নিবেদিত প্রসাদান্নাদি-দ্বারা শ্রদ্ধা-সহকারে পিতৃগণের অর্চ্চনা করা হয় তাহার নাম শ্রাদ্ধ। এই শ্রাদ্ধ কর্ম্মটিও আবার দুইভাগে বিভক্ত। পিতৃ সাধারণের উদ্দেশে যাহা কৃত হয় তাহার নাম পার্ব্বণ-শ্রাদ্ধ এবং কেবল একজনের উদ্দেশে যে অনুষ্ঠান কৃত হয় তাহাকে বলা হয় একোদ্দিষ্ট। আবার কোন মাঙ্গলিক কার্য্যের জন্য প্রারম্ভে যে শ্রাদ্ধ কৃত হয় তাহার নাম আভ্যুদায়িক বা বৃদ্ধি শ্রাদ্ধ।

এই শ্রাদ্ধটি রাক্ষসীকালের পূর্ব্বে করাই উচিত, কিন্তু কেবলমাত্র বিবাহাদি-কার্য্যে রাক্ষসীকালেও করা যাইতে পারে। একদিনে অনেকগুলি কর্ম্মানুষ্ঠান কৃত হইলে একবার নান্দীমুখ শ্রাদ্ধ করিলেই চলিবে। কিন্তু অবিভক্ত সহোদরগণের পক্ষে একই দিবসে তাহাদের পুত্রকন্যার বিবাহাদি হইলে তাহাদের পৃথক্‌ভাবে আভ্যুদায়িক শ্রাদ্ধ করা কর্ত্তব্য। স্ত্রীলোকের পক্ষে এই শ্রাদ্ধের অধিকার নাই। স্ত্রীলোক তীর্থাদি হইতে প্রত্যাগত হইয়া পিতৃদেবগণের প্রীতি কামনায় ভোজ্যাদি উৎসর্গ করিতে পারেন।

সাধারণ শ্রাদ্ধকাল নিরূপণ

প্রাতঃকালে প্রথম ৩ দণ্ডের মধ্যে ও সায়াহ্নে শেষ ৪ দণ্ডের মধ্যে শ্রাদ্ধকৃত্য সমাপ্ত করিতে হইবে। কিন্তু বিবাহ-কার্য্যে রাত্রিকালেও বৃদ্ধিশ্রাদ্ধ করা যাইতে পারে। প্রাতঃকালেই বৃদ্ধিশ্রাদ্ধের মুখ্যকাল হইলেও প্রথম দেড় মুহূর্ত্ত বা ৩ দণ্ডকাল বাদ দেওয়া কর্ত্তব্য। আবার বিষ্ণু-জয়ন্তী বা একাদশীতে শ্রাদ্ধের দিন উপস্থিত হইলে,এমনকি আদ্য-শ্রাদ্ধ উপস্থিত হইলেও একাদশীতে উপবাসী থাকিয়া দ্বাদশীতে শ্রাদ্ধ করা কর্ত্তব্য, যেহেতু একাদশীতে পিতৃদেবগণ অন্নভোজন করেন না।

সাম্বাৎসরিকাদি শ্রাদ্ধ জন্ম-মরণাশৌচ-দ্বারা বিঘ্নপ্রাপ্ত, অথবা রোগাদি-দ্বারা বিঘ্ন, কিম্বা অজ্ঞতা বশতঃ শ্রাদ্ধ পতিত হইলে তাহাও দ্বাদশীতে হওয়াই কর্ত্তব্য। কেবলমাত্র রজঃস্বলা শৌচ থাকিলে পত্নী পঞ্চমদিবসে শ্রাদ্ধ করিতে পারেন।

মৃত ব্যক্তির মৃত্যু-তিথি জানা না থাকিলে কেবল মাস জানা থাকিলে সেই মাসের দ্বাদশী অথবা যে কোন শুভ তিথিতে (একাদশী ব্যতীত) শ্রাদ্ধ করা যাইতে

পারে। কাহারো পক্ষে যদি মাস না জানা থাকে, কেবল তিথি জানা থাকিলে আষাঢ়, ভাদ্র, অগ্রহায়ণ ও মাঘ মাসের সেই তিথিতে শ্রাদ্ধ হইতে পারিবে। মাস ও তিথি কিছুই জানা না থাকিলে উক্ত মাস চতুষ্টয়ের যে কোন বিহিত তিথিতে শ্রাদ্ধ করা যাইবে। কিন্তু কদাচ একাদশীতে শ্রাদ্ধ কর্ত্তব্য নহে। কর্মজড়-স্মার্ত্ত-প্রধানগণ একাদশীতে শ্রাদ্ধ করিয়া বা করাইয়া পিতৃদেবগণ সহ নিজেরাও নরক গমন করিয়া থাকে।

অশৌচ-ব্যবস্থা

শিববিষ্ণুর্চ্চনে দীক্ষা যস্য চাগ্নি-পরিগ্রহঃ।
ব্রহ্মচারী যতীনাঞ্চ শরীরে নাস্তি সূতকম্॥ (বিষ্ণুস্মৃতি)

এই সমস্ত প্রমাণদ্বারা স্পষ্টভাবেই জানাইয়া দিতেছেন যে, শ্রীকৃষ্ণভক্ত 'কার্ষ্ণ' বা সাত্বত বৈষ্ণবগণের শরীরে কোনরূপ অশৌচের সম্ভাবনা থাকিতে পারে না, তথাপি সদাচারী গৃহস্থবৈষ্ণবগণ যথারীতি দশম দিনে কেশ-মুণ্ডনাদি (শিখা মুণ্ডন ও কণ্ঠীমালা ত্যাগ নিষিদ্ধ) করিয়া স্নান করতঃ বিষ্ণু-পাদোদক পান করিবেন এবং সেই দিন একাহারী থাকিয়া কম্বলাদি আসনে শয়ন করিবেন। একাদশ দিনে ব্রাহ্মমূহুর্ত্তে স্নান করিয়া নিত্য কর্ম্মের পর আমন্ত্রিত গুরুদেব ও বৈষ্ণবগণের অনুমতি লইয়া শ্রীভগবদর্চ্চনা করিয়া সেই প্রসাদ-দ্বারা শ্রাদ্ধ করিবেন। শ্রাদ্ধকালে বৈষ্ণব- ব্রাহ্মণগণের দ্বারা শ্রীমদ্ভাগবত, শ্রীবিষ্ণুসহস্রনাম, শ্রীগোপাল-সহস্রনাম, শ্রীমদ্ভগবদ্গীতা ও বৈদিকশ্রাদ্ধ সূক্তাদি সঙ্কল্প করিয়া পাঠ করাইবেন। কৃতি গোটা সুপারী, পান, পৈতা, ফুল ও মালা দিয়া পাঠককে বরণ করিবেন। তৎকালে শ্রীহরিনাম সঙ্কীর্ত্তন অবশ্য কর্ত্তব্য।

গ্রন্থ পাঠের সঙ্কল্প

যে গ্রন্থ পাঠের সঙ্কল্প করিতে হইবে তাহার প্রথম শ্লোকের প্রথম চরণ ও শেষ শ্লোকের শেষ চরণ উল্লেখ করিয়া সঙ্কল্প করিতে হইবে। যেমন শ্রীরাসপঞ্চাধ্যায়ে পাঠ সম্বন্ধে সঙ্কল্প—

ওঁ বিষ্ণুরোম তৎসদদ্য অমুক মাসি অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রঃ অহং অমুক গোত্রস্য নিত্যধামগতস্য অমুকস্য*(মৃত ব্যক্তির নাম) স্বাভীষ্ট-ধামে

* স্ত্রীলোক হইলে "অমুক গোত্রায়াঃ নিত্যধামগতায়াঃ অমুকী সেব্যাঃ" (মৃতার নাম) এইরূপ পাঠ হইবে।

শ্রীভগবৎপাদপদ্ম-সেবা কামনায় "শ্রীবাদরায়ণি উবাচ,—ভগবানপি তা রাত্রীঃ" ইত্যারভ্য "হৃদোগমাশ্বপাহিনোতচিরেণ ধীর" ইত্যন্ত শ্রীরাসপঞ্চাধ্যায় পাঠ-কর্ম্ম করিষ্যামি।

কৃতি নিজে করিলে "করিষ্যে" বলিবেন। এইরূপে সকল কর্ম্মের সঙ্কল্প করিতে হইবে। পাঠ শেষে অন্তঃ শ্লোকটি ৩ বার পাঠ করিবেন এবং নিম্নলিখিত মন্ত্রে অচ্ছিদ্রাবধারণ করিবেন। যথ,—

ওঁ যদক্ষরং পরিভ্রষ্টং মাত্রাহীনঞ্চ যদ্ভবেৎ।
পূর্ণং ভবতু তৎসর্ব্বং ত্বৎ প্রসাদাজ্জনার্দ্দন॥

অতঃপর কৃতি দক্ষিণান্তে করিলে পাঠক কৃতির মস্তকে গ্রন্থ-স্পর্শ করিবেন।

অশৌচকালে কর্ত্তব্য

অশৌচকালে বৈদিক সন্ধ্যা, অধ্যয়ন, হোম ও তর্পণাদি কর্ম্মজড়-স্মার্ত্তাচারে নিষিদ্ধ থাকিলেও বিশুদ্ধ বৈষ্ণব বা শ্রীকৃষ্ণসেবক কার্ষ্ণগণের কোনপ্রকার নিষিদ্ধ নহে। যেহেতু তাঁহাদের শরীরে ও মনে কোনরূপ অশৌচ স্পর্শ করিতে পারে না। এমনকি দীক্ষাকালে কেহ যদি বাহ্য উপচারে আজীবন শ্রীবিগ্রহপূজা করিবার সঙ্কল্প করিয়া থাকেন, তবে তিনি বাহ্যিক পূজাও করিতে পারেন। শ্রীবিষ্ণু-জয়ন্তী বা একাদশী প্রভৃতি নিত্য-ব্রত উপস্থিত হইলে তাহাও অবশ্য কর্ত্তব্য জানিবেন। আগমাদি শাস্ত্র-প্রমাণগুলিও প্রত্যক্ষ লক্ষ্য করিবার জন্য উদ্ধৃত করা হইল। যথা আগমে—

"অথ সূতকিনঃ পূজাং বক্ষ্যাম্যাগমচোদিতাং।
স্নাত্বা নিত্যঞ্চ নির্ব্বর্ত্য মনসা ক্রিয়ায় তু বৈ॥
বাহ্য পূজাক্রমেনৈব ধ্যানযোগেন পূজয়েৎ।
যদা কামী নচেৎ কামী নিত্য পূর্ব্ববদাচরেৎ॥"
যথা সঙ্কল্পিতং সম্যক্ ব্রতং বিষ্ণু পরায়ণৈঃ।
কর্ত্তব্যঞ্চ তথৈবেহস্নাত্বা সংশয় বর্জ্জিতঃ॥ (পাদ্মে)
পরমাপদাপন্নে হর্ষে বা সমুপস্থিতে।
সূতকে মৃতকে চৈব ন ত্যাজ্যং দ্বাদশীব্রতম্॥
মৃতকে তু ন ভুঞ্জীত একাদশ্যাং সদা নরঃ॥"

(হঃ ভঃ বিঃ ধৃত বচনম্)

ঐকান্তিক নিষ্ঠাযুক্ত সাত্বতজন শ্রাদ্ধকার্য্যে তিল ও কুশ ব্যবহার না করিয়া তিলের পরিবর্ত্তে যব এবং কুশের পরিবর্ত্তে দুর্ব্বা ব্যবহার করিবেন। পাত্রের জন্য কলার খোলা ব্যবহার করিতে পারেন। তথাপি যদি কেহ ইহাতে আপত্তি বোধ করেন তাঁহারা তৎপরিবর্ত্তে কলারপাতা অথবা স্বর্ণ, রজত, কাংস্য, তাম্র, শঙ্খ ও মৃন্ময়-পাত্র কিম্বা পলাশ ও পদ্মপাত্র ব্যবহার করিতে পারেন। যথা গৌতমীতন্ত্রে—

তাম্রপাত্রঞ্চ বিপ্রর্ষে বিষ্ণোরতি প্রিয়ং মতং।
তথৈব সর্ব্বপাত্রাণাং মুখ্যং শঙ্খং প্রকীর্ত্তিতম্॥
মৃৎপাত্রঞ্চ তথা প্রোক্তং স্বর্ণং বা রজতং তথা।
পঞ্চপাত্রং হরেঃ শুদ্ধং নান্যত্তত্র নিয়োজয়েৎ॥

পুনশ্চ—

হৈরণ্যং রজতং তাম্রং কাংস্যং মৃন্ময়মেব চ।
পলাশং পদ্মপত্রঞ্চ পাত্রং বিষ্ণোরতি প্রিয়ং॥

—হঃ ভঃ বিঃ ধৃত স্কন্দ-বচনম্

৩৬ অঙ্গুলি দৈর্ঘ্য পাত্র উত্তম, ২৪ অঙ্গুলি মধ্যম, ১২ অঙ্গুলি অধম। কদাচ ৮ অঙ্গুলির ন্যূন পাত্র ব্যবহার উপযোগী নহে।

আসন্ন মৃত্যুকালে কর্ত্তব্য

শ্রীকৃষ্ণভক্ত কার্ষ্ণগণের দেহত্যাগের পর শ্রীকৃষ্ণনাম-ধাম প্রাপ্তি হইয়া থাকে।

যান্তি দেবব্রতা দেবান্ পিতৃন্ যান্তি পিতৃব্রতাঃ।
ভূতানি যান্তি ভূতেজ্যাঃ যান্তি মদ্‌যাজিনোঽপি মাম্॥ (গীতা ৯/২৫)

দেবতা পূজকগণ দেবলোক প্রাপ্ত হন, পিতৃপূজকগণ পিতৃলোক, ভূতপূজক ভূতলোক, কৃষ্ণপূজকগণ কৃষ্ণলোকই প্রাপ্ত হন, ইহাতে কোন সন্দেহ নাই। অতএব বৈষ্ণবগণের যমলোক গমন করিতে হয় না। এমনকি তপ্ত সলিলা বৈতরণী নদী পারের জন্য আসন্ন মৃত্যুকালে বৈতরণী কৃত্য ধেনু (সবৎসা গাভী) অর্থাৎ গোদান করিবার প্রয়োজন হয় না। তবে শ্রীকৃষ্ণের প্রীতি উদ্দেশে গোদান করিতে পারেন। শ্রীগুরুদেব, বৈষ্ণব ও পুরোহিতকে যথাসাধ্য স্বর্ণ, রৌপ্য, ভূমি ও বস্ত্রাদিসহ লবণ সমন্বিত ভোজ্য দান করিতে পারেন। *এই দানের কালাকাল বিচার নাই।

* বিষ্ণুদেহে-সমুদ্ভূতো যতোঽয়ং লবণোরসঃ।
বিশেষাপ্লবণং দানং তেন সংশন্তি যোগিনঃ॥
আতুরাণাং যদা প্রাণাঃ প্রয়ন্তি বসুধাতলে।
লবণন্তু তদাপেয়ং দ্বারস্যোদ্ঘাটনং দিবঃ॥ —গরুড়পুরাণ

কোনপ্রকার অশৌচাদির বাধা নাই। এই দান মহাফলপ্রদ। মুমূর্ষু ব্যক্তি স্বয়ং দান কার্য্যে অসমর্থ থাকিলে পুত্রাদি প্রতিনিধি দ্বারাও কার্য্য করাইতে পারেন।

দানের রীতি ※

কৃতী পূর্ব্বমুখে উপবেশন করিয়া দানের দ্রব্যগুলি নিকটে স্থাপন করিবেন। যথারীতি শ্রীবিষ্ণুর অর্চ্চনা করনান্তর—

কৃতী "ওঁ বিষ্ণু" ইত্যাদি মন্ত্রে আচমন ও স্বস্তি-বচনাদি করিয়া সবস্ত্র ভোজ্যসহ লবণ (একসরা) দান করিবেন। হস্তে গন্ধপুষ্প ও জল লইয়া—"ওঁ এতন্মৈ সোপকরণ-ভোজ্যেসহ বিষ্ণুদেহোদ্ভুত লবণায় নমঃ" বলিয়া অর্চ্চনা করিবেন। পরে—"ওঁ এতদধিপতয়ে শ্রীবিষ্ণবে নমঃ" বলিয়া গন্ধপুষ্প দ্বারা অর্চ্চনা করিবেন। অনন্তর 'এতৎ সম্প্রদানায় সাত্বত ব্রাহ্মণায় নমঃ" বলিয়া জলের প্রোক্ষণ করিবেন, পরে হস্তে জল ও পুষ্প লইয়া এই মন্ত্রে উৎসর্গ করিবেন।

'বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুক মাসি অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রস্য অমুক দেবস্য (মুমূর্ষু ব্যক্তির নাম) দেহান্তরে স্বাভীষ্ট নিত্যধামে শ্রীকৃষ্ণ-সেবানন্দ-সিদ্ধি-কাম এতৎ সোপকরণ ভোজ্যেসহ বিষ্ণুদেহোদ্ভুতং সর্ব্বরসোত্তমং লবণরসং গন্ধাদ্যর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং যথানাম গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদামি।'

পরে দক্ষিণান্ত করিবেন। মন্ত্র যথা—"বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুক মাসি অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রস্য অমুক দেবশর্ম্মণঃ (মুমূর্ষু ব্যক্তির নাম) লোকান্তরে স্বাভীষ্ট (শ্রীকৃষ্ণ ধামে) নিত্যধামে শ্রীকৃষ্ণ-সেবানন্দ-সিদ্ধি-কাম্যয়া কৃতৈতৎ সভোজ্য-লবণ-দান কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্য শ্রীবিষ্ণুদৈবতং যথানাম গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদামি।"

সুবর্ণদান-পক্ষে

এতস্মৈ সুবর্ণায় (সুবর্ণ মূল্যায় বা) নমঃ
এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ
এতৎ সম্প্রদানায় সাত্বত ব্রাহ্মণায় নমঃ
(শ্রীগুরুদেবকে দান করিতে হইলে, 'শ্রীগুরবে নমঃ' পাঠ করিতে হইবে)

※ সাধারণতঃ মুমূর্ষুকালে দান-কার্য্যাদি প্রতিনিধি দ্বারাই সম্পন্ন করাইতে হয়। এজন্য প্রতিনিধির প্রয়োগই লিখিত হইল। স্বয়ং দান করিতে সক্ষম থাকিলে ষষ্ঠী বিভক্তির স্থলে প্রথমা বিভক্তি হইবে। যথা—'অমুক গোত্রাস্য অমুক দেবস্য' স্থলে 'অমুক গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা' হইবে।

বলিয়া পূর্ব্ববৎ অর্চ্চনা করিবেন। পরে—অদ্যেতাদি অমুক গোত্রস্য অমুক দেবশর্ম্মণঃ লোকান্তরে স্বাভীষ্ট নিত্যধামে গমনপূর্ব্বক শ্রীভগবৎ সেবা সিদ্ধি কামনয়া কৃতৈতৎ সুবর্ণ দান কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং যথানাম গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় (শ্রীগুরবে) অহং সম্প্রদদামি। রৌপ্য, ভূমি, গাভী ও বস্ত্রাদি দানের রীতি একই প্রকারে বুঝিতে হইবে।

তৎপরে,—অচ্ছিদ্রাবধারণ করিবেন। মন্ত্র যথা—"ওঁ শ্রীকৃষ্ণ-প্রীতিকামঃ কৃতৈতৎ আসন্ন মৃত্যুকালে দান কর্ম্মণি অচ্ছিদ্রানি সন্তু।" পুরোহিত বলিবেন, 'ওঁ সন্তু' পরে তাম্রপাত্র বা শঙ্খস্থজলে হাত রাখিয়া "ওঁ বিষ্ণুরোম্ অদ্য অমুক মাসি অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা অহং শ্রীকৃষ্ণ-প্রীতিকামঃ কৃতেঽস্মিন্ সভোজ্য লবণ সুবর্ণাদি দান কর্ম্মযু যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষ প্রশমণায় ওঁ শ্রীকৃষ্ণ-স্মরণ অহং করিষ্যে" বলিয়া-১২বার শ্রীকৃষ্ণ-মন্ত্র জপ করিবেন, অথবা ১২বার "ওঁ বিষ্ণু" উচ্চারণ করিবেন। শ্রীমদ্ভগবদ্গীতা, শ্রীমদ্ভাগবত পাঠ ও শ্রীহরিনাম অবশ্য কর্ত্তব্য। এই দান-কর্ম্ম আসন্নমৃত্যুর ৪/৫ দিন পূর্ব্বেও করিতে পারা যায়।

আসন্নমৃত্যু ব্যক্তির প্রায়শ্চিত্ত বিধান

যদিও শ্রীকৃষ্ণভক্ত কার্চ্ছগণের দেহে কোনরূপ পাতক, মহাপাতক ও অতিপাতকাদি কর্ম্ম প্রত্যবায়ের সম্ভাবনা নাই। যেহেতু তাহারা শ্রীকৃষ্ণে অনন্যশরণ ও সর্ব্বদা শ্রীহরিনামপরায়ণ বলিয়া উক্ত শোচ্যকর্ম্মের জন্য প্রায়শ্চিত্তার্হ নহেন। তথাপি রুগ্ন বা মুমূর্ষু ব্যক্তির জন্মান্তরীণ পাতকাদি-সম্ভূত কোন প্রায়শ্চিত্তার্হ ব্যাধি থাকিলে সাত্বত-শাস্ত্রানুকূলে তাঁহার শুদ্ধি বিধান লিখিত হইতেছে। যথা,—

"দৈববশান্মহাপাতকাদিপাতকোপপাতকানুপাতকাদি-কর্ম্ম-প্রত্যবায় পরিহারার্য্যং যৎ প্রায়শ্চিত্তং তদপি বৈষ্ণবস্য নাস্তি। কিন্তু চকারদেব তৎ প্রাপ্যতে। কিং তৎ চ—কেবলং শ্রীগুরুগোবিন্দস্তদভাবে তৎ পত্ন্যাস্তদভাবে তৎপুত্রাৎ তদভাবে সতীর্থ-গুরুভ্রাতুস্তদভাবে সজাতীয়ানন্যশরণসাধুতঃ পুনঃ পঞ্চসংস্কারপূর্ব্বক শ্রীভগবৎ-নামমন্ত্রগ্রহণং পুনঃ সংস্কারাতিশয় শুদ্ধস্য তস্য শ্রীবিষ্ণুপূজনং তন্নামাদি শ্রবণকীর্ত্তন স্মরণবন্দনাদিপূর্ব্বক মহোৎসবাদিকং করণীয়ম্"। (সৎক্রিয়াসার-দীপিকা)

অর্থাৎ দৈববশতঃ সংঘটিত পাতক, মহাপাতক, অতিপাতক, উপপাতক, অনুপাতকাদি কর্ম্মের প্রত্যবায় পরিহারের জন্য যে-সকল (কর্ম্মজড়-স্মার্ত্ত-বিধানোক্ত) প্রায়শ্চিত্ত তাহা বৈষ্ণবের কর্ত্তব্য নহে। কিন্তু চ-শব্দের দ্বারা অন্যবিধ

প্রায়শ্চিত্তের ফলপ্রাপ্তি সূচিত হইতেছে। যথা,— শ্রীগুরুগোবিন্দ, তদভাবে তৎপত্নী, তদভাবে তৎপুত্র, তদভাবে সতীর্থ গুরুভ্রাতা, তদভাবে স্বজাতীয়াশয় অনন্যশরণ সাধু হইতে পুনঃ পঞ্চসংস্কারপূর্ব্বক শ্রীভগবন্নামমন্ত্র গ্রহণ, পুনঃ সংস্কারে অতিশয় শুদ্ধ হইয়া বিষ্ণুপূজা এবং শ্রীভগবন্নামের শ্রবণ-কীর্ত্তন-স্মরণ-বন্দনাদি পূর্ব্বক মহোৎসবাদি কর্ত্তব্য।

পঞ্চ-সংস্কার

তাপঃ পুণ্ড্রং তথা নাম মন্ত্রো যাগশ্চ পঞ্চমঃ।
অমী হিঃ পঞ্চসংস্কারঃ পরনৈকান্তিহেতবঃ॥

পঞ্চ সংস্কার যথা,—তাপ, পুণ্ড্র, নাম, মন্ত্র ও যাগ—এই পাঁচটি সংস্কার পরম ঐকান্তিক লাভের হেতু। এস্থলে তাপ বলিতে তপ্ত চক্রাদির মুদ্রা ধারণকে বুঝাইয়া থাকে, ইহা দ্বারা হরিনামাদির মুদ্রাও উপলক্ষিত স্মৃতিতে তদ্রূপ আছে—যিনি চন্দনাদি দ্বারা হরিনামাক্ষর মুদ্রা অঙ্গে ধারণ করেন, তিনি লোকপাবন হইয়া শ্রীহরিধাম প্রাপ্ত হন। পণ্ডিত ব্যক্তি প্রত্যহ গোপীচন্দন-দ্বারা দেহে চক্রাদি ধারণ করিবেন। শ্রীনারায়ণ মন্ত্রে দীক্ষার তপ্তমুদ্রা ধারণের বিধি আছে। কিন্তু শ্রীকৃষ্ণোপাসক সকল কৃষ্ণভক্তের পক্ষে গোপীচন্দনাদি দ্বারা শ্রীকৃষ্ণনামের শীতল মুদ্রা ধারণ বিহিত। "তাপঃ পুণ্ড্র" ইত্যাদি বাক্য পদ্মপুরাণের উত্তরখণ্ডে দৃষ্ট হয়। এই তাপাদির নাম পঞ্চসংস্কার। 'তাপছত্র' ইত্যাদি শ্লোক হইতে তাপাদির ব্যাখ্যা। 'তেন' ইত্যাদি বাক্যের তাৎপর্য্য এই—তাপাদি ধারণের বিধিহেতু তপ্ত-চক্রমুদ্রাদি ধারণ কলি-কলুষিতচিত্ত ব্যক্তিগণের পক্ষে দুঃসাধ্য বিচার করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণচৈতন্যদেব পতিত জীবের উদ্ধার মানসে প্রাচীন আর্য্যগণেরও স্বীকৃত-চন্দনাদি-দ্বারা ভগবানের নাম-মুদ্রাদি ধারণের বিধান করিয়াছেন। ইহা পঞ্চসংস্কার বাক্যে তপ্তচক্রাদি ধারণ শব্দে উপলক্ষিত হইয়াছে। "পুণ্ড্র" অর্থে হরিমন্দিরাদি তিলক। হলায়ুধ বলেন,—তমালপত্রের চিত্রযুক্ত তিলকের পর্য্যায়শব্দ বিশেষক পুণ্ড্র। যদিও শয়নাদি দ্বাদশীতে ইহা ধারণ বিহিত, তথাপি অধুনা শিষ্টাচারাভাবে তাহার ব্যবহার নাই।

সংস্কার-বিধান

পূর্ব্বদিন উপবাস অথবা (অনুকল্প) দুগ্ধ ও ফলাদি গ্রহণ করিয়া পরদিন কেশ মুণ্ডন (শিখা মুণ্ডন নহে) করিয়া জলাশয়ে গমনে অশক্ত থাকিলে গৃহেতেই স্নান

করিবেন। স্বয়ং গুরুদেব মন্ত্র পাঠ করাইয়া এই সকল ক্রিয়া সম্পন্ন করিবেন। প্রথমে স্নানীয় জলে তীর্থ আহ্বান করিবেন, যথা—

ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি।
নর্ম্মদে সিন্ধো কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু॥

পরে "ওঁ বিষ্ণু" ইত্যাদি মন্ত্রে আচমন করিয়া সঙ্কল্প করিবেন। "বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুক মাসি অমুক পক্ষে অমুক তিথৌ শ্রীকৃষ্ণপ্রীতিকামঃ পঞ্চ-সংস্কারাঙ্গ তীর্থ স্নানমহং করিষ্যে।" পরে তীর্থদেবতাকে প্রার্থনা করিবেন।

পাপাহং পাপকর্ম্মাহং পাপাত্মা পাপ-সম্ভবঃ।
ত্রাহিমাং পুণ্ডরীকাক্ষ সর্ব্বপাপ হরো-হরিঃ॥

সেই তীর্থজল ৭ বার মস্তকে প্রোক্ষণ করিয়া পরে করন্যাস ও অঙ্গনাস করিবেন। যথা,—'ক্লীং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, ক্লীং তর্জ্জনিভ্যাং স্বাহা, ক্লীং মধ্যমাভ্যাং বষট্, ক্লীং অনামিকাভ্যাং হুং, ক্লীং কনিষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্। ক্লীং হৃদয়ায় নমঃ, ক্লীং শিরসে স্বাহা, ক্লীং শিখায়ৈ বষট্, ক্লীং কবচায় হুং, ক্লীং নেত্রায় বৌষট্, ক্লীং করতল-করপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।

ক) গোপীচন্দন-দ্বারা শঙ্খচক্রাদি মুদ্রা ধারণ।

খ) ঊর্দ্ধপুণ্ড্র ধারণ—গোপীচন্দন-দ্বারা ললাটাদি ক্রমে দ্বাদশ অঙ্গে তিলক ধারণ করিবেন। তৎপরে দ্বাদশ আদিত্যের সহিত কেশবাদি দ্বাদশ নামন্যাস করিয়া অবশেষে মস্তকে কিরীট মন্ত্র ন্যাস করিতে হইবে।

মূর্ত্তিপঞ্জর বা নামন্যাস

১। ললাটে—ওঁ অং ধাতৃ সহিতায় কেশবায় কীর্ত্ত্যৈ নমঃ।
২। উদরে—ওঁ আং অর্য্যমা সহিতায় নারায়ণায় কান্তৈ নমঃ।
৩। বক্ষস্থলে—ওঁ ইং মিত্রসহিতায় মাধবায় তুষ্ট্যৈ নমঃ।
৪। কণ্ঠে—ওঁ ঈং বরুণসহিতায় গোবিন্দায় পুষ্ট্যৈ নমঃ।
৫। দক্ষিণ কুক্ষিতে—ওঁ উং অংশুসংহিতায় বিষ্ণবে ধৃত্যৈ নমঃ।
৬। দক্ষিণ বাহুতে—ওঁ ঊং ভগসহিতায় মধুসূদনায় শান্ত্যৈ নমঃ।
৭। দক্ষিণ কন্ধরে—ওঁ ঋং বিবস্বান্সহিতায় ত্রিবিক্রমায় ক্রিয়ায়ৈ নমঃ।
৮। বাম কুক্ষিতে—ওঁ ৯ং ইন্দ্রসংহিতায় বামনায় দয়ায়ৈ নমঃ।
৯। বাম বাহুতে—ওঁ এং পুষ্যা-সহিতায় শ্রীধরায় মেধায়ৈ নমঃ।
১০। বামকন্ধরে—ওঁ ঐং পর্জ্জন্যসহিতায় হৃষীকেশায় হর্ষায়ৈ নমঃ।

১১। পৃষ্ঠে—ওঁ ওং ত্বষ্টা-সহিতায় পদ্মনাভায় শ্রদ্ধায়ৈ নমঃ।

১২। কটিদেশে—ওঁ ঔং বিষ্ণুসহিতায় দামোদরায় লজ্জায়ৈ নমঃ।

মস্তকে—ওঁ অং আং ইং ঈং উং ঊং ঋং ৯ং এং ঐং ওং ঔং বাসুদেবায় নমঃ। অতঃপর মস্তকের উরে "কিরীট" মন্ত্র ন্যাস করিবেন। যথা,—"ওঁ শ্রী-কিরীট-কেয়ূর-হার-মকর-কুণ্ডল-চক্র-শঙ্খ-গদা-পদ্ম-হস্ত পীতাম্বরধর শ্রীবৎসাঙ্কিত-বক্ষঃস্থল শ্রীভূমি-সহিত স্বাত্মজ্যোতির্দীপ্তি করায় সহস্রাদিত্য তেজসে নমো নমঃ।"

গ) নাম—শ্রীহরে কৃষ্ণাদির নামমুদ্রা গোপীচন্দনদ্বারা কপালে, বক্ষে, বাহুমূলে ধারণ এবং কৃষ্ণদাসাখ্য নাম ধারণের প্রার্থনা করিবে। যথা—

শ্রীকৃষ্ণস্য পদদ্বন্দ্বং যেষাংহৃৎ-কর্ণিকালয়ে।
তেষাং দাসানুদাসোঽহং প্রসীদন্তু সদৈব হি॥

ঘ) মন্ত্র—অষ্টাদশাক্ষর অভীষ্ট মন্ত্র গুরুদেব শিষ্যের বামকর্ণে প্রদান করিবেন। অগ্রে "হরেকৃষ্ণাদিনাম" মহামন্ত্র প্রদান করিয়া পরে অভীষ্ট মন্ত্র প্রদান করাই কর্ত্তব্য।

ঙ) যাগ—"শ্রীশালগ্রামাদি পূজা যাগ-শব্দেন কথ্যতে।" অতঃপর প্রথমে শ্রীগুরুপূজা করিয়া পরে "শ্রীবিষ্ণুপূজা" এবং মহাপ্রসাদ-দ্বারা ব্রাহ্মণ, বৈষ্ণব ও জীবসাধারণের সেবাদি অবশ্য করণীয়। ইহাই সাত্বত বিধানানুসারে পারমার্থিক প্রায়শ্চিত্ত।

পাতক ব্যাধি-নির্ণয় ও তাহার ব্যবস্থা

লঘুগুরু-ভেদে পাতক চারি-প্রকার। যথা,—অতিপাতক, মহাপাতক, উপপাতক ও পাতক।

১। অতিপাতক—সম্ভূত ব্যাধি—অর্শ ও গলিতকুষ্ঠ।

২। মহাপাতক—সমুদ্ভব রোগসমূহ—

"কুষ্ঠঞ্চ রাজযক্ষ্মা চ প্রমেহোগ্রহণী তথা।
মূত্রকৃচ্ছাস্মরী কাসা অতিসার-ভগন্দরৌ॥
দুষ্টব্রণং গণ্ডমালা পক্ষাঘাতোঽক্ষিনাশনং।
ইত্যেব মান্নয়ো রোগাঃ মহাপাপোদ্ভবাঃ মতাঃ"॥

কুষ্ঠ (শ্বেতকুষ্ঠ সর্ব্বাঙ্গিক হইলে অতিপাতক), রাজযক্ষ্মা, রক্তপিত্ত, প্রমেহ, গ্রহণী, মূত্রকৃচ্ছ্র, অশ্মরী, কাস, মহাশ্বাস, অতিসার, ভগন্দর, মহমূত্র, দুষ্টব্রণ

(ক্ষতনালী), গণ্ডমালা, পক্ষাঘাত, অন্ধত্ব, উন্মাদ, বাতোদর, কুনখী, শ্যাবদন্ত, প্রবলশোথ এবং দুশ্চর্ম্মা—এই সকল মহাপাপোদ্ভব বলিয়া কথিত।

৩। উপপাতক সমুদ্ভূত রোগ—

"জলোদর যকৃৎপ্লীহা শূলরোগ ব্রণানি চ।
শ্বাসাজীর্ণ জ্বরচ্ছর্দ্দ ভ্রমমোহ-গলগ্রহাঃ।
রক্তার্ব্বুদ বিসর্পাদ্যা উপপাপোদ্ভবাঃ সদাঃ॥"

জলোদর, যকৃৎ, প্লীহা, শূললোগ, মধ্যম ব্রণ, শ্বাসরোগ, জীর্ণজ্বর, ছার্দ্দ (বমি), ভ্রম (ঘূর্ণি), মোহ, গলগণ্ড, রক্তার্ব্বুদ, বিসর্প (চর্ম্মরোগ বিশেষ)—ইহারা উপপাপোদ্ভব বলিয়া কথিত। উক্ত পাপমোচন করিবার জন্য শুদ্ধভক্ত বৈষ্ণবগণ যথাসাধ্য শ্রীবিষ্ণুপূজা করিয়া দান উৎসর্গ করাই কর্ত্তব্য।

পাপ মুক্তিতে দানোৎসর্গ-বিধি

কৃতী স্বয়ং অথবা প্রতিনিধিদ্বারা দানের কার্য্য সম্পন্ন করিতে পারিবেন। প্রাতঃ চারিদণ্ড কালান্তে আড়াই প্রহর মধ্যে উক্ত কার্য্য প্রশস্থ। অতঃপর স্নানান্তে পূর্ব্বমুখে উপবেশনপূর্ব্বক দানীয় রজতখণ্ডের পাত্র বা (তদ্‌মূল্য) শ্রীনারায়ণের সম্মুখে রাখিয়া যথোপচারে শ্রীনারায়ণের অর্চ্চনা করিবেন। এই সময়ে প্রায়শ্চিত্তাঙ্গ একটী ভোজ্যোৎসর্গ করাও কর্ত্তব্য। তারপর—

"ওঁ নমঃ ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণহিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥"

—মন্ত্রে নারায়ণকে প্রণাম করিয়া দানীয় পাত্র বা মূল্য যাহা ব্যবস্থিত হইয়াছে, তাহা উল্লেখ করিয়া সেই পাত্র ধরিয়া অর্চ্চনা করিবেন। (যেমন ৯৫ কাহন ব্যবস্থা হইলে)—"এতৎ পঞ্চদশ কার্ষাপণী লভ্য রজত খণ্ড্যেভ্যো নমঃ, এতৎ অধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ।" এতৎ সম্প্রদানায় সাত্ত্বত ব্রাহ্মণায় নমঃ" বলিয়া ৩ বার জলের প্রোক্ষণ করিবেন। তৎপরে নিম্নলিখিত মন্ত্রে উৎসর্গ করিবেন—বিষ্ণুরোম্ তৎসদস্য অমুক মাসি অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা (প্রায়শ্চিত্তার্হ ব্যক্তি নিজের নাম, প্রতিনিধি-দ্বারা হইলে অমুক গোত্রস্য শ্রীঅমুক দেবশর্ম্মণঃ হইবে) অমুক রোগ-সংসুচিত-জন্মান্তরীণ অমুক পাতক শেষ-পাপ ক্ষয়ার্থং শ্রীবিষ্ণুপ্রীতি-কামঃ *কার্ষাপণী-লভ্য-রজতখণ্ডমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং যথানাম

* ব্যাসস্থাপত্রানুযায়ী কত কার্য্যাপণ তাহা উল্লেখ করিতে হইবে।

গেত্রেভ্যো বা শ্রীগুরু সাত্বত ব্রাহ্মণেভ্যো অহং দদে।' প্রতিনিধি হইলে "দদানি" বলিবেন। এই দানীয় বস্তুসকল ও অর্থাদি যথাযোগ্যভাবে শ্রীগুরুদেব, পুরোহিত ও উপস্থিত সাত্বতজনের মধ্যে বিতরণ করিয়া দেওয়াই কর্ত্তব্য। দক্ষিণান্ত—

"ওঁ বিষ্ণুরোমদ্য অমুক মাসি অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা (প্রায়শ্চিত্তকারী ব্যক্তির নাম) অমুক রোগ সংসূচিত-জন্মান্তরীণ অমুক পাতক শেষ-পাপ ক্ষয়ার্থং শ্রীবিষ্ণু-প্রীতি কামনায় কৃতৈতৎ (এতৎ) কার্ষাপণীলভ্য রজত-দান কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামেতৎ কাঞ্চনমূল্যং রজতখণ্ডমচ্চিতং শ্রীবিষ্ণু-দৈবতং যথানাম গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদে।

গো-গ্রাস দানের ব্যবস্থা

তৎপরে গো-গ্রাস দান করিবেন। একটী গাভী আনাইয়া,—"এতৎ পাদ্যং ওঁ গবে নমঃ" বলিয়া পাদ-প্রক্ষালনপূর্ব্বক তাঁহার শৃঙ্গে তৈল, হরিদ্রা, ও কপালে সিন্দুর দিয়া উহার অর্চ্চনা করিবেন। তৎপরে পরিস্কার ঘাস, বংশপত্র, কদলী ও তণ্ডুলাদি খাদ্য-দ্রব্য মস্তকে করিয়া লইয়া যাইবেন এবং নিম্নোক্ত মন্ত্র পাঠান্তে খাইতে দিবেন।

"ওঁ সৌরভেয্য সর্ব্বহিতাঃ পবিত্রাঃ পুণ্যরাসয়।
প্রতিগৃহ্ণন্তু মে গ্রাসং গাবস্ত্রৈলোক্য মাতরঃ॥"

গাভী দ্রব্যাদি প্রীতির সহিত ভক্ষণ করিলে বুঝিতে হইবে প্রায়শ্চিত্ত সিদ্ধ হইয়াছে। নতুবা পুনরায় প্রায়শ্চিত্ত করা কর্ত্তব্য জানিবেন। পরে প্রণাম করিবেন।

"ওঁ নমো গোভ্যঃ শ্রীমতীভ্য সৌরভেয়ীভ্য এব চ।
নমো ব্রহ্মসুতাভ্যশ্চ পবিত্রাভ্যো নমো নমঃ॥"

প্রায়শ্চিত্তান্তে ঐ দিবসেই কমপক্ষেও ৩ জন সাত্বত ব্রাহ্মণ-ভোজন করান কর্ত্তব্য। স্থানাভাবে অসুবিধা ঘটিলে ভোজন-দক্ষিণাদিসহ ভোজ্যোপকরণাদি তাঁহাদের নিজ বাটীতে পাঠাইয়া দেওয়া আবশ্যক।

শব-দাহ প্রকরণ

মৃত ব্যক্তির শব-দেহকে বস্ত্রদ্বারা আচ্ছাদন করিয়া শ্মশানে লইয়া যাইবেন। দাহস্থানটি পরিস্কার করিয়া তাহাতে কুশাস্তৃর্ণ করিয়া শবকে উত্তরদিকে শির করিয়া শোয়াইয়া শবদেহে ঘৃত মাখাইয়া নিম্ন মন্ত্রে স্নান করাইতে হইবে। যথা—

ওঁ গয়াদীনি চ তীর্থানি যে চ পুণ্যা শিলোচ্চয়াঃ।
কুরুক্ষেত্রঞ্চ গঙ্গাঞ্চ সরিদ্বরাম্॥

কৌশিকী চন্দ্রভাগাঞ্চ সর্ব্বপাপ প্রণাশিনীম্।
ভদ্রাবকাশং সরয়ূং গণ্ডকীং পনসাং তথা॥
বৈণবঞ্চ বরাহঞ্চ তীর্থং পিণ্ডারকং তথা।
পৃথিব্যাং যানি তীর্থাণি চতুরঃ সাগরস্তথা॥
ধ্যাত্বা তু মনসা সর্ব্বে কৃতস্নানং গদায়ুষম্॥

—এই মন্ত্রদ্বারা স্নান সমাপনান্তে নববস্ত্র পরিধান করাইয়া (সংস্কার প্রাপ্ত হইলে যজ্ঞোপবীত) উত্তরীয়, শ্রীনাম-মালিকা, তুলসী-পত্রের মালা, পুষ্পমালা, গোপীচন্দনদ্বারা দ্বাদশ স্থানে তিলকে বিভূষিত করিয়া তুলসী মিশ্রিত মহাপ্রসাদ মুখে প্রদান করিবেন। (কোন কোন মতে তৎসহ স্বর্ণখণ্ড ব্যবস্থা দেন) সুতরাং * চিতাপিণ্ড দানের প্রয়োজন হয় না। তৎপর চন্দনাদি কাষ্ঠরচিত চিতায় পুরুষকে উপুর ও স্ত্রীলোককে চিৎ করিয়া শয়ন করাইতে হয়। সুতিকা বা রজঃস্বলা স্ত্রী-শবকে তিল ও পঞ্চগব্য মিশ্রিত জলদ্বারা নিম্নলিখিত মন্ত্রপাঠ করিয়া স্নান করাইতে হইবে। পঞ্চগব্য মন্ত্রপাঠ, যথা,—

১। গোমূত্রে—ওঁ তৎসবিতুর্ব্বরেণ্যং ভর্গোদেবস্য ধীমহি ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ ওঁ।

২। গোময়ে—ওঁ গন্ধদ্বারাং দুবাধর্ষাং নিত্যপুষ্টাং করিষিণী ঈশ্বরীং সর্ব্বভূতানাং তামিহোপহ্বয়ে শ্রিয়ম্।

৩। দুগ্ধে—আপ্যায়মস্ব সমেতু তে বিশ্বতঃ সোম বৃষ্ণ্যং। ভবা বাজস্য সঙ্গমে॥

৪। দধিতে—ওঁ দধিক্রাব্নোহকার্ষং জিষ্ণোরশ্বস্য বাজিন।
সুরভিনো মুখাকরৎ প্রাণ আয়ুংসি তার্ষৎ॥

৫। ঘৃতে—ওং ঘৃতবতী ভুবনাশামভিশ্রিয়োর্ব্বী পৃথ্বি মধুদুঘে সুপেষশা।
দ্যাবা পথিবী বরুণস্য ধর্ম্মাণা বিস্কভিতে অজরে ভূরি রেতসা॥ ওঁ আপোহিষ্ঠাময়োভূবস্তান উর্জ্জেদধাতন। মহেরণায় চক্ষুসে। ওং যো বঃ শিবঃ তমো রসস্তস্য ভাজয়তেহ নঃ উশতীরিব মাতরঃ।

---

* "ব্রাহ্মণ-সর্ব্বস্ব"-কার হলায়ুধ ও কর্ম্মজড় রঘুনন্দনের মতেই চিতা-পিণ্ডদানের ব্যবহার দেখা যায়। কিন্তু বৈদিক পারম্পর গৃহ্য সূত্রের ভাষ্যকার হরিহর ও "প্রেতমঞ্জরীর" মতে চিতা-পিণ্ডের ব্যবস্থা নাই। সৎক্রিয়াসার-দীপিকা বিশুদ্ধ সাত্বত-মতে তুলসীপত্রসহ শ্রীমহাপ্রসাদ প্রদানই কর্ত্তব্য।

সাধারণ শবদেহ স্নানমন্ত্র যথা—"ওঁ মহাবামদেব্য ঋষিঃ বিরাট্ গায়ত্রীছন্দঃ বিষ্ণুর্দেবতা শান্তি কর্ম্মণি জপে বিনিয়োগঃ। ওঁ কয়া নশ্চিত্র আভুব দুতী সদা বৃধঃসখা। কয়া ন বিষ্টয়াহবৃতা।

ওঁ ভদ্রং কর্ণেভিঃ শৃণুয়াম্ দেবান্ ভদ্রং পশ্যেমাক্ষিভির্যজত্যাঃ। স্থিরৈ রক্ষৈস্তষ্টু বাংসস্তনূভির্ব্ব্যশেম দেবহিতং যদায়ুঃ।

স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি ন পুষাঃ বিশ্বদেবাঃ স্বস্তি ন অনন্তার্ক্ষোহরিষ্ট নেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দধাতু॥ ওঁ শান্তিরোম দ্যৌঃ শান্তি অন্তরীক্ষং শান্তিঃ পৃথিবী শান্তি আপঃ শান্তিঃ ঔষধয়ঃ শান্তিঃ বনস্পতয়ঃ শান্তিঃ বিশ্বদেবাঃ শান্তিঃ ব্রহ্ম শান্তিঃ সর্ব্বং শান্তিঃ শান্তিরেব শান্তিঃ সা মা শান্তি রেধি। ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ॥" স্নানান্তে নববস্ত্র পরিধান করাইয়া দাহাদি কার্য্য করিতে হয়। সধবা স্ত্রীলোককে রক্তবস্ত্র পরিধান বিধেয়। গর্ভবতী স্ত্রীলোকের গর্ভস্থিত সন্তানকে উদর ভেদপূর্ব্বক বাহির করিয়া মৃত সন্তানকে পৃথক্ স্থানে প্রোথিত করিতে হইবে। সগর্ভা শবকে দাহ করিবেন না। দাহাধিকারী ব্যক্তি যিনি, তিনি স্নান বা মস্তকে জলস্পর্শ করিয়া পবিত্রভাবে দক্ষিণ স্কন্ধে উপবীত ও উত্তরীয় ধারণ করিয়া—"ওঁ দেবাশ্চাগ্নিমুখাঃ সর্ব্বে হুতাশনং গৃহীত্বা এনং দহন্তু"—বলিয়া বামহস্তে অগ্নি গ্রহণ করিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিতে করিতে চিতার উপর শবকে ৭ বার প্রদক্ষিণ করিবেন—

ওঁকৃত্বা তু দুস্করং কর্ম্মং জানতা বাপ্যজানতা।
মৃত্যুকাল বাশাৎ প্রাপ্য 'নরং' পঞ্চত্বমাগতম্॥
ওঁ ধর্ম্মাধর্ম্ম সমাযুক্তং লোভমোহ সমাবৃতং।
দহেয়ং সর্ব্ব গাত্রাণি দিব্যান্ স গচ্ছতু॥

স্ত্রীলোকের পক্ষে 'নর' স্থলে 'নারী' পাঠ এবং বিশেষণ পদে স্ত্রীলিঙ্গের বিভক্তি হইবে। পরে দক্ষিণমুখ হইয়া শবের মস্তকে অগ্নি দিবে। দাহকার্য্যের কিছুসময় অবশিষ্ট থাকিতে ৭ খানি কাঠ লইয়া (প্রাদেশ প্রমাণ) পুত্র বা উত্তরাধিকারী ব্যক্তি চিতার বিপরীত দিকে মুখ ফিরাইয়া চিতা প্রদক্ষিণ করিয়া ৭ বার সাতখানি কাঠ চিতায় নিক্ষেপ করিবেন এবং "ওঁ ক্রব্যাদায় নমস্তুভ্যাং" মন্ত্র পাঠ করিয়া কুঠার দ্বারা চিতা-কাষ্ঠের উপর ৭ বার আঘাত করিয়া দাহকার্য্য সমাপ্ত করিবেন। গঙ্গাদি তীর্থ সলিলে দেহভস্ম নিক্ষেপার্থে কিঞ্চিৎ অস্থি সংগ্রহ করিয়া মৃত্তিকা-পিণ্ডে পুরিয়া রাখিবেন। পরে দাহকেরা প্রত্যেকেই তিন বা সাত কলসী জল ঢালিয়া

চিতাগ্নি নির্ব্বাণ করিবেন। তৎপরে একটি কলসীতে জলপূর্ণ করিয়া চিতার উপরে বসাইয়া একখানি অস্ত্র-দ্বারা বামহস্তে পশ্চাৎ ফিরিয়া কলসীটি ছিদ্র করিয়া দিয়া দাহকেরা বামাবর্ত্তে স্নানার্থ জলাশয়ে গমন করিবেন।, পশ্চাৎ ফিরিয়া চিতা দর্শন করিবেন না। পরে সকলে জলে অবতরণ করিয়া দক্ষিণমুখে "ওঁ অপ নঃ শোস্তুচদখং" এই মন্ত্র বলিয়া বামহস্তের অনামিকা-দ্বারা জল অলোড়ন করিয়া স্নান করিবেন। স্নানান্তে আচমন করিয়া দক্ষিণমুখে দাঁড়াইয়া নিম্ন মন্ত্রে ৫ বার অঞ্জলি জল মৃতের উদ্দেশে দিয়া তর্পণ করিবেন। মন্ত্র যথা,—"ওঁ অমুক গোত্রং স্বাভীষ্ট-নিত্যধামঃ প্রস্থিতং অমুক দেবশর্ম্মণঃ এতৎ সলিলোদকাঞ্জলিনা তর্পয়ামি।" তৎপরে পুত্রাদি শ্রাদ্ধাধিকারীগণ নূতন উত্তরীয়সহ পবিত্র বস্ত্র পরিধান করিবেন।

পূর্ব্ব হইতে গৃহদ্বারের সমীপে একটী পাত্রে নিম্বপত্র, তুলসী ও মহাপ্রসাদ, দুর্ব্ব ও ঘৃতযুক্ত শ্বেত-সরিষা এবং এক ঘটি জল, একখণ্ড শিলা ও ঘুটে দ্বারা অগ্নি রক্ষা করিবেন। দাহকারীগণ গৃহদ্বারে আসিয়া নিম্বপত্র দন্তে কাটিয়া আচমন করিয়া পরে তুলসীসহ মহাপ্রসাদ ভোজন করিয়া—"ওঁ অমৃতা পাপং সময়তু" বলিয়া দুর্ব্বা স্পর্শ করিবেন। শ্বেত-সরিষা অঙ্গে প্রক্ষেপ করিয়া—"ওঁ অশ্মেব স্থিরো ভূয়াসম্" বলিয়া শিলাখণ্ডে পদার্পণ করিবেন এবং অগ্নি স্পর্শ করিয়া—"ওঁ অগ্নির্নঃ শর্ম্ম যচ্ছতু" বলিবেন। নিঃসম্পর্কীয় শবদাহীরা কেবল অগ্নি স্পর্শ বা ঘৃত ভোজন করিলেই হইবে।

শ্রাদ্ধকাল পর্য্যন্ত করণীয়

পিতামাতা পুত্রের মহাগুরু, স্ত্রীলোকের মহাগুরু স্বামী, অবিবাহিতা কন্যার মহাগুরু পিতামাতা এবং আচার্য্য গুরু। মহাগুরুজনের মৃত্যু হইলে প্রথমে ত্রিরাত্র উপবাসই বিধি ; অসমর্থ পক্ষে এক অহোরাত্র উপবাস করিবেন। তারপর অশৌচান্তকাল পর্য্যন্ত দিবসে হবিষান্ন ভোজন করিবেন। রাত্রিতে ফলমূলাদি ও দুগ্ধ ভোজন করিতে পারেন। শ্রীকৃষ্ণসেবক-কার্ষ্ণ বা সাত্বতগণ নিত্য-সেবিত শ্রীবিগ্রহের অর্চ্চনা ও পূজাও করিতে পারিবেন। শ্রীকৃষ্ণের উদ্দেশে যাহা অর্পণ করা হইবে সেই মহাপ্রসাদই ভোজন করিবেন।

গঙ্গায় অস্থিনিক্ষেপ প্রণালী

গঙ্গায় স্নানান্তে আচমন করিয়া উত্তর মুখে এক গণ্ডুষ জল লইয়া সঙ্কল্প করিবেন, —"ওঁ বিষ্ণুরোমদ্য অমুক মাসি অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রস্য

নিত্যধামগতস্য অমুক দেবশর্ম্মণঃ এতানি অস্থিনি শ্রীবিষ্ণু-প্রীতিকামো গঙ্গায়াং নিক্ষেপয়ামি।" অনন্তর দক্ষিণ স্কন্ধে যজ্ঞোপবীত ধারণ করিয়া দক্ষিণ হস্তে কিঞ্চিৎ মৃত্তিকা লইয়া তন্মধ্যে স্বর্ণ, ঘৃত-মধু ও অস্থি প্রবিষ্ট করাইয়া দক্ষিণ মুখে "ওঁ নমোঽস্তু নারায়ণায়" বলিয়া জলে গাত্র ডুবাইয়া,—

"ওঁ সমে প্রীতো ভবতু" ※ বলিয়া গভীর জলে নিক্ষেপ করিবেনএবং পুনরায় স্নান করিবেন। এস্থলে কোন ব্রাহ্মণ উক্ত মন্ত্রাদি পাঠ করাইলে তাঁহাকে দক্ষিণা দিয়া ভোজন করাইতে পারেন। রাত্রিকালেও গঙ্গায় অস্থি বিসর্জ্জনে কোন বাধা নাই। মৃত্যুর পর ৪র্থ দিবসে বা শ্রাদ্ধকাল-মধ্যে অস্থি বিসর্জ্জন করাই সঙ্গত। অসমর্থপক্ষে সপিণ্ডীকরণ বা সাম্বাৎসরিক শ্রাদ্ধের পূর্ব্বে অস্থি বিসর্জ্জন করিতে পারেন।

অশৌচ-বিচার

জননাশৌচ বা মৃতাশৌচ ইহার কোনটাই শ্রীকৃষ্ণভক্ত কার্ষ্ণ বিশুদ্ধ সাত্ত্বতগণের মনকে স্পর্শ করিতে পারে না। কেবলমাত্র লোকাচার রক্ষা করিবার জন্য কর্ম্মকাণ্ডীয় বিধির আনুগত্য স্বীকার করিয়া লওয়া হইয়াছে। ইহাতে "সাত্ত্বতজনের" ১০ দিন অপবিত্র না হইয়াও বিশেষ আচারানুষ্ঠান করেন মাত্র।

দশাহেন সাপিণ্ড্যাস্তু শুদ্ধ্যন্তি মৃতসূতকে।
ত্রিরাত্রেণ সাকুল্যাস্তু স্নাত্বা শুদ্ধন্তি গোত্রজাঃ॥

মৃতের সহিত যাঁহাদের "সাপিণ্ড" সম্বন্ধ আছে তাহাদের ১০ দিন, যাঁহারা "সাকুল্য" তাঁহাদের ত্রিরাত্রি, আর যাঁহারা "গোত্রজ" তাঁহারা স্নানান্তেই শুদ্ধ হইবেন। দূরবর্ত্তী স্থলে যেদিন অশৌচ শ্রবণ করিবেন, সেইদিন হইতে অবশিষ্টকাল পর্য্যন্ত অশৌচ গ্রহণ করাই বিধি। অশৌচকাল গত হইয়া যাইবার পর শ্রবণ করিলে সপিণ্ডগণের সেইদিন হইতে ত্রিরাত্র অশৌচ হইবে। কিন্তু বৎসরান্তে শ্রবণ করিলে মাত্র একদিন অশৌচ হইবে। মহাগুরু নিপাতে অশৌচ অতিক্রান্ত হইবার সংবাদ শুনিলেও "পুত্রাদি" পূর্ণাশৌচ এবং বৎসরান্তে শুনিলেও ত্রিরাত্র অশৌচ পালন করিবেন। দুই বৎসর পর্য্যন্ত কন্যার মৃত্যুতে পিতামাতা ও সপিণ্ডগণের সদ্যঃ

※ নিজেকে লইয়া ঊর্দ্ধ ৭ম পুরুষ পর্য্যন্ত "জ্ঞাতি"। জ্ঞাতির সন্তানগণই "সপিণ্ড" ১০ম পুরুষ পর্য্যন্ত "সাকুল্য" এবং ১৪শ পুরুষ পর্য্যন্ত জ্ঞাতিকে "সমানোদক" তাহার পরবর্ত্তী সন্তানগণই "গোত্রজ" নামে অভিহিত হন।

শৌচ হয়। দুই বৎসরের পর হইতে বিবাহের পূর্ব্ব পর্য্যন্ত কন্যার মৃত্যুতে একদিন অশৌচ; বিবাহের পর কন্যার পতিগৃহে মৃত্যু হইলে পিতামাতার অশৌচ নাই। যদি পিতৃভবনে মৃত্যু হয়, তবে কেবল পিতামাতার ত্রিরাত্র অশৌচ হইবে।

পক্ষিণী অশৌচ গর্ভমৃত-শৌচ

অজাতদন্তা সহোদরা মরণে ভ্রাতার সদ্যঃ শৌচ। দুইবৎসর পর্য্যন্ত বয়স্কার মরণে অহোরাত্র তৎপরে বিবাহের পূর্ব্ব পর্য্যন্ত মরণে ত্রিরাত্র অশৌচ, বিবাহের পর সহোদরা ভগিনীর মরণে পক্ষিণী অশৌচ হয়। দুইটী দিবাভাগ ও মধ্যবর্ত্তী রাত্রিযুক্তকালকে "পক্ষিণী" বলা হয়। জন্মের পর অশৌচকালের মধ্যে সন্তানের মৃত্যু হইলে পিতামাতার পূর্ণাশৌচ থাকিবে, জ্ঞাতিদের অশৌচ থাকিবে না। সন্তান গর্ভে মৃত্যু হইয়া ভূমিষ্ঠ হইলে জ্ঞাতিদের পূর্ণাশৌচ পালন করিতে হইবে। জননাশৌচের পর অজাতদন্ত শিশুর মৃত্যুতে পিতামাতার ত্রিরাত্র অশৌচ, আর জ্ঞাতিদের একদিন অশৌচ হইবে।

সূতিকাশৌচ

পুত্র-জননে প্রসূতির ২০ দিন এবং কন্যা-জননে একমাস সূতিকাশৌচ হয়। কিন্তু ১০দিনের পর অঙ্গ স্পৃশ্যতা-দোষ নিবৃত্তি হয়। সুতরাংলৌকিক-কর্ম্মে অধিকার জন্মে। ১০দিনে অশৌচান্ত হইলেও অবশিষ্ট দিন কেবল ব্যবহারিক মাত্র। সন্তান জীবিত থাকা কালেই এই নিয়ম পালন করিতে হয়। সন্তান জন্মিয়া মৃত্যু হইলে বা মৃতসন্তান প্রসূত হইলে সূতিকাশৌচ থাকে না। নাড়ীচ্ছেদের পূর্ব্বে প্রসূতিস্পর্শে সূতিকা দোষ হয় না। সর্ব্বকালেই বালক-স্পর্শে সূতিকাদোষ হইবে না।

কন্যার পক্ষে অশৌচ

জননাশৌচেও জ্ঞাতি সপিণ্ডের পূর্ণাশৌচ ১০ দিন। জ্ঞাতির জননাশৌচাগত হইবার পর শুনিলে সদ্যঃ স্নানান্তে শুদ্ধ হইবে। স্বীয় পুত্র জন্ম-সংবাদ অশৌচগতে শুনিলেও স্নানান্তে শুদ্ধ হইবে। ৯ম কি ১০ম মাসে সন্তান জন্মিলেই জ্ঞাতি মাত্রেরই ১০ দিন অশৌচ। জননাশৌচ সাপিণ্ড্যগণের অঙ্গস্পৃশ্যত্ব থাকে না। পুত্র-জননে কেবল পিতার স্নান না করা পর্য্যন্ত স্পৃশ্যত্ব থাকে।

গর্ভস্রাবে-অশৌচ

গর্ভস্রাবে কেবল প্রসূতির অশৌচ হয়। প্রথম ও দ্বিতীয় মাসে গর্ভস্রাব হইলে ৩ দিন অশৌচ হইবে। ৬ মাস পর্য্যন্ত যত সংখ্যক মাসে গর্ভস্রাব হইবে ততদিন

অশৌচ থাকিবে তাহার উপর আরও একদিন অশৌচ পালন করিয়া প্রসূতি সর্ব্বকর্ম্মের অধিকারিণী হইবে। ৭ম বা ৮ম মাসে পুত্র কিম্বা কন্যা প্রসূতি হইলে জননীর পূর্ণাশৌচ পিতা ও সপিণ্ডগণের একদিন অশৌচ হইবে। জীবিত সন্তান প্রসবান্তে সেইদিন সন্তানের মৃত্যু হইলে ৭ম বা ৮ম মাসোক্ত গর্ভস্রাবের ন্যায় অশৌচ হইবে। একদিন জীবিত থাকিলে তৎপরে সন্তানের মৃত্যু হইলে ৯ম মাসাদিতে জাত সন্তানের মৃত্যুর ন্যায় ব্যবস্থা হইবে। পিতামাতার মৃত্যুতে বিবাহিতা কন্যার ত্রিরাত্র অশৌচ হয়। অবিবাহিতা কন্যা পিতামাতার মৃত্যুতে শ্রাদ্ধাধিকারিণী হইলেও একদিন অশৌচ হইবে।

খণ্ডাশৌচ

মাতামহ মরণে ও নিজগৃহে শ্বশুর বা শাশুড়ীর মৃত্যুতে জামাতার ত্রিরাত্র অশৌচ হয়। দূর গ্রামস্থিত শ্বশুর-শাশুড়ির মৃত্যুতে জামাতার একদিন অশৌচ এবং এক গ্রামস্থ হইলে পক্ষিণী অশৌচ হয়। নিজের মাতুল, মামাতো, পিসতুতো, মাসতুতো ভাই, পিতার মামাতো, পিস্‌তুতো, মাসতুতো ভাই, মামী, বিবাহিতা ভগ্নি, মাতামহী নিজগৃহে মৃত্যু হইলে পক্ষিণী অশৌচ হয়। মাতার মাস্‌তুতো, পিস্‌তুতো, মামাতো ভাই ও বৈমাত্রেয় ভাইয়ের মৃত্যুতে একদিন অশৌচ হয়। শ্রীগুরুদেব ও তৎপত্নীর মৃত্যুতেও পক্ষিণী অশৌচ হয়। দুইরাত্রি একদিবস অথবা দুইদিবস একরাত্রি এই কালকে পক্ষিণী বলা হয়। কোন ব্যক্তি দৈব-দুর্ব্বিপাকে পতিত হইয়া বা কাহারো দ্বারা অস্ত্রাঘাতে ক্ষত হইয়া ৭ দিন মধ্যে মৃত্যু ঘটিলে ত্রিরাত্র এবং ইহার পরে মৃত্যু হইলে পূর্ণাশৌচ হইবে। হিংস্র পশু ও সর্পাদি দ্বারা দংশিত হইয়া, বৃক্ষাদি হইতে পতিত হইয়া বা অগ্নিদগ্ধ, জলমগ্ন বিষাক্ত দ্রব্য ভক্ষণ করিয়া তিন দিনের মধ্যে মৃত্যু হইলে ত্রিরাত্র অশৌচ, ত্রিরাত্রের পর মৃত্যু হইলে পূর্ণাশৌচ হইবে।

অশৌচ-সংস্কার

একটি অশৌচ মধ্যে আর একটি অশৌচ ঘটিলে দুইটির একবারেই নিবৃত্তি হইবে, কিন্তু ইহার মধ্যেও লঘুগুরু বিচার আছে।

১। জননাশৌচ হইতে মরণাশৌচ গুরু।

২। জ্ঞাতির পুত্র-কন্যা জন্মাশৌচ হইতে নিজের পুত্র-কন্যার জন্মাশৌচ গুরু।

৩। সপিণ্ডের মরণাশৌচ হইতে নিজের মাতাপিতা ও স্ত্রীলোকের পক্ষে স্বামীর মরণাশৌচ গুরু।

৪। সমান জাতীয় অশৌচের মধ্যে আর একটী সমান জাতীয় অশৌচপাত হইলে পূর্ব্বাশৌচের নিবৃত্তির সঙ্গে দ্বিতীয়টিও অন্ত হইবে।

গুরু অশৌচের সঙ্গে লঘু অশৌচ খণ্ডিত হয়, কিন্তু লঘু অশৌচের সঙ্গে গুরু অশৌচ নিবৃত্তি হয় না ; ইহাই সাধারণ বিধি। লঘু অশৌচের পূর্ব্বার্দ্ধে গুরু অশৌচপাত ঘটিলে অর্থাৎ যেমন সপিণ্ডের মরণাশৌচের পূর্ব্বার্দ্ধে মাতাপিতা বা পতির মৃত্যুজনিত গুরু অশৌচ হইলে পূর্ব্বের লঘু অশৌচের নিবৃত্তির সঙ্গেই গুরু অশৌচেরও নিবৃত্তি হইবে। আবার পূর্ব্বাশৌচের শেষার্দ্ধে গুরু অশৌচপাত হইলে গুরু অশৌচ পূর্ণ ভোগ করিতে হইবে। পূর্ণাশৌচের শেষদিনে যদি সমান অশৌচপাত হয় তবে পূর্ব্বাশৌচ আরও দুইদিন বৃদ্ধি পাইবে, যদি শুদ্ধি-দিবসের সূর্য্যোদয়কাল ৪ দণ্ডের মধ্যে সমান অশৌচপাত ঘটে, তবে পূর্ব্বাশৌচ অআরও তিনদিন বৃদ্ধি পাইবে এবং পূর্ব্বাপর উভয় অশৌচেরই অন্ত হইবে। পূর্ব্বোক্ত বৃদ্ধি দিনের মধ্যে যদি পুনরায় (৩য় বার) গুরু অশৌচ লাভ হয়, তবে প্রথম ও দ্বিতীয় মৃতকের শ্রাদ্ধাধিকারী একাদশাহে শ্রাদ্ধ করিবেন এবং তৃতীয় মৃতকের শ্রাদ্ধাধিকারী প্রথমা শৌচের ত্রয়োদশদিনে শ্রাদ্ধ করিবেন। সূতিকা শৌচান্তে দিনে স্বামীর মৃত্যু হইলে সূতিকাশৌচ দ্বারাই ঐ মৃতাশৌচও নিবৃত্তি হইবে। সাধারণতঃ মৃতাশৌচদ্বারা জননাশৌ নিবৃত্তি হয় ; কিন্তু জননাশৌচ দীর্ঘকাল ব্যাপক হইয়া শুরু হইলে তবে জননাশৌচ দ্বারাই মৃতাশৌচ নিবৃত্তি হইবে।

অশৌচমধ্যে মৃতের উদ্দেশ্যে কর্ত্তব্য

মৃতাশৌচের প্রথম দিন হইতে অশৌচান্ত দিন পর্য্যন্ত প্রতিদিন দাহক বা শ্রাদ্ধকারী শ্রীভগবন্নিবেদিত মহাপ্রসাদ, দুগ্ধ, জল, তুলসী মিশ্রিত করিয়া মৃতজনের উদ্দেশে ১০টি পিণ্ড নিবেদন করিবেন। শ্রীতুলসীবেদীর একপার্শ্বে দৈর্ঘ্য-প্রস্থ এক হস্ত পরিমিত একটি মৃত্তিকা বেদী প্রস্তুত করিয়া দক্ষিণ স্কন্ধে উত্তরীয় রাখিয়া দক্ষিণাভিমুখে উপবেশন করিবেন। যদি মহাপ্রসাদ পাইবার সম্ভাবনা না থাকে, তবে উক্ত বেদীর ঈশানকোণে ত্রিমুষ্টি আতপ-তণ্ডুল, দুগ্ধ, চিনি, ঘৃতসহযোগে নূতন মৃতপাত্রে "চরু" পাক করিয়া শ্রীভগবানে নিবেদনপূর্ব্বক পরে মৃতের নামে প্রদান করিবেন। ইহা প্রতিদিন নূতন মৃৎপাত্রে পাক করিতে হইবে। ঐ স্থানে একটী প্রদীপ পূর্ব্ব হইতে প্রজ্জ্বলিত রাখিতে হইবে। অতঃপর বামজানু ভূমিতে

পাতিয়া বেদীর উপর চতুষ্কোণ মণ্ডল আঁকিয়া তাহার উপর কুশাস্তীর্ণ করতঃ (শ্রীকৃষ্ণভক্ত কার্ষ্ণ বা বিশুদ্ধ সাত্ত্বতজন কুশের পরিবর্ত্তে পদ্মপত্র অথবা কদলীপত্র ব্যবহার করিবেন) বাম হস্তে তাহা স্পর্শ করিয়া দক্ষিণ হস্তে কুশদ্বারা জলের অভ্যুক্ষণ করিবেন। মন্ত্র যথা,—"ওঁ বিষ্ণুরোম্ তৎসৎ অদ্য অমুক গোত্র নিত্যধামগত অমুক দেব এতত্তে অবনেনিক্ষ্ব উপতিষ্ঠতাম্" বলিয়া কুশ-মোটকাটী বেদীর উপর বিছাইয়া দিবেন। তারপর ঘৃত, মধু ও তুলসীপত্রসহ বিল্ব-প্রমাণ মহাপ্রসাদান্ন পিণ্ড একটী পদ্মপত্রে, মৃত্তিকাপাত্রে অথবা কাংসপাত্রে রাখিবেন। অনন্তর অন্য একটী পাত্রে (মৃন্ময়-পাত্র, কাংস্য বা তাম্রপাত্রে) জল লইয়া—"ওঁ নীরায় নমঃ" বলিয়া অভ্যুক্ষণ করিবেন। পরে সেই জলপাত্র দক্ষিণহস্তে ধরিয়া—"ওঁ বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুক মাসি অমুক রাশিস্থে ভাস্করে অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রস্য নিত্যধামগতস্য অমুক দেবস্য স্নানার্থমিদং নীরং উপতিষ্ঠতাম" বলিয়া উৎসর্গ করতঃ "স্নাহিদেব" বলিবেন। তারপর একখণ্ড ক্ষৌমবস্ত্র (অভাবে সূত্রগুচ্ছ) লইয়া—"ভো দেব! এতত্তে বাস উপতিষ্ঠাতাং গৃহাণ।" বলিয়া বস্ত্রখণ্ড উৎসর্গ করিবেন। তারপর পিণ্ড পাত্রটি দক্ষিণ হস্তে লইয়া,—"ওঁ বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুক মাসি অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রস্য স্বাভীষ্ট নিত্যধাম প্রাপ্তস্য অমুক দেবস্য (মৃত ব্যক্তির নাম) প্রীত্যর্থং ইদং পিণ্ডোপকল্পিতং তুলসীবিমিশ্রং শ্রীভগবন্নিবেদিত মহাপ্রসাদান্নং উপতিষ্ঠতাং" বলিয়া আস্তীর্ণ কুশের উপর রক্ষা করিবেন এবং "ওঁ এতত্তে প্রত্যবনেজনং উপতিষ্ঠতাং" বলিয়া পিণ্ডের উপর অভ্যুক্ষণ করিবেন। পরে দুগ্ধপাত্র হস্তে লইয়া,—"ওঁ বিষ্ণুরোম অদ্য অমুক মাসি অমুক রাশিস্থে ভাস্করে অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্র নিত্যধাম প্রাপ্ত অমুক দেব পানার্থমিদং শ্রীভগবন্নিবেদিতং নীরং ক্ষীরঞ্চ তে উপতিষ্ঠতাম্ পিবেদং।" অনন্তর করজোড়ে পাঠ করিবেন,—

"ওঁ সংপ্রাপ্ত-নিত্যধামোঽসি বিষ্ণুপরিজনোঽসিত্বং।
অনেন তৎ-প্রসাদেন প্রীতো ভব ক্ষমস্ব মাং॥"

(মৃত ব্যক্তি গুরুজন হইলে স্ব-মস্তকে অঙ্গুলি স্পর্শ করিবেন) অনন্তর সেই স্থান পরিস্কার করিয়া লইয়া, পিণ্ডাদি জলে বিসর্জ্জন করিবেন।

দশদিনের কৃত্য

এই প্রকরণে অশৌচকাল পর্য্যন্ত প্রতিদিন করা কর্ত্তব্য। যদি প্রতিদিন করিতে অসমর্থ হন, তবে অশৌচান্ত দিনে একদিনেই পূর্ব্বদিনের বিহিত প্রসাদান্ন বিভাগ

করিয়া উৎসর্গ করিবেন। অশৌচের যে কয়দিন প্রসাদান্ন উৎসর্গ না হয়, চরুপাক করিয়া শ্রীভগবানে নিবেদনপূর্ব্বক ততগুলি ভাগ করিবেন এবং তুলসী-মিশ্রিত করিয়া যথাক্রমে নিবেদন করিবেন। যথা,—"ওঁ অদ্যেত্যাদি অমুক গোত্রস্য নিত্যধামগতস্য অমুক দেবস্য প্রীত্যর্থং এতৎ প্রথম দিন-বিহিতং পিণ্ডোপকল্পিতং শ্রীভগবন্নিবেদিতাং উপতিষ্ঠতান্নং"। এইরূপ "দ্বিতীয় দিন বিহিতং" "তৃতীয়দিন-বিহিতং" ইত্যাদিক্রমে নিবেদন করিতে হইবে। নীর ও ক্ষীর-দান একবার করিলেই হইবে। অশৌচান্তকাল পর্য্যন্ত এইরূপ দশটি পিণ্ডদান সাধারণতঃ ※ "ঘাট-পিণ্ড বা পুরক-পিণ্ড" নামে অভিহিত। অশৌচান্ত দিনে মৃতের পুত্রগণের মস্তক মুণ্ডন অবশ্য (শিখা-মুণ্ডন নিষিদ্ধ) কর্ত্তব্য। জ্ঞাতিগণ শ্মশ্রু ও নখাদি পরিত্যাগ করিবেন। অশৌচান্ত দিনের ক্ষৌরকর্ম্মে বারাদির নিষিদ্ধতা মানিতে হইবে না। পরে তিল-তৈলাদি মাখিয়া শির-মজ্জন করিয়া (ডুবদিয়া) স্নান করিবেন। শ্রাদ্ধাধিকারী ব্যক্তি বা পুত্রগণ সকলেই স্নানান্তে নববস্ত্র পরিধান ও উত্তরীয় ধারণ করিবেন। এই সময়ে শ্রীভগবানের নাম সঙ্কীর্ত্তনাদিও অবশ্য কর্ত্তব্য।

আদ্য-শ্রাদ্ধ

অশৌচান্তের দ্বিতীয় দিবসে অর্থাৎ শ্রাদ্ধ-দিবসে শ্রাদ্ধকর্ত্তা প্রাতঃস্নান করিয়া নূতন বস্ত্র ও উত্তরীয় ধারণ করিবেন। তারপর চতুর্দ্দাশান্তি মন্ত্রপাঠ কর্ত্তব্য। ✱ গঙ্গাদি তীর্থে বা তুলসীক্ষেত্রে পূর্ব্বমুখে আসীন-হইয়া আচমন করিবেন। ৪ খানি তাম্র পাত্রে তিল, তুলসী, হরিতকী, গন্ধ, পুষ্প, সুপারী, দূর্ব্বা ও গঙ্গাজল (অভাবে কূপোদক) সাজাইয়া ও প্রদীপ জ্বালিয়া রাখিতে হইবে। কৃতী পুরোহিতকে বলিবেন, —"ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু" পুরোহিত "ওঁ স্বস্তি" (৩ বার) বলিবেন। তারপর "ওঁ নারায়ণায় বিদ্মহে বাসুদেবায় ধীমহি তন্নো বিষ্ণু প্রচোদয়াৎ" এই বৈষ্ণবী

※ কর্ম্ম-জড়-বিদ্ধ-স্মৃতিশাস্ত্র-মতে এস্থলে প্রেতের দশটী অঙ্গবিশেষ পুরকরূপে দশপিণ্ডদানের ব্যবস্থা থাকায় "পুরক-পিণ্ড" নামে অভিহিত হয়। শ্রীকৃষ্ণসেবক-কার্ষ্ণ বা বিশুদ্ধ সাত্বতজনের শ্রৌত-দীক্ষা গ্রহণান্তর নিত্য হরিদাসাভিমান বশতঃ মৃত্যুর পর তাঁহারা চিদানন্দময়-দেহে শ্রীভগবৎ-সংসারের কোন না কোন (সাধনারূপ) পরিজন মধ্যে গণ্য হন। এজন্য সাধারণ প্রেতের ন্যায় তাঁহার অতিবাহিত ভোগদেহ গঠনের উদ্দেশে দশ-পিণ্ড বা পুরক-পিণ্ডদানের প্রয়োজন হয় না। (মৎ-প্রণীত "শ্রাদ্ধতত্ত্ব তারতম্য বিচার" নামক গ্রন্থে দ্রষ্টব্য)।

✱ বৈদিক পারস্কর গৃহসূত্রে হলায়ুধ-কৃত "ব্রাহ্মণ-সর্ব্বস্ব"-এ এই বিধান নাই। সুতরাং ইহা প্রচলিত প্রথা মাত্র। সাত্বত বিধির অনুকূলে শুদ্ধ শ্রৌতশান্তিপাঠবোধ গৃহীত হইল।

গায়ত্রী অথবা "ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গোদেবস্য ধীমহি ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ" পাঠান্তে প্রথমপাত্র দক্ষিণ হস্তে স্পর্শ করিয়া এই সামবেদীয় আদ্যমন্ত্র পাঠ করিবেন, —"ওঁ অগ্ন আয়াহি বীতয়ে গৃনানো হব্য দাতয়ে। নি হোতা সৎসি বর্হিষি।" এই মন্ত্র পাঠান্তে পুনশ্চ গায়ত্রী পাঠ করিবেন এবং মস্তকে ত্রিপত্র-দ্বারা সেই পাত্রস্থ জলের ছিটা দিবেন। অনন্তর দ্বিতীয় পাত্র স্পর্শ করিয়া গায়ত্রী পাঠান্তে নিম্নলিখিত ঋক্-মন্ত্র পাঠ করিবেন,—"ওঁ অগ্নিমীলে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজম্ হোতারং রত্নধাতমম্।" পুনশ্চ গায়ত্রী পাঠ করিয়া তৃতীয় পাত্র স্পর্শ করিয়া গায়ত্রী পাঠান্তে নিম্নোক্ত যজুঃ মন্ত্র পাঠ করিবেন,—"ওঁ ইষে ত্বোর্জ্জে ত্বা বায়বঃ স্থঃ দেবো বঃ সবিতা প্রাপয়তু শ্রেষ্ঠতমায় কর্ম্মণে।" বলিয়া পুনরায় গায়ত্রী পাঠ করিবেন। অনন্তর চতুর্থ পাত্র স্পর্শ করিয়া গায়ত্রী পাঠান্তে অথর্ব্ব মন্ত্র পাঠ করিবেন,—"ওঁ শং নো দেবীরভীষ্টয়ে শন্নো ভবন্তু পীতয়ে শংযোয়ভি শ্রবন্তু নঃ" বলিয়া পুনরায় গায়ত্রী পাঠ করিবেন। প্রত্যেকবারেই সেই পাত্রস্থ জলের ছিটা মস্তকে দিবেন। পুনশ্চ পাঠ করিবেন—"ওঁ স্বস্তি নঃ গোবিন্দঃ। স্বস্তি নঃ অচ্যুতানন্তো স্বস্তি নো বাসুদেবো বিষ্ণুঃ দধাতু। স্বস্তি নো নারায়ণো নরো বৈ, স্বস্তি নঃ পদ্মনাভঃ পুরুষোত্তমো দধাতু। স্বস্তি নো বিশ্বক্সেনো বিশ্বেশ্বরঃ, স্বস্তি নো হৃষীকেশো হরিঃ দধাতু। স্বস্তি নো বৈনতেয়ো হরিঃ স্বস্তি নঃ অঞ্জনাসূতো হনুঃ ভাগবতো দধাতু। স্বস্তি স্বস্তি সুমঙ্গলকেশো মহান্ শ্রীকৃষ্ণঃ সচ্চিদানন্দঘনঃ সর্ব্বেশ্বরেশ্বরো দধাতু।

করোতু স্বস্তি মে কৃষ্ণ সর্ব্বলোকেশ্বরেশ্বরঃ।
কার্ষ্ণাদয়শ্চ কুর্ব্বন্তু স্বস্তি মে লোকপাবনাঃ॥
কৃষ্ণো মমৈব সর্ব্বত্র স্বস্তি কুর্য্যাৎ শ্রিয়া সমম্।
তথৈব চ সদা কার্ষ্ণিঃ সর্ব্ববিঘ্নবিনাশনঃ॥
মঙ্গলং ভগবান্ বিষ্ণুর্মঙ্গলং মধুসূদনঃ।
মঙ্গলং হৃষীকেশোঽয়ং মঙ্গলায়তনো হরিঃ॥
বিষ্ণুশ্চারণমাত্রেণ কৃষ্ণস্য স্মরণাদ্ধরেঃ।
সর্ব্ববিঘ্নাণি নশ্যন্তি মঙ্গলং স্যান্ন সংশয়॥
হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥

"ওঁ দ্যৌ শান্তিঃ ওঁ অন্তরীক্ষং শান্তিঃ ওঁ পৃথিবী শান্তিঃ ওঁ আপঃ শান্তিঃ ওঁ ঔষধয়ঃ শান্তিঃ ওঁ বনপতয়ঃ শান্তি ওঁ সর্ব্বং শান্তিঃ শান্তিরেব শান্তিঃ,—বলিয়া গায়ত্রী পাঠান্তে চারিটি পাত্রের জল লইয়া মস্তকে ছিটা দিবেন এবং অন্যান্য সকল দ্রব্যেই ছড়াইয়া দিবেন।

পুরোহিত ও পাঠক-বরণ

অতঃপর শ্রীভগবানের বিবিধ উপচারে অর্চ্চনা করিবেন। এই অর্চ্চন কার্য্য কৃতী ক্রিয়াবিদ্ থাকিলে নিজেই করিতে পারেন, নতুবা উপযুক্ত পুরোহিতকে বরণ করিবেন। পুরোহিত উত্তরমুখে এবং যজমান পূর্ব্বমুখে উপবেশন করিয়া করজোড়ে বলিবেন—"ওঁ সাধু ভবানাস্তাং" পুরোহিত—ওঁ সাধ্বহমাসে।" যযমান—"ওঁ অর্চ্চয়িষ্যামো ভবন্তং। পুরোহিত—ওঁ অর্চ্চয়। যজমান গন্ধ, পুষ্প, পান-সুপারী, পৈতা ও বস্ত্র পুরোহিতের হাতে প্রদানপূর্ব্বক পুনরায় পুষ্প জল লইয়া পাঠ করিবেন,—"ওঁ বিষ্ণুরোম্ অদ্য অশৌচান্তাদ্ দ্বিতীয়েঽহ্নি মমৈতৎ সঙ্কল্পিত- শ্রীকৃষ্ণার্চ্চনপূর্ব্বক শ্রাদ্ধাদি-কৃত-করণায় ভবন্তমহং বৃণে।" পুরোহিত পুষ্প, জল গ্রহণ করিয়া,—"ওঁ বৃতোঽস্মি যথা জ্ঞানং করবানি।" কৃতী তৎপরে যে যে ব্যক্তি শ্রীরাসপঞ্চাধ্যায়, শ্রীবিষ্ণুসহস্রনাম, শ্রীমদ্ভগবদ্গীতা, বৈদিক শ্রাদ্ধ-সূক্তাদি পাঠ করিবেন, তাঁহাদিগকেও পান, সুপারী, পৈতা, গন্ধমাল্য ও বস্ত্র দিয়া পূর্ব্ববৎ বরণ করিবেন। এস্থলে বরণের বিশেষত্ব এই যে—

"ওঁ বিষ্ণুরোম্ অদ্য অশৌচান্তাদ্ দ্বিতীয়েঽহ্নি মমৈতৎ সঙ্কল্পিত নিত্যধামগত-পিতৃদেবার্চ্চনরূপ শ্রাদ্ধ-কর্ম্মাণি অমুক গ্রন্থ পাঠ কর্ম্মকরণায় ভবন্তমহং বৃণে।"

পাঠক বলিবেন,—"ওঁ বৃতোঽস্মি, যথা জ্ঞানং করবানি।"

(পাঠকগণের কর্ত্তব্য "শ্রাদ্ধকাণ্ড" গ্রন্থপাঠের সঙ্কল্প পৃষ্ঠা দ্রষ্টব্য)

ষোড়শ-দান

অদ্য-শ্রাদ্ধের পূর্ব্বেই ষোড়শ-দান কর্ত্তব্য। ষোড়শ-দানের দ্রব্য-তালিকা। যথা—

ভূম্যাসনং জলং বস্ত্রং দীপমন্নং ততঃ পরম্।
তাম্বুলংচ্ছত্রগন্ধাশ্চ মাল্যং ফলমতঃ পরম্॥
শয্যা চ পাদুকা গাবঃ কাঞ্চনং রজতং তথা॥

১। ভূমি, ২। আসন, ৩। জলপাত্র, ৪। বস্ত্র, ৫। দীপধার, ৬। অন্নপাত্র, (থালা), ৭। তাম্বুলাধার, ৮। জল, ৯। গন্ধপাত্র, (কাঁসার বাটি), ১০। মাল্যাধার (রেকাব), ১১। ফলপাত্র, ১২। শয্যা, ১৩। পাদুকা, ১৪। ধেনু বা তন্মূল্য, ১৫। স্বর্ণ, ১৬। রৌপ্য।

ষোড়শ দানের-ক্রম

পূর্ব্বকথিত শান্তিজল-দ্বারা সমস্ত দ্রব্য শোধন করিয়া লইবেন। সমস্ত দ্রব্যই চন্দ্রাতপ-মণ্ডিত শ্রাদ্ধমণ্ডপে পূর্ব্বেই সজ্জিত করিয়া রাখা কর্ত্তব্য। শ্রাদ্ধ-মণ্ডপেই যদি শ্রীবিষ্ণু-অর্চ্চন কার হয়, তবে যে-স্থানটী ঘেরিয়া অপেক্ষাকৃত নির্জ্জন, সেখানে রাখাই কর্ত্তব্য। অন্যত্র শ্রীবিষ্ণু-অর্চ্চনা করা হইলে দানোৎসর্গের সময়ে শ্রীশালগ্রামাদি বিগ্রহ শ্রাদ্ধমণ্ডপে আনিয়া স্থাপন করিতে হইবে। শ্রাদ্ধ-মণ্ডপের মধ্যেই পাঠকগণ গ্রন্থাদি পাঠ এবং অদূরে শ্রীহরিনাম-সঙ্কীর্ত্তনাদি হওয়া কর্ত্তব্য।

১। ভূমিদান—কৃতীর আসনের সন্নিধানে ভূমিতে চতুষ্কোণ রেখাঙ্কিতপূর্ব্বক সীমাবদ্ধ করিয়া তাহাতে বস্ত্রাচ্ছাদনপূর্ব্বক বাম হস্তে সেই বস্ত্র স্পর্শ করিয়া দক্ষিণ হস্তে পুষ্প ও তুলসী লইয়া—"এতে গন্ধপুষ্পে সবস্ত্রায় ভূমিখণ্ডায় নমঃ॥ "ওঁ এতদধিপতয়ে ভগবতে শ্রীবিষ্ণবে বা শ্রীকৃষ্ণায় নমঃ॥" বলিয়া পুষ্প-তুলসী অর্পণ করিয়া পুনরায় কুশিতে জল লইয়া—"ওঁ সুপ্রোক্ষিতমস্তু বিষ্ণুঃ প্রীণাতু" বলিয়া জলের ছিটা দিবেন। পুনরায় গন্ধপুষ্প লইয়া—"এতৎ সম্প্রদানায় সাত্ত্বত ব্রাহ্মণায় নমঃ" বলিয়া জলের ছিটা দিবেন। তারপর দক্ষিণ হস্ত কোশার জলে ডুবাইয়া — "ওঁ বিষ্ণুরোমদ্য অমুক মাসি অমুক রাশিস্থ ভাস্করে অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রস্য নিত্যধামগতস্য অমুক দেবস্য নিত্য শ্রীভগবৎ-সেবাপ্রাপ্তিকামঃ ইমাং গন্ধাদ্যর্চ্চিতাং শ্রীবিষ্ণুদেবতাকং সবস্ত্রাং ভূমিং সাত্ত্বত ব্রাহ্মণায় অহং দদানি।" বলিয়া ভূমির উপর জলের ছিটা দিবেন এবং পাঠ করিবেন—

ওঁ রত্নসূস্ত্বং হি ভূতানাং ধরণী পোষণী স্থিরা।
মাতাসি সর্ব্বলোকানাং ক্ষমস্ব ত্বং প্রসীদ মে॥

অতঃপর দক্ষিণা, কাঞ্চন দান করিবেন,—বামহস্তে দক্ষিণা স্পর্শ করিয়া—"এতস্মৈ কাঞ্চনায় (বা কাঞ্চনমূল্যায়, হরিতকীফলায় নমঃ) বলিয়া পুষ্প অর্পণ করতঃ—ওঁ এতৎ ভগবতে শ্রীবিষ্ণবে (শ্রীকৃষ্ণায়) নমঃ' বলিয়া গন্ধপুষ্প ও তুলসী শ্রীশালগ্রামে অর্পণ করিয়া,—"ওঁ সুপ্রোক্ষিতমস্তু অনেন বিষ্ণুঃ প্রীণাতু" বলিয়া কাঞ্চন বা তৎমূল্যের উপর জলের ছিটা দিবেন, "ওঁ এতৎ সম্প্রদানায় সাত্ত্বত ব্রাহ্মণায় নমঃ" বলিয়া ভূমিতে জলের ছিটা দিবেন। পরে কোশাতে দক্ষিণহস্ত রাখিয়া —"ওঁ বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুক মাসি অমুক রাশিস্থ ভাস্করে অমুক পক্ষে

অমুক তিথৌ অমুক গোত্রস্য নিত্যধামগতস্য অমুক দেবশর্ম্মণঃ✱ নিত্য ভগবৎ সেবা প্রাপ্ত্যর্থং কৃতৈতৎ-ভূমিদান কর্ম্মণঃ দক্ষিণামিদং কাঞ্চনং (বা তৎমূল্যং) হরিতকী ফলমর্চ্চিতং যথানাম গোত্রায় ✱সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি।" বলিয়া জলের ছিটা দিবেন। ভূমির পরিবর্ত্তে (ভূমির মূল্য দান হইলে) পূর্ব্বোক্ত "ভূমিখণ্ডায়" স্থলে "ভূমিমূল্যায়" পাঠ হইবে। পুনশ্চঃ উৎসর্গ—"ইমাং গন্ধাদ্যর্চ্চিতাং বিষ্ণুদেবতাং সবস্ত্রাং ভূমিং" স্থলে "এতৎ গন্ধাদ্যর্চ্চিতং সশস্য-ভূমিমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং যথানাম-গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি" পাঠ হইবে।

২। আসন দান—জলচৌকীর উপর একটি আসন বিছাইয়া দিতে হয় এবং বামহস্তে আসন স্পর্শ করিয়া দক্ষিণ হস্তে পুষ্প লইয়া,—

"ওঁ আসনং সর্ব্বলোকানাং পরং সুখসাধনম্।
তাম্রং রৌপ্যং কাঞ্চনঞ্চ শ্রেষ্ঠং শ্রেষ্ঠতরং শুভম্॥"

"এতে গন্ধপুষ্পে আসনায় নমঃ।" বলিয়া আসনে গন্ধপুষ্প দিয়া—"ওঁ এতদধিপতয়ে ভগবতে শ্রীকৃষ্ণায় নমঃ"বলিয়া অর্পণ করিবেন এবং "সুপ্রোক্ষিতমস্তু শ্রীবিষ্ণুঃ প্রাণীতু" বলিয়া জলের ছিটা দিবেন। "ওঁ এতৎ সম্প্রদানায় সাত্বত ব্রাহ্মণায়ঃ নমঃ" বলিয়া জলের ছিটা দিয়া কোশাতে দক্ষিণ হস্ত রাখিয়া—"ওঁ বিষ্ণুরোম তৎসদদ্য অমুক মাসি অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রস্য নিত্যধামগতস্য অমুক দেবস্য নিত্য শ্রীকৃষ্ণ-সেবানন্দ প্রাপ্তিকামঃ ইদমাসনং শ্রীবিষ্ণুদৈবতং যথানাম গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি।"—বলিয়া জলের ছিটা দিবেন। দক্ষিণান্ত—দক্ষিণা স্পর্শ করিয়া,—"এতে গন্ধপুষ্পে দক্ষিণা কাঞ্চনমূল্যায় নমঃ। ওঁ এতৎ ভগবতে শ্রীকৃষ্ণায় নমঃ।" গন্ধপুষ্প দিয়া "ওঁ এতৎ সম্প্রদানায় সাত্বত ব্রাহ্মণায় নমঃ" বলিয়া ভূমিতে জলের ছিটা দিবেন। দক্ষিণ হস্ত কোশাতে রাখিয়া,—"ওঁ বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুক মাসি অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রস্য নিত্যধামগতস্য অমুক দেবস্য নিত্য শ্রীকৃষ্ণ-সেবানন্দ প্রাপ্তিকামনায় কৃতৈতৎ আসনদান কর্ম্মণিঃসাঙ্গতার্থ দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং যথানাম গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি।" বলিয়া দক্ষিণায় জলের ছিটা দিবেন।

✱স্ত্রীলোক হইলে "অমুক গোত্রায়াঃ নিত্যধামগতায়াঃ অমুক দেব্যাঃ" এইরূপ পাঠ হইবে।

✱ যথানাম গোত্রায় "স্থলে" দান গ্রহণকারী পুরোহিত বা যে কোন ব্রাহ্মণ নিজনাম ও গোত্র উল্লেখ করিবেন। নতুবা চৌর্য্যাপরাধে পতিত হইয়া অনন্তকাল রৌরব নরক ভোগ করিতে হইবে।

৩। জলাধার দান— জলপূর্ণ ঘটি বা ঘড়া স্পর্শ করিয়া,—

ওঁ আপো নারায়ণো দেবঃ সর্ব্বমঙ্গু প্রতিষ্ঠিতম্।
আপং মধ্যে স্থিতাঃ দেবাঃ শিবরূপা ভবন্তু নঃ॥

"এতে গন্ধপুষ্পে সাধার জলায় নমঃ" বলিয়া পুষ্পার্পণ করিয়া—"এতদধিপতয়ে সাধার জলং ওঁ ভগবতে শ্রীকৃষ্ণায় নমঃ" বলিয়া গন্ধপুষ্প দিয়া,—ওঁ সুপ্রোক্ষিতমস্তু বিষ্ণু প্রীণাতু" জলের প্রোক্ষণ করিবেন। "এতৎ সম্প্রদানায় ওঁ সাত্ত্বত ব্রহ্মণায় নমঃ" বলিয়া ভূমিতে জল দিয়া দক্ষিণ হস্ত কোশাতে রাখিয়া,—"ওঁ বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুক মাসি অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রস্য নিত্যধামগতস্য অমুক দেবস্য নিত্য-ভগবৎ সেবানন্দ লাভকামঃ ইদং সাধার জলং শ্রীনারাণ-দৈবতং যথানাম গোত্রায় সাত্ত্বত ব্রাহ্মণায় অহং দদানি।" ভূমিতে জল প্রোক্ষণ। দক্ষিণান্ত—দক্ষিণা বাম হস্তে স্পর্শ করিয়া'—"ওঁ এতদধিপতয়ে ভগবতে শ্রীবিষ্ণবে নমঃ। এতে গন্ধপুষ্পে দক্ষিণা কাঞ্চন মূল্যায় নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ সাত্ত্বত ব্রাহ্মণায় নমঃ।" পরে কোশাতে হস্ত রাখিয়া—"ওঁ অদ্যেত্যাদি অমুক গোত্রস্য নিত্যধাম প্রাপ্তস্য নিত্যভগবৎ-সেবানন্দ-লাভকামনয়া কৃতৈতৎ সাধার জলদান কর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং ইদং দক্ষিণা কাঞ্চন-মূল্যং শ্রীবিষ্ণু দৈবতং যথানাম-গোত্রায় সাত্ত্বত ব্রাহ্মণায় অহং দদানি।"

৪। বস্ত্রদান—বস্ত্রধরিয়া,—

ওঁ দেবতানামৃষীণাঞ্চ পিতৃণাং যৎপিধানভাক্।
পাবনং পরমং লোকে শোধনং বসনং মহৎ।।

"এতস্মৈ বস্ত্রায় নমঃ। এতদধিপতয়ে ওঁ ভগবতে বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় সাত্ত্বতায় ব্রাহ্মণায় নমঃ।" কোশাতে হস্ত রাখিয়া—ওঁ বিষ্ণুরিত্যাদি অমুক গোত্রস্য নিত্যধামগতস্য অমুক দেবস্য বৈকুণ্ঠলোক প্রাপ্তিপূর্ব্বক ভগবৎপাদপদ্ম সেবানুচরত্বেহনবচ্ছিন্ন-সুখবাস কামঃ ইদং বস্ত্রং শ্রীবিষ্ণুদৈবতং যথানাম গোত্রায় সাত্ত্বত ব্রাহ্মণায় অহং দদানি। দক্ষিণান্ত—বাম হস্তে দক্ষিণা স্পর্শ করিয়া,—"এতস্মৈ কাঞ্চন-মূল্যায় নমঃ, এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ, এতৎ সম্প্রদানায় সাত্ত্বত ব্রাহ্মণায় নমঃ।" পরে,—"ওঁ বিষ্ণুরিত্যাদি অমুক গোত্রস্য নিত্যধামগতস্য অমুক দেবস্য বৈকুণ্ঠ-লোক-প্রাপ্তিপূর্ব্বক ভগবৎ পাদপদ্ম সেবানুচরত্বেহনবচ্ছিন্ন সুখবাস কামনায় কৃতৈতৎ বস্ত্রদান কর্ম্মণঃ সাঙ্গতার্থ দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং যথানাম গোত্রায় সাত্ত্বত ব্রাহ্মণায় অহং দদানি।"—বলিয়া জলের ছিটা দিবেন।

৫। দীপদান—(আধারসহ) বাম হস্তে স্পর্শ করিয়া,—

ওঁ সুপ্রকাশো মহাদীপঃ সর্ব্বতস্তিমিরাপহঃ।
সবাহ্যাভ্যন্তরজ্যোতির্দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥

"এতস্মৈ সাধার দীপায় নমঃ, এতদধিপতয়ে ওঁ ভগবতে শ্রীবিষ্ণবে নমঃ সুপ্রোক্ষিতমস্তু বিষ্ণুঃ প্রীণাতু" বলিয়া জলের ছিটা দিবেন। "এতৎ সম্পদানায় সাত্বত ব্রাহ্মণায় নমঃ। পরে কুশিতে হস্ত রাখিয়া,—"ওঁ বিষ্ণুরিত্যাদি অমুক দেবস্য স্বাভীষ্ট ধামে নিত্য ভগবৎ-পাদপদ্ম-দর্শন-কামঃ ইমং সাধার দীপং শ্রীবিষ্ণুদৈবতং যথানাম গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি" জলের প্রোক্ষণ করিবে। দক্ষিণান্ত—এতস্মৈ কাঞ্চনমূল্যায় নমঃ। ওঁ এতদধিপতয়ে ভগবতে শ্রীবিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ সাত্বত ব্রাহ্মণায় নমঃ। "ওঁ বিষ্ণুরিত্যাদি অমুক দেবস্য স্বাভীষ্টধামে ভগবৎ-পাদপদ্ম দর্শনকামনয়া কৃতৈতৎ দীপদান কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং যতানাম গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি।" জলের প্রোক্ষণ করিবেন।

৬। অন্নদান—সোপকরণ-আতপতণ্ডুলপূর্ণ অন্নপাত্র (থালা) বামহস্তে ধরিয়া,

ওঁ অন্নং হি সর্ব্ব জন্তুনাং প্রাণা জীবিতমেব চ।
দেবতানামৃষীনাঞ্চ তৎসমং নাস্তি কিঞ্চন॥

'এতস্মৈ সোপকরণায় সাধারান্নায় নমঃ। এতদধিপতয়ে ওঁ ভগবতে শ্রীকৃষ্ণায় নমঃ'—বলিয়া গন্ধপুষ্প শ্রীবিষ্ণুকে দিবেন। "ওঁ সুপ্রোক্ষিতমস্তু বিষ্ণুঃ প্রীণাতু" বলিয়া অন্নপাত্রে জলের প্রোক্ষণ করিবেন। "এতৎ সম্প্রদানায় সাত্বত ব্রাহ্মণায় নমঃ।" পরে কোশাতে হস্ত রাখিয়া,—"ওঁ বিষ্ণুরিত্যাদি নিত্যধামগতস্য অমুক দেবস্য নিত্যং শ্রীকৃষ্ণ-সেবানন্দ সুখকামঃ ইদমন্নং সোপকরণং তৈজসাধার সমবেতং শ্রীবিষ্ণুদৈবতং যথানাম গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি।" বলিয়া জলের প্রোক্ষণ করিবেন। দক্ষিণান্ত—"এতস্মৈ কাঞ্চন-মূল্যায় নমঃ।" ওঁ এতদ্দক্ষিণা কাঞ্চন-মূল্যং ভগবতে শ্রীকৃষ্ণায় নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ সাত্বত ব্রাহ্মণায় নমঃ। পরে ওঁ বিষ্ণুরিত্যাদি অমুক দেবস্য নিত্যং শ্রীকৃষ্ণ সেবানন্দ-সুখকামনয়া কৃতৈতৎ সোপকরণ সাধারান্নদান-কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং যথানাম গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি।"—বলিয়া জলের প্রোক্ষণ করিবেন।

৭। তাম্বুলদান—তাম্বুলপাত্র স্পর্শ করিয়া,—

ওঁ ষড়্রসং সর্ব্বদোষঘ্ন মঙ্গলং সুখসাধকম্।
তাম্বুলং দেবতানাঞ্চ পরমং প্রীতি-কারকম্॥

"ইদং তাম্বুলং ওঁ ভগবতে শ্রীকৃষ্ণায় নমঃ"বলিয়া শ্রীবিষ্ণুতে সচন্দন তুলসী দিবেন। "ওঁ সুপ্রোক্ষিতমস্তু বিষ্ণুঃ প্রীণাতু" বলিয়া তাম্বুলপাত্রে জলের প্রোক্ষণ করিতে হইবে। "ওঁ এতস্মৈ সাধার তাম্বুলায় নমঃ। এতৎ সম্প্রদানায় সাত্বত ব্রাহ্মণায় নমঃ।" কুশিতে দক্ষিণহস্ত রাখিয়া—"ওঁ বিষ্ণুরিত্যাদি নিত্যধামগতস্য অমুক দেবস্য নিত্য শ্রীকৃষ্ণ-সেবা-সৌভাগ্য-কামঃ ইদং তাম্বুলং শ্রীবিষ্ণুদৈবতং যথানাম গোত্রায় সাত্বত ব্রাহ্মণঅয় অহং দদানি" জলের প্রোক্ষণ করিবেন। দক্ষিণান্ত—ওঁ এতস্মৈ কাঞ্চন-মূল্যায় নমঃ এতদধিপতয়ে ভগবতে শ্রীকৃষ্ণায় নমঃ। এতৎ সম্প্রদানায় সাত্বত ব্রাহ্মণায় নমঃ। পরে—ওঁ বিষ্ণুরিত্যাদি অমুক দেবশর্ম্মণঃ নিত্যং শ্রীকৃষ্ণ- সেবা-সৌভাগ্য-কামনয়া কৃতৈতৎ তাম্বূল দান কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং যথানাম-গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি।" বলিয়া জলের ছিটা দিবেন।

৮। ছত্রদান—বাম হস্তে ছত্র স্পর্শ করিয়া,—

ওঁ যমদগ্নেঃ প্রদানার্থং সূর্য্যেনৈব বিনির্ম্মিতং।
ঘর্ম্ম-বর্ম্ম-তাপ-ক্লেশ-নাশনং ছত্রমুত্তমম্॥

ওঁ এতস্মৈ ছত্রায় নমঃ "এতদধিপতয়ে শ্রীকৃষ্ণায় নমঃ" বলিয়া শ্রীবিষ্ণুতে সচন্দন তুলসী ও পুষ্প দিবেন। "ওঁ সুপ্রোক্ষিতমস্তু বিষ্ণুঃ প্রীণাতুঃ" বলিয়া জলের ছিটা দিবেন। "এতৎ সম্প্রদানায় সাত্বত ব্রাহ্মণায় নমঃ।" পরে কোশাতে দক্ষিণ হস্ত রাখিয়া,—"ওঁ বিষ্ণুরিত্যাদি নিত্যধামগতস্য অমুক দেবশর্ম্মণঃ বিষ্ণুলোক-গমন-পূর্ব্বক শ্রীকৃষ্ণপ্রিয় সেবানুচরত্বে তৃপ্তি লাভকামঃ ইদং ছত্রং শ্রীবিষ্ণুদৈবতং যথানাম গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি।" জলের প্রোক্ষণ করিবেন। দক্ষিণান্ত—"এতে গন্ধপুষ্পে এতস্মৈ কাঞ্চনমূল্যায় নমঃ। "ওঁ এতদধিপতয়ে ভগবতে শ্রীকৃষ্ণায় নমঃ। এতৎ সম্প্রদানায় সাত্বত ব্রাহ্মণায় নমঃ। পরে—ওঁ বিষ্ণুরিত্যাদি অমুক দেবস্য বিষ্ণুলোকগমনপূর্ব্বক শ্রীকৃষ্ণ-প্রিয়-সেবানুচরত্বে তৃপ্তি লাভ কামনয়া কৃতৈতৎ ছত্রদান কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং যথানাম-গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি"—বলিয়া জলের প্রোক্ষণ করিবেন।

৯। গন্ধদান—চন্দনসহ বাটী বাম হস্তে স্পর্শ করিয়া,—

ওঁ সর্ব্বসুগন্ধ এবায়ং শীতলঃ সুমনোহরঃ।
দেবতানাং প্রিয়োরম্যো গন্ধোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥

"এষঃ গন্ধঃ ওঁ ভগবতে বিষ্ণবে নমঃ" বলিয়া বিষ্ণুতে গন্ধ স্পর্শ করিবেন। "ওঁ সুপ্রোক্ষিতমস্তু বিষ্ণুঃ প্রীণাতু" গন্ধপাত্রে জলের প্রোক্ষণ করিবেন।

পরে—"এতস্মৈ গন্ধায় নমঃ" "এতৎ সম্প্রদানায় ওঁ সাত্বত ব্রাহ্মণায় নমঃ।" পরে কোশাতে হস্ত রাখিয়া,—"ওঁ বিষ্ণুরিত্যাদি নিত্যধামগতস্য অমুক দেবস্য স্বাভীষ্ট নিত্যধাম-গমন-কামঃ ইমং গন্ধং শ্রীবিষ্ণুদৈবতং যথানাম-গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি"—বলিয়া জলের প্রোক্ষণ করিবেন। দক্ষিণান্ত—"ওঁ এতদ্দক্ষিণা কাঞ্চন-মূল্যং ভগবতে বিষ্ণবে নমঃ" এতে গন্ধ পুষ্পে কাঞ্চন মূল্যায় নমঃ।" "এতৎ সম্প্রদানায় সাত্বত ব্রাহ্মণায় নমঃ।" পরে,—"ওঁ বিষ্ণুরিত্যাদি অমুক দেবস্য স্বাভীষ্ট নিত্যধাম গমন কামনয়া কৃতৈতৎ গন্ধ-দান কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং যথানাম-গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি।" বলিয়া প্রোক্ষণ করিবেন।

১০। মাল্যদান—পাত্রস্থিত পুষ্পমাল্যের উপর বামহস্ত উপুর করিয়া ধরিয়া,

ওঁ শ্রিয়াযুক্তং সুগন্ধ্যাঢ্যং নানাপুষ্পৈরণুন্নতম।
কণ্ঠেধৃতং সুরাদিভিঃ মাল্যমেতৎ প্রতিগৃহ্যতাম্॥

"এতৎ মাল্যং ওঁ ভগবতে বিষ্ণবে নমঃ। "ওঁ সুপ্রোক্ষিতমস্তু বিষ্ণুঃ প্রীণাতু" বলিয়া জলের প্রোক্ষণ করিবেন। "এতস্মৈ সাধার পুষ্পমাল্যায় নমঃ।" "এতৎ সম্প্রদানায় ব্রাহ্মণায় নমঃ।" পরে কোশার জলে হস্ত রাখিয়া,—"ওঁ বিষ্ণুরিত্যাদি নিত্যধামগতস্য অমুক দেবস্য ভগবৎ-প্রিয়-সেবোত্তম শ্রীলাভকামঃ ইদং মাল্যং শ্রীবিষ্ণুদৈবতং যথানাম সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি।" (প্রোক্ষণ করিবেন)। দক্ষিণান্ত—এতে গন্ধ পুষ্পে কাঞ্চনমূল্যায় নমঃ। ওঁ এতদধিপতয়ে ভগবতে শ্রীবিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় সাত্বত ব্রাহ্মণায় নমঃ। পরে—"ওঁ বিষ্ণুরিত্যাদি অমুক দেবস্য ভগবৎ-প্রিয়-সেবোত্তম-শ্রীলাভ-কামনয়া কৃতৈতৎ সাধার পুষ্পমাল্য-দান-কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং যথানাম গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি।" বলিয়া জলের প্রোক্ষণ করিবেন।

১১। ফলদান—ফলপাত্র বামহস্তে ধারণ করিয়া,—

ওঁ প্রাণিনামুপকারার্থং পঞ্চভূতানি নির্ম্মমে।
এতানি ফলরূপেণ প্রাণি-প্রাণ-ধরাণি হি॥

"এতস্মৈ সাধার ফলায় নমঃ। ইদং সাধার ফলং ওঁ ভগবতে বিষ্ণবে নমঃ"—বলিয়া ভগবানে নিবেদন করিবেন। পরে,—"ওঁ সুপ্রোক্ষিতমস্তু বিষ্ণুঃ প্রীণাতু" বলিয়া ফলপাত্রে জলের ছিটা দিবেন। এতৎ সম্প্রদানায় সাত্বত ব্রাহ্মণায় নমঃ। পরে কোশার জলে দক্ষিণ হস্ত রাখিয়া,—"ওঁ বিষ্ণুরিত্যাদি ওঁ নিত্যধামগতস্য অমুক দেবস্য স্বাভীষ্ট নিত্যধামে নিত্য ভগবদ্দাসরূপেণাবস্থিতি কামঃ ইদং সাধার

ফলং শ্রীবিষ্ণুদৈবতং যথানাম-গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি।" জলের প্রোক্ষণ করিবেন। দক্ষিণান্ত—ওঁ এতদ্দক্ষিণা কাঞ্চনমূল্যায় নমঃ। এতদধিপতয়ে শ্রীবিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় সাত্বত ব্রাহ্মণায় নমঃ। পরে,—"ওঁ বিষ্ণুরিত্যাদি অমুক দেবস্য স্বাভীষ্ট নিত্যধামে নিত্যভগবদ্দাসরূপেণাবস্থিতি কামনায় কৃতৈতৎ ফলদান কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং যথানাম-গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি।" বলিয়া প্রোক্ষণ করিবেন।

১২। শয্যাদান—শয্যা বামহস্তে স্পর্শ করিয়া,—

ওঁ বিষ্ণোরনন্ত শয্যেব সোপাধানেন কল্পিতাং।
সুখদাং সর্ব্বলোকানাং ইমাং শয্যাং প্রতিগৃহ্যতাম্॥

"এতে গন্ধপুষ্পে এতস্মৈ সাচ্ছাদনোপাধান-শয্যায়ৈ নমঃ। এতদধিপতয়ে ওঁ ভগবতে বিষ্ণবে নমঃ—বলিয়া বিষ্ণুতে গন্ধপুষ্প দিবেন। "ওঁ সুপ্রোক্ষিতমস্তু বিষ্ণুঃ প্রীণাতু" বলিয়া জলের ছিটা দিবেন। এতৎ সম্প্রদানায় সাত্বত ব্রাহ্মণায় নমঃ। কোশার জলে হস্ত ডুবাইয়া—"ওঁ বিষ্ণুরিত্যাদি নিত্যধামগতস্য অমুক দেবস্য নিরবচ্ছিন্ন শ্রীভগবচ্চরণান্তিকেঽবস্থানি কামঃ ইমাং শয্যাং শ্রীবিষ্ণুদৈবতাকাং যথানাম গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি।" জলের প্রোক্ষণ করিবেন। দক্ষিণান্ত—ওঁ এতদ্দক্ষিণা কাঞ্চন-মূল্যায় নমঃ। এতদধিপতয়ে শ্রীবিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় সাত্বত ব্রাহ্মণায় নমঃ। পরে কোশার জলে হস্ত রাখিয়া,—ওঁ বিষ্ণুরিত্যাদি অমুক দেবস্য নিরবচ্ছিন্ন শ্রীভগবৎ-চরণান্তিকেঽবস্থান কামনায় কৃতৈতৎ শয্যাদান কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং যথানাম-গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি"— বলিয়া ভূমিতে জল দিবেন।

১৩। পাদুকা—(খড়ম) দ্বয়ে বামহস্তে স্পর্শ করিয়া—

ওঁ উপানহৌ চ পরমে কামগে মন্ত্র-সাধিতে।
কার্ত্তিকেয় সুখার্থায় নির্ম্মিতে সুখকর্ম্মণা॥

"ইদং পাদুকাযুগলং ওঁ ভগবতে শ্রীবিষ্ণবে নমঃ" বলিয়া পাদুকায় পুষ্প প্রদান করিবেন। "ওঁ সুপ্রোক্ষিতমস্তু বিষ্ণুঃ প্রীণাতু" বলিয়া জলের ছিটা দিবেন। "এতে গন্ধপুষ্পে পাদুকাযুগলাভ্যাং নমঃ। এতৎ সম্প্রদানায় সাত্বত ব্রাহ্মণায় নমঃ।" কোশার জলে হস্ত রাখিয়া—"ওঁ বিষ্ণুরিত্যাদি নিত্যধামগতস্য অমুক দেবস্য ভগবল্লোক প্রাপ্তিপূর্ব্বক নিত্যভগবৎ-সেবা-বিনোদভাগিত্ব কামঃ ইদং পাদুকাযুগলং শ্রীবিষ্ণুদৈবতং যথানাম-গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি"—বলিয়া জলের প্রোক্ষণ করিবেন। দক্ষিণান্ত—"ওঁ এতদ্দক্ষিণা কাঞ্চন-মূল্যায় নমঃ। এতদধিপতয়ে

শ্রীবিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় সাত্বত ব্রাহ্মণায় নমঃ।" কোশার জলে হস্ত রাখিয়া "ওঁ বিষ্ণুরিত্যাদি অমুক দেবস্য ভগবল্লোক প্রাপ্তিপূর্ব্বক নিত্য ভগবৎ সেবাবিনোদভাগিত্ব কামনয়া কৃতৈতৎ পাদুকাযুগলদান কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং যথানাম-গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি"—বলিয়া জলের প্রোক্ষণ করিবেন।

১৪। ধেনুদান—ধেনু (সবৎস্য গাভি) স্পর্শ করিয়া,—

ওঁ যা লক্ষ্মীঃ সর্ব্বভূতানাং যা চ দেবস্ববস্থিতা।
ধেনুরূপেণ সা দেবী সর্ব্বশান্তিং প্রযচ্ছতু॥
ওঁ লক্ষ্মী র্যা লোকপালানাং ধেনুরূপেণ সংস্থিতা।
ঘৃতং বহতি যজ্ঞার্থে যমপাশং ব্যপহতু॥

"এতৎ পাদ্যং ওঁ ধেন্বৈ নমঃ" বলিয়া গাভির পদে জল দিবেন। গন্ধ-পুষ্প-দুর্ব্বাক্ষতযুক্ত অর্ঘ্য লইয়া—"এষঃ অর্ঘ্যঃ ওঁ ধেন্বৈ নমঃ" বলিয়া মস্তকে অর্ঘ্য প্রদান করিবেন। পরে গন্ধ-পুষ্প লইয়া—"এতে গন্ধপুষ্পে ওঁ ধেন্বৈ নমঃ, এষঃ ধূপং ওঁ ধেন্বৈ নমঃ" বলিয়া গন্ধপুষ্প, ধূপ ও দীপ অর্পণ করিবেন। তৎপরে—ভগবন্নিবেদিত প্রসাদ এবং ফল-মূলাদিসহ দুর্ব্বাঘাস সমন্বিত নৈবেদ্য লইয়া,—"ইদং ভগবৎ প্রসাদান্বিতং সোপকরণ-নৈবেদ্যং ওঁ ধেন্বৈ নমঃ"।

"ওঁ সৌরভেয্যঃ সর্ব্বহিতা পবিত্রাঃ পুণ্যরাসয়ঃ।
প্রতিগৃহ্ণন্তু মে গ্রাসং গাবস্ত্রৈলোক্য মাতরঃ॥

বলিয়া ঘাস প্রদান করিবেন। পরে প্রণাম করিবেন। প্রণাম মন্ত্র যথা,—

"ওঁ নমো গোভ্যঃ শ্রীমতীভ্যঃ সৌরভেয়ীভ্যঃ এব চ।
নমো ব্রহ্মসুতাভ্যশ্চ পবিত্রাভ্যো নমো নমঃ॥"

পরে গাভির গাত্র চুলকাইয়া মন্ত্র পাঠ করিবেন,—

"ওঁ গবাং কণ্ডুয়নং কুর্য্যাৎ গোগ্রাসং গোপ্রদক্ষিণং।
নিত্যং গোষু প্রসন্নাসু গোপালোঽপি প্রসীদতি॥"

"এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ ভগবতে গোপাল শ্রীকৃষ্ণায় নমঃ, ওঁ সুপ্রোক্ষিতমস্তু বিষ্ণুঃ প্রীণাতু" বলিয়া প্রোক্ষণ করিবেন। পরে, "এতৎ সম্প্রদানায় সাত্বত ব্রাহ্মণায় নমঃ" কোশার জলে তিল, তুলসী ও হরিতকী লইয়া—"ওঁ বিষ্ণুরিত্যাদি নিত্যধামগতস্য অমুক দেবস্য শ্রীবৈকুণ্ঠলোকে নিরবচ্ছিন্ন

শ্রীভগবদ্দাস্যানন্দ প্রাপ্তিকামঃ ইমাং ধেনুং যথাশক্ত্যালঙ্কৃতাং শ্রীবিষ্ণু-দেবতাকাং যথানাম-গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় দাতুমহং উৎসৃজে"—বলিয়া পুচ্ছদেশে জলের প্রোক্ষণ করিবেন। দক্ষিণান্ত—"ওঁ এতদ্দক্ষিণা কাঞ্চন-মূল্যায় নমঃ" "এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ, এতৎ সম্প্রদানায় ব্রাহ্মণায় নমঃ।" পরে কোশার জলে হস্ত রাখিয়া,—"ওঁ বিষ্ণুরিত্যাদি অমুক দেবস্য শ্রীবৈকুণ্ঠলোকে নিরবচ্ছিন্ন শ্রীভগবৎ-দাস্যানন্দ-প্রাপ্তি-কামনয়া কৃতৈতৎ যথাশক্ত্যালঙ্কৃতা ধেনুদান-কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং যথানাম গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি"—বলিয়া জলের প্রোক্ষণ করিবেন।

(ধেনুস্থলে ধেনুমূল্যং উৎসর্গের ব্যবস্থা হইলে "ধেনু" স্থলে "ধেনুমূল্যং" পাঠ হইবে এবং কাঞ্চন মূল্য দানের বিধানানুসারে উৎসর্গ হইবে।)

১৫। কাঞ্চন বা কাঞ্চনমূল্য দান—কাঞ্চন বা তৎমূল্যাধার বাম হস্তে ধরিয়া—

"ওঁ সুবর্ণং পরমং দানং সুবর্ণং দক্ষিণাপরং।
এতৎ পবিত্রং পরমমেতৎ স্বস্ত্যয়নং মহৎ॥"

"ইদং কাঞ্চনং ওঁ ভগবতে শ্রীবিষ্ণবে নমঃ" বলিয়া পুষ্প দিবেন। "ওঁ সুপ্রোক্ষিতমস্তু বিষ্ণু প্রীণাতু" বলিয়া প্রোক্ষণ করিবেন। "এতস্মৈ কাঞ্চনায় (বা কাঞ্চন-মূল্যায়) নমঃ। এতৎ সম্প্রদানায় ব্রাহ্মণায় নমঃ। পরে কোশার জলে হস্ত রাখিয়া,—"ওঁ বিষ্ণুরিত্যাদি নিত্যধামগতস্য অমুক দেবস্য প্রচুর প্রেমভক্তি প্রাপ্তি পূর্ব্বক স্বাভীষ্টধামে পরমনন্দ লাভকামঃ ইদং কাঞ্চন (বা কাঞ্চনমূল্য) শ্রীবিষ্ণুদৈবতং যথানাম-গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি।" দক্ষিণান্ত—দক্ষিণা পূর্ব্ববৎ অর্চ্চনা করিয়া কোশায় দক্ষিণ হস্ত রাখিয়া,—"ওঁ বিষ্ণুরিত্যাদি অমুক দেবস্য প্রচুর প্রেমভক্তি প্রাপ্তিপূর্ব্বক স্বাভীষ্টধামে পরমানন্দ-লাভ কামনয়া কৃতৈতৎ কাঞ্চন (বা কাঞ্চনমূল্য) দান কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং রজতখণ্ডং শ্রীবিষ্ণুদৈবতং যথানাম-গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি"—বলিয়া প্রোক্ষণ করিবেন।

১৬। রজত দান—রজতাধার বামহস্তে ধারণ করিয়া—

ওঁ পিত্নাং বল্লভং যস্মাৎ বিষ্ণোর্বা শঙ্করস্য চ।
রজতং পাহি তস্মান্নঃ শোক-সংসার-সাগরাৎ॥

"ইদং রজতং ওঁ ভগবতে শ্রীবিষ্ণবে নমঃ" বলিয়া গন্ধ-তুলসী দিবেন। "ওঁ সুপ্রোক্ষিতমস্তু বিষ্ণু প্রীণাতু" বলিয়া জলের প্রোক্ষণ করিবেন। এতে গন্ধপুষ্পে

রজত-খণ্ডায় নমঃ। এতৎ সম্প্রদানায় সাত্ত্বত ব্রাহ্মণায় নমঃ। কোশার জলে দক্ষিণ হস্ত রাখিয়া,—"ওঁ বিষ্ণুরিত্যাদি নিত্যধামগতস্য অমুক দেবস্য ভগবদ্ধাম গমনপূর্ব্বক নিত্যসেবকত্বলাভকামঃ ইদং রজতখণ্ডং শ্রীবিষ্ণুদৈবতং যথানাম-গোত্রায় সাত্ত্বত ব্রাহ্মণায় অহং দদানি"—বলিয়া প্রোক্ষণ করিবেন।✱

দক্ষিণান্ত—"ওঁ এতদ্দক্ষিণা কাঞ্চনমূল্যায় নমঃ, এতদধিপতয়ে ওঁ ভগবতে শ্রীবিষ্ণবে নমঃ, এতৎ সম্প্রদানায় সাত্ত্বত ব্রাহ্মণায় নমঃ" বলিয়া কোশার জলে হস্ত রাখিয়া,—"ওঁ বিষ্ণুরিত্যাদি অমুক দেবস্য ভগবদ্ধামগমনপূর্ব্বক নিত্য-সেবকত্বলাভ কামনয়া কৃতৈতৎ রজত দান কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং যথানাম-গোত্রায় সাত্ত্বত ব্রাহ্মণায় অহং দদানি"—বলিয়া প্রোক্ষণ করিবেন। অতঃপর কামস্তুতি বা কামগায়ত্রী পাঠ করিবেন। কামস্তুতি যথা,—

ওঁ কোঽদ্যাৎ কস্মাঽন্যাৎ কামোঽদ্যাৎ কামায় অদ্যাৎ।
কামো দাতা কামঃ পরিগৃহীতা কামৈতত্তে॥"

ষড়ঙ্গ দান

ষোড়শ দানে অসমর্থ হইলে ষড়ঙ্গ দানই কর্ত্তব্য। দান-দ্রব্য যথা—

১। অন্ন (চাউলসহ থালা), ২। জল (জলসহ কলসী বা ঘটী), ৩। বস্ত্র, ৪। ছাতা, ৫। আসন ও ৬। পাদুকা।

উৎসর্গ-প্রণালী ষোড়শ দানের মধ্যে লিখিত হইয়াছে।

তিল-কাঞ্চন দান

ষড়ঙ্গ দানেও অসমর্থ হইলে তিল-কাঞ্চন দানের ব্যবস্থা। ইহার প্রণালী এইরূপ,—একটী তাম্রপাত্রে অথবা রেকাবীতে কতকগুলি তিল ঢালিয়া তাহার উপর একখণ্ড স্বর্ণ বা স্বর্ণমূল্য রাখিয়া একখানি বস্ত্রদ্বারা আচ্ছাদন করিবেন। পরে বামহস্তে ঐ তিলপাত্র ধরিয়া—

ওঁ বিষ্ণু-দেহোদ্ভবাঃ পুণ্যাস্তিলাঃ পাপ প্রণাশনাঃ।
পিতৃণাঞ্চ সুরাদিনাং বল্লভাঃ সুখহেতুকাঃ॥

✱শ্রীগুরুদেবের জন্য যে দান জলচৌকী, বস্ত্র, পাদুকা, অন্নপাত্র, দিবেন, তাহা পূর্ব্বোক্ত মন্ত্রের মধ্যে "সম্প্রদানায় সাত্ত্বত ব্রাহ্মণায়" স্থলে "সম্প্রদানায় শ্রীগুরুবে নমঃ" পাঠ হইবে এবং উৎসর্গমন্ত্রের মধ্যে "যথানাম গোত্রায় সাত্ত্বত ব্রাহ্মণায়" স্থলে "শ্রীগুরুবে" অথবা শ্রীগুরুদেবের নাম ও গোত্র উল্লেখপূর্ব্বক "শ্রীগুরুদেবায় অহং দদানি" বলিবেন।

"ওঁ সবস্ত্র-কাঞ্চন-তাম্রাধার তিলাঃ ওঁ ভগবতে শ্রীবিষ্ণবে নমঃ" বলিয়া বিষ্ণু স্পর্শ করাইবেন। "ওঁ সুপ্রোক্ষিতমস্তু বিষ্ণুঃ প্রীণাতু" বলিয়া জলের প্রোক্ষণ করিবেন। "এতে গন্ধপুষ্পে এতেভ্যঃ সবস্ত্র কাঞ্চন তাম্রাধার তিলেভ্যো নমঃ।" বলিয়া গন্ধপুষ্প দিবেন। পরে কোশার জলে হস্ত রাখিয়া,—"ওঁ বিষ্ণুরদ্য অমুক মাসি অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রস্য নিত্যধামগতস্য অমুক দেবস্য স্বাভীষ্ট নিত্যধাম-গমনপূর্ব্বক শ্রীভগবৎ-পাদপদ্ম-সেবানন্দ-সুখকামঃ এতান্ সবস্ত্র কাঞ্চন-তাম্রাধার তিলান্ শ্রীবিষ্ণুদৈবতান্ যথানাম-গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি"—বলিয়া ঐ পাত্র প্রোক্ষণ করিবেন।

দক্ষিণান্ত—বামহস্তে দক্ষিণাটি ধরিয়া—"এতৎ দক্ষিণা কাঞ্চনমূল্যং ওঁ ভগবতে শ্রীবিষ্ণবে নমঃ—বলিয়া পুষ্প দিবেন। "এতস্মৈ কাঞ্চনমূল্যায় নমঃ। এতৎ সম্প্রদানায় সাত্বত ব্রাহ্মণায় নমঃ" বলিয়া জলের ছিটা দিবেন। পরে কোশার জলে হস্ত রাখিয়া,—"ওঁ বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুক মাসি অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রস্য নিত্যধামগতস্য অমুক দেবস্য স্বাভীষ্ট নিত্যধাম গমনপূর্ব্বক শ্রীভগবৎ-পাদপদ্ম-সেবানন্দ-লাভ কামনয়া কৃতৈতৎ স্ববস্ত্র-কাঞ্চন-তিল-দান-কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং যথানাম-গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি"—বলিয়া জলের প্রোক্ষণ করিবেন। পরে—"কৃতৈতৎ তিল-কাঞ্চন-দান কর্ম্মাচ্ছিদ্রমস্তু" বলিবেন। পুরোহিত বলিবেন —"ওঁ অস্তু"।

"ওঁ যদসাঙ্গং কৃতং কর্মজানতা বাপ্যজানতা।
সাঙ্গং ভবতু তৎসর্ব্বং শ্রীগোবিন্দনাম স্মরণাৎ॥"

—পাঠান্তে ১০ বার বিষ্ণু স্মরণ করিবেন। পরে কামগায়ত্রী অথবা কামস্তুতি পাঠ করিবেন।

আদ্যশ্রাদ্ধ-পদ্ধতি

পূর্ব্বোক্ত দানাদি কার্য্য সমাপনান্তে আচমন করিবেন।

"ওঁ বিষ্ণু ওঁ বিষ্ণু ওঁ বিষ্ণু ওঁ তদ্বিষ্ণো পরমং পদং সদা পশ্যন্তি সুরয়ঃ দিবীব চক্ষুরাততম্।" আচমনান্তে যথোপচারে যজ্ঞেশ্বর নারায়ণের পূজা করিবেন। "এতে গন্ধপুষ্পে ওঁ যজ্ঞেশ্বরায় নমঃ" বলিয়া বিষ্ণুকে অর্পণ করিবেন। "এষঃ ধূপঃ ওঁ যজ্ঞেশ্বরায় নারায়ণায় নমঃ। এষঃ দীপঃ ওঁ যজ্ঞেশ্বরায় যজ্ঞপতয়ে গোবিন্দায় নমঃ।" বলিয়া ধূপ ও দীপ নিবেদন করিবেন। পরে হাত জোড় করিয়া,—

ওঁ সর্ব্বমঙ্গল-মঙ্গল্যং বরেণ্য বরদং শিবং।
নারায়ণং নমস্কৃত্য সর্ব্বকর্ম্মাণি কারয়েৎ॥

তারপর একটি প্রশস্ত পাত্রে যথাশক্তি চাউল, ডাল, লবণ, ঘৃত, অখণ্ড ফল, মিষ্টান্ন-দ্রব্য, পান, সুপারী ও বস্ত্রাদি সমন্বিত একটি ভোজ্য বামহস্ত উপুড় করিয়া ধরিয়া,—"এতৎ সোপকরণ আমান্ন-ভোজ্যং ওঁ যজ্ঞেশ্বরায় শ্রীবিষ্ণবে নমঃ।" "ওঁ সুপ্রোক্ষিতমস্তু বিষ্ণুঃ প্রীণাতু" বলিয়া জলের প্রোক্ষণ করিবেন। "এতেভ্যঃ সোপকরণ আমান্ন ভোজ্যেভ্যো নমঃ" বলিয়া গন্ধপুষ্প ভোজ্যের উপর দিবেন। "এতৎ সম্প্রদানায় সাত্বত ব্রাহ্মণায় নমঃ" বলিয়া প্রোক্ষণ করিবেন। অনন্তর কোশার জলে দক্ষিণ হস্ত রাখিয়া,—"ওঁ বিষ্ণুরোম্ তৎ সদদ্য অমুক মাসি অমুক পক্ষে অমুক তিথৌ, অমুক গোত্রস্য নিত্যধাম-প্রাপ্তস্য অমুক দেবস্য শ্রীবৈকুণ্ঠলোক-গমনপূর্ব্বক ভগবদ্দাস্য-লাভার্থং শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ এতানি সোপকরণ আমান্ন-ভোজ্যানি শ্রীবিষ্ণুদৈবতানি যথানাম-গোত্রায়, সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি।" বলিয়া প্রোক্ষণপূর্ব্বক উৎসর্গ করিবেন। দক্ষিণান্ত—ওঁ বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুক মাসি, অমুক পক্ষে, অমুক তিথৌ অমুক গোত্রস্য নিত্যধামপ্রাপ্তস্য অমুক দেবস্য শ্রীবৈকুণ্ঠলোক গমনপূর্ব্বক ভগবদ্দাস্য লাভার্থং শ্রীবিষ্ণু-প্রীতি-কামনয়া কৃতৈতৎ সোপকরণ আমান্ন-ভোজ্য-দান কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং যথানাম-গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি।" বলিয়া জলের প্রোক্ষণ করিবেন। পরে—"কৃতৈতৎ ভোজ্য দান-কর্ম্মাচ্ছিদ্রমস্তু" বলিবেন। পুরোহিত বলিবেন—"ওঁ অস্তু।"

পিণ্ডদান

অতঃপর মৃতব্যক্তির উদ্দেশে পিণ্ডদানার্থ একটি পাত্রে মহাপ্রাসাদ ※ পান, সুপারি কৃতী নিজের পার্শ্বে রক্ষা করিবেন। দেববিধানানুসারে দক্ষিণ স্কন্ধে উপবীত (উত্তরীয়) ধারণ করিয়া দক্ষিণাস্য হইয়া মৃতব্যক্তির আমন্ত্রণ ও অর্চ্চন করিবেন। কৃতি করজোড়ে—"ওঁ বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুক মাসি, অমুক পক্ষে, অমুক তিথৌ নিত্যধামপ্রাপ্ত অমুক গোত্রস্য অমুক দেব (স্ত্রীলোক হইলে—"নিত্যধামপ্রাপ্তে অমুক

※ কর্ম্মজড় রঘুনন্দনের মতে পিণ্ডদানের জন্য চরু পাকের ব্যবস্থা দেখা যায়, কিন্তু বৈদিক পারস্কর গৃহ্যসূত্রের ভাষ্যকার হরিহরের "প্রেত-প্রেতমঞ্জরী"র মতে চরুপাকের ব্যবস্থা নাই। বিশুদ্ধ সাত্বত-মতে শ্রীমহাপ্রসাদদ্বারাই মৃতের উদ্দেশে পিণ্ড দেওয়া কর্ত্তব্য।

গোত্রে অমুক দেবী! পাঠ হইবে) ভবন্মরণান্তরোপকল্পিতাশৌচান্তাৎ দ্বিতীয়েঽহ্নি সাত্বত-শাস্ত্র-বিহিতং ভবদীয়ার্চ্চনরূপ শ্রাদ্ধ কর্ত্তুং ভবন্তমহং আমন্ত্রয়ে ওঁ সুপ্রসন্নোঽস্তু (স্ত্রীলোক হইলে "ওঁ সুপ্রসন্নাস্তু' বলিবে)। মৃতের উদ্দেশে আসন পাতিয়া পরে আবাহন করিবেন ; মন্ত্র যথা,—"আয়াহি দেব (বা দেবি) পথির্ভির্দেবযানৈ অস্মিন্ যজ্ঞে স্বধায়ামাস্তে ওঁ ইহাগচ্ছ ইহাগচ্ছ অত্রাধিষ্ঠানং কুরু মমার্চ্চনং গৃহাণ ওঁ সুস্বাগতম্। পরে সেই লোকান্তরিত ব্যক্তি যেন দিব্য চিন্ময় দেহে তথায় আসীন হইয়াছেন এইরূপ ভক্তি-তদ্গতচিত্তে পরিচিন্তন করিয়া কুশিতে কিঞ্চিত জল লইয়া,—"ওঁ নিত্যধাম-প্রাপ্ত অমুক দেব! এতৎ পাদ্যং তুভ্যং স্বধা" বলিয়া ভূমিতে জল প্রোক্ষন করিবেন। তারপর একটী পুষ্প লইয়া,—"ওঁ নিত্যধাম-প্রাপ্ত অমুক দেব। ইদমাসনং তুভ্যং উপতিষ্ঠতাম্" বলিয়া আসন দিবেন এবং আসন স্পর্শ করিয়া—"সিদ্ধমিদমাসনং অত্র আস্যতাম্" পরে নিম্নলিখিত মন্ত্রে প্রণাম করিবেন,—

"ওঁ দেবতাভ্য পিতৃভ্যশ্চ ভাগবতেভ্যঃ এব চ।
নমঃ স্বধায়ৈ স্বাহায়ৈ নিত্যমেব ভবন্ত নঃ॥"

পরে জলদ্বারা শ্রাদ্ধস্থান মার্জ্জনা করিয়া একগোছা প্রাদেশ প্রামাণ কুশ আসনের সম্মুখে দক্ষিণাগ্র করিয়া পাতিয়া তদুপরি অর্ঘ্যপাত্র (শঙ্খ, কলার খোলা, কলার পাতা অথবা পদ্মপত্রের আধার) স্থাপন করিয়া একগাছি কুশ লইয়া—"ওঁ পবিত্রাসি বৈষ্ণবি!" বলিয়া প্রাদেশ প্রমাণ (১২ অঙ্গুলি) নখস্পর্শ-ভিন্ন ছিন্ন করিবেন এবং "ওঁ বিষ্ণোর্মনসা পূতমসি" বলিয়া জলের ছিটা দিয়া অর্ঘ্যপাত্রে রাখিবেন। অনন্তর—"ওঁ শন্নো দেবীরভিষ্টয়ো আপো ভবন্তু পীতয়ে শং যো রভিস্রবন্তু নঃ।" এই মন্ত্র পাঠ করিয়া তিন গণ্ডুষ জল অর্ঘ্যপাত্রে দিবেন। পরে—"ওঁ তিলোঽসি শ্রীবিষ্ণুদৈবত্যো গোসবো দেব-নির্ম্মিতঃ। প্রত্নমদ্ভিঃ পূক্ত স্বধয়া নিত্যধাম প্রাপ্তান্ ভক্তজনান্ প্রীণাহি নঃ স্বাহা। বলিয়া অর্ঘ্যপাত্রে তিল দিবেন। পরে গন্ধপুষ্প অর্ঘ্যপাত্রে দিয়া একগাছি কুশ আচ্ছাদন পূর্ব্বক কৃতাঞ্জলি হইয়া বলিবেন,—"ওঁ অচ্ছিদ্রমিদমর্ঘ্যপাত্রমস্তু" বলিলে, পুরোহিত—"ওঁ অস্তু" বলিবেন। আচ্ছাদন কুশটি ফেলিয়া দিয়া অর্ঘ্যপাত্রটি বামহস্তে রাখিয়া দক্ষিণ হস্তে আচ্ছাদনপূর্ব্বক পাঠ করিবেন—"ওঁ যাদিব্যা আপঃ পয়সা সংবভূব। যা অন্তরীক্ষা উত পার্থি বীর্য্যাঃ। হিরণ্যবর্ণা যজ্ঞিয়া তা আপঃ শিবাঃ সংশ্যোনা সুহবা ভবন্তু। ওঁ বিষ্ণু নিত্যধাম-প্রাপ্ত অমুক দেব! এষঃ অর্ঘ্যং তুভ্যং স্বধা।" বলিয়া অর্পণ করিবেন। অনন্তর স্নান

কল্পনা করিয়া কুশিতে জল লইয়া—

ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি।
নর্ম্মদে সিন্ধো কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু॥
ওঁ কুরুক্ষেত্রং গয়াগঙ্গা প্রভাস পুষ্করাণি চ।
তীর্থান্যেতানি পুণ্যানি স্নানকালে ভবন্তি হ॥" বলিয়া গন্ধপুষ্প দিবেন। পরে—

ওঁ হরের্দ্দাস্য-পরানন্দ-ধারাভিরভিসিঞ্চিত।
পুণ্যৈস্তীর্থোদকৈরিদং স্নানং তে কল্পয়াম্যহম্॥

"ইদং তে স্নানীয়ং" বলিয়া কুশির জল একটী পাত্রে অর্পণ করিবেন। পরে বস্ত্র লইয়া,—

ওঁ দেবতানামৃষীনাঞ্চ পিতৃণাং যৎ-পিধানভাক্।
পাবনং পরমং লোকে বসনং তে প্রতিগৃহ্যতাম্॥

"এতত্তে বাসং" বলিয়া বস্ত্রখানি আসন পাত্রের উপর রাখিবেন। অনন্তর একটি দক্ষিণাগ্র রেখা করিয়া তদুপরি একটি কুশ পাতন করিয়া তাহার উপর কদলিপত্র রাখিয়া একখানি বস্ত্র, বস্ত্রের উপর সচন্দন তুলসীপত্র, পুষ্প, উপবীত ও স্বতন্ত্র ধূপ ও দীপ জ্বালাইয়া—"ওঁ এতেভ্য গন্ধ্যাদি পঞ্চকেভ্যো নমঃ বলিয়া প্রোক্ষণ করিবেন। পরে —"ওঁ বিষ্ণুরোম্ নিত্যধামপ্রাপ্ত অমুক গোত্র (বা অচ্যুত গোত্র) অমুক দেব! এতানি গন্ধপুষ্প-ধূপ-দীপ-বাস-যজ্ঞোপবীতানি তুভ্যং উপতিষ্ঠতাং" বলিয়া জলের ছিটা দিবেন। পরে,—

১। তুলসীপত্রে চন্দন লইয়া—

"ওঁ সর্ব্ব সুগন্ধ এবায়ং শীতলঃ সুমনোহরঃ।
ময়া নিবেদিতো ভক্ত্যা গন্ধোঽয়ং প্রতিগৃহ্যতম্॥"

"এষ তে গন্ধঃ" বলিয়া সেই পাত্রে অর্পণ করিবেন।

২। অনন্তর পুষ্প লইয়া—

"ওঁ শ্রিয়া দেব্যা সমাযুক্তং দেবৈরপি শিরোধৃতং।
ময়া নিবেদিতং ভক্ত্যা পুষ্পমেতৎ প্রতিগৃহ্যতম্॥"

"এতৎ তে পুষ্পং" বলিয়া পাত্রে পুষ্প অর্পণ করিবেন।

৩। অতঃপর ধূপ লইয়া (বা একটি পুষ্প লইয়া)—

"ওঁ বনস্পতি রসো দিব্যঃ গন্ধাঢ্যঃ সুমনোহরঃ।
ময়া নিবেদিতো ভক্ত্যা ধূপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥"

"এষঃ তে ধূপ" ধূপটী রাখিয়া প্রোক্ষণ করিবেন।

৪। পরে দীপ (বা একটি পুষ্প) লইয়া—

"ওঁ সুপ্রকাশো মহাদীপঃ সর্ব্বত্রস্তিমিরাপহঃ।
সবাহ্যাভ্যন্তরং জ্যোতির্দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥"

"এষঃ তে দীপ" বলিয়া ফুলটি অর্পণ করিয়া জলের প্রোক্ষণ করিবেন।

৫। অনন্তর যজ্ঞোপবীত লইয়া—

"ওঁ এতৎ তে যজ্ঞোপবীতং" বলিয়া যজ্ঞোপবীতটি পূর্ব্বস্থাপিত বস্ত্রের উপর রাখিবেন। পরে জোড়হস্তে "ওঁ গন্ধাদিদানমিদমচ্ছিদ্রমস্তু"—বলিবেন। পুরোহিত বলিবেন—"ওঁ অস্তু"। অতঃপর কৃতি বলিবেন—"ওঁ ভোজনপাত্রং অহং পাতয়িষ্যে।" পুরোহিত বলিবেন—"ওঁ পাতয়।"

আসনের (পিঁড়ির নিকটে একটি চতুষ্কোণ মণ্ডল অঙ্কন করিয়া তাহার উপর ভগবৎ প্রসাদান্ন ঘৃতাদি সমন্বিত অন্ন-ব্যঞ্জনাদি, স্বধামগত ব্যক্তি যে-যে দ্রব্য প্রীতিসহকারে ভোজন করিতেন সেই সকল দ্রব্য একটি পাত্রে সাজাইয়া তথায় স্থাপন করিবেন) পার্শ্বে প্রসাদাদি পানীয় জলপাত্র স্থাপন করিবেন। চিৎভাবে বামহস্ত দ্বারা সেই অন্নপাত্র স্পর্শ করিয়া,—"ওঁ এতস্মৈ বিষ্ণোনিবেদিত সোপকরণ-সঘৃত মহাপ্রসাদান্নায় নমঃ"—বলিয়া জলের প্রোক্ষণ করিবেন এবং "ওঁ ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নিদধে পদং সমূঢ় যস্য পাংসুরে"—বলিয়া দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ চিৎভাবে প্রসাদ পাত্রে স্থাপন করিবেন। পরে একটি মোটক (দলা) লইয়া—"ওঁ বিষ্ণু অমুক গোত্র (বা অচ্যুত গোত্র) নিত্যধামপ্রাপ্ত অমুক দেব এতৎ বিবিধোপকরণ-সমন্বিতং তুলসী-বিমিশ্রং ভগবন্নিবেদিতং মহাপ্রসাদান্নং তুভ্যং উপতিষ্ঠতাং।" "ওঁ যথা সুখং তুষ্টীং স্বদ।" বলিয়া প্রত্যেক দ্রব্যে প্রোক্ষণ করিবেন। পরে,—"ওঁ ইদং তে পানীয়ং স্বধা" বলিয়া পানীয় পাত্রে প্রোক্ষণ করিবেন। অনন্তর নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবেন—

ওঁ মধু বাতা ঋতায়তে মধু ক্ষরন্তি সিন্ধবঃ।
মাধ্বীর্ণঃ সন্তোষধীঃ মধু নক্তমুতো বসো॥
মধুমৎ পার্থিবং রজঃ মধু দৌরস্তু নঃ পিতা।
মধুমান্নো বনস্পতির্ম্মধমাং অস্তু সূর্য্যঃ॥

মাধ্বীর্গাবো ভবন্তু নঃ"॥—বলিয়া মধুবিকীরণ করিবেন। পরে "ওঁ প্রসাদান্নদানমিদমচ্ছিদ্রমস্তু।"

ওঁ ভক্তিহীনং ক্রিয়াহীনং বিধিহীনঞ্চ যদ্ভবেৎ।
তৎ সর্ব্বমচ্ছিদ্রমস্তু শ্রীহরের্নাম কীর্ত্তনাৎ॥

তারপর দশবার গায়ত্রী জপ করিবেন এবং ১০৮ বার শ্রীহরিনাম জপ করিবেন। কৃতি স্বয়ং জপ করিতে অসমর্থ হইলে, প্রতিনিধি স্বরূপে পুরোহিত নিজেই জপ করিবেন। জপান্তে কুশীতে জল লইয়া—"ওঁ ইদমাচমনীয়ং তুভ্যং উপতিষ্ঠতাং এতত্তে আচমনীয়ম্।" বলিয়া পাত্রে জল প্রদান করিবেন। তারপর তাম্বুল পাত্র লইয়া—ওঁ ইদং ভগবন্নিবেদিতং তাম্বুলাদিকং প্রতিগৃহ্যতাম্। এতত্তে তাম্বুলাদিকং।" বলিয়া তাম্বুলপাত্র রাখিয়া তাহাতে প্রোক্ষণ করিবেন। এই সময়ে শয্যাদান করিবার ও বিধি আছে। যদি শয্যাদান করিতে হয় তাহা হইলে—"এতস্মৈ শয্যায়ৈ নমঃ" বলিয়া প্রোক্ষণ করিবেন। পরে —"এতে গন্ধ-পুষ্পে এতদধিপতয়ে ওঁ ভগবতে শ্রীবিষ্ণবে নমঃ" বলিয়া গন্ধপুষ্প জল দিবেন। তারপর বামহস্তে শয্যা স্পর্শ করিয়া—ওঁ বিষ্ণুঃ অমুক গোত্র নিত্যধামপ্রাপ্ত অমুক দেব এষা তে শয্যায়ৈ নমঃ।" বলিয়া জলের ছিটা দিবেন। অনন্তর কতকগুলি কুশ দক্ষিণাগ্র করিয়া পাতিয়া তদুপরি কিছু পরিমাণ প্রসাদান্ন দিয়া করজোড়ে বলিবেন,—"ওঁ যেষাং ন মাতা ন পিতা ন বন্ধুঃ নৈবান্নসিদ্ধির্ন তথান্নমস্তি। তত্তৃপ্তয়েঽন্নং ভুবি দত্তমেতৎ প্রয়ান্তু লোকায় সুখায় তদ্বৎ॥"বলিয়া তদুপরি জল গণ্ডুষ প্রদান করিবেন। অনন্তর হস্ত প্রক্ষালনপূর্ব্বক জলের দ্বারা ১টী চতুষ্কোণরেখা অঙ্কন করিয়া তাহার মধ্যে দুইটি কুশ দক্ষিণাগ্র করিয়া স্থাপন করিবেন। পরে জল লইয়া—"ওঁ যজ্ঞেশ্বরো হব্য সমস্ত কব্যভোক্তাব্যয়াত্মা হরিরীশ্বরোঽত্র। তৎ সন্নিধানাদপয়ান্তু সদ্য রক্ষাংসৎশোষান্নসুরাশ্চ সর্ব্বে॥" ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সুরয়োঃ দিবীব চক্ষুরাততম্।" বলিয়া জলের প্রোক্ষণ করিবেন। তারপর একটি মোটক (দলা) কুশ জলে ডুবাইয়া—"ওঁ বিষ্ণুঃ অমুক গোত্র (বা অচ্যুত গোত্র) নিত্যধামপ্রাপ্ত অমুক দেব! এতদবমেনিক্ষ তুভ্যং উপতিষ্ঠতাম্।" বলিয়া মোটকটি পিতৃতীর্থ (অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যদেশ) দ্বারা মণ্ডল মধ্যে অর্পণ করিবেন। তৎপরে কতকগুলি সমূল কুশ বিছাইয়া তাহার উপর তিল ও তুলসীপত্র বিছাইয়া দিবেন। তাহার পর ভগবৎ নিবেদিত মহাপ্রসাদান্ন বিল্ববৎ পিণ্ডাকার করিয়া তাহাতে তুলসীপত্র দান করিবেন—"ওঁ মধুবাতা ঋতায়তে মধু ক্ষরন্তি সিন্ধবঃ, মাধ্বীর্নঃ সন্তোষধীঃ মধু নক্তমুতো বসো মধুমৎ পার্থিবং রজঃ, মধু দৌরস্তু নঃ পিতা মধুমান্নো বনস্পতির্ম্মধুমাং অস্তু সূর্য্যঃ মাধ্বীর্গাবো ভবন্তু নঃ"—এই মন্ত্র পাঠ করিয়া পিণ্ডে কিঞ্চিৎ মধু দিয়া—"ওঁ অক্ষন্নমীমাত্তেহ্যবপ্রিয়া অধুষত। অন্তোষত স্বভাবো বিপ্রানবিষ্ঠয়া মতী যোজান্বিন্দ্র তে হবি।" বলিয়া ঘৃত দিয়া সেই পিণ্ডটি দক্ষিণ

হস্তে গ্রহণ করিয়া—"ওঁ বিষ্ণুঃ অমুক গোত্র নিত্যধামপ্রাপ্ত অমুক দেব! এতৎ তুলসী-বিমিশ্রং ভগবৎ- প্রসাদন্নপিণ্ডং তুভ্যং উপতিষ্ঠতাং এষঃ তে পিণ্ডং স্বধা।" বলিয়া পিতৃতীর্থ দ্বারা সেই মণ্ডলবর্ত্তি আস্তৃত কুশের উপর দিবেন। "ওঁ এতত্তে উদকং স্বধা"—বলিয়া এক কুশী জল পিণ্ডের উপর পিতৃতীর্থ দ্বারা দিবেন। পরে সেই নিত্যধামগত ব্যক্তি দিব্য তেজোময় চিন্ময় মূর্ত্তিতে সেই পিণ্ড ও উদক্ গ্রহণ করিলেন, এইরূপ "ধ্যান" করিয়া নিম্নমন্ত্র পাঠ করিবেন,—"ওঁ এক এব নারায়ণ আসীৎ ন ব্রহ্মা নেমে দ্যাবা পৃথীবৌ। সর্ব্বে দেবাঃ সর্ব্বে পিতরঃ সর্ব্বে মনুষ্যাঃ বিষ্ণুনা অশিতমশ্নান্তি, বিষ্ণুনাঘাতং জিঘ্রন্তি, বিষ্ণুনা পীতং পিবন্তি, তস্মাদ্বিদ্বাং সো বিষ্ণুপহৃতং ভক্ষয়েষুঃ।" "ওঁ সুপ্রোক্ষিতমস্তু অনেন পিতৃদেবং প্রীণাতু"—বলিয়া জল প্রোক্ষণ পিণ্ডের উপর দিবেন। পরে, গন্ধপুষ্প পিণ্ডের উপর দিয়া কুশীতে জল লইয়া বামহস্তে ধরিয়া—"ওঁ ঊর্জ্জং বহন্তীরমৃতং ঘৃতং পয়ঃ কীলাল পরিশ্রুতং স্বধাস্থ তর্পয়ত মে পিতৄন্॥" এই মন্ত্র পাঠ করিতে করিতে পিণ্ডের উপর জলাঞ্জলি দিয়া তর্পণ করিবেন। পরে ঘৃত মধু, তিল ও জল মিশাইয়া—ওঁ বিষ্ণুরোম্ অদ্য অমুক মাসি অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রস্য নিত্যধামপ্রাপ্তস্য অমুক দেবস্য কৃতেহস্মিন্ শ্রাদ্ধে দত্তমিদং মহাপ্রসাদান্ন-পানাদিকং অক্ষয্যমুপতিষ্ঠতাং"—বলিয়া পিতৃতীর্থদ্বারা পিণ্ডের উপর দিবেন। অনন্তর পিতৃ-প্রণাম করিবেন,—

"ওঁ পিতা স্বর্গ পিতা ধর্ম্ম পিতাহি পরমং তপঃ।
পিতরি প্রীতিমাপন্নে প্রীয়ন্তে সর্ব্বদেবতাঃ।"

মাতৃপ্রণাম—

ওঁ যদ্‌গর্ভে জায়তে লোকো যস্যাঃ স্নেহেন জীবতি।
সা সাক্ষাৎ ঈশ্বরী মাতা নাস্তি মাতৃসমো গুরুঃ॥

স্বধামগত ব্যক্তি কনিষ্ঠ হইলে, প্রণাম বা আশীর্ব্বাদ প্রার্থনা করিবেন না। নিম্নলিখিত মন্ত্রপাঠ করিবেন—

"ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ ভাগবতেভ্য এব চ।
নমঃ স্বধায়ৈ স্বাহায়ৈ নিত্যমেব ভবন্তু নঃ॥" নিত্যধামপ্রাপ্ত ব্যক্তি গুরুজন হইলে, করজোড়ে এইরূপ আশীর্ব্বাদ প্রার্থনা করিবেন,—

"ওঁ গোত্রং নো বর্দ্ধতাং শ্রাদ্ধা চ নো মা অভ্যগমৎ।
নিত্যং ভগবৎ-পাদপদ্মে মতিরস্তু ইত্যাশিষো মে দীয়তাম্॥"

—বলিয়া একটি পুষ্প পীঠস্থানে রাখিয়া পুনরায় বলিবেন,—"ওঁ এতাঃ সত্যাঃ আশীষঃ সন্তু পিতৃ বা মাতৃ বরপ্রসাদোঽস্তু।" পুরোহিত বলিবেন—"ওঁ অস্তু"। পরে পীঠোপরি রক্ষিত ঐ পুষ্প লইয়া নিজের মস্তকে ধারণ করিবেন। অতঃপর—ওঁ অভিরম্যতাং ক্ষমস্ব" বলিয়া পিতৃ-পূজার আসন একটু সঞ্চালন করিয়া কিঞ্চিৎ জল ও পুষ্প লইয়া—

"ওঁ আ মা বাজস্য প্রসবো জগম্যাদেমে দ্যাবা পৃথিবী বিশ্বরূপে।
আ মা গন্তাং পিতরা মাতরা চা মা সোমো অমৃতত্বেন গম্যাৎ॥"

বলিয়া ভূমিতে বিসর্জ্জন করিবেন এবং মনে মনে চিন্তা করিবেন, যেন লোকান্তরিত ব্যক্তি দিব্যদেহ ধারণ করত আসিয়া আমার পূজা গ্রহণ করিলেন ও আনন্দ-সহকারে প্রসাদ পাইলেন, আমাকে আশীর্ব্বাদ করিয়া (কনিষ্ঠ হইলে আমার প্রতি সন্তুষ্ট হইয়া) পুনশ্চ নিত্যধামে গমনপূর্ব্বক ভগবৎ-সেবাকার্য্যে নিযুক্ত হইলেন। অতঃপর দক্ষিণান্ত করিবেন,—"ওঁ বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুক মাসি অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রস্য (বা অচ্যুত গোত্রস্য) নিত্যধাম প্রাপ্তস্য অমুক দেবস্য (স্ত্রীলোক হইলে অমুক গোত্রায়াঃ নিত্যধাম-প্রাপ্তায়াঃ অমুক দেব্যাঃ) কৃতৈতৎ পরলোক-গমনান্তরোপকল্পিতাশৌচান্তাং দ্বিতীয় দিনে ※ সাত্বত-শাস্ত্র বিহিতৈকোদ্দিষ্টার্চ্চনরূপ শ্রাদ্ধ কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং রজতখণ্ডং (বা রজতমূল্যং) শ্রীবিষ্ণুদৈবতং যথানাম-গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি।" বলিয়া প্রোক্ষণ করিবেন এবং "অনয়া দক্ষিণয়া শ্রাদ্ধমিদং সদক্ষিণমস্তু" বলিবেন। পুরোহিত—"ওঁ অস্তু।"

※ দ্বিতীয় দিনে শ্রীবিষ্ণু জয়ন্তি বা একাদশী উপবাসাদি কারণে শ্রাদ্ধ না হইলে "তৃতীয় দিন বিহিত" বলিতে হইবে।

স্বস্তিবচন-মন্ত্র

অনন্তর কৃতি অঙ্গুলী হইতে কুশ বা দুর্ব্বাঙ্গুরী খুলিয়া কোশার জলে দক্ষিণহস্ত দিয়া বৈগুণ্য সমাধান করিবেন—

"ওঁ বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুক মাসি অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রস্য নিত্যধামগতস্য অমুক দেবস্য কৃতেঽস্মিন্ অশৌচান্তা-দ্বিতীয়দিনে সাত্ত্বত শাস্ত্রবিহিতৈকোদ্দিষ্টার্চ্চনরূপ শ্রাদ্ধকর্ম্মণ যৎকিঞ্চিৎ বৈগুণ্য জাতং তদ্দোষ প্রশমনায় ওঁ বিষ্ণুস্মরণমহং করিষ্যে।" বলিয়া কিঞ্চিৎ জল ত্যাগ করিবেন এবং "ওঁ বিষ্ণু ১০ বার জপ করিবেন ও "ওঁ শ্রীকৃষ্ণস্মরণমহং করিষ্যে" বলিয়া কিঞ্চিৎ জল ত্যাগ করিবেন এবং ১০ বার গায়ত্রী জপ করিবেন। কৃতি জপ করিতে অসমর্থ হইলে পুরোহিত জপ করিবেন। অতঃপর শান্তিপাঠ কর্ত্তব্য—"ওঁ বিষ্ণুঃ ঋষি বিরাট্ গায়ত্রীচ্ছন্দঃ শান্তিকর্ম্মণি জপে বিনিয়োগঃ!" ওঁ সং ব্রহ্মা বেদান্তবিদো বদন্তিপরে প্রধানং পুরুষং তথাঽন্যে। বিশ্বোদ্গতেঃ কারণং ঈশ্বরং বা তস্মৈ নমো বিঘ্নবিনাশায়॥ ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সুরয়ো দিবীব চক্ষুরাততম্॥ ওঁ তদ্বিষ্ণো পরমং পদম্॥

ওঁ মাধব মাধব বাচি, মাধব মাধব হৃদি।
স্মরন্তি সাধবঃ সর্ব্বে সর্ব্বকার্য্যেষু মাধবম্॥

ওঁ কৃষ্ণ বৈ সচ্চিদানন্দঘনঃ, কৃষ্ণঃ আদি পুরুষঃ, কৃষ্ণঃ পুরুষোত্তমঃ কৃষ্ণো হা উ কর্ম্মাদিমূলং কৃষ্ণঃ স হ সর্ব্বৈকার্য্য, কৃষ্ণ কাশং কৃদাদীশ মুখপ্রভু পূজ্যঃ কৃষ্ণঃ অনাদিঃ তস্মিন্ অজান্তান্তর্বাহ্যে যৎ মঙ্গলং তৎ লভতে কৃতি। ওঁ স্বস্তি নঃ গোবিন্দঃ স্বস্তি নঃ অচ্যুতানন্দৌ, স্বস্তি নো বাসুদেবো বিষ্ণু দধাতু। স্বস্তি নো নারায়ণো নরো বৈ, স্বস্তি নঃ পদ্মনাভঃ পুরুষোত্তমো দধাতু॥ স্বস্তি নো বিশ্বকসেনো বিশ্বেশ্বরঃ, স্বস্তি নো হৃষীকেশো হরিঃ দধাতু। স্বস্তি নো বৈনতোয়ো হরিঃ স্বস্তি নঃ অঞ্জনাসুতো হনূ ভাগবতো দধাতু। স্বস্তি স্বস্তি সুমঙ্গলৈকোশো মহান, শ্রীকৃষ্ণঃ সচ্চিদানন্দঘনঃ সর্ব্বেশ্বরেশ্বরো দধাতু। করোতু স্বস্তি মে কৃষ্ণঃ সর্ব্বলোকেশ্বরেশ্বরঃ। কার্ষ্ণদয়াশ্চ কুর্ব্বন্তু স্বস্তি মে লোকপাবনঃ॥ কৃষ্ণো মমৈব সর্ব্বত্র স্বস্তি কুর্য্যাৎ ত্রিয়া সমম্। তথৈব চ সদাকার্ষ্ণিঃ সর্ব্ববিঘ্নবিনাশনঃ॥ মঙ্গলং ভগবান্ বিষ্ণুর্মঙ্গলং মধুসূদনঃ। মঙ্গলং হৃষীকেশোঽয়ং মঙ্গলায়ং মঙ্গললায়তনো হরিঃ॥ বিষ্ণুচ্চারণমাত্রেণ কৃষ্ণস্য স্মরণাদ্ধরেঃ। সর্ব্ববিঘ্নানি নশ্যন্তি মঙ্গলং স্যান্ন সংশয়ঃ॥ ওঁ শান্তি, ওঁ শান্তি, ওঁ

শান্তেরপি শান্তিঃ, শ্রীকৃষ্ণ প্রীতিকাম-সংকল্পিতেষু একোদ্দিষ্টার্চ্চনরূপ শ্রাদ্ধ কর্ম্মষু শান্তির্ভবতু॥ বলিয়া জলের ছিটা দিবেন। কৃতি জোড়হস্তে—"ওঁ কৃতেতৎ শ্রাদ্ধ কর্ম্মাচ্ছিদ্রমস্তু।" পুরোহিত—"ওঁ অস্তু।" পরে এক গণ্ডুষ জল লইয়া—

ওঁ প্রীয়তাং পুণ্ডরীকাক্ষ সর্ব্বযজ্ঞেশ্বরো হরিঃ।
তস্মিন্ তুষ্টে জগৎ তুষ্টং প্রীণিতে প্রীণিতং জগৎ॥
ওঁ যদ্‌সাঙ্গং কৃতং কর্ম্মজানতা ব্যপ্যজানতা।
সাঙ্গং ভবতু তৎ সর্ব্বং শ্রীহরের্নাম কীর্ত্তনাৎ॥

"এতৎ কর্ম্মফলং শ্রীকৃষ্ণার্পণমস্তু।"—বলিয়া জলগণ্ডুষ ত্যাগ করিবেন। অনন্তর শ্রীমদ্ভগবদ্গীতা-শ্রীমদ্ভাগবতাদি পাঠ সম্পূর্ণ হইলে তাহারও দক্ষিণান্তাদি করিবেন। শ্রাদ্ধার্চ্চন-ক্রিয়ান্তে পুরোহিত নিম্নলিখিত বৈদিক সূক্ত পাঠ করিবেন। পুরোহিত পাঠে অসমর্থ হইলে অন্য ব্যক্তিও পাঠ করিতে পারেন। আচমনান্তে সঙ্কল্প মন্ত্র যথা,—ওঁ বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুক মাসি অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রস্য অহং (পাঠক) অমুক গোত্রস্য নিত্যধামগতস্য অমুক দেবস্য শ্রীভগবৎপাদপদ্মে সেবালাভ কামনয়া "ওঁ উশন্ হ বৈ বাজশ্রবসঃ" ইত্যারভ্যঃ "তদানন্ত্যায় কল্পতে" ইত্যন্তে ✱ যম-নচিকেতা-সংবাদশ্রৌত-সূক্ত পাঠ কর্ম্ম করিষ্যামি। ওঁ শান্তি।

ষোড়শ পিণ্ডদানের বিধি

ইহা নামে ষোড়শ পিণ্ডদান হইলেও ঊনবিংশতি পিণ্ডদান করিতে হয়। প্রথমতঃ দক্ষিণাগ্র পাঁচটি রেখা টানিয়া তাহার উপর পশ্চিমাগ্র ছয়টি রেখাপাত করিলে ২০টি ঘর হইবে। তাহার উপর কুশ আস্তৃত করিয়া সতিল জলদ্বারা পিতৃপুরুষের অর্চ্চনা করিবেন। নিম্নলিখিত মন্ত্রে ৩ বার সতিল জলের দ্বারা প্রোক্ষণ করিবেন। মন্ত্র যথা,—

১। "ওঁ অস্মৎ কুলে মৃতা যে চ গতির্যেষাং ন বিদ্যতে।
আবাহয়িষ্যে তান সর্ব্বান্ দর্ভপৃষ্ঠে তিলোদকৈঃ॥
২। ওঁ মাতামহকুলে যে চ গতির্যেষাং ন বিদ্যতে।
আবাহয়িষ্যে তান সর্ব্বান্ দর্ভপৃষ্ঠে তিলোদকৈঃ॥
৩। ওঁ বন্ধুবর্গকুলে যে চ গতির্যেষাং ন বিদ্যতে।
আবাহয়িষ্যে তান সর্ব্বান্ দর্ভপৃষ্ঠে তিলোদকৈঃ॥ অনন্তর সতিল জল অঞ্জলিতে লইয়া নিক্ষেপ-মন্ত্রে কুশের উপর দিবেন। যথা,—

✱ যম-নচিকেতা-সংবাদ পরিশিষ্টাংশে দ্রষ্টব্য।

"ওঁ আব্রহ্মস্তম্বপর্য্যন্তং দেবর্ষি পিতৃমানবাঃ। তৃপ্যন্তে পিতরঃ সর্ব্বে মাতৃমাতামহাদয়ঃ॥ অতীত কুলকোটীনাং সপ্তদীপনিবাসিনাম্। আব্রহ্ম ভুবনাল্লোকাদিদমস্তু তিলোদকম্॥" পরে ভগবৎ প্রসাদান্ন-দ্বারা ১৯টি পিণ্ড তৈয়ারী করিয়া তাহার এক একটি পিণ্ড নিম্নলিখিত এক একটি মন্ত্র পাঠপূর্ব্বক উক্ত কুশাস্তীর্ণ ২০টি ঘরের প্রথম তিন পঙ্‌ক্তিতে ৫টি করিয়া ১৫টি ঘরে পিতৃপিণ্ড প্রদান করিয়া কেবল নৈর্ঋত ※কোণের ঘরটি বাদ দিয়া পশ্চিম পার্শ্বস্থ শেষ পঙ্‌ক্তির ৪টি ঘরে চারি পিণ্ড প্রদান করিবেন। মন্ত্র যথা—ওঁ অস্মৎ কূলে মৃতা যে চ গতির্যেষাং ন বিদ্যতে। তেষমুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্॥ ওঁ মাতামহকুলে যে চ গতির্যেষাং ন বিদ্যতে। তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্॥ ওঁ বন্ধুবর্গকুলে যে চ গতির্যেষাং ন বিদ্যতে। তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্॥ ওঁ অজাতদন্তা যে কেচিৎ যে চ গর্ভপ্রপীড়িতাঃ। তোষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্॥ ওঁ অগ্নিদগ্ধাশ্চ যে জীবা যেঽপ্যদগ্ধাস্ত আপরে। বিদ্যুচ্চৌরহতা যে চ তেভ্যঃ পিণ্ডং দদাম্যহম্॥ওঁ দাবদাহে মৃতা যে চ সিংহব্যাঘ্রহতাশ্চ যে। দংষ্ট্রীভিঃ শৃঙ্গিভির্বাপি তেভ্যঃ পিণ্ডং দদাম্যহম্॥ ওঁ উদ্বন্ধন মৃতা যে চ বিষশস্ত্রহতাশ্চ যে। আত্মোপঘাতিনো যে চ তেভ্যঃ পিণ্ডং দদাম্যহম্॥ ওঁ অরণ্যে বর্ত্মানি বনে ক্ষুধয়া তৃষ্ণয়া হতাঃ। ভূতপ্রেতপিশাচাশ্চ তেভ্যঃ পিণ্ডং দদাম্যহম্॥ ওঁ রৌরবে চান্ধতামিশ্রে কালসূত্রে চ যে মৃতাঃ। তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্॥ ওঁ অনেন যাতনা সংস্থা প্রেতলোকে চ যে গতাঃ। তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্॥ ওঁ অনেন যাতনা সংস্থা যে নীতা যমকিঙ্করৈঃ। তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্॥ ওঁ নরকেষু সমস্তেষু যাতনাষু চ যে স্থিতাঃ। তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্॥ ওঁ পশুযোনিগতাঃ যে চ পক্ষিকীটসরিসৃপাঃ। অথবা বৃক্ষযোনিস্থাঃ তেভ্যং পিণ্ডং দদাম্যহম্॥ ওঁ জাত্যাজাত্যস্থঃ জ্ঞানমন্তঃ স্বেন কর্ম্মণা। মানুষ্যং সর্ব্বেষাং তেভ্যঃ পিণ্ডং দদাম্যহম্॥ ওঁ দিব্যদেহং ভূমিষ্ঠাঃ পিতরো বান্ধবাদয়ঃ। মৃতা অসংযতা যে চ তেভ্যঃ পিণ্ডং দদাম্যহম্॥ ওঁ যে কেচিৎ প্রেতরূপৌ বর্ত্তন্তে পিতরো মম। তে সর্ব্বে তৃপ্তমায়ান্তু পিণ্ডদানেন সর্ব্বদা॥ ওঁ যেঽবান্ধবা বান্ধবা বা যেঽন্যজন্মনি বান্ধবাঃ। তেষাং পিণ্ডো ময়াদত্তোঽক্ষয্যমুপতিষ্ঠতাম্॥

ওঁ পিতৃবংশেমতা যে চ মাতৃবংশে চ যে মৃতাঃ। গুরু শ্বশুর বন্ধুনাং যে চান্যে বান্ধবাঃ মৃতাঃ॥ যে মে কুলে লুপ্তপিণ্ডাঃ পুত্রদার বিবর্জ্জিতাঃ। ক্রিয়ালোপগতাঃ

※ দক্ষিণ-পশ্চিম কোণ নৈর্ঋত।

যে চ জাত্যন্ধাঃ পঙ্গবস্তথা ॥ বিরূপা আমগর্ভাশ্চ জ্ঞাতাজ্ঞাতাঃ কুলে মম। তেষাং পিণ্ডো ময়া দত্তোঽক্ষয্যমুপতিষ্ঠতাম্ ॥ ওঁ আব্রহ্মণো যে পিতৃবংশজাতা মাতুস্তথা বংশভবা মদীয়াঃ। কুলদ্বয়ে যে মম দাসভূতাঃ ভৃত্যাস্তথোবাশ্রিত সেবকাশ্চ ॥ মিত্রাণি সখ্যঃ পশবশ্চ কীটা দৃষ্টা অদৃষ্টাশ্চ কৃতোপকারাঃ। জন্মান্তরে যে মম দাসভূতাস্তেভ্য স্বধা পিণ্ডমহং দদানি ॥

সপিণ্ডীকরণ ও সাম্বৎসরিক শ্রাদ্ধ

শ্রীকৃষ্ণসেবক কার্ষ্ণ বা সাত্বতজনের দেহান্তরান্তে প্রেতের সম্ভাবনা না থাকায় প্রেতপক্ষের সপিণ্ডীকরণে প্রয়োজন হয় না। আদ্য শ্রাদ্ধের পদ্ধতি অনুসারে কেবল দৈববিধানে পিতৃদেবার্চ্চনা কর্ত্তব্য। কেহ ইচ্ছা করিলে পার্ব্বণ বিধানে দৈবপক্ষ ও পিতৃপক্ষে বিহিত অর্চ্চনাও করিতে পারেন। যেহেতু—

ধন্যাস্তে মানবা লোকে কলিকালে বিশেষতঃ।
যে কুর্ব্বন্তি হরের্নিত্যং পিত্র্যর্থং পূজনং মুনে ॥
কিং দত্তৈর্বহুভিঃ পিণ্ডৈর্গয়াশ্রাদ্ধাদিভির্মুনে।
যৈরর্চ্চিতো হরির্ভক্ত্যা পিত্রর্থঞ্চ দিনে দিনে ॥
যমুদ্দিশ্য হরের্পূজাং ক্রিয়তে মুনিপুঙ্গব।
উদ্ধৃত্য নরকাবাসাৎ নয়েৎ পরমং পদম্ ॥

—হঃ ভঃ বিঃ স্কন্দ-বচন ৯।৯৩

বিশেষতঃ কলিকালে সংসারী জীবগণের মধ্যে তাঁহারাই ধন্য, যাঁহারা পিতৃগণের উদ্দেশে শ্রীহরির পূজা করেন। হে মুনিবর! যে সকল ব্যক্তি প্রত্যেক নির্য্যাণ-তিথিতে পিতৃগণের উদ্দেশে ভক্তিসহকারে শ্রীহরির অর্চ্চন করেন, তাঁহাদের বহু পিণ্ডদান বা গয়াশ্রাদ্ধাদিতেই বা প্রয়োজন কি? হে মুনিশ্রেষ্ঠ! যাহাকে উদ্দেশ্য করিয়া শ্রীহরির পূজা করা যায় তাহাকে নরক বাস হইতে উদ্ধার করিয়া পরমপদে প্রতিষ্ঠিত করা হয়। অতএব সর্ব্বাগ্রে বিবিধ উপচারে শ্রীভগবানের অর্চ্চনা করিয়া পরে সেই প্রসাদান্ন নিবেদন করিয়া পিতৃদেবার্চ্চনা করা কর্ত্তব্য। কৃতী পূর্ব্বদিনে ক্ষৌরাদি- কর্ম্ম করিয়া হবিষ্যাশী হইয়া থাকিবেন। শ্রাদ্ধদিনে নিত্যক্রিয়া স্নান, তিলক ও আচমনাদি করিয়া নিজে সমর্থ হইলে যথোপচারে শ্রীবিষ্ণুর অর্চ্চনা করিবেন। নিজে অশক্ত হইলে পুরোহিত করিবেন। পরে অন্ন-ব্যঞ্জনাদি পাক করিয়া শ্রীভগবানে নিবেদন করিবেন। কৃতি নিজে অর্চ্চন-পূজাদি করিতে সক্ষম না হইলে পুরোহিত পূজার পূর্ব্বে এইরূপ সঙ্কল্প করিবেন—"ওঁ বিষ্ণুরোম্ তৎসদদ্য

অমুক মাসি অমুক রাশিস্থে ভাস্করে অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা (পুরোহিত) অমুক গোত্রস্য নিত্যধাম প্রাপ্তস্য অমুক দেবশর্ম্মণঃ সপিণ্ডনোপকল্পিত শ্রাদ্ধ-বাসরে "সাম্বৎসরিক শ্রাদ্ধবাসরে" ইতি "সাম্বৎসারক শ্রাদ্ধস্থলে" অমুক গোত্রস্য অমুক দেবস্য সাভীষ্ট নিত্যধামে শ্রীভগবৎ সেবানন্দে অক্ষর তৃপ্তিকামঃ যথাশক্তি উপচারে শ্রীভগবৎ অর্চ্চনাদিঞ্চমহং যথাজ্ঞানং করিষ্যে।" এই শ্রাদ্ধসময়েও যথাবিহিত সঙ্কল্প করিয়া শ্রীমদ্ভগবদ্গীতা এবং বৈদিক সূক্তাদি পাঠও কর্ত্তব্য। এই সপিণ্ডন বা সাম্বৎসরিক শ্রাদ্ধে ষোড়শ দানের ব্যবস্থা নাই। কেবল ভোজ্যোৎসর্গ করিবার ব্যবস্থা আছে। ভোজ্যোৎসর্গ-প্রণালী যথা—ভোজ্যপাত্রে যামস্তু চিৎভাবে স্থাপন করিয়া দক্ষিণহস্তে কুশিতে জল লইয়া,—"ওঁ এতস্মৈ সোপকরণ আমান্ন ভোজ্যায় নমঃ". "এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ, ওঁ এতৎ সম্প্রদানায় সাত্বত ব্রাহ্মণায় নমঃ," বলিয়া ৩ বার জলের ছিটা দিবেন। পরে দক্ষিণ হস্তে জল লইয়া—ওঁ বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুক মাসি অমুক রাশিস্থে ভাস্করে অমুক পক্ষে অমুক তিথৌ শ্রীকৃষ্ণপ্রীতিকাম অমুক গোত্রস্য অমুক দেবশর্ম্মণঃ পিতৃ গণং পরম প্রীতয়ে ইদং সোপকরণ আমান্ন ভোজ্যমর্চ্চিতং শ্রীবিষ্ণুদেবতং যথানাম-গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি। পরে দক্ষিণান্ত করিয়া আদ্যশ্রাদ্ধের পদ্ধতি অনুসারে সমস্ত কার্য্য নির্ব্বাহ করিতে হইবে। পরে নিম্নলিখিতভাবে দক্ষিণান্ত করিবেন। দক্ষিণা—রজতখণ্ড বা রজতমূল্য চিৎভাবে বাম হস্তে ধারণ করিয়া—"এতস্মৈ রজতায় বা রজতমূল্যায় নমঃ" বলিয়া প্রোক্ষণ করিবেন—"এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে শ্রীবিষ্ণবে নমঃ" বলিয়া অর্চ্চনা করিবেন। "এতৎ সম্প্রদানায় সাত্বত ব্রাহ্মণায় নমঃ" বলিয়া প্রোক্ষণ করিবেন। পরে—ওঁ বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুক মাসি অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রস্য পিতুঃ অমুক দেবস্য কৃতৈতৎ একোদ্দিষ্টবিধিক সাম্বৎসরিক শ্রাদ্ধ কর্ম্মণঃ (সপিণ্ডনোপকল্পিত শ্রাদ্ধ কর্ম্মণঃ) প্রতিষ্ঠার্থং শ্রীবিষ্ণু প্রীতিকামঃ দক্ষিণামিদং রজতখণ্ডং (বা রজতমূল্যং) যথানাম-গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদে।" প্রোক্ষণ দিয়া উৎসর্গ করিবেন এবং "এতয়া দক্ষিণয়া শ্রাদ্ধমিদং সদক্ষিণমস্তু।" বলিয়া দক্ষিণায় কুশীর জল দিবেন ; পুরোহিত—"ওঁ অস্তু" বলিবেন। তারপর পিতৃপ্রণাম, ব্রাহ্মণ বিসর্জ্জন, অচ্ছিদ্রাবধারণ, বৈগুণ্য-সমাধান ও শ্রীভগবানে কর্ম্ম সমর্পণ করিয়া অনুষ্ঠিত ক্রিয়া সমাপ্ত করিবেন।

পার্ব্বণশ্রদ্ধ-বিধি

পার্ব্বণশ্রাদ্ধে শ্রাদ্ধকর্ত্তা পূর্ব্বদিনে হবিষ্যান্ন ভোজন ও সংযম পালন করিবেন। পরে শ্রাদ্ধদিনে নিত্যক্রিয়া সমাপনপূর্ব্বক উত্তরীয়সহ বস্ত্র পরিধান করিয়া পূর্ব্বমুখে আসনে বসিবেন। প্রথমতঃ দ্বাদশতিলক ধারণপূর্ব্বক আচমন-বিধি অনুসারে আচমন করিবেন,—"ওঁ বিষ্ণু" তিনবার বলিয়া তিনবার জলপান করিয়া দক্ষিণ হস্ত ধৌত করিয়া অঙ্গুলিসমূহের অগ্রভাগ-দ্বারা ওষ্ঠ স্পর্শ, অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী দ্বারা নাসিকারন্ধ্রদ্বয় স্পর্শ, অঙ্গুষ্ঠ ও অনামিকা-দ্বারা চক্ষু ও কর্ণদ্বয় স্পর্শ, অঙ্গুষ্ঠ ও কনিষ্ঠা-দ্বারা নাভি স্পর্শ, করতল-দ্বারা হৃদয় স্পর্শ এবং সর্ব্বাঙ্গুলি-দ্বারা স্কন্ধদ্বয় ও মস্তক স্পর্শ করিয়া— "ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সুরয়ঃ দিবীব চক্ষুরাততম।" এই মন্ত্র পাঠ করিবেন। যথাবিধানে জলশুদ্ধি, পুষ্পশুদ্ধি ও উপচারাদি সজ্জিত করিয়া ঘৃত বা তিল-তৈলের প্রদীপ জ্বালাইয়া—"এতে গন্ধপুষ্পে ওঁ নারায়ণায় নমঃ।" এষঃ ধূপঃ ওঁ নারায়ণায় নমঃ, এষঃ দীপঃ ওঁ নারায়ণায় নমঃ, ইদং সোপকরণ নৈবেদ্যং ওঁ নারায়ণায় নমঃ" মন্ত্রে পূজা করিবেন। তারপর—

ওঁ কুরুক্ষেত্র গয়া গঙ্গা প্রভাস পুষ্করাণি চ।
তীর্থান্যেতানি পুণ্যানি শ্রাদ্ধকালে ভবন্তিহ॥

পরে বামহস্ত উপুড় করিয়া ভোজ্যপাত্র ধরিয়া—"এতেভ্য সঘৃত বস্ত্রোপকরণ আমান্ন ভোজ্যেভ্যো নমঃ" ৩ বার বলিয়া দক্ষিণ হস্তদ্বারা কুশীর জল ও গন্ধপুষ্প প্রত্যেকবার দিবেন এবং—"এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ" বলিয়া গন্ধপুষ্প দিয়া— "এতৎ সম্প্রদানায় সাত্ত্বত ব্রাহ্মণায় নমঃ" বলিয়া গন্ধপুষ্প দিবেন। পরে— "ওঁ সুপ্রোক্ষিতমস্তু ওঁ শ্রীবিষ্ণুঃ প্রীণাতু" বলিয়া—অঙ্গুষ্ঠ-পর্ব্বদ্বারা ভোজ্য স্পর্শ করিবেন। তারপর কোশার জলে হস্ত রাখিয়া,—"ওঁ বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুক মাসি অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রাণাং পিতৃ-পিতামহ প্রপিতামহাণাং (পিতা জীবিত থাকিলে "পিতামহ- প্রপিতামহ-বৃদ্ধপ্রপিতামহাণাং" হইবে) অমুক—অমুক— অমুক—দেবশর্ম্মাণাং অমুক গোত্রাণাং মাতামহ-প্রমাতামহাবৃদ্ধ প্রমাতা মহানাং অমুক—অমুক—অমুক—দেবশর্ম্মাণাং শ্রীবিষ্ণু প্রীতিকামঃ এতানি সঘৃত-বস্ত্রোপকরণ আমান্ন ভোজ্যানি শ্রীবিষ্ণুদৈবতানি যথানাম-গোত্রায় সাত্ত্বত ব্রাহ্মণায় অহং দদানি।" বলিয়া জলের প্রোক্ষণ করিয়া পরে দক্ষিণান্ত করিবেন। দক্ষিণা অথবা দক্ষিণা অনুকল্প হরিতকী ফল বামহস্তে ধরিয়া—"এতস্মৈ দক্ষিণানুকল্প

হরিতকী ফলায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে শ্রীবিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় সাত্বত ব্রাহ্মণায় নমঃ।" পরে কোশার জলে হস্ত রাখিয়া,—ওঁ বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুক মাসি অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রাণাং পিতৃ-পিতামহ-প্রপিতামহানাং অমুক—অমুক—অমুক—দেবশর্ম্মণাং অমুক গোত্রাণাং মাতামহ-প্রমাতামহ-বৃদ্ধপ্রমাতামহানাং অমুক—অমুক—অমুক—দেবশর্ম্মাণাং শ্রীবিষ্ণু প্রীতিকামনয়া কৃতৈতৎ সঘৃত বস্ত্রোপকরণ আমান্ন ভোজ্যদান কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং যথানাম-গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদানি।" বলিয়া জলের প্রোক্ষণ করিবেন। পরে কৃতি—"কৃতৈতৎ আমান্ন ভোজ্যদান কর্ম্মচ্ছিদ্রমস্তু।" পুরোহিত—"ওঁ অস্তু"।

তীর্থশ্রাদ্ধ

রক্ষসী বেলায় ও রাত্রিতে তীর্থস্থানে শ্রাদ্ধ নিষিদ্ধ। পার্ব্বণ-বিধিতে তীর্থ-শ্রাদ্ধ করা অসম্ভব হইলে কেবল দান করিবে বা ভোজ্যোৎসর্গ করিলেও চলিবে। তীর্থস্থান হইতে প্রত্যাগত হইয়া বাটীতে শ্রীভগবানের অর্চ্চনা ও ব্রাহ্মণ-বৈষ্ণবকে দান ও ভোজন করান কর্ত্তব্য। এবং আভ্যুদায়িক শ্রাদ্ধবিধানে পিতৃদেবার্চ্চন, বসুধারা-সম্পাত ও আয়ুষ্য সূক্তজপাদি এবং শ্রীহরিনাম সঙ্কীর্ত্তনাদি করা সর্ব্বোপরি বিধেয়। যেহেতু—

"দান ব্রতং তপোযজ্ঞং শ্রাদ্ধঞ্চ পিতৃতর্পণং।
সকলং নিস্ফলং রাজন্ হরিসঙ্কীর্ত্তনং বিনা॥"

বাস্তুপুরুষ শ্রীঅনন্তদেবের পূজা

অনন্তর "বাস্তুপুরুষ" শ্রীঅনন্তদেবের পূজা করিবেন। "এতে গন্ধপুষ্পে ওঁ বাস্তুপুরুষায় শ্রীঅনন্তদেবায়ঃ নমঃ" "এষঃ ধূপঃ ওঁ বাস্তুপুরুষায়ঃ শ্রীঅনন্তদেবায় নমঃ" "এষঃ দীপঃ ওঁ বাস্তুপুরুষায় শ্রীঅনন্তদেবায় নমঃ" বলিয়া শ্রাদ্ধীয়াগ্রভাগ প্রদান করিবেন। পরে বাস্তুদেবকে প্রণাম করিবেন,—

"ওঁ সর্ব্বে বাস্তুময়া দেবাঃ সর্ব্বং বাস্তুময়ং জগৎ।
পৃথ্বীধরস্থং দেবেশ বাস্তুদেব নমোহস্তু তে॥"

তারপর যজ্ঞেশ্বর শ্রীবিষ্ণুর পূজা করিবেন। "ওঁ তদ্বিষ্ণো পরমং পদং সদা পশ্যন্তি সুরয়ঃ দিবীব চক্ষুরাততম্"।

ওঁ অনাদি নিধনজ্ঞান নিত্যানন্দো জনার্দ্দনঃ।
ময়াত্র শ্রাদ্ধে কর্ত্তব্যে সান্নিধ্যং কুরু কেশব॥ ভো ভগবন্! অত্রশ্রাদ্ধে

অধিষ্ঠাতা ভব। বলিয়া—"ওঁ তৎ সৎ" এতে গন্ধপুষ্পে যজ্ঞেশ্বরায় শ্রীবিষ্ণবে নমঃ। এষঃ ধূপঃ, এষঃ দীপঃ, ইদং সোপকরণ নৈবেদ্যং ওঁ যজ্ঞেশ্বরায় শ্রীবিষ্ণবে নমঃ, এতৎ শ্রাদ্ধীয়াগ্রভাগ সঘৃতোপকরণ আমান্ন ভোজ্যং ওঁ যজ্ঞেশ্বরায় শ্রীবিষ্ণবে নমঃ।"— বলিয়া ভোজ্যোৎসর্গ করিবেন। নিজের ভূমিতে বা অস্বামিক ভূমিতে পার্ব্বণশ্রাদ্ধ করিলে ভূমি-মূল্য দিতে হয় না। অন্যের ভূমিতে শ্রাদ্ধ করিলে ভূমি-মূল্য দিয়া খরিদ করিয়া লইতে হইবে অথবা ভূমিমূল্যসরূপ একটি "ভোজ্য" প্রদান করিতে হইবে। যথা—"ইদং সঘৃত সোপকরণ আমান্ন ভোজ্যং ওঁ এতদ্ ভূস্বামি পিতৃভ্যঃ স্বধা" বলিয়া ভোজ্যোৎসর্গ করিবেন। পর্ব্বত, অরণ্য, নদীপ্রবাহের উভয়কূলে চারিহস্ত পরিমিত ভূমি, শ্রীক্ষেত্রধাম, নৈমিষারণ্য, কুরুক্ষেত্র, দণ্ডকারণ্য গঙ্গাতীর ১৫০ হাত প্রস্থ তীরের উভয়পার্শ্বে দুইক্রোশ দৈর্ঘ্য পর্য্যন্ত ক্ষেত্র রাজা বা ভূস্বামীর অধীন থাকিলেও "অস্বামিক" বলিয়া গণ্য হয়। পিত্রাদিকে চিন্ময়দেহ শ্রীভগবৎ-পার্ষদ্‌রূপে অবস্থান করিতেছেন এইরূপ চিন্তা করিতে হইবে। উপবীতী থাকিয়া দক্ষিণ জানু ভূমিতে পাতিয়া উত্তরমুখে দৈবকার্য্য করিতে হইবে এবং বামজানু ভূমিতে পাতিয়া প্রাচীনাবীতী (দক্ষিণস্কন্ধে উপবীত ও উত্তরীয় ধারণ করিয়া) দক্ষিণাভিমুখে পিতৃকৃত্য করিতে হইবে। আবশ্যক মত ফিরিবার সময় স্থাপিত ব্রাহ্মণদিগকে ডানদিকে রাখিয়া ফিরিয়া কার্য্য করিতে হইবে। (ব্রহ্মজ্ঞান-সম্পন্ন ব্রাহ্মণের অভাববশতঃ কুশময় ব্রাহ্মণ স্থাপনের বিধান মাত্র)। ৭টি বা ৫টি কুশ লইয়া আড়াই প্যাঁচ দিয়া ঊর্দ্ধদিকে অগ্রগুলি দিয়া "ওঁ উচ্চারণ করিয়া কুশ-ব্রাহ্মণ তৈয়ার করিতে হয়।

ব্রাহ্মণ স্থাপন

প্রথমতঃ শ্রাদ্ধকর্ত্তা দক্ষিণমুখে আসনে বসিবেন। দেবপক্ষের ব্রাহ্মণটিকে শ্রাদ্ধকর্ত্তার ডানদিকে (পশ্চিমদিকে) পূর্ব্বমুখে যবমিশ্রিত জলপাত্রে বসাইবেন। পিতৃপক্ষের দুইটি ব্রাহ্মণকে (একটি পিতৃপক্ষীয় অন্যটি মাতামহ পক্ষীয়) তিলোকদ্বারা প্রোক্ষণ করিয়া দক্ষিণদিকে উত্তরমুখে দুইটি তিলোদক পাত্রে বসাইবেন। পরে—

ওঁ কুরুক্ষেত্রং গয়া গঙ্গা প্রভাস পুষ্করাণি চ।
তীর্থান্যেতানি পুণ্যান্তি শ্রাদ্ধকালে ভবন্তিহ॥

মন্ত্রে জলশুদ্ধি করিয়া কুশময় ব্রাহ্মণদ্বয়কে তাম্রকুণ্ডে রাখিয়া,—স্নান করাইবেন।

যথা— ওঁ সহস্র-শীর্ষা পুরুষং সহস্রাক্ষঃ সহস্রপাৎ।
স ভূমিং সর্ব্বতঃ স্পৃত্বা অত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্॥

পরে যথাক্রমে অর্চ্চনা করিবেন। "এতৎ পাদ্যং ওঁ সাত্ত্বত ব্রাহ্মণেভ্যো নমঃ। এষঃ গন্ধ, এষঃ পুষ্পঃ, এষঃ ধূপঃ, এষঃ দীপঃ। এতানি ফল তাম্বুল সোপকরণ মহাপ্রসাদ নৈবেদ্যানি ওঁ সাত্ত্বত ব্রাহ্মণেভ্যো নমঃ—এইরূপে অর্চ্চনা করিয়া দৈব-ব্রাহ্মণকে দৈবপক্ষীয় আসনে বসাইবেন এবং পিতৃ-পক্ষীয় ব্রাহ্মণদ্বয়কে পিতৃপক্ষীয় আসনে উপবেশন করাইয়া শ্রাদ্ধের অনুজ্ঞা প্রার্থনা করিবেন। প্রথমে দৈবপক্ষের ব্রাহ্মণে জল দিয়া—ওঁ বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুক মাসি, অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রাণাং পিতা-পিতামহ-প্রপিতামহানাং অমুক— অমুক— অমুক— দেবশর্ম্মণাং অমুক গোত্রাণাং মাতামহ-প্রমাতামহ-বৃদ্ধমাতামহানাং অমুক— অমুক— অমুক—দেবশর্ম্মাণাং শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ অমুক নিমিত্তক (তীর্থ প্রত্যাগমন, প্রায়শ্চিত্তান্তে শুদ্ধি নিমিত্তক ইত্যাদি) পার্ব্বণঃ বিধিক শ্রাদ্ধ কর্ত্তব্যে—ওঁ পুরূরবো মাদ্রবসোর্বিশ্বেষাং দেবানাং পার্ব্বণশ্রাদ্ধং দর্ভময় ব্রাহ্মণে অহং করিষ্যে।" পুরোহিত বলিবেন,—"ওঁ কুরুষ্ব"। পরে দক্ষিণমুখে বসিয়া বাম হাঁটু ভূমিতে পাতিয়া (প্রাচীনাবীতী হইয়া) দক্ষিণ স্কন্ধে উপবীত ধারণ করিয়া পিতৃপক্ষীয় ব্রাহ্মণে কুশীদ্বারা জল দিয়া বলিবেন,—"ওঁ বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুক মাসি, অমুক পক্ষে অমুক তিথৌ, অমুক গোত্রাণাং পিতা-পিতামহ-প্রপিতামহানাং অমুক—, অমুক— অমুক— দেবশর্ম্মাণাং শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ অমুক নিমিত্তক পার্ব্বণ-বিধিক শ্রাদ্ধং কুশময় ব্রাহ্মণে অহং করিষ্যে" পুরোহিত—"ওঁ কুরুষ্ব" পুনশ্চ মাতামহ পক্ষের ব্রাহ্মণে এক গণ্ডুষ জল দিয়া বলিবেন,—ওঁ বিষ্ণুরোম্ ইত্যাদি অমুক গোত্রাণাং মাতামহ-প্রমাতামহ-বৃদ্ধপ্রমাতামহানাং অমুক— অমুক— অমুক—দেবশর্ম্মাণাং শ্রীবিষ্ণু-প্রীতিকামঃ অমুক নিমিত্ত পার্ব্বণ-বিধিক শ্রাদ্ধং কুশময় ব্রাহ্মণে অহং করিষ্যে। পুরোহিত— "ওঁ কুরুষ্ব"। পরে "ওঁ ভূর্ভুবঃ স্বঃ তৎসবিতুর্বরেণ্যং ভর্গোদেবস্য ধীমহি ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ ওঁ"—এই গায়ত্রীমন্ত্র জপান্তে নিম্নমন্ত্র তিনবার পাঠ করিতে হইবে;—

ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ মহাযোগিভ্য এব চ।
নমঃ স্বধায়ৈ স্বাহায়ৈঃ নিত্যমেব ভবন্তু নঃ॥

পরে—"ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম্" মন্ত্রে বিষ্ণু স্মরণ করিয়া শ্রাদ্ধীয় প্রত্যেক দ্রব্যে তুলসীপত্রদ্বারা জলের অভ্যুক্ষণ

করিবেন। তৎপরে দৈবব্রাহ্মণের দক্ষিণ পার্শ্বে একটি জলসহ পাত্র এবং পিতৃব্রাহ্মণদ্বয়ের বামপার্শ্বে ২টি জলসহ পাত্র স্থাপন করিয়া উত্তরাভিমুখে উপবীতী হইয়া জানু পাতিয়া কুশীতে ব্রাহ্মণের হস্তে জল দিয়া একটি কুশাসন বা ত্রিপত্র হস্তে লইয়া—"ওঁ বিষ্ণুঃ ওঁ পুরূরবো মাদ্রবসৌ বিশ্বেদেবাঃ এতদ্বো দর্ভাসনং নমঃ।" বলিয়া দৈবব্রাহ্মণের পদতলে (দক্ষিণাপার্শ্বে) প্রদান করিবেন। অনন্তর দক্ষিণ মুখে প্রাচীনাবীতী হইয়া—বাম জানু পাতিয়া পিতৃব্রাহ্মণের হস্তে জল দিয়া একটি কুশাসন হস্তে লইয়া—"ওঁ বিষ্ণুঃ ওঁ অমুক গোত্র পিতঃ অমুক দেবশর্ম্মণ্, পিতামহ অমুক দেবশর্ম্মণ্, প্রপিতামহ অমুক দেবশর্ম্মণ্ এতত্তে দর্ভাসনং ওঁ যে চাত্রত্ব মনু তস্মৈ তে স্বধা।" বলিয়া আসনটি পিতৃ ব্রাহ্মণের বাম পার্শ্বে প্রদান করিবেন। পরে মাতামহ পক্ষের ব্রাহ্মণের হস্তে জল দিয়া—একটি কুশাসন লইয়া—"ওঁ বিষ্ণুঃ ওঁ অমুক গোত্র মাতামহ অমুক দেবশর্ম্মণ্, বৃদ্ধ প্রমাতামহ অমুক দেবশর্ম্মণ্, বৃদ্ধপ্রমাতামহ অমুক দেবশর্ম্মণ্ এতত্তে দর্ভাসনং ওঁ যে চাত্র ত্ব মনু যাশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা" বলিয়া মাতামহ-পক্ষীয় ব্রাহ্মণের বামপার্শ্বে রাখিবেন। অনন্তর উত্তর মুখে বসিয়া উপবীতী হইয়া দক্ষিণ জানু পাতিয়া হস্তে যব লইয়া আবাহন করিবেন—"ওঁ ভাগবতান্ বিশ্বান দেবান্ অবাহয়িষ্যে।" পুরোহিত—"ওঁ আবাহয়"। কৃতি—ওঁ বিশ্বেদেবাস আগত শৃণুতাম্ ইমং ইবং ইদং বর্হির্নিষীদত।" বলিয়া যবগুলি দৈবব্রাহ্মণে ছড়াইয়া দিবেন। পরে কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবেন, —"ওঁ বিশ্বদেবাঃ শৃণুতেমং হবং মে যে অন্তরীক্ষে য উপদ্যবিষ্ঠ। যে অগ্নি জিহ্বা উত বা যজত্রা আসদ্যাস্মিন্ বর্হিষ মাদয়ধ্বম্।" "ওঁ ঔষধয়ঃ সমবদন্তঃ সোমেন সহ রাজ্ঞা যস্মৈ কৃণোতি ব্রাহ্মণ স্ত্বং রাজন্ পারয়ামসি।" পরে দক্ষিণ মুখে বাম জানু পাতিয়া প্রাচীনাবীতী হইয়া হস্তে তিল লইয়া—ওঁ অচ্যুত গোত্রান্ পিতৃণ দেবান্ আবাহয়িষ্যে। পুরোহিত—"ওঁ অবাহয়"। কৃতি— ওঁ এতপিতরঃ সৌম্যাসো গম্ভীরেভিঃ পথিভিঃ পূর্ব্বিণেভির্দ্দত্তাস্মত্যং দ্রবিণেহ ভদ্রং রৈষ্ণ নঃ সর্ব্ববীরং নিযচ্ছত। ওঁ উশন্ত স্থানিধিমহ্য শন্ত সমিধীমহি। উশন্নুশত আবহ পিতৃণ্ হবিষে অর্ত্তবে। পরে কৃতাঞ্জলি হইয়া—"ওঁ আয়ান্তু নঃ পিতরঃ স্যৌম্যাসোঽগ্নিষাত্তাঃ পথিভিঃ দৈবযানৈঃ। অস্মিন্ যজ্ঞে স্বধয়া মদন্তোঽধি ব্রুবন্তু তে অবন্ত্বস্মান্।" এই মন্ত্র পাঠ করিয়া—ওঁ অপহতা সুরা রক্ষাংসি বেদিষদঃ। বলিয়া পিতৃপক্ষীয় ব্রাহ্মণদ্বয়ে তিল ছড়াইয়া দিবেন। অতঃপর অর্ঘ্যদান। যথা,—প্রথমে দৈবব্রাহ্মণের সম্মুখে জলরেখা দিয়া দক্ষিণাগ্র কুশের উপর অর্ঘ্যপাত্র স্থাপন করিবেন।

অর্ঘ্যদান

পিতৃপক্ষের ব্রাহ্মণের সম্মুখে জলরেখা দিয়া দক্ষিণাগ্র কুশের উপর ২টি অর্ঘ্যপাত্র স্থাপন করিবেন। পরে ২টি কুশ লইয়া তাহাকে অন্য কুশদ্বারা বেষ্টন করিয়া পবিত্রভাবে—"ওঁ পবিত্রে স্থো বৈষ্ণব্যৌ" মন্ত্রে নখভিন্ন অন্য উপায়ে প্রাদেশ পরিমাণে কর্ত্তন করিবেন এবং "ওঁ বিষ্ণোর্মনসা পুতে স্থঃ" মন্ত্রে অভ্যুক্ষণ করিয়া ৩টি অর্ঘ্যপাত্রে রাখিবেন। পরে—"ওঁ শং নো দেবীরভিষ্টয়ে শং নো ভবন্তু পীতয়ে শং বো রভিস্রবন্তু নঃ"। এই মন্ত্র পাঠ করিয়া প্রত্যেক অর্ঘ্যপাত্রে জল দিবেন। পরে যব লইয়া—"ওঁ যবোঽসি যবয়াস্মদ্ দ্বেষো যবয়ারাতীঃ। দিবে ত্বা অন্তরীক্ষায় ত্বা অন্তরীক্ষায় ত্বা পৃথিব্যো ত্বা শুদ্ধন্তাঃ লোকাঃ পিতৃসদনোঃ পিতৃসদনমসি।" মন্ত্র পাঠ করিয়া দৈবব্রাহ্মণের অর্ঘ্যপাত্রে যব দিবেন। পরে তিল লইয়া—"ওঁ তিলোঽসি সোমদেবত্যো পোষব দেবনির্ম্মিতঃ প্রত্নমদ্ভিঃ পৃক্তঃ স্বধয়া পিতৃন্ লোকান্ প্রীণাহিনঃ স্বাহা।" এই মন্ত্র পাঠান্তে পিতৃপক্ষীয় ব্রাহ্মণদ্বয়ের অর্ঘ্যপাত্রে প্রদান করিবেন। পরে অমন্ত্রক হইয়া গন্ধপুষ্প অর্ঘ্যপাত্র দিয়া একগাছি কুশ লইয়া অর্ঘ্যপাত্রে আচ্ছাদনপূর্ব্বক "ওঁ অচ্ছিদ্রমিদমর্ঘ্যপাত্রমস্তু বলিবেন। পুরোহিত—"ওঁ অস্তু" বলিবেন। পরে সেই আচ্ছাদন-কুশ ফেলিয়া দিয়া উত্তরমুখে উপবীতী হইয়া অর্ঘ্যপাত্রস্থ সমগ্র কুশ লইয়া "ওঁ পবিত্রং নমঃ" বলিয়া দৈবব্রাহ্মণে দিবেন। ভিন্ন পাত্র হইতে কিঞ্চিৎ জল লইয়া—"ওঁ জলান্তরং নমঃ" বলিয়া জল দিবেন। অন্য পুষ্প লইয়া 'ওঁ পুষ্পান্তরং নমঃ' বলিয়া পুষ্প দিয়া অর্ঘ্যপাত্র হইতে একটি পুষ্প লইয়া—"ওঁ দিব্যঃ সর্ব্ব পাত্রেভ্যো নমঃ" বলিয়া পূজা করিয়া অর্ঘ্যপাত্রটি বাম করতলে রাখিয়া দক্ষিণ করতল-দ্বারা ঢাকিয়া এই মন্ত্র পাঠ করিবেন—"ওঁ যা দিব্যা আপঃ পয়সা সংবভূবঃ। যা অন্তরীক্ষা উত পার্থিবীর্য্যা হিরণ্যবর্ণা যজ্ঞীয়া স্তা নঃ আপঃ শিবাঃ সংশ্যোনা ভবন্তু।" এইমন্ত্র পাঠ করিয়া অর্ঘ্যপাত্র ভূমিতে রাখিয়া বাম হস্তদ্বারা দক্ষিণ বাহমূল স্পর্শ করিয়া—"ওঁ পুরূরবো মদ্রবসৌ বিশ্বেদেবা এতদ্ বঃ অর্ঘ্যং নমঃ" বলিয়া দৈবব্রাহ্মণে অর্ঘ্য প্রদান করিবেন। পরে প্রদক্ষিণক্রমে দক্ষিণমুখে বসিয়া বাম জানু ভূমিতে পাতিয়া প্রাচীনাবীতা হইয়া পিতৃ-ব্রাহ্মণের অর্ঘ্যপাত্রে একটি কুশাচ্ছাদনপূর্ব্বক—"ওঁ অচ্ছিদ্রমিদমর্ঘ্যপাত্রমস্তু" বলিবেন। পুরোহিত—"ওঁ অস্তু" বলিবেন। পরে আচ্ছাদন কুশ ফেলিয়া দিয়া, অর্ঘ্যপাত্রস্থিত সমগ্র কুশ লইয়া—"ওঁ পবিত্রং নমঃ" বলিয়া পিতৃ-ব্রাহ্মণদ্বয়ে দিবেন। পরে

অন্যপাত্র হইতে কিঞ্চিৎ জল লইয়া—"ওঁ জলান্তরং নমঃ" অন্য পুষ্প লইয়া—"ওঁ পুষ্পান্তরং নমঃ" বলিয়া পুষ্প দিয়া অর্ঘ্যপাত্র হইতে একটি পুষ্প লইয়া—"ওঁ দিব্যঃ সর্ব্ব পাত্রেভ্যো নমঃ" বলিয়া পূজা করিয়া অর্ঘ্যপাত্রটি বামহস্তের করতলে রাখিয়া দক্ষিণ করতল-দ্বারা ঢাকিয়া এই মন্ত্র পাঠ করিবেন—"ওঁ যা দিব্য আপঃ পয়সা সংবভূবঃ। যা অন্তরীক্ষা উত পার্থিবীর্য্যা হিরণ্যবর্ণা যজ্ঞীয়া স্তা ন আপঃ শিবাঃ সংশ্যোনা ভবন্তু" এই মন্ত্র পাঠ করিবেন এবং ওঁ অমুক গোত্র পিতঃ অমুক দেবশর্ম্মন্ পিতামহ অমুক দেবশর্ম্মণ্ প্রপিতামহ অমুক দেবশর্ম্মণ্ এতত্তেঽর্ঘ্যঃ ওঁ যেচাত্র ত্বামথাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা" বলিয়া পিতৃ-ব্রাহ্মণে অর্ঘ্যদান করিয়া অবশিষ্ট জলসহ পাত্রটি যথাস্থানে রাখিবেন। এইরূপ বিধানে মাতামহপক্ষের ব্রাহ্মণেও অর্ঘ্যদান করিতে হইবে। মন্ত্রাদি পিতৃপক্ষীয় অর্ঘ্যদানের ন্যায় কেবল নাম ও গোত্র উল্লেখ পৃথক্ মাত্র। প্রত্যেক অর্ঘ্যদানের পরই জল স্পর্শ করিতে হইবে।

গন্ধাদি পঞ্চক দান

উপবীতী হইয়া উত্তরমুখে বসিয়া দক্ষিণ জানু পাতিয়া দৈবব্রাহ্মণের সম্মুখে একটি তাম্রপাত্র অথবা কদলী-ডুঙ্গার পাত্রে বস্ত্র, তুলসী, চন্দন, পুষ্প, ধূপ ও দীপ সাজাইয়া আচ্ছাদনপূর্ব্বক—"ওঁ এতেভ্যো গন্ধাদি পঞ্চকেভ্যো নমঃ" বলিয়া জলের দ্বারা প্রোক্ষণ করিয়া একটি ত্রিপত্র লইয়া কোশার জলে ধরিয়া—"ওঁ বিষ্ণুঃ ওঁ পুরূরবো মাদ্রবসৌ বিশ্বেদেবাঃ এতানি গন্ধপুষ্প-ধূপ-দীপ-বাসাংসি বো নমঃ।" বলিয়া নিবেদন করিবেন। সচন্দন তুলসীপত্র লইয়া—"এষঃ যো গন্ধ' বলিয়া দৈব ব্রাহ্মণে দিবেন, পুষ্প লইয়া—"এতদ্ বঃ পুষ্পং" বলিয়া পুষ্প দিবেন, 'এষ বো ধূপঃ, এষঃ বো দীপঃ এতদ্ বঃ আচ্চাদনং' বলিয়া বস্ত্রখানি দৈবব্রাহ্মণে দিবেন। পরে প্রাচীনাবীতী লইয়া দক্ষিণামুখে বাম জানু পাতিয়া—"অমুক গোত্র পিতঃ অমুক— অমুক গোত্র পিতামহ অমুক, অমুক গোত্র প্রপিতামহ অমুক—এতানি তে গন্ধপুষ্প ধূপাচ্ছাদনানি ওঁ যে চাত্র ত্বামনুয়াশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা" বলিয়া উৎসর্গ করিয়া "এষঃ তে গন্ধঃ, এতত্তে পুষ্পং, বলিয়া পিতৃ-ব্রাহ্মণে অর্পণ করিবেন, 'এষঃ তে ধূপঃ এষঃ তে দীপ, বলিয়া সম্মুখে রাখিবেন', "এতত্তে আচ্ছাদনং" বলিয়া বস্ত্র পিতৃ-ব্রাহ্মণে দিবেন। এই প্রণালীতে মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহের নাম-গোত্র উল্লেখ করিয়া গন্ধাদি-পঞ্চক মাতামহপক্ষীয় ব্রাহ্মণে প্রদান করিতে হইবে। গন্ধাদি পঞ্চকের মধ্যে কোন দ্রব্যের

অভাব স্থলে "যব" প্রযোজ্য। পরে করজোড়ে বলিবেন,—"ওঁ গন্ধাদিদান-মচ্ছিদ্রমস্তু"। পুরোহিত—"ওঁ অস্তু"। তৎপরে ব্রাহ্মণত্রয়ের সম্মুখস্থান পরিষ্কার করিয়া জলদ্বারা চতুষ্কোণ মণ্ডল অঙ্কিত করিয়া ৩টি পাত্রে মহাপ্রসাদান্ন সাজাইয়া ৩টি ব্রাহ্মণের সম্মুখে উত্তরমণ্ডলের উপর রাখিবেন। দৈব-ব্রাহ্মণ পাত্রে ২ ভাগে এবং পিতৃ-পিতামহ ও মাতামহ-পক্ষে ৩ ভাগে সাজাইবেন। পরে করজোড়ে বলিবেন—"ওঁ অগ্নৌকরণমহং করিষ্যামি"। পুরোহিত—"ওঁ কুরুষ্ব" বলিবেন। সম্মুখে কলার ডোঙ্গা বা তাম্রপাত্রে জল রাখিয়া কিঞ্চিৎ প্রাসাদান্ন লইয়া—'ওঁ অগ্নেয় কব্যবাহনায় স্বাহা' বলিয়া ঐ জলে দিবেন, পুনশ্চ 'ওঁ সোমায় পিতৃমতে স্বাহা'—বলিয়া ঐ জলে দিবেন, পুনরায় অমন্ত্রক ৩ বার আহুতি দিবেন। অনন্তর অন্নপাত্রে দুই হস্ত উপুড়ভাবে রাখিয়া এই মন্ত্র পাঠ করিবেন। যথ,—"ওঁ পৃথিবী তে পাত্রং দ্যৌঃ পিধানং শ্রীভগবতস্য ব্রাহ্মণস্য মুখে অমৃতেঽমৃতং জুহোমি স্বাহা।" ৩টি পাত্র স্পর্শ করিয়াই ৩ বার এই মন্ত্র পাঠ করিবেন। পরে দৈব-পাত্রটি ধরিয়া—"ওঁ বিষ্ণো হব্যমিদং রক্ষস্ব" বলিয়া জল দিবেন।

মধুমন্ত্র

পিতামহ ও মাতামহ পক্ষের অন্নপাত্র ধরিয়া—"ওঁ কব্যমিদং রক্ষস্ব" বলিয়া জল দিয়া পাঠ করিবেন। "ওঁ ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নিদধে পদং। সমূঢমস্য পাংসুরে।" তৎপরে দৈবব্রাহ্মণের অন্নপাত্রে অমন্ত্রক যব ছড়াইয়া—"ওঁ অপহতা-সুরা রক্ষাংসি বেদিষদঃ" বলিয়া পরে—পিতৃ-মাতামহ অন্নপাত্রে তিল ছড়াইয়া দিবেন। তারপর অন্নে মধু দিয়া গায়ত্রী পাট করিবেন—"ওঁ ভূর্ভুবঃ স্বঃ তৎসবিতুর্বরেণ্যং ভর্গোদেবস্য ধীমহি ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ ওঁ। পরে মধুমন্ত্র পাট করিবেন। যথা—ওঁ মধুর্বাতা ঋতায়তে মধু ক্ষরন্তু সিন্ধবঃ। ওং মাধ্বী নঃ সন্তোষধীঃ মধুনক্তযুত বসো। মধুমৎ পার্থিবং রজঃ। ওঁ মধু দৌরস্তু নঃ পিতা। মধুমান্নো বনস্পতি মধুমাংস্তু সূর্য্যঃ। মাধ্বীর্গাবো ভবন্তু নঃ। ওঁ মধুঃ ওঁ মধুঃ ওঁ মধুঃ।। পরে উত্তর মুখে বসিয়া দক্ষিণ জানু পাতিয়া বামহস্ত উপুড় করিয়া দৈব-অন্নপাত্র ধরিয়া কিঞ্চিৎ জল দিয়া—'ওঁ পুরূরবো মাদ্রবসৌ বিশ্বদেবা এতদ্বো মহাপ্রসাদান্নং সোপকরণং সযবোদকং নমঃ। ইদং প্রসাদান্নং ইমাঃ আপঃ ইদং হবিঃ এতানি উপকরণানি যথা সুখং বাগ্‌যতৌ স্বদেতাম্।' পরে দক্ষিণমুখে বাম জানু পাতিয়া— বামহস্ত চিৎ করিয়া পিতৃব্রাহ্মণে এক গণ্ডুষ জল দিয়া অন্নপাত্রে প্রোক্ষণ দিয়া— "ওঁ ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নিদধে পদং সমূঢমস্য পাংসুরে।"

এই মন্ত্র পাঠ করিয়া— "ওঁ অমুক গোত্র পিতঃ অমুক দেব, পিতামহ অমুক দেব, প্রপিতামহ অমুক দেব এতত্তে মহাপ্রসাদান্নং সোপকরণং। ওঁ যে চাত্র ত্বামনুযাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা।" এই বলিয়া উৎসর্গ করিয়া—"ইদং মহাপ্রসাদান্নং ইমাঃ আপঃ ইদং হবিঃ এতানি সোপকরণানি যথা সুখং বাগযতাঃ স্বদন্ত।" "ওঁ বিষ্ণুঃ অমুক গোত্র, মাতামহ অমুক দেব, প্রমাতামহ অমুক দেব, বৃদ্ধপ্রমাতামহ অমুক দেব, এতত্তে মহাপ্রসাদান্নং সোপকরণং; "ওঁ যে চাত্র ত্বমানুযাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা।" ইদং মহাপ্রসাদান্নং ইমাঃ আপঃ ইদং হবিঃ এতানি উপকরণানি যথাসুখং বাগযতাঃ স্বদন্ত।" বলিয়া ব্যাহৃতিযুক্ত গায়ত্রী পাঠ করিয়া মধুমন্ত্র পাঠান্তে কৃতাঞ্জলি হইয়া—

ওঁ ভক্তিহীনং ক্রিয়াহীনং বিধিহীনঞ্চ যদ্ভবেৎ।
তৎ সর্ব্বমচ্ছিদ্রমস্তু শ্রীহরের্নাম কীর্ত্তনাৎ॥

ওঁ যজ্ঞেশ্বরো হব্য সমস্ত কব্য ভোক্তাব্যয়ন্তত্মা হরিরীশ্বরোঁহত্র। তৎসন্নিধানাদপযান্তু সদ্যো রক্ষাংস্যশেষাম্যসুরাশ্চ সর্ব্বে॥ ওঁ তদ্বিষ্ণো পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম্। ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম ব্যাহরণ মামনুস্মরণ। যঃ প্রযাতি ত্যজন্ দেহং স যাতি পরমাং গতিম্॥ অতঃপর দৈবপক্ষ ও পিতৃপক্ষের মধ্যস্থলে কুশাস্তৃর্ণ করিয়া তদুপরি সতিল মহাপ্রসাদান্ন ছড়াইয়া দিয় এই মন্ত্র পাঠ করিতে হইবে—

ওঁ অগ্নিদগ্ধাশ্চ যে জীবাঃ যেঽপ্যদগ্ধাঃ কুলে মম।
ভূমৌ দত্তেন তৃপ্যন্তু তৃপ্তা যান্তু পরাং গতিম্॥
ওঁ যেষাং ন মাতা ন পিতা ন বন্ধুর্নৈবান্ন সিদ্ধির্ন তথান্নমস্তি।
তত্তৃপ্তয়েঽন্নং ভুবি দত্তমেতৎ প্রয়ান্তু লোকায় সুখায় তদ্বৎ॥

এইরূপে অগ্নিদগ্ধার পিণ্ডদান শেষ করিয়া হস্ত প্রক্ষালনপূর্ব্বক—"ওঁ বিষ্ণুঃ" মন্ত্রে আচমন করিয়া সপ্রণবব্যাহৃতিযুক্ত গায়ত্রী পাঠ ও "মধুর্বাতা" ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া পরে কৃতি বলিবেন,—"ওঁ শেষমন্নমপ্যস্তিক দেয়ং।" পুরোহিত—ওঁ ইষ্টেভ্যো দীয়তাং। কৃতি—"ওঁ পিণ্ডদানমহং করিষ্যে।" পুরোহিত—"ওঁ কুরুষ্ব"। অনন্তর পিতৃ ও মাতামহের পক্ষের ব্রাহ্মণের সম্মুখে নৈর্ঋত কোণ ইতে নামাবর্ত্তক্রমে চতুষ্কোণ মণ্ডল অঙ্কিত করিয়া দুইগাছি কুশ বামহস্ত হইতে দক্ষিণ হস্তে লইয়া, —"ওঁ অপহতা সুরা রক্ষাংসি বেদিষদঃ। ওঁ নিহন্মি সর্ব্বং যদমেধ্যবদ্ভবেৎ হতাশ্চ সর্ব্বেঽসুরা দানবা ময়া। রক্ষাংসি যক্ষাঃ সপিশাচ সঙ্ঘা। হতা ময়া যাতুধানশ্চ

সর্ব্বে॥"এই মন্ত্র পাঠ করিয়া পূর্ব্বোক্ত মণ্ডল মধ্যে দুইটি দক্ষিণাগ্র রেখা অঙ্কিত করিয়া কুশপত্রদ্বয় উত্তরদিকে ফেলিয়া দিয়া ঐ রেখার উপর কুশাস্তীর্ণ করিয়া নিম্নমন্ত্র ৩ বার পাঠ করিবেন—

"ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ মহাযোগীভ্য এব চ।
নমঃ স্বধায়ৈ স্বাহায়ৈ নিত্যমেব ভবন্তিতি॥"

পরে—"ওঁ এত পিতরঃ সোম্যাসো গম্ভীরেভিঃ পথিভি পূর্ব্বিনেতি দত্তাস্মভ্যং দ্রবিণেহ ভদ্রং রৈষ্ণ ন সর্ব্ববীরং নিযচ্ছত।" এই মন্ত্র পাঠান্তে আস্তীর্ণ কুশের উপর তিল ছড়াইয়া এবং সতিল পুষ্প লইয়া—"ওঁ বিষ্ণুঃ অমুক গোত্র পিতঃ অমুক দেব অবনেনিক্ষ্ব। ওঁ যে চাত্র ত্বামনুযাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা।" পরে মহাপ্রসাদান্নদ্বারা ৬টি পিণ্ড প্রস্তুত করিয়া ঘৃত, মধু, তিল, ও তুলসীপত্রসহ একটি পিণ্ড হস্তে লইয়া—"ওঁ মধুর্বাতা ঋতায়তে" ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া 'ওঁ অক্ষন্নমী মদন্ত হ্যবপ্রিয়া অধূষত। অস্তোষত স্বভানবো বিপ্রানবিষ্ঠয়া মতী যোজাহিন্দ্রতে হরি। ওঁ অমুক গোত্র পিতঃ অমুক এষ তে পিণ্ডঃ ওঁ যে চাত্র ত্বামনুযাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা।" বলিয়া পিতৃ-পক্ষের আস্তৃত কুশের মূলে দিবেন। আর একটি পিণ্ড লইয়া ওঁ মধুর্বাতা ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া "ওঁ অমুক গোত্র পিতামহ অমুক এষ তে পিণ্ডঃ ওঁ যে চাত্র ত্বামনুযাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা" বলিয়া সেই আস্তৃত কুশের মধ্যে দিবেন। পরে পূর্ব্বানুরূপ মন্ত্র পাঠ করিয়া আর একটি পিণ্ড প্রপিতামহের নামোল্লেখ করিয়া অস্তৃর্ণ কুশের অগ্রে প্রদান করিবেন। এইরূপে পূর্ব্বোক্ত মন্ত্র পাঠ করিয়া মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধমাতামহের নামেও পিণ্ড দান করিবেন। প্রত্যেক পিণ্ডদানের পর হস্ত প্রক্ষালন করিয়া লইবেন। পরে পিণ্ডের অবশিষ্টাংশ পিণ্ডের উপর দিয়া বেং হস্তে যাহা সংলগ্ন থাকিবে তাহাও কুশমূলদ্বারা চাঁছিয়া—"ওঁ লেপভূজঃ পিতরঃ প্রীয়তাং" বলিয়া পিণ্ডের উপর দিবেন। তৎপর হস্তদ্বয় প্রক্ষালন করিয়া শ্রীবিষ্ণু স্মরণপূর্ব্বক আচমন করিয়া কুশীতে জল লইয়া—'ওঁ অমুক গোত্র পিতঃ অমুক অবনেনিক্ষ্ব; ওঁ যে চাত্র ত্বামনুযাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা' বলিয়া পিতৃপিণ্ডে ঐ জল দিবেন। এইরূপ ক্রমানুসারে মন্ত্রপাঠ করিয়া—পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহের পিণ্ডে জল দিবেন। পরে "অত্র পিতরো মাদয়ধ্বং" "ওঁ যথাভাগমাবৃষায়ধ্বং" পাঠ করিয়া উত্তরাভিমুখী হইয়া শ্বাসরোধ করিযা ধ্যানস্থ হইয়া পিতৃপুরুষগণ চিন্ময় মূর্ত্তিতে উপস্থিত হইয়া সেই পিণ্ড গ্রহণ করিলেন। এইরূপ চিন্তা করিবেন এবং "ওঁ অমীমদন্তঃ পিতরো

যথাভাগমাবৃষয়াধ্বং" এই মন্ত্র জপ করিয়া শ্বাস পরিত্যাগ করিবেন। পরে কৃতাঞ্জলি হইয়া—"ওঁ নমো বঃ পিতরঃ পিতরো নমো বঃ।" "ওঁ গৃহান্নঃ পিতরো দত্ত। ওঁ সদো বঃ পিতরো দেশ্ম'। মন্ত্রত্রয় পাঠ করিয়া নূতন বস্ত্র অভাবে বস্ত্রের সূতা লইয়া—'ওঁ এতদ্বঃ পিতরো বাসঃ' বলিয়া জলের প্রোক্ষণ করিবেন। পরে "ওঁ অমুক গোত্র পিতঃ অমুক এতত্তে বাসঃ ওঁ যে চাত্র ত্বামনুষাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা।" বলিয়া বামহস্তযুক্ত দক্ষিণহস্তে লইয়া পিতৃপিণ্ডে দিবেন। এই ক্রমে উক্তরূপ মন্ত্র পাঠ করিয়া নাম ও গোত্র উল্লেখপূর্ব্বক, পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহের পিণ্ডে বস্ত্র দান করিবেন। প্রত্যেকবারই জলস্পর্শ করিতে হইবে। পরে পিণ্ডের উপর অমন্ত্রক গন্ধপুষ্প দিয়া "ওঁ সুপ্রোক্ষিতমস্তু।" বলিয়া পিণ্ডস্থানে জল দিবেন। পুরোহিত—"ওঁ অস্তু" বলিবেন। প্রত্যেক পিণ্ডেই প্রোক্ষণ করিয়া "ওঁ শিবাঃ আপঃ সন্তু" বলিয়া—দৈবব্রাহ্মণে একবার জল দিবেন এবং পিতৃ-ব্রাহ্মণে ৩ বার জল দিবেন। পুরোহিত—'ওঁ অস্তু' বলিবেন। কৃতি—"ওঁ সৌমনস্যমস্তু" বলিয়া দৈবব্রাহ্মণে ১বার এবং পিতৃ-ব্রাহ্মণে ৩বার পুষ্প দিবেন। পুরোহিত—"ওঁ অস্তু" বলিবেন। পরে কৃতি—দুর্ব্বা ও আতপ চাউল লইয়া—"ওঁ অক্ষতঞ্চারিষ্টঞ্চাস্তু" বলিয়া দৈবব্রাহ্মণে ১ বার পিতৃ-ব্রাহ্মণে ৩ বার দিবেন। পুরোহিত—"ওঁ অস্তু" প্রত্যেকবার বলিবেন। পরে—তিল, ঘৃত ও মধুযুক্ত জল কুশীতে লইয়া—ওঁ বিষ্ণুঃ, তৎসদদ্য অমুক মাসি, অমুক পক্ষে, অমুক তিথৌ, অমুক গোত্রস্য পিতুঃ অমুক দেবস্য কৃতেঽস্মিন্ পার্ব্বণ-বিধিক শ্রাদ্ধে দত্তমিদমন্নপানাদিকং অক্ষয্যং অস্তু" বলিয়া সেই জল পিতৃ-ব্রাহ্মণে দিবেন। পুরোহিত বলিবেন,—"ওঁ অস্তু"। এইভাবে নাম ও গোত্র উল্লেখ করিয়া যথাক্রমে পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহের পিণ্ডের উপর অক্ষয্য দান করিবেন। পুরোহিত প্রত্যেকবারই—"ওঁ অস্তু" বলিবেন। তারপর কৃতাঞ্জলি হইয়া—"ওঁ অঘোরাঃ পিতরঃ সন্তু"। পুরোহিত—"ওঁ সন্তু"। শ্রাদ্ধকর্ত্তা—"ওঁ গোত্রং নো বর্দ্ধতাম্"। পুরোহিত—"ওঁ বর্দ্ধতাম্"। শ্রাদ্ধকর্ত্তা—"ওঁ স্বধাং বাচয়িষ্যে"। পুরোহিত—"ওঁ বাচয়"। পিতৃ-ব্রাহ্মণের অর্ঘ্যের কুশ লইয়া—"ওঁ পিতৃভ্যঃ স্বধোচ্যতাং" পুরোহিত—'ওঁ অস্তু স্বধা'। এইরূপেই ক্রমে—ওঁ পিতামহেভ্যঃ স্বধোচ্যতাং ওঁ মাতামহেভ্যঃ স্বধোচ্যতাং, ওঁ প্রমাতামহেভ্যঃ স্বধোচ্যতাং, ওঁ বৃদ্ধপ্রমাতামহেভ্যঃ স্বধোচ্যতাং" বলিলে পুরোহিত প্রত্যেকবারই—"ওঁ অস্তু স্বধা" বলিবেন। পুনশ্চ কুশীতে জল লইয়া—ওঁ ঊর্দ্ধং বহন্তীরমৃতং ঘৃতং পয়ঃ কীলানং পরিশ্রুতং স্বধাস্থ তর্পয়ত মে পিতৄন্" বলিয়া পিণ্ডের উপর জলধারা

দিবেন। অতঃপর দক্ষিণান্ত করিবেন। প্রথমে পিতৃপক্ষে দক্ষিণা—রজতখণ্ড বামহস্তে ধরিয়া দক্ষিণহস্তে কুশীতে জল লইয়া—"এতস্মৈ রজতখণ্ডায় নমঃ" বলিয়া প্রোক্ষণ করিবেন। গন্ধপুষ্প লইয়া—"এতে গন্ধপুষ্পে, এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ" বলিয়া বিষ্ণুতে অর্পণ করিয়া—'ওঁ সুপ্রোক্ষিতমস্তু অনেন বিষ্ণুঃ প্রীণাতু' বলিয়া প্রোক্ষণ করিবেন, পরে কোশার জলে দক্ষিণহস্ত রাখিয়া—ওঁ বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুক মাসি, অমুক পক্ষে, অমুক তিথৌ, অমুক গোত্রস্য পিতুঃ অমুক দেবস্য, অমুক গোত্রস্য পিতামহ অমুক দেবস্য, অমুক গোত্রস্য প্রপিতামহ অমুক দেবস্য কৃতৈতৎ পার্ব্বণবিধিক শ্রাদ্ধকর্ম্মণঃ সাঙ্গতার্থ দক্ষিণামিদং রজতখণ্ডং শ্রীবিষ্ণুদৈবতং যথানামগোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদে" বলিয়া প্রোক্ষণ করিবেন এবং 'অনয়া দক্ষিণয়া শ্রাদ্ধমিদং সদক্ষিণমস্তু।' পুরোহিত—'ওঁ অস্তু' বলিবেন। এইরূপভাবে—মাতামহপক্ষেও দক্ষিণান্ত করিবেন। পরে দৈবপক্ষে ব্রাহ্মণের দক্ষিণান্ত করিবেন। প্রথমে "এতস্মৈ দক্ষিণাঃ কাঞ্চনমূল্যায় নমঃ, এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে" "ওঁ শ্রীবিষ্ণবে নমঃ। ওঁ সুপ্রোক্ষিতমস্তু বিষ্ণুঃ প্রীণাতু"। বলিয়া কোশার জলে দক্ষিণহস্ত রাখিয়া—ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য অমুক মাসি, অমুক পক্ষে, অমুক তিথৌ, পুরূরবোমাদ্রবসৌ বিশ্বেষাং দেবানাং কৃতৈতৎ পার্ব্বণবিধিক শ্রাদ্ধকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং যথা—নাম-গোত্রায় সাত্বত ব্রাহ্মণায় অহং দদে। অনয়া দক্ষিণয়া শ্রাদ্ধমিদং সদক্ষিণমস্তু।" পুরোহিত—"ওঁ অস্তু"। পরে কৃতাঞ্জলি হইয়া—'ওঁ বিশ্বেদেবাঃ প্রীয়ন্তাং' বলিবেন। পুরোহিত—"ওঁ প্রীয়ন্তাং" বলিবেন। পুনঃ—ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ মহাযোগিভ্য এব চ। নমঃ স্বধায়ৈ স্বাহায়ৈ নিত্যমেব ভবস্থিতি॥ মন্ত্রটি ৩ বার পাঠ করিবেন। পরে দক্ষিণমুখে কৃতাঞ্জলি হইয়া পিতৃপুরুষের নিকট বর প্রার্থনা করিবেন। "ওঁ আশিষো মে দীয়ন্তাং" পুরোহিত—"আশিষঃ প্রতিগৃহ্যন্তাং"। পরে শ্রাদ্ধকর্ত্তা পিতৃব্রাহ্মণের আসন হইতে একটি পুষ্প লইয়া—

ওঁ দাতারো নোঽভিবর্দ্ধন্তাং দেবা সন্ততিরেব চ।
শ্রদ্ধা চ নো মাব্যগমদ্ বহুদেয়ঞ্চ নোঽস্ত্বিতি॥
অন্নঞ্চ নো বহুভবেদতিথীংশ্চ লভে মহি।
যাচিতারশ্চ নঃ সন্তু মা চ যাচি স্ম কাঞ্চন॥
ভক্তিং প্রবর্দ্ধতাং নিত্যং মতিরস্তু জনার্দ্দনে।
যেভ্যঃ সঙ্কল্পিতা দ্বিজা স্তেষামক্ষয়া তৃপ্তিরস্তু।
এতাঃ সত্যাশিষঃ সন্তু পিতৃবর প্রসাদোঽস্তু॥

অনন্তর পুরোহিত বলিবেন—"ওঁ সন্ত'। কৃতি—ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ মহাযোগিভ্য এব চ। নমঃ স্বধায়ৈ স্বহায়ৈ নিত্যমেব ভবন্তিতি।" পরে নিম্নলিখিত মন্ত্র ৩ বার পাঠ করিয়া ব্রাহ্মণ বিসর্জ্জন করিবেন। মন্ত্র যথা—ওঁ বাজে বাজেহবন্ত বাজিনো নো ধনেষু বিপ্রা অমৃতা ঋতজ্ঞা অস্য মধ্বঃ পিবত মাদয়ধ্বং তৃপ্তা যাতপথিভিদেবযানৈঃ। অগ্রে পিতৃপক্ষ, মাতামহপক্ষ ব্রাহ্মণ বিসর্জ্জন করিয়া পরে দৈবব্রাহ্মণ বিসর্জ্জন করিবেন এবং "ওঁ আ মা বাজস্য প্রসবো জগম্যাদিমে দ্যাবা পৃথিবী বিশ্বরূপে আমাগন্তুং পিতরা মাতরা যবমা মা সোমোহমৃতত্বায় গম্যাৎ।" এই মন্ত্র পাঠ করিয়া দক্ষিণাবর্ত্তক্রমে জলধারা-দ্বারা ব্রাহ্মণ বেষ্টন করিয়া প্রণাম করিবেন। পরে গন্ধপুষ্প লইয়া—"এতে গন্ধপুষ্পে ওঁ আপঃ নারায়ণায় নমঃ" বলিয়া জলে গন্ধপুষ্প দিয়া—ওঁ যেষাং শ্রাদ্ধং কৃতমিদং তেষামক্ষায়ৈ তৃপ্তয়ে ত্বয়ি জলে পাত্রীয়ান্নাদিকং সমর্পিতং" বলিয়া পিতৃপাত্র ও দৈবপাত্র হইতে একমুষ্টি অন্ন লইয়া জলে দিবেন। পরে পিণ্ড ও অন্ন কোন পিণ্ডান্নভোজী ব্রাহ্মণকে দিবেন অথবা জলে নিক্ষেপ করিবেন। অতঃপর যথারীতি উপবীতী হইয়া পুষ্প ও জল লইয়া শান্তিমন্ত্র পাঠ করিবেন। যথা—ওঁ মহাবামদেব্য বিষ্ণুঋষির্বিরাড় গায়ত্রীচ্ছন্দঃ শ্রীবিষ্ণুর্দেবতা শান্তি কর্ম্মণি জপে বিনিয়োগঃ। ওঁ কয়া নশ্চিত্র আভুব দূতী সদা বৃধঃ সখা কয়া সচীষ্টয়া কৃতা। ওঁ কস্ত্বা সত্যে মদানাং মাং হিষ্ঠো মৎ সদন্ধসঃ দৃঢ়া চিদারুজে বসু। ওঁ অভীষুণঃ সখীনামবিতজরিতৃণাং শতম্ভবা স্যুতয়ে। এই মন্ত্র ৩বার পাঠ করিয়া পুনশ্চ—ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি, নঃ পুষা বিশ্ববেদাঃ স্বস্তিনস্তাক্ষৌহরিষ্ট নেমিঃ স্বস্তি নো বৃহস্পতি দধাতু। ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি। এই মন্ত্র ৩ বার পাঠ করিয়া পুরোহিত কৃতির মস্তকে জলের প্রোক্ষণ করিবেন। পরে অচ্ছিদ্রাব ধারণ করিবেন—দক্ষিণহস্ত কোশার জলে রাখিয়া—ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য অমুক মাসি, অমুক পক্ষে অমুক তিথৌ কৃতৈতৎ পার্ব্বণবিধিক শ্রাদ্ধকর্ম্মচ্ছিদ্রমস্তু। পুরোহিত—"ওঁ অস্তু"। পুনরায় জলে হস্ত রাখিয়া—"ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য, অমুক মাসি, অমুক পক্ষে, অমুক তিথৌ, অমুক গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা (কৃতির নাম) কৃতৈতৎ পার্ব্বণবিধিক শ্রাদ্ধকর্ম্মণি যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষ প্রশমনায় ওঁ শ্রীবিষ্ণুস্মরণমহং করিষ্যে। ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম্ ওঁ। পাঠ করিয়া ১০ বার ওঁ বিষ্ণু স্মরণ করিবেন। পরে এক গণ্ডুষ জল হস্তে লইয়া—ওঁ প্রীয়তাং পুণ্ডরীকাক্ষ সর্ব্ব যজ্ঞেশ্বরো হরিঃ। তস্মিণ্ তুষ্টে জগৎ তুষ্টং প্রীণিতে প্রীণিতং জগৎ॥ মন্ত্র পাঠ করিয়া জল ত্যাগ করিয়া, পুনশ্চ—

ওঁ মন্ত্রতস্তন্ত্রতশ্ছিদ্রং দেশকালার্হ বস্তুতঃ।
সর্ব্বং করোতু নিশ্ছিদ্রং নামসঙ্কীর্ত্তনং হরেঃ॥

"এতৎ কর্ম্মফলং শ্রীকৃষ্ণার্পণমস্তু" বলিয়া—কিঞ্চিৎ জল ভূমিতে দিয়া দুই করতলে দীপাচ্ছাদনপূর্ব্বক প্রণাম করিবেন। যথা—

ওঁ নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণ হিতায় চ।
জগদ্ধিতায় শ্রীকৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥

মৃৎসমাধি-বিধি

যাঁহারা বৈদিক বিধানে সন্ন্যাসমন্ত্রে দীক্ষিত হইয়া ভগবদ্ভক্তিনিষ্ঠায় জীবন যাপন করেন কেবল তাঁহাদের সম্বন্ধে এই ব্যবস্থা লিখিত হইতেছে। যেহেতু—

সন্ন্যাসীনাং মৃতং কায়ং দাহয়েন্ন কাদাচন।
সম্পূজ্য গন্ধপুষ্পাদ্যৈর্নিখনেদ্‌বাপ্সুমজ্জয়েৎ॥—স্মৃতি

সন্ন্যাসীদের দেহ কদাচ দাহ করিবেন না। গন্ধ ও পুষ্পাদ্দিদ্বারা অর্চ্চনা করিয়া ভূগর্ভে প্রোথিত করিবেন অথবা জলে বিসর্জ্জন দিবেন। দেহত্যাগের পর নির্দ্দিষ্ট সমাধি-ক্ষেত্রে নিয়া পূর্ব্বোক্ত শবদাহ বিধানে মন্ত্রদ্বারা স্নানাদি করাইয়া (৮০ পৃষ্ঠায় দ্রষ্টব্য) গোপীচন্দন-দ্বারা দ্বাদশাঙ্গে তিলক ও চরণচিহ্নে দেহকে সুশোভিত করিয়া পুষ্পমাল্য পরাইবেন। পরে চন্দন বা গোপীমত্তিকা-দ্বারা অঙ্গে নিম্নলিখিত সমাধি মন্ত্র লিখিয়া দিবেন। যথা—"ওঁ ক্লীং শ্রীং হ্রীং শ্রীং লবণমূদ্‌যুজি ভুবি শ্বভ্রে স্বাহা।" আপাদ-মস্তক দৈর্ঘ্য পরিমিত ভূগর্ভ করিয়া দৈর্ঘ্য ও প্রস্থ তত পরিমাণই করিতে হইবে। তন্মধ্যে পদ্মাসনে দক্ষিণাস্য করিয়া বসাইয়া দিবেন। নতুন কৌপীন-বর্হিবাস ও উত্তরীয় পরাইয়া লইতে হইবে এবং নতুন বস্ত্রদ্বারা বেষ্টন করিয়া মস্তকে তুলসীবৃক্ষ বসাইয়া পরে ঔর্দ্ধদেহিক ক্রিয়াধিকারী প্রথমে নিম্ন মন্ত্র পাঠ করিতে করিতে মৃত্তিকা-দ্বারা মস্তক পর্য্যন্ত ভূগর্ভ পূর্ণ করিবেন। পরে অন্য ব্যক্তি মৃত্তিকা দিবেন। মন্ত্র—

"ওঁ উপসর্প মাতরং ভূমিমেতামুরু ব্যচসং বৃথিবীং সুবেসাং।
ঊর্ণম্রদা যুবতীর্দক্ষিণাবত এষা ত্বা পাতুনির্ঋতে রুপস্থাৎ॥১॥
ওঁ উচ্ছ্বাংচস্ব পৃথিবী মা নিবাধথাঃ সূপায়নাস্মৈ ভব সুপবংচনা।
মাতা পুত্রং যথা সিচাভ্যেনং ভূম ঊনুহি॥২॥
ওঁ চ্ছ্বংচমানা পৃথিবী সুতিষ্ঠতু সহস্রংমিত উপহি শ্রয়ংতাং।
তে গৃহাসো ঘৃতশ্চুতো ভবন্তু বিশ্বাহাস্মৈ শরণাঃ সংত্বত্র॥৩॥

এইরূপভাবে তুলসীবৃক্ষ পর্য্যন্ত মৃত্তিকা পূর্ণ করিয়া তদুপরি পুনরায় তুলসীবৃক্ষ স্থাপন করিতে করিতে ভূগর্ভ পূর্ণ করিয়া সমাধিবেদীর উপর আর একটি তুলসীবৃক্ষ রোপণ করিয়া শ্রীহরি সঙ্কীর্ত্তন করিতে করিতে সকলেই সাতবার সমাধিবেদী প্রদক্ষিণ করিয়া বাসাবর্ত্তে জলাশয়ের দিকে গমন করিবেন।

দণ্ড ও কমণ্ডলু সমাধির পাশেই রাখিবেন। তৎ প্রতিকৃতি স্থাপন করিয়া প্রত্যহ অর্চ্চনা পূজা করিতে হইবে।

মাঙ্গলিক-শ্রাদ্ধ বা আভ্যুদয়িক-কৃত

(নান্দীমুখ বা বৃদ্ধি শ্রাদ্ধ ইহারই নামান্তর)

শ্রীকৃষ্ণ-সেবক কার্ষ্ণ বা সাত্বতগণের পক্ষে প্রচলিত কর্ম্ম-জড়-স্মার্ত্ত-বিধানানুসারে নান্দীমুখশ্রাদ্ধ করিবার প্রয়োজন না থাকিলেও পিতৃপুরুষগণের সন্তোষ-বিধানার্থ শ্রীবিষ্ণুপ্রীতিকাম্ বিষ্ণুস্মরণপূর্ব্বক যথাসাধ্য অন্ন-বস্ত্রাদিভোজ্যসহ বৈষ্ণব-ব্রাহ্মণে দান করা এবং পিতৃদেবগণের অর্চ্চনা করা সর্ব্বতোভাবে বিধেয়। ✷এই আভ্যুদায়িক শ্রাদ্ধ প্রাতঃকালে উত্তম, অন্যথায় অপরাহ্ণকালেও করা চলে। একটি প্রশস্তপাত্রে উপযুক্ত পরিমাণ চাউল, ডাইল, ঘৃত, লবণ, অখণ্ডফল, তরকারী, পান, সুপারী মিষ্টান্ন, বস্ত্রাদিসহ সমন্বিত ভোজ্য সাজাইয়া লইবেন। এবং পূজার উপাচার দ্রব্যাদি, গন্ধ, পুষ্প, তিল, তুলসী, হরিতকী, দুর্ব্বা, ধূপ-দীপাদি সজ্জিত করিযা আচমন ও স্বস্তিবাচনপূর্ব্বক কৃতি পূর্ব্বমুখে বসিয়া জলপূর্ণ তাম্রপাত্রে তিল, তুলসী, হরিতকী ও গন্ধ-পুষ্প লইয়া সঙ্কল্প করিবেন। যথা—"শ্রীবিষ্ণুরোম্ তৎসদদ্য অমুক মাসি অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রঃ অমুক দেবশর্ম্মা শ্রীঅমুক গোত্রস্য শ্রীঅমুক দেবশর্ম্মণঃ অমুক কর্ম্মাভ্যুদয়ার্থং (১) শ্রীকৃষ্ণ প্রীতিকাম বিহিত শ্রীভগবদর্চ্চন-বসোধারা-সম্পাতন-আয়ুষ্যসূক্ত-জপাভ্যুদয়িক শ্রাদ্ধকর্ম্মণ্যহং

✷ ঐহিক ও পারত্রিক ফাদির কামনা বর্জ্জন করিয়া কেবল ধর্ম্মবুদ্ধিপ্রযুক্ত হইয়া শ্রীকৃষ্ণপ্রীতিকামনায় সৎপাত্রে শ্রদ্ধাসহকারে যে-দান তাহাকেই ধর্ম্মদান বা বিমল দান কহে। এরূপ দান বৈষ্ণবগণের পক্ষে নিষিদ্ধ নহে। দান চতুর্ব্বিধ; যথা কূর্ম্মপুরাণে—নিত্য-নৈমিত্তিক-কাম্যং ত্রিবিধং দান মুচ্যতে। চতুর্থ বিমলং প্রোক্তং সর্ব্বদানোত্তমোত্তমম্॥ তন্মধ্যে বিমল দানই বৈষ্ণবের পক্ষে প্রসস্ত। তদ্ যথা—

যদীশ্বর-প্রীণনার্থং ব্রহ্মবিৎসু প্রীয়তে।
চেতসা ধর্ম্মযুক্তেন দানং তদ্‌বিমলং শিবম্॥

১) যথা বিবাহ—(পুত্রস্য বা কন্যায়াঃ শুভবিবাহ-কর্ম্মাভ্যুদয়ার্থং) ইত্যাদি বলিবেন।

করিষ্যে। পরে সঙ্কল্পিত জল কিঞ্চিৎ পরিমাণ লইয়া ঈশানকোণে নিক্ষেপ করিয়া পরে করপুটে সঙ্কল্পসুক্ত পাঠ করিবেন। মন্ত্র যথা—ওঁ দেবো বো দ্রবিণোদাঃ পূর্ণাং বিবষ্ট্বাসিচম্ উদ্বা সিঞ্চধ্বমুপবা পৃণুধ্বমাদিদ্বোদেব ওহতে। পরে যথোপচারে শ্রীভগবৎ অর্চ্চনা করিয়া বসুধারা-সম্পাত ও চেদীরাজের পূজা করিবেন।

বসুধারা-সম্পাত ও চেদিরাজ-পূজা

পূর্ব্ব বা উত্তরদিকের দেওয়ালে স্বাভিমুখ কর্ত্তার নাভিপ্রমাণ উচ্চস্থানে পাঁচ বা সাতটি সিঁদুরের চিহ্ন পাশাপাশি দিয়া, তাহার নিম্নে চন্দনের চিহ্ন দিয়া, কুশী বা শঙ্খদ্বারা ঘৃত লইয়া নিম্নোক্ত মন্ত্রপাঠ করিতে করিতে নিম্নস্থ ভূমি পর্য্যন্ত পাঁচটি বা সাতটি ঘৃত-ধারা দিবেন। মন্ত্র যথা—

ওঁ যদ্বর্চ্চো হিরণ্যস্য যদ্বা বর্চ্চো গবামুতঃ।
সত্যস্য ব্রহ্মণো বর্চ্চস্তেন মাং সংসৃজামসি॥

"ওঁ চেদিরাজ বসো ইহা গচ্ছ" এই বলিয়া আবাহনপূর্ব্বক—গন্ধ, পুষ্প-জলাদি ও শ্রীভগবৎপ্রসাদ-দ্বারা পূজা করিবেন। "এষঃ গন্ধ ওঁ চেদিরাজ বসবে নমঃ" এতৎ পুষ্পং, এষঃ ধূপঃ, এষঃ দীপঃ, ইদং শ্রীমহাপ্রসাদ নৈবেদ্যং চেদিরাজ বসবে নমঃ।" পরে প্রণাম করিবেন। মন্ত্র যথা—ওঁ চেদিরাজ নমস্তুভ্যং শাপগ্রস্ত মহামতে। ক্ষুৎপিপাসামুদে দান্তে চেদিরাজ নমোহস্তুতে॥ "ওঁ চেদিরাজ বসে ক্ষমস্ব" বলিয়া বিসর্জ্জন করিবেন। পরে পূর্ব্বোক্ত ভোজ্যপাত্রে বামহস্ত চিৎভাবে স্থাপন করিয়া দক্ষিণহস্তে কুশীদ্বারা জল লইয়া—"ওঁ এতস্মৈ সোপকরণ আমান্ন ভোজ্যায় নমঃ" এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ, ওঁ এতৎ সম্প্রদানায় সাত্ত্বত ব্রাহ্মণায় নমঃ। বলিয়া ৩ বার জলের ছিটা দিবেন। পরে দক্ষিণ হস্তে জল লইয়া—ওঁ বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুক মাসি অমুক রাশিস্থে ভাস্করে অমুক পক্ষে অমুক তিথৌ শ্রীকৃষ্ণপ্রীতিকাম অমুক গোত্রস্য শ্রীঅমুক দেবশর্ম্মণঃ শুভ অমুক কর্ম্মাভ্যুদয়ার্থং অমুক গোত্রাণাং নান্দীমুখাণাং পিতৃণাং পরং প্রীতয়ে ইদং সোপকরণ আমান্ন ভোজ্যমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং যথানাম-গোত্রায় সাত্ত্বত ব্রাহ্মণায় অহং দদানি। পরে ভোজ্যোৎসর্গের দক্ষিণান্ত করিবেন। দক্ষিণান্ত—"এতে গন্ধপুষ্পে এতস্মৈ কাঞ্চনমূল্যায় নমঃ" এতদধিপতয়ে ওঁ ভগবতে শ্রীবিষ্ণবে নমঃ। ওঁ বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুক মাসি অমুক পক্ষে অমুক তিথৌ শ্রীকৃষ্ণপ্রীতিকাম অমুক গোত্রস্য শ্রীঅমুক দেবশর্ম্মণঃ শুভ অমুক কর্ম্মাভ্যুদয়ার্থং সোপকরণ আমান্ন-ভোজ্য-দান-কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং যথানাম-গোত্রায় সাত্ত্বত ব্রাহ্মণায় অহং

দদানি।" অনন্তর কৃতি ৯গাছি কুশদ্বারা দুইটি কুশময় ব্রাহ্মণ প্রস্তুত করিয়া বামদিকে পূর্ব্বমুখে দেব-ব্রাহ্মণ ও দক্ষিণদিকে উত্তরমুখে পিতৃ-ব্রাহ্মণ বসাইবেন। উপযুক্ত সাত্ত্বত ব্রাহ্মণ পাইলে তাঁহাকেই বসাইবেন। ব্রহ্মজ্ঞ ব্রাহ্মণের অভাবে কুশময় ব্রাহ্মণ স্থাপন করিতে হয়। পরে দেবব্রাহ্মণের দিকে দৃষ্টিপাত করিয়া করপুটে বলিবেন—"ওঁ স্বাগতং ভবদ্ভিঃ"। পুরোহিত দেব-ব্রাহ্মণের প্রতিনিধি স্বরূপ বলিবেন—"ওঁ সুস্বাগতম্।" পুনরায় কৃতি—"ওঁ বিশ্বেভ্যো দেবেভ্য এতৎ পাদোদকং স্বাহা। ইদমর্ঘ্যং স্বাহা বলিয়া দেব-ব্রাহ্মণের পাদদ্বয়ে কুশের জল দিবেন। পরে প্রাচীনাবীতী হইয়া—ওঁ অমুক গোত্রেভ্যঃ অস্মৎ পিতৃদেবগণেভ্য অমুক গোত্রেভ্য অস্মৎ মাতামহাদিভ্যো যথানাম-শর্ম্মভ্যঃ (মাতামহ ও পিতামহ-পক্ষে তিন পুরুষের নাম উল্লেখ করিতেও পারেন) "এতৎ পাদোদকং স্বাহা, ইদমর্ঘ্যং স্বাহা" মন্ত্রপাঠ করিয়া পিতৃ-ব্রাহ্মণের পাদদ্বয়ে পিতৃতীর্থে ভগ্নকুশ ও পুষ্পসহ জল দিবেন। "এতে আচমনীয়ং স্বধা" মন্ত্রে ব্রাহ্মণহস্তে জল দিবেন এবং "ওঁ এষ বোহর্ঘ্যঃ একটি পুষ্প ব্রাহ্মণ হস্তে দিবেন। পরে কৃতি—"ওঁ সিদ্ধমিদমাসনম্" বলিয়া প্রশ্ন করিবেন। "ওঁ মিহসিদ্ধম" বলিয়া পুরোহিত প্রত্যুত্তর দিবেন। * পরে সপ্তব্যাহৃতি মন্ত্র পাঠ করিতে করিতে দেব-ব্রাহ্মণ পূর্ব্বমুখে ও পিতৃ-ব্রাহ্মণ উত্তরমুখে বসাইবেন। যথা—ওঁ ভূঃ, ওঁ ভুবঃ, ওঁ স্ব, ওঁ মহঃ, ওঁ জনঃ, ওঁ তপঃ, ওঁ সত্যং। পরে—নিম্নমন্ত্রটি ৩ বার জপ করিয়া প্রণাম করিবেন।

ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ মহাযোগীভ্য এব চ।
নমঃ স্বধায়ৈ স্বাহায়ৈ নিত্যমেব নমো নমঃ॥"

পরে কৃতি করজোড়ে দেব-ব্রাহ্মণকে প্রশ্ন করিবেন। "ওঁ বিশ্বান্ দেবান্ আবাহয়িষ্যে"। পুরোহিত—"ওঁ আবাহয়"। কৃতি হস্তে যব লইয়া আবাহন করিবেন। যথা—"ওঁ বিশ্বে দেবাস আগত শৃণুতাম ইমং হবম্ ইদং বর্হিনিষীদত।" বলিয়া যবগুলি দেব-ব্রাহ্মণের উদ্দেশে ছড়াইয়া দিবেন। পরে কৃতাঞ্জলি হইয়া—ওঁ বিশ্বে দেবাঃ শৃণুতেমং হবং যে মে অন্তরীক্ষে য উপদ্যবিষ্ট। যে অগ্নিজিহ্বা উত বা যজত্রা আসাদ্যাস্মিন্ বর্হির্যি মাদয়ধ্বম্॥—

ওঁ আগচ্ছন্তু মহাভাগা বিশ্বেদেবা মহাবলাঃ।
যে যত্র বিহিতাঃ শ্রাদ্ধে সাবধানা ভবন্তু তে॥

---

* প্রকৃত ব্রাহ্মণস্থলে পুরোহিত-প্রতিনিধি প্রয়োজন হয় না। তিনি স্বয়ং বলিবেন।

এই মন্ত্র পাঠ করিয়া পরে প্রাদেশ পরিমাণ কুশ-পত্রদ্বয় গ্রহণ করিয়া—"ওঁ পবিত্রে স্থৌ বৈষ্ণব্যৌ" বলিয়া নখ ব্যতিরেকে একটি কুশ ছেদন করিয়া—"ওঁ বিষ্ণোর্মনসা পূতে স্থঃ" বলিয়া অভ্যুক্ষণ করতঃ অপর একটি কুশ-দ্বারা তিনবার বেষ্টন করতঃ অর্ঘ্যপাত্রে স্থাপন করিবেন। এবং "ওঁ শৃন্নো দেবীরভীষ্টয়ে আপো ভবন্তু পীতয়ে।শং যো রভিস্রবন্তু নঃ" বলিয়া অর্ঘ্যপাত্রে জল দিবেন। "ওঁ যবোঽসি যবয়াস্মদ্ দ্বেষো যবয়ারাতীঃ" বলিয়া অর্ঘ্যপাত্রে যব দিবেন। পরে—

ওঁ গন্ধদ্বারাং দুরাধষাং নিত্যপুষ্টাং করিষিণীম্।
ঈশ্বরীং সর্ব্বভূতানাং তামিহোপহ্বয়ে শ্রিয়ম্॥

বলিয়া ঐ পাত্রে গন্ধ ও পুষ্প দিবেন। পরে ঐ অর্ঘ্য পাত্রটি দুই হস্তে ধারণ করিয়া—"ওঁ যা দিব্যা আপঃ পয়সা সম্বভূবুঃ। অন্তরীক্ষা উত যা পার্থিবীর্য্যাঃ। হিরণ্যবর্ণ যজ্ঞিয়াস্তা নঃ আপঃ শিবাঃ শং শ্যোনাঃ সুহবা ভবন্তু।"ওঁ এহোঽর্ঘ্য বলিয়া দেব-ব্রাহ্মণের হস্তে জল দান করিবেন। অর্ঘ্যপাত্রস্থ সংস্রব পবিত্র জল গ্রহণ করিয়া ব্রাহ্মণের দক্ষিণ পার্শ্বে দিবেন। কৃতি করপুটে বলিবেন—"ওঁ অচ্ছিদ্রমিদমর্ঘ্যপাত্রমস্তু" পুরোহিত—"ওঁ অস্তু"। অনন্তর একটি পাত্রে গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, বস্ত্র, উত্তরীয় ও উপবীত সাজাইয়া ১টি কুশের উপর রাখিয়া পাত্রটি ধারণপূর্ব্বক এই মন্ত্র পাঠ করিবেন,—"এতেভ্যঃ গন্ধাদিপঞ্চকেভ্যোঃ নমঃ। ওঁ এতদধিপতয়ে বিষ্ণবে নমঃ। এতানি ভগবন্নির্ম্মল্যাণি গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, বাসোপযুগ-যজ্ঞোপবীতানি "ওঁ বিশ্বেভ্যো দেবেভ্যো নমঃ॥ পরে—ওঁ এষ বো গন্ধঃ" বলিয়া গন্ধ দিবেন। এইক্রমে এতদ্বঃপুষ্পং, এষ বো ধূপঃ এষ বো দীপঃ, এতদ্বো পদযুগম্। এতদ্বো যজ্ঞোপবীতং। পরে করপুটে বলিবেন—"ওঁ গন্ধাদি-দানমচ্ছিদ্রমস্তু।" পুরোহিত—"ওঁ অস্তু"। পুনঃ করপুটে বলিবেন—"ওঁ মহাভাগবতানাং নান্দিমুখানাং পিতৃবর্গানাং শ্রাদ্ধমহং করিষ্যে"। পুরোহিত বলিবেন—"ওঁ কুরুস্ব"।

"ওঁ দেবতাভ্য পিতৃভ্যশ্চ মহাযোগীভ্য এব চ।
নমঃ স্বধায়ৈ স্বহায়ৈ নিত্যমেব ভবন্তু তে॥"—

—এই মন্ত্র ৩ বার পাঠ করিয়া পরে একটি পাত্রে ১টি কুশ ও পুষ্প লইয়া—"ওঁ অমুক গোত্রেভ্যো মহাভাগবতেভ্যো মম পিতৃবর্গেভ্যো যথানাম-শর্ম্মভ্যঃ সপত্নীকেভ্যঃ ইদমাসনং স্বধা।" বলিয়া পিতৃ-ব্রাহ্মণকে কুশ ও পুষ্প দান করিবেন। কৃতি পুনরায় করপুটে বলিবেন—"ওঁ মহাভাগবতান্ পিতৃূণ্ আবায়িষ্যে।

পুরোহিত—"ওঁ আবাহয়"। কৃতি নিম্নোক্ত মন্ত্রে আবাহন করিবেন। যথা—"ওঁ উশন্তস্ত্বা নিধিমহ্যশন্তঃ সমিধীমহি। উশন্নুশত আবহ ভাগবতান্ নান্দীমুখান্ পিতৃণ্ হবিষে অত্তবে॥ ওঁ আয়ান্তু নঃ ভাগবতাঃ নান্দিমুখাঃ পিতরঃ সৌম্যাসো অগ্নিষ্বাত্তাঃ পথিভি দৈবযানৈঃ। অস্মিন্ যজ্ঞে স্বধয়া মদন্তোঽধিব্রুবন্তু তে অবন্ত্বস্মান্॥ পুনরায় পূর্ব্বোক্তরূপে অর্ঘ্যপাত্র সাজাইয়া উভয় হস্তে ধারণ করিয়া—"ওঁ যা দিব্যা আপঃ পয়সা সম্বভূবুঃ। যা অন্তরীক্ষা উত পার্থিবীর্য্যাঃ। হিরণ্যবর্ণা যজ্ঞিয়াস্তা নঃ আপঃ শিবাঃ শং শ্যোনাঃ সুহবা ভবন্তু।" অমুক গোত্রেভ্য অস্মৎ মহাভাগবতেভ্যো নান্দিমুখেভ্য সপত্নীকেভ্য পিতৃভ্যঃ এষ তেঽর্ঘ্যঃ স্বধা"। এই মন্ত্রে পিতৃ ব্রাহ্মণের উদ্দেশে অর্ঘ্যদান করিবেন এবং বলিবেন—"ওঁ ভাগবতেভ্যো নান্দীমুখেভ্যঃ পিতৃভ্য স্থানমসি।" অনন্তর একটি পাত্রে গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, বস্ত্র, উত্তরীয় ও উপবীত সাজাইয়া—"এতেভ্যঃ গন্ধাদি পঞ্চকেভ্যো নমঃ। এতদধিপতয়ে শ্রীবিষ্ণবে নমঃ"। জলের প্রোক্ষণ করিয়া পাত্র ধারণপূর্ব্বক নিম্নমন্ত্র পাঠ করিবেন; যথা,—"ওঁ অমুক গোত্রেভ্য অস্মৎ মহাভাগবতেভ্যঃ পিতৃভ্য এতানিগন্ধ-পুষ্প-ধূপ-দীপ-বাসোপযুগ-যজ্ঞোপবীতানি। ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে নমঃ।" বলিয়া উৎসর্গ করিবেন। পরে—"ওঁ এষ বো গন্ধ" গন্ধ দিবেন। এই ক্রমে—এতদ্বঃ পুষ্পং, এষ বো ধূপঃ, এষ বো দীপ, এতদ্বো বাসযুগং এতদ্বো যজ্ঞোপবীতম্। কৃতি করপুটে বলিবেন—"ওঁ গন্ধাদিদানমচ্ছিদ্রমস্তু।" পুরোহিত বলিবেন—"ওঁ অস্তু"। পুনঃ করপুটে বলিবেন—"ওঁ অগ্নৌকরণমহং করিষ্যে।" পুরোহিত—"ওঁ কুরুষ্ব"। সম্মুখস্থ একটি তাম্রপাত্রে জল রাখিয়া কিঞ্চিৎ ভগবন্নিবেদিত মহাপ্রসাদান্নের সহিত তুলসী মিশ্রিত করিয়া—"ওঁ অগ্নয়ে কব্যবাহনায় স্বাহা" বলিয়া একবার এবং "ওঁ সোমায় পিতৃমতে স্বাহা" বলিয়া পূর্ব্ব স্থাপিত পাত্রস্থ জলে ব্রাহ্মণদ্বয় উদ্দেশে আহুতিদ্বয় প্রদান করিবেন এবং অমন্ত্রক ৩ বার আহুতি দান করিবেন। পরে সম্মুখে ২টি পাত্রে মহাপ্রসাদান্ন লইয়া তুলসী নির্ম্মিত করিয়া তন্মধ্যে দৈব ব্রাহ্মণ উদ্দেশে একটি পাত্র অধোমুখে হস্তে ধারণ করিয়া—"ওঁ পৃথিবী তে পাত্রং দ্যৌঃ পিধানং শ্রীভগবতস্য ব্রাহ্মণস্যমুখে অমৃতে অমৃতং জুহোমি স্বাহা।" বলিয়া পাত্রে জলের ছিটা দিবেন এবং ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নিদধে পদম্। সমূঢ়স্য পাংশুরে॥ ওঁ বিষ্ণো হব্য কব্যং রক্ষস্ব" বলিয়া অন্নপাত্রে অধোমুখ হস্তের অঙ্গুষ্ঠের মধ্যদেশ স্পর্শ করাইবেন। ওঁ বসুসত্যৌ বিশ্বদেবাঃ ভাগবতাঃ এতৎ মহাপ্রসাদান্নং বঃ নমঃ। ওঁ যথাসুখং বাগযতৌ স্বদত॥ কৃতি করপুটে বলিবেন—"ওঁ মহাপ্রসাদ-

নিবেদনমিদমচ্ছিদ্রং অস্তু"। পুরোহিত—"ওঁ সঙ্কল্প সিদ্ধিরস্তু"। পরে প্রাচীনাবীতী হইয়া পূর্ব্বস্থাপিত অপর একটি মহাপ্রসাদ রক্ষিত পাত্র পিতৃ-ব্রাহ্মণ উদ্দেশে অধোমুখ হস্তে ধারণ করিয়া—"ওঁ পৃথিবী তে পাত্রং দ্যৌঃ পিধানং শ্রীভগবতস্য ব্রাহ্মণস্যমুখে অমৃতে অমৃতং জুহোমি স্বাহা।" বলিয়া পাত্রে জলের ছিটা দিয়া—"ওঁ ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নিদধে পদম্। সমূঢ়স্য পাংশুরে॥" "ওঁ বিষ্ণো হব্য কব্যং রক্ষস্ব" বলিয়া অধোমুখ হস্তের অঙ্গুষ্ঠের মধ্যদেশ স্পর্শ করিবেন। পরে—ওঁ যবোঽসি যবয়াস্মদ্বেষো যবয়ারাতীঃ॥ মন্ত্রে যব বিকীরণ করিয়া—"ওঁ অমুক গোত্রেভ্যো মহাভাগবতেভ্য অস্মৎ পিতৃভ্যঃ সপত্নীকেভ্য এতন্মহাপ্রসাদং স্বধা।" কৃতি করপুটে বলিবেন—"ওঁ শ্রাদ্ধমিদমচ্ছিত্রমস্তু।" পুরোহিত—"ওঁ সঙ্কল্প সিদ্ধিরস্তু"। অনন্তর "ওঁ ভূভুবঃ স্বঃ" এই ব্যাহৃতি পাঠ করিয়া প্রসাদ বিসর্জ্জন করিবেন। পরে কৃতি নিম্নোক্ত স্তুতি পাঠ করিবেন। যথা—"ওঁ মধুবাতা ঋতায়তে মধু ক্ষরন্তি সিন্ধবঃ মাধ্বীর্ণঃ সন্তোষধীঃ। ওঁ মধুনক্ত সুভোবসো মধুমৎ পার্থিবং রজঃ মধু দ্যৌরস্তু নঃ পিতা। ওঁ মধুমান্নো বনস্পতির্ম্মধুমাং অস্তু সূর্য্যঃ মাধ্বীর্গাবো ভবন্তু নঃ। ওঁ মধু ওঁ মধু ওঁ মধু॥" "ওঁ যজ্ঞেশ্বরো হব্য সমস্ত কব্য ভোক্তাব্যয়াত্মা হরিরীশ্বরোঽত্র। তৎ সন্নিধ্যনাদপযান্তু সদ্যে, রক্ষাংস্য শেষাণ্যসুরাশ্চঃ সর্ব্বে। ওঁ তদ্বিষ্ণো পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম।" অনন্তর দক্ষিণান্ত করিবেন। মন্ত্র যথা—ওঁ শ্রীবিষ্ণুরোম্ তৎসদদ্য অমুক মাসি অমুক রাশিস্থে ভাস্করে অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা অমুক গোত্রস্য শ্রীঅমুক দেবশর্ম্মণঃ কৃতৈতৎ আভ্যুদয়িক-কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং রজতখণ্ডমচ্চিতং (বা হরিতকীফলং) শ্রীকৃষ্ণদৈবতং যথানাম-গোত্রায় সাত্ত্বত ব্রাহ্মণায় অহং দদে। এই বলিয়া দক্ষিণা ব্রাহ্মণ হস্তে দিবেন। পুরোহিত—"ওঁ স্বস্তি" বলিয়া গ্রহণ করিবেন। পরে "ওঁ মহাভাগবতাঃ বিশ্বদেবাঃ অস্মিন্ যজ্ঞেপ্রিয়ন্তাম্।" এই বলিয়া দেব-ব্রাহ্মণে একটু জল দিবেন। পুরোহিত—"ওঁ প্রিয়ন্তাম্"। পরে কৃতি করপুটে নিম্নোক্ত মন্ত্রদ্বারা ব্রাহ্মণ বিসর্জ্জন করিবেন। যথা—"ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ মহা যোগীভ্য এব চ। নমঃ পুষ্ট্যৈ স্বাহায়ৈ নিত্যমেব ভবন্তু নঃ"। এই মন্ত্র ৩ বার পাঠ করিয়া—ওঁ বাজে বাজেঽবত বাজিনো নো ধনেষু বিপ্রা অমৃতাঃ ঋতজ্ঞাঃ। অস্যমধ্বঃ পিবত মাদয়ধ্বং তৃপ্তা যাত পথিভির্দেবযানৈঃ॥ ওঁ আ মা বাজস্য প্রসবো। জগম্যাদেমে দ্যাবা পৃথিবী বিশ্বরূপে। আ মা গন্তাং পিতরা মাতরা চা মা সোমো অমৃতত্বেন গম্যাৎ।" এই বলিয়া কুশময়

ব্রাহ্মণগণকে দক্ষিণাবর্ত্তে জলধারা দ্বারা বেষ্টন করিবেন। "ওঁ ক্ষমস্ব" বলিয়া আসন নাড়িয়া দিবেন। পরে পুরোহিত—কুশময় ব্রাহ্মণের গ্রন্থি মোচন করিয়া যজমানের মস্তকে—"ওঁ ক্ষ্যালশিচত্র আভূব দূতীঃ সদা বৃধঃ সখা। কয়া সচীষ্ঠয়া বৃতা। ওঁ শান্তিঃ ওঁ শান্তিঃ ওঁ শান্তি।" বলিয়া কিঞ্চিৎ জল সিঞ্চন করিবেন। অনন্তর কৃতি দীপ আচ্ছাদন করিয়া হস্ত ধৌত করতঃ আচমন করিয়া নিম্নোক্ত মন্ত্রে অচ্ছিদ্রাব ধারণ করিবেন। যথা—করপুটে, "ওঁ শ্রীবিষ্ণুপ্রীতিকামনয়া সঙ্কল্পিত কৃতৈতৎ আভ্যুদয়িক কর্ম্মাচ্ছিদ্রমস্তু।" পুরোহিত—"ওঁ অস্তু"। পরে হস্তে কিঞ্চিৎ জল লইয়া—'কৃতেঽস্মিন্ আভ্যুদয়িক পিতৃ-অর্চ্চন কর্ম্মণি যৎ কিঞ্চিৎ বৈগুণ্য-জাত-তদ্দোষ-প্রশমনায় শ্রীকৃষ্ণ-স্মরণমহং করিষ্যে।" বলিয়া জল ত্যাগ করিবেন। পরে করপুটে নিম্ন মন্ত্র পাঠ করিবেন—

অজ্ঞানাদ্ যদি বা মোহাৎ প্রচ্যবেতাধ্বরেষু যৎ।
স্মরণাদেব তদ্বিষ্ণো সম্পূর্ণং স্যাদিতি শ্রুতিঃ॥
ওঁ প্রীয়তাম্ পুণ্ডরীকাক্ষঃ সর্ব্বযজ্ঞেশ্বরো হরি।
তস্মিন্ তুষ্টে জগৎতুষ্টং প্রীণিতে প্রীণিতং জগৎ॥

এতৎ কর্ম্মফলং শ্রীকৃষ্ণায়-সমর্পণমস্তু॥ ওঁ যদসাঙ্গং কৃতং কর্ম্মং জানতা বাপ্যজানতা। সাঙ্গং ভবতু তৎসর্ব্বং শ্রীহরের্নাম কীর্ত্তনাৎ॥ ওঁ নমো ব্রহ্মণ্যদেবায় গো-ব্রাহ্মণ চিতায় চ। জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥

ওঁ পিতা স্বর্গঃ পিতা ধর্ম্ম পিতাহি পরমন্তপঃ।
পিতরি প্রীতিমাপন্নে প্রীয়ন্তে সর্ব্বদেবতাঃ॥

উপনয়ন

গর্ভসঞ্চার হইতে গণনা করিয়া অষ্টম বর্ষে অথবা জন্মগ্রহণ হইতে অষ্টম বর্ষে ব্রাহ্মণের উপনয়ন কর্ত্তব্য। কোন কারণে সম্ভবপর না হইলে ষোড়শবর্ষ পর্য্যন্ত যে-কোন সময়ে শুভদিনে ব্রাহ্মণের উপনয়ন হইতে পারে। ইহার পরে ব্রাহ্মণ সাবিত্রীচ্যুত হয়। মতান্তরে পঞ্চম বর্ষেও ব্রাহ্মণের উপনয়ন-বিধি আছে। (বিপ্রের পঞ্চম হইতে ষোড়শ, ক্ষত্রিয়ের ষষ্ঠ হইতে দ্বাবিংশ, বৈশ্যের অষ্টম হইতে চতুর্ব্বিংশ বর্ষ পর্য্যন্ত উপনয়নাধিকার।)

উপনয়ন-দিনে পিতা প্রাতঃকালে স্নাত হইয়া প্রথমে শ্রীবিষ্ণু-বৈষ্ণবের অর্চ্চন ও সাত্ত্বিক-বৃদ্ধিশ্রাদ্ধ সমাপন করিবেন। তারপর পিতা স্বয়ং অথবা তৎকর্ত্তৃকবৃত অন্য আচার্য্য, অথবা তদভাবে মাণবক-কর্ত্তৃক (ব্রাহ্মণ কুমার) বৃত আচার্য্য সমুদ্ভব নামক অগ্নি স্থাপনপূর্ব্বক বিরূপাক্ষ জপান্তে কুশণ্ডিকা সমাপনান্তে মাণবককে প্রাতে কিছু প্রসাদ ভোজন করাইয়া এবং শিখা ব্যতীত মুণ্ডিত, স্নাত, কুন্তলাদ্যালঙ্কৃত ক্ষৌমবস্ত্রের অভাবে শুভ্র কার্পাসবস্ত্র পরিধান করাইয়া, অগ্নির উত্তরদিক্ দিয়া আসিয়া নিজের দক্ষিণদিকে (পূর্ব্বমুখে) বসাইবে। অতঃপর প্রকৃত কর্ম্মের আরম্ভে প্রাদেশ প্রমাণ ঘৃতাক্ত সমিধ্ অমন্ত্রক অগ্নিতে নিক্ষেপ করিয়া ব্যস্তসমস্ত মহাব্যাহৃতি হোম করিবে।

ব্যস্তসমস্ত মহাব্যাহৃতি হোম

ওঁ প্রজাপতিঃ বিষ্ণুঋষিঃ গায়ত্রীছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা ব্যস্তসমস্ত মহাব্যাহৃতি হোমে বিনিয়োগ, ওঁ ভূঃ স্বাহা। ওঁ প্রজাতিঃ বিষ্ণুঋষিঃ উষ্ণিক্ ছন্দঃ শ্রীঅচ্যুত দেবতা ব্যস্তসমস্ত মহাব্যাহৃতি হোমে বিনিয়োগঃ ওঁ ভুবঃ স্বাহা। ওঁ প্রজাপতি বিষ্ণুঋষিঃ অনুষ্টুপছন্দঃ শ্রীনারায়ণো দেবতা ব্যস্তসমস্ত-মহাব্যহৃতিহোমে বিনিয়োগঃ ওঁ স্বঃ স্বাহা। ওঁ প্রজাপতিঃ বিষ্ণুঋষিঃ বৃহতীছন্দঃ শ্রীমদনন্তো দেবতা ব্যস্তসমস্ত-মহাব্যহৃতি হোমে বিনিয়োগঃ ওঁ ভূঃ ওঁ ভুবঃ স্বঃ স্বাহা। অনন্তর আচার্য্য নিম্নোক্ত মন্ত্রে পাঁচবার ঘৃতাহুতি প্রদান করিবেন। যথা,—

ওঁ প্রজাপতিঃ বিষ্ণুঋষিঃ গায়ত্রীছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা উপনয়নহোমে বিনিয়োগঃ, ওঁ বিষ্ণো ব্রতপতে ব্রতং চরিষ্যামি, তৎ তে প্রব্রবীমি তৎশকেয়ং, তেনর্দ্ধ্যাসং (তেন ঋধ্যাসং) ইদং অহং অনৃত্যৎ সত্যং উপৈমি স্বাহা ॥১॥

ওঁ প্রজাপতিঃ বিষ্ণুঋষিঃ উষ্ণিক্ ছন্দঃ শ্রী অচ্যুতো দেবতা উপনয়নহোমে বিনিয়োগঃ ওঁ অচ্যুত ব্রতপতে ব্রতং চরিষ্যামি তৎ তে প্রব্রবীমি তৎশকেয়ং, তেনর্দ্ধ্যাসং (তেন ঋধ্যাসং) ইদং অহং অনৃত্যৎ সত্যং উপৈমি স্বাহা ॥২॥

ওঁ প্রজাপতিঃ বিষ্ণুঋষিঃ অনুষ্টুপছন্দঃ শ্রীনারায়ণো দেবতা উপনয়নহোমে বিনিয়োগঃ ওঁ নারায়ণ ব্রতপতে ব্রতং চরিষ্যামি, তৎ তে প্রব্রবীমি, তৎশকেয়ং, তেনর্দ্ধ্যাসং (তেন ঋধ্যাসং) ইদং অহং অনৃত্যৎ সত্যং উপৈমি স্বাহা ॥৩॥

ওঁ প্রজাপতিঃ বিষ্ণুঋষিঃ বৃহতীছন্দঃ শ্রীঅনন্তো দেবতা উপনয়নহোমে বিনিয়োগঃ, ওঁ অনন্ত ব্রতপতে ব্রতং চরিষ্যামি, তৎ তে প্রব্রবীমি, তৎ শকেয়ং, তেনর্দ্ধ্যাসং (তেন ঋধ্যাসং) ইদং অহং অনৃত্যৎ সত্যং উপৈমি স্বাহা ॥৪॥

ওঁ প্রজাপতিঃ বিষ্ণুঋষিঃ অঙ্ক্তিছন্দঃ শ্রীসঙ্কর্ষণো দেবতা উপনয়নহোমে বিনিয়োগঃ ওঁ সঙ্কর্ষণ ব্রতানাং ব্রতপতে ব্রতং চরিষ্যামি, তৎ তে প্রব্রবীমি, তৎ শকেয়ং, তেনর্দ্ধ্যাসং (তেন ঋধ্যাসং) ইদং অহং অনৃত্যৎ সত্যং উপৈমি স্বাহা ॥৫॥

আজ্যহোমের পরে আচার্য্য অগ্নির পশ্চিমদিকে উত্তরাগ্র কুশাসনের উপর কৃতাঞ্জলি হইয়া পূর্ব্বমুখে দাঁড়াইবেন। মাণবক ও অগ্নি এবং আচার্য্যের মধ্যস্থলে উত্তরাগ্র কুশাসনের উপর কৃতাঞ্জলিপুটে আচার্য্যকে সম্মুখে করিয়া দাঁড়াইবেন। অনন্তর কোন মন্ত্রবান্ অর্থাৎ দীক্ষিত পাঞ্চরাত্রিক ব্রাহ্মণ মাণবককের দক্ষিণভাগে দাঁড়াইয়া প্রথমে মাণবকের, পরে আচার্য্যের অঞ্জলি জলপূর্ণ করিয়া দিবে। আচার্য্য হস্তে জলাঞ্জলি লইয়া জলাঞ্জলিহস্তে দণ্ডায়মান মাণবককে দর্শনপূর্ব্বক এই মন্ত্র পাঠ করিবেন। ওঁ প্রজাপতিঃ বিষ্ণুঋষিঃ অনুষ্টুপছন্দঃ শ্রীবিষ্ণু-নারায়ণ-বাসুদেব -সঙ্কর্ষণো দেবতা উপনয়নে আচার্য্যস্য মাণবকং প্রেক্ষমানস্য জপে বিনিয়োগঃ, ওঁ আগন্ত্রা সমগন্মহি পসুমর্ত্তং যুযোতন, অরিষ্টা সঞ্চরেমহি, স্বস্তি সঞ্চরতাৎ অযম। পরে আচার্য্য মাণবককে এই মন্ত্র পাঠ করাইবেন। যথা—ওঁ প্রজাপতিঃ বিষ্ণুঋষিঃ গায়ত্রীছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা উপনয়নে আচার্য্যস্য মাণবক-পাঠনে বিনিয়োগঃ, ওঁ ব্রহ্মচর্য্যং আগম, উপম নয়স্ব। তারপর আচার্য্য এই মন্ত্রে মাণবকের নাম জিজ্ঞাসা করিবেন। ওঁ প্রজাপতিঃ বিষ্ণুঋষিঃ গায়ত্রীছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা উপনয়নে আচার্য্যস্য মাণবক-নামপ্রশ্নে বিনিয়োগঃ ওঁ কো নাম অসি? অনন্তর মাণবক পূর্ব্বচার্য্য কল্পিত নামসূচক নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবেন—ওঁ প্রজাপতিঃ বিষ্ণুঋষিঃ গায়ত্রীছন্দঃ শ্রীবিষ্ণু দেবতা উপনয়নে মাণবকস্য নামকথনে বিনিয়োগঃ, ওঁ অমুক দেবশর্ম্মনামা

অস্মি। ※ অনন্তর আচার্য্য ও মাণবক উভয়ে হস্তস্থিত জলাঞ্জলি ত্যাগ করিবে। তারপর আচার্য্য দক্ষিণ হস্তদ্বারা মাণবকের দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ ধারণ করিয়া নিম্ন মন্ত্র পাঠ করিবেন। যথা—ওঁ প্রজাপতিঃ বিষ্ণুঋষিঃ গায়ত্রীছন্দঃ শ্রীবিষ্ণু নারায়ণ-বাসুদেব-সঙ্কর্ষণো দেবতা উপনয়নে আচার্য্যস্য মাণবক-হস্তগ্রহণে বিনিয়োগঃ, ওঁ দেবস্য তে বিষ্ণোঃ প্রসবে নারায়ণ-বাসুদেবয়োঃ বাহুভ্যাং সঙ্কর্ষণস্য হস্তাভ্যাং হস্তং গৃঙ্নামি অমুক॥ * পূর্ব্বোক্তরূপে মাণবকের হস্ত ধারণ করিয়া আচার্য্য পুনরায় জপ করিবেন।—ওঁ প্রজাপতিঃ বিষ্ণুঋষিঃ গায়ত্রীছন্দঃ শ্রীবিষ্ণ্বাদয়ো উপনয়নে গৃহীত মাণবকহস্তস্য আচার্য্যস্য জপে বিনিয়োগঃ, ওঁ বিষ্ণুঃ তে হস্তং অগ্রহীৎ, নারায়ণো মহাবিষ্ণুঃ হস্তং অগ্রহীৎ, মুকুন্দো প্রভবিষ্ণুঃ হস্তং অগ্রহীৎ, মিত্রঃ ত্বং অসি কর্ম্মণা, বিষ্ণুঃ আচার্য্যঃ তব॥" অনন্তর আচার্য্য এই মন্ত্রে মাণবককে প্রদক্ষিণভাবে ঘুরাইয়া পূর্ব্বমুখ করিবেন—"ওঁ প্রজাপতিঃ বিষ্ণুঋষিঃ গায়ত্রীছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা মাণবকস্য আবর্ত্তনে বিনিয়োগঃ, ওঁ বিষ্ণোঃ বিক্রমণং অন্বাবর্ত্তস্ব শ্রীঅমুক দেবশর্ম্মণ্ (মাণবকের নাম সম্বোধন)। তারপর আচার্য্য স্বীয় দক্ষিণহস্ত মাণবকের দক্ষিণস্কন্ধ স্পর্শপূর্ব্বক নামাইয়া মাণবকের নাভি স্পর্শ করিয়া এই মন্ত্র পাঠ করিবেন,—ওঁ প্রজাপতিঃ বিষ্ণুঋষিঃ গায়ত্রীছন্দঃ শ্রীঅচ্যুতো দেবতা উপনয়নে ব্রহ্মচারি-নাভিদেশ স্পর্শণে বিনিয়োগঃ, ওঁ প্রাণানাং গ্রন্থিঃ অসি, মা বিস্রসঃ, অচ্যুত তুভ্যং ইদং পরিদদামি শ্রীঅমুক দেবশর্ম্মাণম্॥ তারপর আচার্য্য মাণবকের নাভির উপরিস্থান স্পর্শ করিয়া এই মন্ত্র পাঠ করিবেন,—ওঁ প্রজাপতিঃ বিষ্ণুঋষিঃ গায়ত্রীছন্দঃ শ্রীনারায়ণো দেবতা উপনয়নে ব্রহ্মচারিণাভ্যুপরিদেশস্পর্শণে বিনিয়োগঃ, ওঁ নারায়ণ, তুভ্যং ইদং পরিদদামি শ্রীঅমুক দেবশর্ম্মাণম্॥পরে আচার্য্য মাণবকের হৃদয়স্থান স্পর্শ করিয়া এই মন্ত্র পাঠ করিবেন—ওঁ প্রজাপতিঃ বিষ্ণুঋষিঃ গায়ত্রীছন্দঃ শ্রীজনার্দ্দনো দেবতা উপনয়নে ব্রহ্মচারি-হৃদয়স্পর্শণে বিনিয়োগঃ,ওঁ জনার্দ্দন, তুভ্যং ইদং পরিদদামি শ্রীঅমুক দেবশর্ম্মাণম্॥ পরে আচার্য্য মাণবকের দক্ষিণ স্কন্ধ স্পর্শ করিয়া এইমন্ত্র পাঠ করিবেন—ওঁ প্রজাপতিঃ বিষ্ণুঋষিঃ গায়ত্রীছন্দঃ উপনয়নে ব্রহ্মচারি-দক্ষিণস্কন্ধ স্পর্শণে বিনিয়োগঃ, ওঁ বিষ্ণবে প্রজাপতয়ে ত্বা পরিদদামি শ্রীঅমুক দেবশর্ম্মণ্। পরে আচার্য্য নিজ বামহস্তে মাণবকের বামস্কন্ধ স্পর্শ করিয়া জপ করিবেন—ওঁ প্রজাপতিঃ বিষ্ণুঋষিঃ গায়ত্রীছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা উপনয়নে

※ "অমুকনামা কৃষ্ণদাসোহং"—ইহা বক্তব্য।

* "অমুক কৃষ্ণদাস"—ইহা বক্তব্য।

ব্রহ্মচারীবামস্কন্ধ-স্পর্শণে বিনিয়োগঃ, ওঁ বিষ্ণবে দামোদরায় ত্বা পরিদদামি শ্রীঅমুক দেবশর্ম্মণ্॥ অতঃপর আচার্য্য নিম্নমন্ত্রে মাণবককে সম্বোধন করিবেন,—ওঁ প্রজাপতিঃ বিষ্ণুঋষিঃ গায়ত্রীছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা উপনয়নে ব্রহ্মচারি-সম্বোধনে বিনিয়োগঃ, ওঁ ব্রহ্মচারী অসি শ্রীঅমুক দেবশর্ম্মণ্॥ (মাণবকের নাম সম্বোধন)। তারপর আচার্য্য মাণবককে নিম্নমন্ত্রে প্রেরণা বা আদেশ করিবেন,—ওঁ প্রজাপতিঃ বিষ্ণুঋষিঃ গায়ত্রীছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা উপনয়নে ব্রহ্মচারি-প্রেরণে বিনিয়োগঃ, ওঁ সমিধং আধেহি। ব্রহ্মচারী—ওঁ বাঢ়ম্। আচার্য্য—ওঁ আপঃ অশান। ব্রহ্মচারী—ওঁ বাঢ়ম্। আচার্য্য—ওঁ কর্ম্ম কুরু। ব্রহ্মচারী—ওঁ বাঢ়ম্। আচার্য্য—ওঁ মা দিবা স্বাপ্সীঃ। ব্রহ্মচারী—ওঁ বাঢ়ম্। পরে স্ব-স্ব গুরু-প্রণালী-মতে দ্বাদশ অঙ্গে তিলক অঙ্কিত করাইয়া যথারীতি অনুসারে ব্রহ্মচারীকে কৌপীন উত্তরীয় সমবেত বহির্বাস পরিধান করাইবেন। তিলক-মন্ত্র। যথা—ললাটে ওঁ কেশবায় নমঃ। উদরে—ওঁ নারায়ণায় নমঃ। বক্ষস্থলে—ওঁ মাধবায় নমঃ। কণ্ঠে—ওঁ গোবিন্দায় নমঃ। দক্ষিণ কুক্ষিতে—ওঁ বিষ্ণবে নমঃ। ঐ বাহুতে—ওঁ মধুসূদনায় নমঃ। ঐ স্কন্ধে—ওঁ ত্রিবিক্রমায় নমঃ। বাম কুক্ষিতে—ওঁ বামনায় নমঃ। ঐ বাহুতে—ওঁ শ্রীধরায় নমঃ। ঐ স্কন্ধে—ওঁ হৃষীকেশায় নমঃ। পৃষ্ঠে—ওঁ পদ্মনাভায় নমঃ। কটিতে—ওঁ দামোদরায় নমঃ। (মস্তকে—ওঁ বাসুদেবায় নমঃ)। তারপর আচার্য্য ব্রহ্মচারীর মস্তকে কিরীট-মন্ত্র ন্যাস করিবেন—মন্ত্র যথা, ওঁ শ্রীকিরীট-কেয়ূর-হার-মকর-কুণ্ডল-চক্র-শঙ্খ-গদা-পদ্ম-হস্ত পীতাম্বরধর, শ্রীবৎসাঙ্কিত-বক্ষঃস্থল! শ্রীভূমি সহিত স্বার্ম্মজ্যোতি দীপ্তিকরায় সহস্রাদিত্য-তেজসে নমো নমঃ। পরে তুলসী কাষ্ঠ-সম্ভূত মালা শ্রীকৃষ্ণে অর্পণ করিয়া নিম্নমন্ত্রে কণ্ঠে ধারণ করাইবেন। যথা—

তুলসীকাষ্ঠ-সম্ভূতে মালে কৃষ্ণজন-প্রিয়ে।
বিভর্ম্মি তামহং কণ্ঠে কুরু ত্বাং কৃষ্ণবল্লভং॥
যথা ত্বাং বল্লভা বিষ্ণোর্নিত্যা বিষ্ণুজন-প্রিয়ং।
তথা মাং কুরু দেবেসি নিত্যং বিষ্ণুজন-প্রিয়ং॥

শ্রীহরিনাম মহামন্ত্র প্রথমে একপাদ পরে দ্বিপাদ, তৎপরে ত্রিপাদ, পরিশেষে সম্পূর্ণ মহামন্ত্র পাঠ করাইবেন। যথা—

ওঁ হরে কৃষ্ণ হরে কৃষ্ণ ওঁ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
ওঁ হরে রাম হরে রাম ওঁ রাম রাম হরে হরে॥
"হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥"

অতঃপর আচার্য্য অগ্নির উত্তরদিকে গিয়া উত্তরাগ্র কুশাসনে পূর্ব্বমুখে বসিবেন। ব্রহ্মচারীও উত্তরাগ্র কুশাসনে দক্ষিণজানু পাতিয়া আচার্য্যাভিমুখে (পশ্চিমমুখ) হইয়া বসিবে। অনন্তর আচার্য্য মাণবককে ত্রিগুণ মুঞ্জমেখলা তিনবার প্রদক্ষিণক্রমে (অর্থাৎ ডানদিক হইতে ঘুরাইয়া তিন ফেরে) পরাইতে পরাইতে নিম্নোক্ত দুটি মন্ত্র পাঠ করাইবেন। ওঁ প্রজাপতিঃ বিষ্ণুঋষিঃ গায়ত্রীছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা উপনয়নে মেখলা পরিধাপনে বিনিয়োগঃ, ওঁ ইয়ং দুরুক্তাৎ পরিবাধমানা, বর্ণং পবিত্রং পুনতী মে আগাৎ; প্রাণাপানাভ্যাং বলং অবহন্তী, স্বসা দেবী সুভগা মেখলা ইয়ং। ওঁ ঋতস্য গোপত্রী তপসঃ পরস্বী ঘ্নতী রক্ষঃ সহমানা অরাতীঃ; সা মা সমন্তং অবিপর্য্যেহি ভদ্রে, ধর্ত্তারঃ তে মেখলে মা রিষাম॥ অনন্তর আচার্য্য নিম্নোক্ত মন্ত্রে কৃষ্ণসার মৃগচর্ম্মযুক্ত অভাবে কুশগন্থিযুক্ত যজ্ঞোপবীত মাণবককে পরাইবেন—ওঁ প্রজাপতির্বিষ্ণুঋষির্গায়ত্রীচ্ছন্দঃ শ্রীবিষ্ণুর্দেবতা উপনয়নে যজ্ঞোপবীত দানে বিনিয়োগঃ। ওঁ যজ্ঞোপবীতমসি যজ্ঞস্য ত্বোপবীতে নোপনেহ্যামি। ওঁ প্রজাপতির্বিষ্ণুঋষি শর্করীচ্ছন্দঃ শ্রীবিষ্ণুর্দেবতা উপনয়নে অজিন পরিধাপনে বিনিয়োগঃ। ওঁ মিত্রস্য চক্ষুর্বরুণং বলীয়স্তেজো যশস্বীস্থবিরং সমৃদ্ধং। অনাহতস্যং বসনং জরিষ্ণু পরীদং বাহ্যজিনং দধেয়ম্।" এই বলিয়া অজিন পরিধান করাইবেন। অনন্তর—ওঁ প্রজাপতির্বিষ্ণুঋষির্গায়ত্রীচ্ছন্দঃ শ্রীবিষ্ণুর্দেবতা উপনয়নে মাণবকস্য যজ্ঞোপবীত পরিধানে বিনিয়োগঃ। ওঁ যজ্ঞোপবীতং পরমং পবিত্রং প্রজাপতের্যৎ সহজং পুরস্তাৎ। আয়ুষ্যমগ্রং প্রতিমুঞ্চ শুভ্রং যজ্ঞোপবীতং বলমস্তু তেজঃ॥ এই বলিয়া যজ্ঞোপবীত পরিধান করাইবেন। তারপর মাণবক আচার্য্যের সন্নিহিত হইয়া বলিবেন—ওঁ প্রজাপতির্বিষ্ণুঋষির্গায়ত্রীচ্ছন্দঃ শ্রীবিষ্ণুর্দেবতা আচার্য্যামন্ত্রণে বিনিয়োগঃ। ওঁ অধীহি ভোঃ সাবিত্রীং মে ভবাননুব্রতীতু। আচার্য্য সন্নিহিত মাণবককে প্রথমতঃ এক একপাদ করিয়া পরে অর্দ্ধ অর্দ্ধ করিয়া শেষে সমস্ত গায়ত্রী-মন্ত্র ৩ বার পাঠ করাইবেন। যথা—ওঁ প্রজাপতির্বিষ্ণুঋষির্গায়ত্রীচ্ছন্দঃ শ্রীবিষ্ণুর্দেবতা জপোপনয়নে বিনিয়োগ। ওঁ তৎসবিতুর্বরেণ্যং। ওঁ ভর্গোদেবস্য ধীমহি। ওঁ ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ ওঁ। ওঁ তৎসবিতুর্বরেণ্যং ভর্গোদেবস্য ধীমহি। ওঁ ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ। ওঁ তৎসবিতুর্বরেণ্যং ভর্গোদেবস্য ধীমহি। ওঁ ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ। শেষে—ওঁ তৎসবিতুর্বরেণ্যং ভর্গোদেবস্য ধীমহি ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ ওঁ। ইহা করত্রয় পাঠ করাইবেন। অনন্তর আচার্য্য আদ্যন্ত ওঁঙ্কার-পুটিত করিয়া মাণবককে মহাব্যাহৃতি পাঠ করাইবেন—ওঁ প্রজাপতির্বিষ্ণুঋষির্গায়ত্রীচ্ছন্দঃ শ্রীবিষ্ণুর্দেবতা

